সূত শৌনকাদিকে সম্বোধন করিয়া কহিলেন, হে ঋষিগণ! মৃত্যু সময়ে রাজা পরীক্ষিতের গঙ্গাতীরে গমন বিচিত্র নহে, ঐ নদী শ্রীকৃষ্ণের তুলসী মিশ্রিত চরণ রেণু সংসর্গে, সর্ব্বোৎকৃষ্ট সলিল বহন করত লোকপাল সহিত সমস্ত লোককে অন্তরে ও বহির্ভাগে পবিত্র করিতেছেন, ইহাতে আপনার মরণ আসন্ন জানিয়া কোন্ ব্যক্তি সেই সুরতরঙ্গিণীর সেবা না করিবে? ॥

যাবদর্থানুবর্ত্তিতা অর্থাৎ যাহা আপনা দ্বারা নির্ব্বাহ হইবে॥

যাবদর্থানুবর্ত্তিতা যথা নারদীয়ে ॥

যাবতা স্যাৎ স্বনির্ব্বাহঃ স্বীকুর্য্যাৎ তাবদর্থবিৎ।
আধিক্যে ন্যূনতায়াঞ্চ চ্যবতে পরমার্থতঃ ॥ ৪৯ ॥

স্বনির্ব্বাহ ইতি। স্ব স্ব ভক্তি নির্ব্বাহ ইত্যর্থঃ ॥ ৪৯ ॥

যথা নারদীয়ে ॥

যে পরিমাণ নিয়ম অনুষ্ঠান করিলে আপনার ভক্তি নির্ব্বাহ হইতে পারে, অর্থজ্ঞ পুরুষ সেইরূপ নিয়ম স্বীকার করিবেন, কারণ নিয়মের আধিক্য অথবা ন্যূনতা হইলে, পরমার্থ হইতে ভ্রষ্ট হইতে হয় ॥

তাৎপর্য্য। যদি কোন কৃষ্ণভক্ত পুরুষ অনুরাগ বশতঃ এরূপ সঙ্কল্প করেন, "আমি প্রত্যহ এক লক্ষ নাম জপ করিব" কিন্তু তাঁহার সাধ্য নাই যে তিনি প্রত্যহ ঐ রূপ নিয়ম রক্ষা করিতে পারেন, দুই চারি দিবস ঐ রূপ নিয়ম পালন করিতে করিতে অকস্মাৎ কোন সাংসারিক কার্য্য উপস্থিত হইল, তাহাতে তাঁহার উল্লিখিত নিয়ম রক্ষা হইল না, তখন তিনি মনোমধ্যে এই নিশ্চয় করেন "অদ্য বিষয় রক্ষা করি, কল্যকার নিয়মের সহিত অবশিষ্ট নিয়ম রক্ষা করিব" পর দিনও ঐ রূপ সাংসারিক ব্যাপার ঘটাতে কোন নিয়মই রক্ষা হইল না, ক্রমশঃ এইরূপ আচরণ দ্বারা ভক্তির প্রতি অনাদর উপস্থিত হয়, অতএব প্রত্যহ অবাধে যাহা নির্ব্বাহ করিতে পারিবে সেই মাত্র নিয়মের পরিগ্রহ করিবে, অধিক বা ন্যূন হইলে ভক্তির পুষ্টি হইবে না, উহা প্রতি নিয়ত দুর্ব্বল হইয়া পড়িবে ॥ ৪৯ ॥

হরিবাসরসম্মানো যথা ব্রহ্মবৈবর্ত্তে ॥

সর্ব্বপাপপ্রশমনং পুণ্যমাত্যন্তিকং তথা।
গোবিন্দস্মারণং নৃণামেকাদশ্যামুপোষণং ॥

ধাত্র্যশ্বত্থাদিগৌরবং যথা স্কান্দে ॥

অশ্বত্থ তুলসী ধাত্রী গো ভূমি সুর বৈষ্ণবাঃ।
পূজিতাঃ প্রণতা ধ্যাতাঃ ক্ষপয়ন্তি নৃণামঘং ॥ ৫০ ॥

অশ্বত্থস্য তদ্বিভূতিরূপত্বাৎ পূজ্যত্বং ভূমিসুরা ব্রাহ্মণাঃ। গো ব্রাহ্মণয়োর্হিতাবতারত্বাদ্ভগবতো ভাগবতৈরেতাবপি পূজ্যাবিতি ভাবঃ। সর্ব্বেষামেষাং তুলসীবৈষ্ণবসাহিত্যোক্তি র্বিচিকিৎসা নিরসনায়। তত্র গবাং পূজাতু শ্রীগোপালোপাসকানাং পরমাভীষ্টপ্রদা। যথা শ্রীগৌতমীয়ে। গবাং কণ্ডূয়নং কুর্য্যাৎ গোগ্রাসং গোপ্রদক্ষিণং। গোষু নিত্যং প্রসন্নাসু গোপালোঽপি প্রসীদতীতি ॥ ৫০ ॥

হরিবাসরসম্মান যথা ব্রহ্মবৈবর্ত্তে ॥

একাদশীতে উপবাস করিলে মনুষ্যমাত্রের সমুদায় পাপ বিনষ্ট এবং অতিশয় পুণ্যলাভ হয়, বিশেষতঃ ইহা গোবিন্দকে স্মরণ করাইয়া দেয় ॥

আমলকী এবং অশ্বত্থাদি বৃক্ষের গৌরব।

যথা স্কন্দপুরাণে ॥

অশ্বত্থ, তুলসী, আমলকী, গো, ব্রাহ্মণ এবং বৈষ্ণব ইহাঁদিগকে পূজা, নমস্কার ও ধ্যান করিলে, ইহাঁরা মনুষ্য দিগের পাপ বিনষ্ট করেন ॥ ৫০ ॥

অথ শ্রীকৃষ্ণবিমুখজন সঙ্গত্যাগো—

যথা কাত্যায়নসংহিতায়াং ॥

বরং হুতবহজ্বালা পঞ্জরান্তর্ব্যবস্থিতিঃ।

ন শৌরিচিন্তাবিমুখজনসংবাসবৈশসং ॥

বিষ্ণুরহস্যে চ ॥

আলিঙ্গনং বরং মন্যে ব্যালব্যাঘ্রজলৌকসাং।

ন সঙ্গঃ শল্যযুক্তানাং নানাদেবৈকসেবিনাং ॥ ৫১ ॥

শিষ্যাদ্যননুবন্ধিত্বাদিত্রয়ং যথা সপ্তমে ॥

ন শিষ্যাননুবধ্নীত গ্রন্থান্নৈবাভ্যসেদ্বহূন্।

বৈশসং বিপত্তিঃ। শল্যমত্র তত্তদ্দেবতান্তর সেবা বাসনা ॥ ৫১ ॥

হরিপরাঙ্মুখজনের সংসর্গ পরিত্যাগ

যথা কাত্যায়নসংহিতায় ॥

প্রদীপ্ত অগ্নির শিখাপিঞ্জরে অবস্থান করিতে হয় সেও বরং ভাল, তথাপি যেন কৃষ্ণচিন্তা-বিমুখ জনের সহবাসরূপ ক্লেশ ভোগ করিতে না হয় ॥

বিষ্ণুরহস্যেতেও এইরূপ ॥

যদি সর্প ব্যাঘ্র ও কুম্ভীরের সহিত আলিঙ্গন ঘটে, তাহাও শ্রেয়স্কর, তথাপি যেন বাসনা রূপ শল্য বিদ্ধ নানা দেবোপাসকের সংসর্গ না ঘটে ॥ ৫১ ॥

শিষ্যাদ্যননুবন্ধিত্ব, মঠাদি নির্ম্মাণ বিষয়ে নিরুদ্যমতা এবং বহুবিধ গ্রন্থাভ্যাসাদি পরিবর্জন ॥

যথা সপ্তমস্কন্ধে ১৩ অ। ৭ শ্লোকে ॥

নারদ যুধিষ্ঠিরকে সম্বোধন করিয়া কহিলেন, রাজন্।

ন ব্যাখ্যামুপযুঞ্জীত নারম্ভানারভেৎ ক্বচিৎ ॥
ব্যবহারেঽপ্যকার্পণ্যং যথা পাদ্মে ॥
অলব্ধে বা বিনষ্টে বা ভক্ষ্যাচ্ছাদনসাধনে।
অবিক্লবমতি র্ভূত্বা হরিমেব ধিয়া স্মরেৎ ॥ ৫২ ॥

শিষ্যান্নৈবানুবধ্নীয়াদিত্যাদিকো যদ্যপি সন্ন্যাসধর্ম্মস্তথাপি নিবৃত্তানামপ্যন্যেষাং ভক্তানামুপযুজ্যত ইতি ভাবঃ। এতচ্চানধিকারি শিষ্যাদ্যপেক্ষয়া। শ্রীনারদাদৌ তচ্ছ্রবণাৎ তত্তৎ সম্প্রদায়নাশপ্রসঙ্গাচ্চ। অন্যথা জ্ঞানশাঠ্যাপত্তেঃ। অতএব নানুবধ্নীয়াদিতি স্বস্বসম্প্রদায়বৃদ্ধ্যর্থমনধিকারিণোঽপি ন গৃহ্নীয়াদিত্যর্থঃ। বহূনিতি ভগবদ্বহির্মুখানন্যাংস্ত্বিত্যর্থঃ। আরম্ভানিত্যপি চ তদ্বৎ ॥

অলব্ধ ইতি। শ্রবণাদি পরাণামেবেয়ং রীতিঃ। সেবাপরৈস্তু যথা লাভমেব সেবা কার্য্যা। ন তু যাচ্ঞাদ্যতিশয়েন নাতিকার্পণ্যং কার্য্যমিতি-জ্ঞেয়ং ॥ ৫২ ॥ ৫৩ ॥

যিনি সন্ন্যাসাশ্রম অবলম্বন করিয়াছেন, তিনি অনধিকারি ব্যক্তিকে শিষ্য করিবেন না, যাহাতে ভগবদ্ভক্তি তিরোহিতা হন্, এমত বহু গ্রন্থ অভ্যাসে বিরত হইবেন, শাস্ত্রব্যাখ্যাদ্বারা জীবিকা নির্ব্বাহ করিবেন না এবং মঠাদি নির্ম্মাণ বিষয়ে উদ্যম করিবেন না ॥

ব্যবহারে অকার্পণ্য যথা পদ্মপুরাণে ॥

হরিভক্তি পরায়ণ জন ভোজন ও আচ্ছাদন সাধন বিষয়ে লাভ অথবা লব্ধের বিনাশ ঘটিলে, ব্যাকুলচিত্ত না হইয়া মনোমধ্যে হরিকে স্মরণ করিবেন ॥ ৫২ ॥

শোকাদ্যবশবর্ত্তিতা যথা তত্রৈব ॥

শোকামর্শাদিভি র্ভাবৈরাক্রান্তং যস্য মানসং।
কথং তত্র মুকুন্দস্য স্ফূর্ত্তিসম্ভাবনা ভবেৎ ॥

অন্যদেবানবজ্ঞা যথা তত্রৈব ॥

হরিরেব সদারাধ্যঃ সর্ব্বদেবেশ্বরেশ্বরঃ।
ইতরে ব্রহ্মরুদ্রাদ্যা নাবজ্ঞেয়াঃ কদাচন ॥

ভূতানুদ্বেগদায়িতা যথা মহাভারতে ॥

পিতেব পুত্রং করুণো নোদ্বেজয়তি যো জনং।
বিশুদ্ধস্য হৃষীকেশ স্তূর্ণং তস্য প্রসীদতি ॥ ৫৩ ॥

শোকমোহাদির অবশীভূততা।

যথা পদ্মপুরাণে ॥

যাহার হৃদয়দেশ শোক ও ক্রোধে পরিপূর্ণ, তথায় কিরূপে মুকুন্দের স্ফূর্ত্তির সম্ভাবনা হইবে? ॥

অন্যদেবতার প্রতি অবজ্ঞাশূন্যতা।

যথা পদ্মপুরাণে ॥

ভগবান্ হরি সমস্ত দেবেশ্বরদিগের অধীশ্বর, অতএব সর্ব্বদা তিনিই আরাধ্য, কিন্তু ইহা বলিয়া, ব্রহ্মরুদ্রাদি অন্যান্য দেবতার প্রতি কখন অবজ্ঞা করিবে না ॥

প্রাণিদিগের প্রতি অভয় দান, যথা মহাভারতে ॥

যিনি প্রাণি মাত্রকে উদ্বেগ না দিয়া, সকরুণ পিতার ন্যায় পুত্র নির্ব্বিশেষে অবলোকন করেন, সেই বিশুদ্ধ হৃদয়ের প্রতি ভগবান্ হৃষীকেশ আশু প্রসন্ন হয়েন ॥ ৫৩ ॥

সেবানামাপরাধানাং বর্জ্জনং যথা বারাহে ॥

মমার্চ্চনাপরাধা যে কীর্ত্ত্যন্তে বসুধে ময়া।
বৈষ্ণবেন সদা তে তু বর্জ্জনীয়াঃ প্রযত্নতঃ ॥

সেবানামাপরাধানাং বর্জ্জনমিত্যাদি। বারাহে পাদ্মে চ যথাক্রমং যোজ্যং। তত্র সেবাপরাধা আগমানুসারেণ গণ্যন্তে। যানৈর্বা পাদুকৈর্বাপি গমনং ভগবদ্গৃহে। দেবোৎসবাদ্যসেবাচ অপ্রণামস্তদগ্রতঃ। উচ্ছিষ্টে বাপ্যশৌচে বা ভগবদ্বন্দনাদিকং। একহস্তপ্রণামশ্চ তৎপুরস্তাৎ প্রদক্ষিণং। পাদপ্রসারণঞ্চাগ্রে তথা পর্য্যঙ্কবন্ধনং। শয়নং ভক্ষণঞ্চাপি মিথ্যা ভাষণমেবচ। উচ্চৈর্ভাষা মিথোজল্পো রোদনানি চ বিগ্রহঃ। নিগ্রহানুগ্রহৌ চৈব নৃষু চ ক্রূরভাষণং। কম্বলাবরণঞ্চৈব পরনিন্দা পরস্তুতিঃ। অশ্লীলভাষণঞ্চৈব অধোবায়ু বিমোক্ষণং। শক্তৌ গৌণোপচারশ্চ অনিবেদিতভক্ষণং। তত্তৎকালোদ্ভবানাঞ্চ ফলাদীনামনর্পণং। বিনিযুক্তাবশিষ্টস্য প্রদানং ব্যঞ্জনাদিকে। পৃষ্ঠীকৃত্যাসনঞ্চৈব পরেষামভিবাদনং। গুরৌ মৌনং

সেবাপরাধ বর্জন, যথা বরাহপুরাণে ॥

বরাহদেব পৃথিবীকে কহিলেন, হে বসুধে! আমার অর্চ্চনা সম্বন্ধীয় অপরাধ আমি কীর্ত্তন করিতেছি, বৈষ্ণবগণ যত্নপূর্ব্বক সর্ব্বদা ঐ সকল অপরাধ বর্জন করিবেন।

আগম শাস্ত্রে সেবাপরাধ দ্বাত্রিংশৎ প্রকার বলিয়া কীর্ত্তিত হইয়াছে। যথা যান অর্থাৎ শিবিকাদি অথবা পদে পাদুকা প্রদান করত ভগবদ্গৃহে গমন।১। ভগবৎ প্রীত্যর্থে কৃত উৎসবাদির অর্থাৎ ভগবৎসম্বন্ধীয় দোল প্রভৃতি উৎসবের অকরণ।২। তাঁহার সম্মুখে প্রণাম না করা।৩। উচ্ছিষ্ট লিপ্ত দেহে অথবা অশৌচে ভগবদ্বন্দনাদি।৪। এক

নিজস্তোত্রং দেবতানিন্দনং তথা। অপরাধা স্তথা বিষ্ণো র্দ্বাত্রিংশৎ পরিকীর্ত্তিতাঃ। বারাহে চ। যে অন্যাপরাধাস্তে সংক্ষিপ্য লিখ্যন্তে। রাজান্নভোজনং ধ্বান্তাগারে হরেঃ স্পর্শঃ। বিধিং বিনা হর্য্যুপসর্পণং। বাদ্যং বিনা তদ্দ্বারোদ্ঘাটনং। কুক্কুরদৃষ্টভক্ষ্য সংগ্রহঃ। অর্চ্চনে মৌনভঙ্গঃ। পূজাকালে বিড়ুৎসর্গায় সর্পণং। গন্ধমাল্যাদিকমদত্ত্বা ধূপনং। অনর্হপুষ্পেণ পূজনং। তথা অকৃত্বা দন্তকাষ্ঠঞ্চ কৃত্বা নিধুবনং তথা। স্পৃষ্ট্বা রজঃস্বলাং দীপং তথা মৃতকমেবচ। বক্তং নীলমধৌতঞ্চ পারক্যং মলিনং পটং। পরিধায় মৃতং দৃষ্ট্বা বিমুচ্যাপানমারুতং। ক্রোধং কৃত্বা শ্মশানঞ্চ গত্বা ভুক্ত্বাপ্যজীর্ণযুক্। ভুক্ত্বা কুসুম্ভং পিন্যাকং তৈলাভ্যঙ্গং বিধায় চ। হরেঃ স্পর্শো হরেঃ কর্ম্ম করণং পাতকাবহং। তথা তত্রৈবান্যত্র। ভগবচ্ছাস্ত্রানাদরেণ তৎপ্রতিপত্তিঃ। অন্যশাস্ত্রপ্রবর্ত্তনং। তদগ্রত স্তাম্বূলচর্ব্বণং। এরণ্ডপত্রস্থ পুষ্পৈরর্চ্চনং। আসুরকালে পূজনং। পীঠে ভূমৌ বোপবিশ্য পূজনং স্নপনকালে বামহস্তেন তৎ স্পর্শঃ। পর্য্যুষিতৈর্যাচিতৈর্ব্বা পুষ্পৈরর্চ্চনং পূজায়াং নিষ্ঠীবনং। তস্যাং স্বগর্ব্বপ্রতিপাদনং। তির্য্যক্ পুণ্ড্রধৃতিঃ। অপ্রক্ষালিত পদত্বেঽপি তন্মন্দিরে প্রবেশঃ। অবৈষ্ণবপক্কনিবেদনং। অবৈষ্ণবদৃষ্টৌ পূজনং। বিঘ্নেশমপূজয়িত্বা কপালিনং দৃষ্ট্বা বা পূজনং। নখাম্ভসা স্নপনং। ঘর্ম্মাম্বুলিপ্তত্বেঽপি পূজনমিত্যাদয়ঃ। অন্যত্র নির্ম্মাল্য লঙ্ঘনভগবচ্ছ-

---

হস্তদ্বারা প্রণাম। ৫। শ্রীকৃষ্ণের সম্মুখে প্রদক্ষিণ। ৬। ভগবানের অগ্রে পাদ প্রসারণ। ৭। পর্য্যঙ্কবন্ধন অর্থাৎ ভগবানের অগ্রে হস্তদ্বারা জানুদ্বয় বন্ধন পূর্ব্বক উপবেশন। ৮। শ্রীকৃষ্ণের শ্রীমূর্ত্তির অগ্রে শয়ন। ৯। ভোজন। ১০। মিথ্যা কথন। ১১। উচ্চৈঃস্বরে ভাষণ। ১২। পরস্পর কথোপকথন। ১৩। রোদন। ১৪। কলহ। ১৫। কাহারও প্রতি নিগ্রহ। ১৬। কাহারও প্রতি অনুগ্রহ করণ। ১৭। শ্রীকৃষ্ণের শ্রীমূর্ত্তির অগ্রভাগে সাধারণ

মনুষ্যের প্রতি নিষ্ঠুর ভাষণ। ১৮। কম্বলের আবরণ অর্থাৎ কম্বল আবরণ দিয়া সেবাদি কার্য্য করিবে না, কি জানি তাহা হইতে লোম স্খলিত হইতে পারে।১৯। ভগবৎ অগ্রে পর নিন্দা।২০। পর স্তুতি। ২১। অশ্লীল ভাষণ অর্থাৎ গালি দেওন।২২। অধো বায়ু পরিত্যাগ। ২৩। সামর্থ্য থাকিতেও অল্প উপচার দান অর্থাৎ পুষ্প তুলসী প্রভৃতি আহরণ করিয়া পরিপাটী রূপে ভগবৎ পূজাদি নির্ব্বাহ করিতে সামর্থ্য থাকিতেও সংক্ষেপে জলমধ্যে পূজাদি নির্ব্বাহ করণ অথবা অর্থসামর্থ্য থাকিতেও কুণ্ঠতা প্রকাশ পূর্ব্বক অল্প-ব্যয়ে ভগবৎ উৎসবাদি নির্ব্বাহ করণ।২৪। অনিবেদিত ভক্ষণ।২৫। যে কালে যে ফল বা শস্যাদি উৎপন্ন হয় সেই কালে তাহা ভগবান্‌কে সমর্পণ না করা।২৬। আনীত দ্রব্যের অগ্র-ভাগ অন্যকে দিয়া অবশিষ্টাংশ ব্যঞ্জনাদিতে প্রদান। ২৭। শ্রীমূর্ত্তির দিকে পৃষ্ঠ করিয়া উপবেশন। ২৮। শ্রীকৃষ্ণের শ্রীমূ-র্ত্তির অগ্রে অন্যকে অভিবাদন। ২৯। গুরুদেবে মৌন অর্থাৎ গুরুদেবের অগ্রে কোন স্তবাদি না করিয়া তুষ্ণীম্ভাবে অব-স্থিত হওন।৩০। আপনার স্তুতি করণ অর্থাৎ আপনিই আপ-নার প্রশংসা করণ।৩১। এবং দেবতানিন্দন।৩২। বিষ্ণুর এই দ্বাত্রিংশৎ প্রকার অপরাধ কীর্ত্তিত হইল, এতদ্ভিন্ন বরাহ-পুরাণে যে সকল অপরাধ কীর্ত্তন করিয়াছেন তাহা সংক্ষেপে লিখিত হইতেছে। যথা-রাজান্ন ভক্ষণ। ১। অন্ধকার গৃহে শ্রীমূর্ত্তির স্পর্শন।২। বিধি উল্লঙ্ঘন করিয়া স্বেচ্ছাচারে হরির

উপাসনা। ৩। বাদ্য না করিয়া শ্রীমন্দিরের দ্বার উদ্ঘাটন। ৪। যে দ্রব্যের প্রতি কুক্কুর দৃষ্টিপাত করিয়াছে তদ্দ্বারা ভক্ষ্য দ্রব্যের সংগ্রহ করণ। ৫। পূজাকালে মৌন ভঙ্গ। ৬। পূজা করিতে করিতে মল ত্যাগার্থ গমন। ৭। গন্ধমাল্য প্রদান না করিয়া অগ্রে ধূপ দেওন। ৮। অযোগ্য পুষ্পে পূজন। ৯। দন্তধাবন না করণ। ১০। ও স্ত্রী সম্ভোগ। ১১। রজঃস্বলা-স্ত্রী স্পর্শ। ১২। দীপ স্পর্শ। ১৩। শব স্পর্শ। ১৪। রক্তবর্ণ, নীলবর্ণ, অধৌত পরের এবং মলিন বস্ত্র পরিধান। ১৫। মৃত দর্শন। ১৬। অপান বায়ু পরিত্যাগ। ১৭। ক্রোধ করণ। ১৮। শ্মশান গমন। ১৯। ভুক্ত দ্রব্য জীর্ণ না হইতে। ২০। কুসুম্ভ অর্থাৎ গাঁজা পান। ২১। পিন্যাক অর্থাৎ অহিফেন ভোজন। ২২ এবং তৈল মর্দ্দন করিয়া হরি স্পর্শ ও হরির সেবা করিলে, পাপ জন্মে। ২৩। অপর অন্যত্র বর্ণিত আছে। ভগবচ্ছাস্ত্রের প্রতি অনাদর করিয়া তৎপ্রতিপত্তি। অন্য শাস্ত্রের প্রবর্ত্তন। ভগবানের অগ্রে তাম্বূল চর্ব্বণ। এরণ্ড পত্রস্থ পুষ্প দ্বারা অর্চ্চন। আসুরিক কালে ভগবৎ পূজা। পীঠ অথবা ভূমিতে উপবেশন পূর্ব্বক পূজন। স্নান কালে বাম হস্ত দ্বারা শ্রীমূর্ত্তি স্পর্শন। পর্য্যুষিত অথবা যাচিত পুষ্প দ্বারা অর্চ্চন। পূজাকালে থুৎকার নিক্ষেপ। পূজা-বিষয়ে স্বীয় গর্ব্ব প্রতিপাদন অর্থাৎ আমি বর পূজক ইত্যাদি মনন। তির্য্যক্ পুণ্ড্র ধারণ। পাদ প্রক্ষালন না করিয়া শ্রীমন্দিরে প্রবেশ। অবৈষ্ণবের পাক করা অন্ন ভগবান্‌কে

পাদ্মে চ॥

সর্ব্বাপরাধকৃদপি মুচ্যতে হরিসংশ্রয়ঃ।
হরেরপ্যপরাধান্ যঃ কুর্য্যাদ্দ্বিপদপাংশলঃ॥
নামাশ্রয়ঃ কদাচিৎ স্যাৎ তরত্যেব স নামতঃ

পথাদয়ো হন্যেচ বহব ইতি। অথ নামাপরাধাঃ পাদ্মোক্তাঃ। সতাং নিন্দা। শ্রীবিষ্ণোঃ সকাশাৎ শিবস্য নামাদেঃ স্বাতন্ত্র্যমননং। গুর্ব্ববজ্ঞা। শ্রুতি-তদনুগতশাস্ত্রনিন্দনং। হরিনামমহিম্নি অর্থবাদমাত্রমিদমিতি মননং। তত্র প্রকারান্তরেণার্থকল্পনং। নাম বলেন পাপে প্রবৃত্তিঃ। অন্যশুভক্রিয়াভি র্নাম-সাম্যমননং। অশ্রদ্দধানাদৌ নামোপদেশঃ নামমাহাত্ম্যে শ্রুতেঽপ্যপ্রীতি-

---

নিবেদন। অবৈষ্ণবের সম্মুখে বিষ্ণুপূজন। গণেশকে পূজা না করিয়া এবং কপালি অর্থাৎ স্বনামখ্যাত নীচ জাতি-বিশেষকে দর্শন করিয়া বিষ্ণুপূজন। নখস্পৃষ্ট জলে শ্রীমূর্ত্তির স্নপন। এবং ঘর্ম্মাম্বুলিপ্ত কলেবরে হরিপূজন, এতদ্ভিন্ন অন্যত্র বর্ণিত আছে। নির্ম্মাল্য-লঙ্ঘন। ভগবৎ-শপথাদি করণ। ইত্যাদি অনেকানেক সেবাপরাধ আছে॥

নামাপরাধ যথা পদ্মপুরাণে॥

মনুষ্য সর্ব্ব প্রকার অপরাধ করিয়াও যদি হরিচরণারবিন্দ আশ্রয় করে, তাহা হইলে সকল অপরাধ হইতে পরিত্রাণ পায়, কিন্তু যে নরাধম হরির নিকটেও অপরাধী, সে যদি কখন হরিনামের আশ্রিত হয়, তাহা হইলে নামমাহাত্ম্যে ঐ অপরাধ হইতে নিস্তার পাইতে পারে। ফলতঃ হরিনাম

নাম্নো হি সর্ব্ব সুহৃদো স্বপরাধাৎ পততাধঃ ॥ ৫৪ ॥
তন্নিন্দাদ্যসহিষ্ণুতা যথা শ্রীদশমে ॥
নিন্দাং ভগবতঃ শৃণ্বংস্তৎপরস্য জনস্য বা।

রিতি। সর্ব্ব এবৈতে হরিভক্তিবিলাসে প্রমাণবচনৈর্দ্রষ্টব্যাঃ ॥ ৫৪ ॥

সকলের সুহৃদ্, অতএব নামাপরাধ করিলে অধোলোকে পতিত হইতে হইবে। ৫৪ ॥

নামাপরাধ যথা ॥

সৎ সকলের নিন্দা। ১। বিষ্ণু নাম হইতে শিব নামাদির স্বাতন্ত্র্য রূপে মনন অর্থাৎ বিষ্ণু নাম হইতে পৃথক্ রূপে শিবনামাদির চিন্তন।২। গুরুদেবের প্রতি অবজ্ঞা প্রকাশ।৩। বেদ ও বেদানুগত শাস্ত্রের নিন্দা। ৪। হরিনামের মাহাত্ম্যে "ইহা অর্থবাদ অর্থাৎ স্তুতি মাত্র" ইত্যাদি মনন। ৫। অথবা প্রকারান্তরে নামের অর্থ কল্পন।৬। নামবলে পাপে প্রবৃত্তি। ৭। অন্য শুভ ক্রিয়ার সহিত নামের তুল্যত্ব চিন্তন। ৮। শ্রদ্ধাবিহীন জনকে নামোপদেশ।৯। এবং নামমাহাত্ম্য-শ্রবণ করিয়া তাহাতে অপ্রীতি। ১০। এই দশ প্রকার নামাপরাধ বৈষ্ণব ব্যক্তি অবশ্য বর্জন করিবেন ॥

ভগবান্ বা ভগবজ্জনের নিন্দাদিতে
অসহিষ্ণুতা যথা দশমস্কন্ধে ৭৪ অ। ২৬। শ্লোকে ॥

শুকদেব কহিলেন, রাজন্! যে ব্যক্তি ভগবান্ বা ভগবৎ পরায়ণ জনের নিন্দা শ্রবণ করিয়া, সেই স্থান হইতে,

ততো নাপৈতি যঃ সোঽপি যাত্যধঃ সুকৃতাচ্চ্যুতঃ॥

অথ বৈষ্ণবচিহ্নধৃতির্যথা পাদ্মে॥

যে কণ্ঠলগ্নতুলসীনলিনাক্ষমালা-
যে বাহুমূলপরিচিহ্নিতশঙ্খচক্রাঃ।
যে বা ললাটফলকে লসদূর্দ্ধপুণ্ড্রা-
স্তে বৈষ্ণবা ভুবনমাশু পবিত্রয়ন্তি॥

নামাক্ষরধৃতির্যথা স্কান্দে॥

হরিনামাক্ষরযুতং ভালে গোপীমৃদঙ্কিতং।
তুলসীমালিকোরস্কং স্পৃশেয়ুর্ন যমোদ্ভটাঃ॥ ৫৫॥

গোপীমৃদঙ্কিতং গোপীচন্দনেন তিলকিতং॥ ৫৫॥

পলায়ন না করে, সে সমুদায় পুণ্য হইতে বিচ্যুত হইয়া অধোগামী হয়॥

বৈষ্ণবচিহ্ন ধারণ যথা পদ্মপুরাণে॥

যাঁহারা কণ্ঠদেশে তুলসী, পদ্মবীজ ও রুদ্রাক্ষমালা-ধারণ করেন, যাঁহারা বাহুমূলে শঙ্খ চক্রের চিহ্ন ধারণ করিয়া থাকেন এবং যাঁহাদের ললাটদেশ ঊর্দ্ধপুণ্ড্রে দেদীপ্যমান, তাঁহারাই বৈষ্ণব, তাঁহারাই ভুবন তলকে আশু পবিত্র করেন॥

হরিনামাক্ষর ধারণ যথা স্কন্দপুরাণে॥

যাঁহার ললাট দেশ গোপীচন্দনে তিলকিত, গাত্রে হরি নামাক্ষর লিখন এবং হৃদয়ে তুলসী মালা দোদুল্যমান রহিয়াছে, যমকিঙ্করগণ তাহাকে স্পর্শ করিতে পারে না॥৫৫॥

পাদ্মে চ ॥

কৃষ্ণনামাক্ষরৈর্গাত্রমঙ্কয়েচ্চন্দনাদিনা।
স লোকপাবনো ভূত্বা তস্য লোকমবাপ্নুয়াৎ ॥

নির্ম্মাল্যধৃতির্যথৈকাদশে ॥

ত্বয়োপযুক্তস্রগ্‌গন্ধ বাসোঽলঙ্কারচর্চ্চিতাঃ।
উচ্ছিষ্টভোজিনো দাসাস্তব মায়াং জয়েম হি ॥

স্কান্দে চ ॥

কৃষ্ণোত্তীর্ণস্তু নির্ম্মাল্যং যস্যাঙ্গং স্পৃশতে মুনে।

ত্বয়োপযুক্তেতি শ্রীমদুদ্ধববাক্যং পরোক্ষপূজাদাবপীতি ভাবঃ। জয়েম জেতুং শক্নুম ইত্যর্থঃ। এতদুত্তরমস্য পদদ্বয়ং চাস্তি মুনয়ো বাতবসনাঃ শ্রমণা ঊর্দ্ধমন্থিনঃ। ব্রহ্মাখ্যং ধাম তে যান্তি শান্তাঃ সন্ন্যাসিনোঽমলাঃ ॥

পদ্মপুরাণে ॥

যিনি চন্দনাদি দ্বারা গাত্রে হরিনামাক্ষর লিখন করেন, তিনি লোকপাবন হইয়া শ্রীকৃষ্ণের সালোক্য প্রাপ্ত হইবেন ॥

নির্ম্মাল্য ধারণ,যথা একাদশ স্কন্ধে ৬ অ। ৩১ শ্লোকে ॥

উদ্ধব কহিলেন, কৃষ্ণ! তুমি যে সমস্ত বস্তু উপভোগ করিয়া ত্যাগ করিয়াছ, সেই মাল্য, গন্ধ, বস্ত্র ও অলঙ্কারে অলঙ্কৃত হইয়াছি এবং দাসের ন্যায় তোমার উচ্ছিষ্ট ভোজন করিয়া থাকি, অতএব তোমার মায়া অনায়াসেই জয় করিব॥

স্কন্দপুরাণে ॥

ব্রহ্মা কহিলেন, হে নারদ! শ্রীকৃষ্ণের অঙ্গোত্তীর্ণ

সর্ব্বরোগৈ স্তথা পাপৈ র্মুক্তো ভবতি নারদ ॥ ৫৬ ॥

অগ্রে তাণ্ডবং যথা দ্বারকামাহাত্ম্যে ॥

যো নৃত্যতি প্রহৃষ্টাত্মা ভাবৈর্বহু সুভক্তিতঃ।

স নির্দ্দহতি পাপানি মন্বন্তরশতেষ্বপি ॥

তথা শ্রীনারদোক্তৌ চ ॥

নৃত্যতাং শ্রীপতেরগ্রে তালিকাবাদনৈর্ভৃশং।

উড্ডীয়ন্তে শরীরস্থাঃ সর্ব্বে পাতকপক্ষিণঃ ॥

বয়ন্ত্বিহ মহাযোগিন্ ভ্রমামঃ কর্ম্মবর্ত্মসু। স্বস্বার্ত্তয়া তরিষ্যামস্তাবকৈর্দুস্তরং তমঃ। ইতি। তরিষ্যামস্তর্ত্তুং শক্নুম ইত্যর্থঃ ॥ ৫৬ ॥

মন্বন্তরশতেষ্বিত্যত্র জাতানীতি শেষঃ ॥ ৫৭ ॥

নির্ম্মাল্য যাহার অঙ্গ স্পর্শ করে, সে ব্যক্তি সর্ব্ব প্রকার রোগ ও পাপরাশি হইতে মুক্তি লাভ করেন ॥ ৫৬ ॥

হরির সম্মুখে নৃত্য, যথা দ্বারকামাহাত্ম্যে ॥

শ্রীকৃষ্ণ কহিলেন, নারদ! যে ব্যক্তি প্রহৃষ্ট চিত্তে ঐকান্তিকী ভক্তি সহকারে বিবিধ ভাব ব্যঞ্জক অঙ্গ ভঙ্গী করিয়া আমার অগ্রে নৃত্য করেন, তাঁহার শত শত মন্বন্তর সঞ্চিত পাপপুঞ্জ দগ্ধ হইয়া যায় ॥

এবং নারদও কহিয়াছেন যথা ॥

যে ব্যক্তি শ্রীকৃষ্ণের অগ্রে করতালি দিয়া বারম্বার নৃত্য করেন, তাঁহার শরীরস্থ পাপরূপ পক্ষি সকল ঊর্দ্ধে পলায়ন করে ॥

দণ্ডবন্নতির্যথা নারদীয়ে ॥

একোঽপি কৃষ্ণায় কৃতপ্রণামো দশাশ্বমেধাবভৃথৈর্ন তুল্যঃ।
দশাশ্বমেধী পুনরেতি জন্ম কৃষ্ণপ্রণামী ন পুনর্ভবায় ॥

অভ্যুত্থানং যথা ব্রহ্মাণ্ডে ॥

যানারূঢ়ং পুরঃ প্রেক্ষ্য সমায়ান্তং জনার্দ্দনং।
অভ্যুত্থানং নরঃ কুর্ব্বন্ পাতয়েৎ সর্ব্বকিল্বিষং ॥ ৫৭ ॥

অথানুব্রজ্যা যথা ভবিষ্যোত্তরে।

রথেন সহ গচ্ছন্তি পার্শ্বতঃ পৃষ্ঠতোঽগ্রতঃ।

রথেনেত্যুপলক্ষণং। অন্যেনাপি ইত্যুয়েরমিতি ভাবঃ। এবং পূর্ব্বত্র চ যানারূঢ়মিত্যত্র জ্ঞেয়ং ॥ ৫৮ ॥

দণ্ডবৎ প্রণাম, যথা নারদপুরাণে ॥

দশ অশ্বমেধ যজ্ঞের অবভৃথ স্নান ও শ্রীকৃষ্ণে একবার-মাত্র প্রণাম, এতদুভয়ের তুল্য ফল হইতে পারে না, কারণ-দশ অশ্বমেধ যজ্ঞকারী পুণ্যক্ষয়ে পুনর্ব্বার জন্ম গ্রহণ করে কিন্তু কৃষ্ণপ্রণামী ব্যক্তি পুনরায় ভবে আগমন করেন না ॥

অভ্যুত্থান অর্থাৎ গাত্রোত্থান।

যথা ব্রহ্মাণ্ডপুরাণে ॥

যে ব্যক্তি সম্মুখে রথারোহণে জনার্দ্দনকে আগমন করিতে দেখিয়া গাত্রোত্থান করেন, তিনি সমুদায় পাতককে পাতিত করিয়া থাকেন ॥ ৫৭ ॥

অনুগমন অর্থাৎ পশ্চাৎ ২ গমন।

যথা ভবিষ্যোত্তরে ॥

যে সকল মানব ভগবান্ রথারোহণে গমন করিতেছেন,

বিষ্ণুনৈব সমাঃ সর্ব্বে ভবন্তি শ্বপচাদয়ঃ॥

স্থানে গতিঃ॥

স্থানং তীর্থ গৃহঞ্চাস্য। তত্র তীর্থে গতি র্যথা।

পুরাণান্তরে।

সংসারমরুকান্তারনিস্তারকরণক্ষমৌ।
শ্লাঘ্যৌ তাবেব চরণৌ যৌ হরেস্তীর্থগামিনৌ॥

আলয়ে যথা হরিভক্তিসুধোদয়ে।

প্রবিশন্নালয়ং বিষ্ণোর্দর্শনার্থং সুভক্তিমান্।
ন ভূয়ঃ প্রবিশেন্মাতুঃ কুক্ষিকারাগৃহং সুধীঃ॥

দেখিয়া পার্শ্বদেশে অথবা পশ্চাৎ ভাগে কিম্বা সম্মুখে রথের সঙ্গে সঙ্গে গমন করে, তাহারা চণ্ডালাদি জাতি হইলেও বিষ্ণুর তুল্যত্ব লাভ করিয়া থাকে॥

স্থানে গমন॥

স্থান দুই প্রকার, তীর্থ এবং ভগবদালয়।

তন্মধ্যে তীর্থ গমন, যথা পুরাণান্তরে॥

যে দুই চরণ হরিসম্বন্ধীয় তীর্থে গমনশীল, তাহাই অতিশয় প্রশংসনীয়। যে হেতু তদ্দ্বারা সংসার রূপ মরু-ভূমির দুর্গম পথ উত্তীর্ণ হওয়া যায়॥

ভগবৎ আলয়ে গমন, যথা হরিভক্তিসুধোদয়ে॥

যিনি বিশুদ্ধ ভক্তিযুক্ত হইয়া শ্রীবিষ্ণুর দর্শনার্থ আলয়ে প্রবেশ করেন, সেই সদ্বুদ্ধিশালী মানব মাতৃ-কুক্ষি রূপ কারাগৃহ পুনঃ প্রবেশ করিবেন না॥

পরিক্রমা যথা তত্রৈব।

বিষ্ণুং প্রদক্ষিণীকুর্ব্বন্ যস্তত্রাবর্ত্ততে পুনঃ।
তদেবাবর্ত্তনং তস্য পুন র্নাবর্ত্ততে ভবে ॥ ৫৮ ॥

স্কান্দে চ চাতুর্ম্মাস্যমাহাত্ম্যে।

চতুর্ব্বারং ভ্রমীভিস্তু জগৎ সর্ব্বং চরাচরং।
ক্রান্তং ভবতি বিপ্রাগ্র্য! তত্তীর্থগমনাধিকমিতি ॥

অথার্চ্চনং।

শুদ্ধিন্যাসাদিপূর্ব্বাঙ্গকর্ম্মনির্ব্বাহ পূর্ব্বকং।

চতুরিত্যত্র বিষ্ণুং পরিতঃ। ইতি প্রকরণপ্রাপ্তং। তীর্থানাং শ্রীগঙ্গাদীনাং গমনাদপ্যধিকং। শীঘ্রং ভগবদ্ভক্তিপ্রদত্বাদিত্যর্থঃ ॥

শুদ্ধির্ভূতশুদ্ধিঃ ন্যাসাঃ মাতৃকান্যাসাদয়ঃ। তদাদিকং পূর্ব্বমঙ্গং যস্য।

পরিক্রমা যথা হরিভক্তিসুধোদয়ে ॥

যে মানব বিষ্ণুকে প্রদক্ষিণ করিতে করিতে যতবার আবর্ত্তন করিয়া থাকে, তাহার সেই আবর্ত্তন নিবন্ধন পুনর্ব্বার ভবে প্রত্যাবর্ত্তন করিতে হয় না ॥

এবং স্কন্দপুরাণে চাতুর্মাস্যমাহাত্ম্যে ॥

হে দ্বিজোত্তম! বিষ্ণুকে চারিবার প্রদক্ষিণ করিলে সমুদায় চরাচর জগৎ পরিক্রমা করা হয় এবং গঙ্গাদি তীর্থ সমুদায়ের গমন অপেক্ষা অধিক ফল হয়, কারণ এতদ্দ্বারা আশু ভগবদ্ভক্তি লাভ করিতে পারা যায় ॥

অর্চ্চন ॥

ভূতশুদ্ধি ও মাতৃকান্যাসাদি পূর্ব্বাঙ্গ নির্ব্বাহ পূর্ব্বক মন্ত্র

অর্চ্চনন্তূপচারাণাং স্যান্মন্ত্রেণোপপাদনং ॥ ৫৯ ॥

তদ্যথা শ্রীদশমে।

স্বর্গাপবর্গয়োঃ পুংসাং রসায়াং ভুবি সম্পদাং।
সর্ব্বাসামপি সিদ্ধীনাং মূলং তচ্চরণার্চ্চনং ॥

বিষ্ণুরহস্যে চ।

শ্রীবিষ্ণোরর্চ্চনং যে তু প্রকুর্ব্বন্তি নরা ভুবি।

তাদৃশ কর্ম্ম নির্ব্বাহ পূর্ব্বকং যন্মন্ত্রেণোপচারাণাং সমর্পণং তদর্চ্চনমিত্যন্বয়ঃ॥৫৯

স্বর্গাপবর্গয়োরিতি। অত্রার্চ্চনং প্রধানং কৃত্বা ভক্ত্যন্তরমহিমা সূচিতঃ ইত্যর্চ্চনং মহিমন্যেব লিখিতং মূলমিতি। অন্যত্তু তদভাবাদেব বিধীয়ত ইত্যর্থঃ। কালেন নষ্টা বাণীয়ং প্রলয়ে বেদসংজ্ঞিতা। ময়াদৌ ব্রহ্মণে প্রোক্তো ধর্ম্মো যস্যাং মদাত্মক ইতি। অকামঃ সর্ব্বকামো বা ইত্যাদেশ্চ। যদ্বা তদ্বহির্মুখানাং সাধনান্তরস্যাপ্যসিদ্ধেঃ। তচ্চ মন্ত্রত স্তন্ত্রতশ্ছিদ্রসি-

---

দ্বারা উপচার সমর্পণকেই অর্চ্চন কহে ॥ ৫৯ ॥

যথা দশমস্কন্ধে ৮১ অ। ১৬ শ্লোকে।

শ্রীদাম ব্রাহ্মণ গৃহে আগমন করিতে করিতে কহিলেন পুরুষদিগের স্বর্গ, অপবর্গ, পাতালের আধিপত্য, পৃথিবীর সম্পত্তি ও অণিমাদি সিদ্ধি সকলের মূল কারণ এক শ্রীকৃষ্ণের চরণার্চ্চন, ইহার দ্বারাই সর্ব্বার্থ সিদ্ধি হয় ॥

এবং বিষ্ণুরহস্যে যথা ॥

এই পৃথিবীতে যে সকল নর শ্রীবিষ্ণুর অর্চ্চন করেন,

তে যান্তি শাশ্বতং বিষ্ণোরানন্দং পরমং পদং ॥ ৬০ ॥

অথ পরিচর্য্যা।

পরিচর্য্যা তু সেবোপকরণাদি পরিক্রিয়া।
তথা প্রকীর্ণকচ্ছত্রবাদিত্রাদ্যৈরুপাসনা ॥

যথা নারদীয়ে।

মুহূর্ত্তং বা মুহূর্ত্তার্দ্ধং যস্তিষ্ঠেদ্ধরিমন্দিরে।
স যাতি পরমং স্থানং কিমু শুশ্রূষণে রতাঃ ॥

চতুর্থে চ।

ত্যাদেঃ। মুখবাহূরুপাদেভ্য ইত্যাদেঃ। তপস্বিনো দানপরা ইত্যাদেঃ॥ ৬০ ॥

পরিচর্য্যাত্র রাজ্ঞ ইব সেবোচ্যতে। সা দ্বিধা। উপকরণাদিপরিক্রিয়া চামরাদিভিরুপাসনা চেত্যর্থঃ ॥ ৬১ ॥

তাঁহারাই বিষ্ণুর নিত্য পরমানন্দময় পরম ধাম প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৬০ ॥

অথ পরিচর্য্যা ॥

রাজার ন্যায় শ্রীকৃষ্ণের সেবনকে পরিচর্য্যা কহে। এই পরিচর্য্যা দুই প্রকার। যথা উপকরণাদি পরিষ্কার করণ এবং চামরাদি দ্বারা উপাসনা ॥

যথা নারদপুরাণে ॥

যে ব্যক্তি মুহূর্ত্ত বা অর্দ্ধ মুহূর্ত্ত কাল হরিমন্দিরে অবস্থিতি করেন, তিনি পরম ধাম প্রাপ্ত হয়েন। কিন্তু সর্ব্বদা যাঁহারা হরিসেবায় রত তাঁহাদিগের কথা আর কি বলিব ? ॥

এবং চতুর্থস্কন্ধে ২১ অ। ২৯ শ্লোকে ॥

যৎপাদসেবাভিরুচিস্তপস্বিনা-
মশেষজন্মোপচিতং মলং ধিয়ঃ।
সদ্যঃ ক্ষিণোত্যন্বহমেধতী সতী
যথা পদাঙ্গুষ্ঠবিনিঃসৃতা সরিৎ ॥ ৬১ ॥
অঙ্গানি বিবিধান্যেব স্যুঃ পূজাপরিচর্য্যয়োঃ।
ন তানি লিখিতান্যত্র গ্রন্থবাহুল্যভীতিতঃ ॥

অথ গীতং যথা লৈঙ্গে।

ব্রাহ্মণো বাসুদেবাখ্যং গায়মানোঽনিশং পরং।
হরেঃ সালোক্যমাপ্নোতি রুদ্রগানাধিকং ভবেৎ ॥ ৬২ ॥

ব্রাহ্মণ ইতি গানসামান্যস্য ব্রাহ্মণে নিষিদ্ধত্বাৎ। ব্রাহ্মণোঽপীত্যর্থঃ। রুদ্র-কর্ত্তৃকগানাদপি ভগবদগ্রে তস্য গানমধিকং ভবেদিত্যর্থঃ ॥ ৬২ ॥

পৃথুরাজা কহিলেন অহে প্রজাগণ! ভগবান্ হরিই জীব সকলের মোক্ষ-দাতা, তদ্ভিন্ন অন্য দেবতা হইতে মুক্তির সম্ভাবনা নাই, কারণ তাঁহারাও জীব বিশেষ। অতএব যাঁহার চরণদ্বয়ের সেবাবিষয়ক অভিলাষও পদাঙ্গুষ্ঠ বিনিঃ-সৃতা সরিদ্বরা গঙ্গার ন্যায়, সংসারসন্তপ্ত জীবদিগের অশেষ জন্ম সঞ্চিত বুদ্ধিমালিন্য সদ্যঃ বিনিষ্ট করিয়া অহরহঃ বৃদ্ধি প্রাপ্ত হয় ॥

পূজা এবং পরিচর্য্যার অঙ্গ বহুবিধ। কিন্তু গ্রন্থের বাহুল্যভয়ে এ স্থলে তাহা লিখিত হইল না ॥ ৬১ ॥

গীত যথা লিঙ্গপুরাণে ॥

ব্রাহ্মণ নিরন্তর পরম পুরুষ বাসুদেবের গুণ গান করিয়া

অথ সংকীর্ত্তনং ॥

নামলীলাগুণাদীনামুচ্চৈর্ভাষাতু কীর্ত্তনং ॥

তত্র নাম কীর্ত্তনং যথা বিষ্ণুধর্ম্মে ॥

কৃষ্ণেতি মঙ্গলং নাম যস্য বাচি প্রবর্ত্ততে।
ভস্মীভবন্তি রাজেন্দ্র! মহাপাতককোটয়ঃ ॥ ৬৩ ॥

লীলাকীর্ত্তনং যথা সপ্তমস্কন্ধে ॥

সোঽহং পরস্য সুহৃদঃ পরদেবতায়া-

কৃষ্ণেতি মঙ্গলং নামেত্যর্চ্চনবদেব ব্যাখ্যেয়ং। তদেতৎ প্রাধান্যেন নামান্তরকীর্ত্তনমপি জ্ঞেয়মিতি। এবমন্যত্রাপি ॥ ৬৩ ॥

তিতর্ম্মি তরিষ্যামীত্যর্থঃ ॥ ৬৪ ॥

তাঁহার সালোক্য লাভ করিয়া থাকেন, এমন কি শ্রীকৃষ্ণ মহাদেবকৃত সঙ্গীত-অপেক্ষা তাঁহার গানকে অধিক প্রিয়তর জ্ঞান করেন ॥ ৬২ ॥

অথ সংকীর্ত্তন ॥

নাম, রূপ ও গুণাদির উচ্চরূপে উচ্চারণ করাকে কীর্ত্তন বলে ॥

তন্মধ্যে নাম সংকীর্ত্তন যথা বিষ্ণুধর্ম্মে ॥

হে রাজেন্দ্র! "কৃষ্ণ" এই পরম মঙ্গলপ্রদ নাম যাঁহার বাক্যে বিরাজ করেন তাহার কোটি কোটি মহাপাতক ভস্মীভূত হইয়া যায় ॥ ৬৩ ॥

লীলাকীর্ত্তন যথা সপ্তমস্কন্ধে ৯ অ। ১৭ শ্লোকে ॥

প্রহ্লাদ কহিলেন হে নৃসিংহ! আমি আপনকার দাস

লীলাকথাস্তব নৃসিংহবিরিঞ্চিগীতাঃ।
অঞ্জস্তিতর্ম্যনুগৃণন্ গুণবিপ্রমুক্তো
দুর্গাণি তে পদযুগালয়হংসসঙ্গঃ॥ ৬৪ ॥

গুণকীর্ত্তনং যথা প্রথমস্কন্ধে॥

ইদং হি পুংসস্তপসঃ শ্রুতস্য বা
স্বিষ্টস্য সূক্তস্য চ বুদ্ধদত্তয়োঃ।
অবিচ্যুতোঽর্থঃ কবিভি র্নিরূপিতো
যদুত্তমঃশ্লোকগুণানুবর্ণনং॥

হইলে প্রিয় পরম সুহৃদ্ ও পরম দেবতা যে আপনি, আপনকার লীলা কথা উচ্চারণ করত সুমহৎ দুঃখ সকলও গণ্য করিব না, তৎকালে আপনার পদযুগলই যাঁহাদের আলয়, সেই সকল ভক্ত স্বরূপ যে সমস্ত হংস অর্থাৎ তত্ত্বজ্ঞ, তাঁহাদের সহিত সঙ্গ হওয়াতে রাগাদি হইতে বিশেষরূপে পরিত্রাণ পাইব। প্রভো! আপনকার লীলাকথা অবগত হওয়া আমার পক্ষে কঠিন হইবে না, ব্রহ্মা ঐ সকল কথা গান করিয়াছিলেন, তাহাতে তাহা সম্প্রদায় প্রবৃত্ত হইয়া আসিয়াছে॥ ৬৪ ॥

গুণ কীর্ত্তন যথা প্রথমস্কন্ধে ৫ অ। ২২ শ্লোকে॥

নারদ কহিলেন হে ব্যাস। উত্তমঃশ্লোক শ্রীকৃষ্ণের যে গুণানু বর্ণন, পণ্ডিতেরা তাহাকেই তপস্যা, বেদাধ্যয়ন, যজ্ঞ, মন্ত্রপাঠ জ্ঞান এবং দান এই সকল কর্ম্মের নিত্য ফল বলিয়া কীর্ত্তন করিয়াছেন॥

জপঃ ॥

মন্ত্রস্য সুলঘূচ্চারো জপ ইত্যভিধীয়তে ॥

যথা পাদ্মে ॥

কৃষ্ণায় নম ইত্যেষ মন্ত্রঃ সর্ব্বার্থসাধকঃ।
ভক্তানাং জপতাং ভূপ! স্বর্গমোক্ষফলপ্রদঃ ॥

বিজ্ঞপ্তি র্যথা স্কান্দে ॥

হরিমুদ্দিশ্য যৎ কিঞ্চিৎ কৃতং বিজ্ঞাপনং গিরা।
মোক্ষদ্বারার্গলামোক্ষ স্তেনৈব বিহিত স্তবঃ ॥ ইতি ॥
সংপ্রার্থনাময়ী দৈন্যবোধিকা লালসাময়ী।
ইত্যাদি র্বিবিধা ধীরৈঃ কৃষ্ণে বিজ্ঞপ্তিরীরিতা ॥

জপ ॥

মন্ত্রের অতিশয় লঘু উচ্চারণকে জপ কহে। অর্থাৎ এরূপে মন্ত্র উচ্চারণ করিতে হয় তাহা কেবল আপনার কর্ণ গোচরমাত্র হয়, অন্যে শুনিতে পায় না ॥

যথা পদ্মপুরাণে ॥

হে রাজন্। "কৃষ্ণায় নমঃ" এই মন্ত্র সমুদায় অর্থসিদ্ধি বিষয়ে সাধক। যে সকল হরিভক্ত পুরুষ ইহা জপ করেন তাঁহাদিগের স্বর্গ ও মোক্ষ লাভ হইয়া থাকে ॥

বিজ্ঞপ্তি যথা স্কন্দপুরাণে ॥

তুমি হরিকে উদ্দেশ করিয়া যাহা কিছু নিবেদন করিয়াছ এতদ্দ্বারাই তোমার মোক্ষদ্বারের অর্গল (খিল) বিমুক্ত হইয়াছে ॥

ধীরগণ শ্রীকৃষ্ণবিষয়ে বিজ্ঞপ্তি তিন প্রকার কীর্ত্তন

তত্র সংপ্রার্থনাত্মিকা যথা পাদ্মে ॥

যুবতীনাং যথা যূনি যূনাঞ্চ যুবতৌ যথা।
মনোভিরমতে তদ্বন্মনোভিরমতাং ত্বয়ি ॥

দৈন্যবোধিকা যথা তত্রৈব ॥

মত্তুল্যো নাস্তি পাপাত্মা নাপরাধী চ কশ্চন।
পরিহারেঽপি লজ্জা মে কিং ব্রুবে পুরুষোত্তম! ॥

লালসাময়ী যথা নারদপঞ্চরাত্রে ॥

কদা গম্ভীরয়া বাচা শ্রিয়া যুক্তো জগৎপতে।

করিয়াছেন। যথা সংপ্রার্থনাময়ী, দৈন্যবোধিকা অর্থাৎ স্বীয় দৈন্য নিবেদন ও লালসাময়ী ॥

সংপ্রার্থনাত্মিকা বিজ্ঞপ্তি, যথা স্কন্দপুরাণে ॥

হে ভগবন্! যুবতীগণের যেমন যুবা পুরুষে এবং যুবা দিগের যেমন যুবতীতে (স্ত্রীতে) মন আসক্ত হয়, তদ্রূপ আমারচিত্ত তোমাতে অনুরক্ত হউক ॥

দৈন্যবোধিকা বিজ্ঞপ্তি, যথা স্কন্দপুরাণে ॥

হে পুরুষোত্তম! আমার তুল্য পাপাত্মা ও অপরাধী আর কেহই নাই, বলিব কি? পাপ পরিহারের নিমিত্ত তোমার নিকট দৈন্য জানাইতে আমার লজ্জা হইতেছে ॥

লালসাময়ী বিজ্ঞপ্তি, যথা নারদপঞ্চরাত্রে ॥

হে জগৎপতে! আমার এমন দিন কবে উপস্থিত হইবে যে দিন সলক্ষ্মীক তোমাকে চামর করিতে আমার হস্ত ব্যগ্র

চামরব্যগ্রহস্তং মামেবং কুর্ব্বিতি বক্ষ্যসি ॥

অথবা ॥

কদাহং যমুনাতীরে নামানি তব কীর্ত্তয়ন্।

উদ্বাষ্পঃ পুণ্ডরীকাক্ষ রচয়িষ্যামি তাণ্ডবং ॥ ৬৫ ॥

স্তবপাঠঃ ॥

প্রোক্তা মনীষিভি র্গীতা স্তবরাজাদয়ঃ স্তবাঃ ॥

কদাহং যমুনাতীরে ইতি দূরতঃ প্রার্থনা কস্যচিজ্জাতভাবস্য যতঃ সংপ্রার্থনা অনুৎপন্ন ভাবস্য লালসাতু জাতভাবস্যেতি ভেদঃ। লালসাময়ত্বাৎ সংপ্রার্থনাপ্যত্র লালসেত্যেব ভণ্যতে। অতো লালসাময়ীয়ং। অত্রেদৃশে সংপ্রার্থনালালসে প্রস্তাবাদেব দর্শিতে। কিন্তু রাগানুগায়ামেব জ্ঞেয়ে ॥ ৬৫ ॥

গীতায়াস্তবত্বং ভগবন্মহিমাত্মকত্বাৎ। স্তবরাজো গৌতমীয়োক্ত স্তবরাজঃ ॥ ৬৬ ॥

দেখিয়া তুমি আমাকে "এইরূপ কর" এই বলিয়া আদেশ করিবা ॥

যথাবা ॥

হে পুণ্ডরীকাক্ষ (পদ্মনেত্র!) কবে আমি যমুনাতীরে তোমার নাম সকল কীর্ত্তন করিতে করিতে সজল নয়নে নৃত্য আরম্ভ করিব ॥ ৬৫ ॥

স্তব ॥

পণ্ডিতগণ ভগবদ্গীতা ও গৌতমীয় তন্ত্রোক্ত স্তবরাজকে শ্রীকৃষ্ণের স্তব বলিয়া নির্দ্দেশ করেন ॥

যথা স্কান্দে ॥

শ্রীকৃষ্ণস্তবরত্নৌঘৈ র্যেষাং জিহ্বা ত্বলঙ্কৃতা।
নমস্যা মুনিসিদ্ধানাং বন্দনীয়া দিবৌকসাং ॥ ৬৬ ॥

নারসিংহে চ ॥

স্তোত্রৈঃ স্তবৈশ্চ দেবাগ্রে যঃ স্তৌতি মধুসূদনং।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিষ্ণুলোকমবাপ্নুয়াৎ ॥ ৬৭ ॥

নৈবেদ্যাস্বাদো যথা পাদ্মে।

নৈবেদ্যমন্নং তুলসীবিমিশ্রং
বিশেষতঃ পাদজলেন সিক্তং।

স্তোত্রস্তবয়োরভেদেঽপ্যবান্তরভেদঃ। পূর্ব্বপ্রসিদ্ধত্বস্বকৃতত্বাভ্যাং জ্ঞেয়ঃ। স্তোত্রস্য করণসাধনত্বেন পূর্ব্বসিদ্ধত্বপ্রতীতেঃ। স্তবস্য ভাবসাধনত্বেন স্বকৃতত্বপ্রতীতেঃ তথাপি প্রোক্তা মনীষিভিরিত্যাদৌ গীতাদীনাং স্তবত্বমুক্তং তত্র ত্বনন্য গত্যা করণসাধনত্বমেব কর্ত্তব্যং তদেবাগ্রে শ্রীমদর্চ্চায়াঃ পুরতঃ ॥ ৬৭ ॥

স্তবপাঠ যথা স্কন্দপুরাণে ॥

শ্রীকৃষ্ণের স্তবরূপ রত্নসমূহে যাঁহাদিগের জিহ্বা অলঙ্কৃতা হইয়াছে, সেই সকল মানব, মুনি ও সিদ্ধগণের নমস্য এবং দেবতাদিগের বন্দনীয় হয়েন ॥ ৬৬ ॥

এবং নৃসিংহপুরাণে ॥

যে ব্যক্তি ভগবান্ মধুসূদনের সম্মুখবর্ত্তী হইয়া স্তোত্র এবং স্তব দ্বারা তাঁহাকে স্তুতি করেন, তিনি নিখিল পাপ হইতে বিনির্ম্মুক্ত হইয়া বিষ্ণুলোক প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৬৭

নৈবেদ্যাস্বাদ গ্রহণ, যথা পদ্মপুরাণে ॥

যে ব্যক্তি মুরারির সম্মুখ ভাগ পরিত্যাগ করিয়া চরণামৃতে

যোঽশ্নাতি নিত্যং পুরতো মুরারেঃ
প্রাপ্নোতি যজ্ঞাযুতকোটিপুণ্যং ॥

পাদ্যাস্বাদো যথা তত্রৈব ॥

ন দানং ন হবির্যেষাং স্বাধ্যায়ো ন সুরার্চ্চনং।
তেঽপি পাদোদকং পীত্বা প্রয়ান্তি পরমাং গতিং ॥

অথ ধূপসৌরভ্যং যথা হরিভক্তিসুধোদয়ে ॥

আঘ্রাণং যদ্ধরের্দ্দত্তধূপোচ্ছিষ্টস্য সর্ব্বতঃ।
তদ্ভাবব্যালদষ্টানাং নস্যং কর্ম্ম বিষাপহং ॥

মুরারেঃ পুরত ইতি লাপ্লোপে পঞ্চমী। পুরং অন্তঃপুরং পরিত্যজ্যেত্যর্থঃ। তদগ্রে ভোজননিষেধাৎ ॥ ৬৮ ॥

বিশেষরূপে সিক্ত তুলসী--দলসমন্বিত নৈবেদ্যান্ন নিত্য ভোজন করেন, তিনি দশ সহস্র কোটি যজ্ঞের পুণ্য প্রাপ্ত হয়েন ॥

চরণামৃতের আস্বাদন, যথা পদ্মপুরাণে ॥

যাহাদিগের দান, যজ্ঞ, বেদাধ্যয়ন ও দেবার্চ্চন প্রভৃতি সৎ কর্ম্মের অনুষ্ঠান নাই, তাহারাও বিষ্ণুপাদোদক পান করিয়া পরম গতি প্রাপ্ত হয় ॥

ধূপসৌরভ্য, যথা হরিভক্তিসুধোদয়ে ॥

হরিকে নিবেদন করিয়া উচ্ছিষ্ট ধূপের আঘ্রাণ করিলে সংসাররূপ সর্পদষ্ট জীবগণের বিষনাশন নস্য (নাস) ক্রিয়ার অনুষ্ঠান করা হয় ॥

মাল্যসৌরভ্যং যথা তন্ত্রে ॥

প্রবিষ্টে নাসিকারন্ধ্রে হরের্নির্মাল্যসৌরভে।
সদ্যো বিলয়মায়াতি পাপপঞ্জরবন্ধনং ॥ ৬৮ ॥

অগস্ত্যসংহিতায়াঞ্চ ॥

আঘ্রাণং গন্ধপুষ্পাদেরর্চ্চিতস্য তপোধন।
বিশুদ্ধিঃ স্যাদনন্তস্য ঘ্রাণস্যেহাভিধীয়তে ॥ ৬৯ ॥

অথ শ্রীমূর্ত্তেঃ স্পর্শনং যথা বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

স্পৃষ্ট্বা বিষ্ণোরধিষ্ঠানং পবিত্রঃ শ্রদ্ধয়ান্বিতঃ।

অর্চ্চিতস্যানন্তস্য ভগবতঃ সম্বন্ধী যো গন্ধপুষ্পাদি তস্যাঘ্রাণং ঘ্রাণেন্দ্রিয়স্য ইহ জগতি বিশুদ্ধি স্তদ্ধেতুঃ স্যাদিত্যবধীয়ত ইতি ॥ ৬৯ ॥

অথ শ্রীমদর্চ্চামাত্রস্য স্পর্শাধিকারিণাং স্পর্শমাহাত্ম্যমাহ স্পৃষ্ট্বেতি ॥ ৭০ ॥

নির্ম্মাল্যসৌরভ, যথা তন্ত্রে ॥

হরিনির্ম্মাল্যের সৌরভ নাসারন্ধ্রে প্রবিষ্ট হইলে, পাপরূপ পিঞ্জর বন্ধন তৎক্ষণাৎ বিনষ্ট হইয়া যায় ॥

অগস্ত্যসংহিতাতেও বলিয়াছেন ॥

হে তপোধন! গন্ধপুষ্পাদি দ্বারা ভগবান্ হরি পূজিত হইলে, তাঁহার সেই নির্ম্মাল্যের আঘ্রাণই ঘ্রাণেন্দ্রিয়ের বিশুদ্ধির কারণ হইয়া থাকে ॥

শ্রীমূর্ত্তির স্পর্শন, যথা বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

স্পর্শ করিবার অধিকার সত্ত্বেও যিনি শ্রদ্ধান্বিত ও পবিত্র হইয়া ভগবদ্বিগ্রহ স্পর্শ করেন, তিনি পাপবন্ধন হইতে

পাপবন্ধৈর্বিনির্মুক্তঃ সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ ॥ ৭০ ॥

অথ শ্রীমূর্ত্তে র্দর্শনং যথা বারাহে ॥

বৃন্দাবনে তু গোবিন্দং যে পশ্যন্তি বসুন্ধরে।

ন তে যমপুরং যান্তি, যান্তি পুণ্যকৃতাং গতিং ॥ ৭১ ॥

অথ আরাত্রিকদর্শনং যথা স্কান্দে ॥

কোটয়ো ব্রহ্মহত্যানামগম্যাগমকোটয়ঃ ॥

অথ সর্ব্বান্ প্রতি দর্শনমাহাত্ম্যঞ্চ সর্ব্বাসামর্চ্চানাং বদন্ ভক্ত্যাবেশ-বিশেষাদুপর্য্যুপরি স্ফূর্ত্ত্যা শ্রীমদর্চ্চাবিশেষারমানস্য সাক্ষাদ্ভগবতঃ শ্রীগোবিন্দ-দেবস্য দর্শনে মাহাত্ম্যবিশেষমাহ বৃন্দাবন ইতি যান্তি পুণ্যকৃতাং গতিমিতি। স বৈ পুংসাং পরো ধর্ম্মো যতো ভক্তিরধোক্ষজে ইতি ন্যায়েন সুবিচারবতাং সর্ব্বসৎকর্ম্মণামেকান্তগতিং ভক্ত্যাখ্যপরমপুরুষার্থসিদ্ধি-মাপ্নুবন্তীত্যর্থঃ ॥ ৭১ ॥

পুনঃ শ্রীমদর্চ্চামাত্রারাত্রিকদর্শনফলমাহ কোটয়ঃ কোটী রিতি। মুখং কর্ত্তৃ ॥৭২

বিনির্ম্মুক্ত হইয়া সর্ব্ব প্রকার মনোরথ সিদ্ধি করিয়া থাকেন ॥ ৭০ ॥

শ্রীমূর্ত্তির দর্শন, যথা বরাহপুরাণে ॥

হে বসুন্ধরে! যাঁহারা বৃন্দাবনে গোবিন্দদেবকে সন্দর্শন করেন, তাঁহারা আর যমপুরীতে গমন করেন না কিন্তু পুণ্যা-ত্মাদিগের গতিই প্রাপ্ত হয়েন ॥ ৭১ ॥

আরাত্রিক দর্শন, যথা স্কন্দপুরাণে ॥

বিষ্ণুর আরাত্রিক-সমন্বিত বদনকমল অবলোকনমাত্রেই কোটি কোটি ব্রহ্মহত্যা ও কোটি কোটি অগম্যাগমন জন্য

দহত্যালোকমাত্রেণ বিষ্ণোঃ সারাত্রিকং মুখং ॥ ৭২ ॥

উৎসবদর্শনং যথা ভবিষ্যোত্তরে ॥

রথস্থং যে নিরীক্ষন্তে কৌতুকেনাপি কেশবং।

দেবতানাং গণাঃ সর্ব্বে ভবন্তি শ্বপচাদয়ঃ ॥ ৭৩ ॥

আদিশব্দেন পূজাদর্শনং যথা চাগ্নেয়ে ॥

পূজিতং পূজ্যমানং বা যঃ পশ্যেদ্ভক্তিতো হরিং।

শ্রদ্ধয়া মোদমানস্তু সোঽপি যোগফলং লভেৎ ॥

অথ শ্রবণং ॥

শ্রবণং নাম চরিতগুণাদীনাং শ্রুতির্ভবেৎ ॥

রথস্থমিত্যুৎসবান্তরোপলক্ষণং সর্ব্বে শ্বপচাদয়োঽপি দেবানাং পার্ষদানাং ॥ ৭৩ ॥

যোগোঽত্র পঞ্চরাত্রাদ্যুক্তঃ ক্রিয়াযোগঃ ॥ ৭৪ ॥

পাপ বিনষ্ট হয় ॥ ৭২ ॥

উৎসবদর্শন, যথা ভবিষ্যোত্তরে ॥

যাঁহারা কৌতুক নিমিত্তই রথস্থ কেশবকে অবলোকন করেন, তাঁহারা চণ্ডালজাতি হইলেও বিষ্ণুপার্ষদগণের মধ্যে পরিগণিত হয়েন ॥ ৭৩ ॥

আদিশব্দে পূজাদর্শন, যথা অগ্নিপুরাণে ॥

যিনি ভক্তি ও শ্রদ্ধা সহকারে সানন্দচিত্তে পূজিত অথবা পূজ্যমান হরিমূর্ত্তি সন্দর্শন করেন, তিনি যোগের অর্থাৎ পঞ্চরাত্রাদি শাস্ত্রোক্ত ক্রিয়াযোগের ফল প্রাপ্ত হয়েন ॥

অথ শ্রবণ ॥

ভগবানের নাম, চরিত্র ও গুণাদির শ্রবণকে শ্রবণ বলে ॥

তত্র নাম শ্রবণং যথা গারুড়ে ॥

সংসারসর্পসংদষ্টনষ্টচেষ্টৈকভেষজং।
কৃষ্ণেতি বৈষ্ণবং মন্ত্রং শ্রুত্বা মুক্তো ভবেন্নরঃ ॥ ৭৪ ॥

চরিতশ্রবণং যথা চতুর্থে ॥

তস্মিন্মহন্মুখরিতা মধুভিচ্চরিত্র-
পীযূষশেষসরিতঃ পরিতঃ স্রবন্তি।
তা যে পিবন্ত্যবিতৃষো নৃপ গাঢ়কর্ণৈ-
স্তান্ন স্পৃশন্ত্যশনতৃড়্ভয়শোকমোহাঃ ॥

তস্মিন্নিতি। মহতাং সদসি মহদ্ভির্মুখরিতাঃ শব্দায়মানীকৃতাঃ তান্ প্রাপ্য স্বয়মেব স্বব্যঞ্জকশব্দং কুর্ব্বত্য ইব জাতা ইত্যর্থঃ। শেষঃ সারঃ ॥

তন্মধ্যে নাম শ্রবণ, যথা গরুড়পুরাণে ॥

সংসাররূপ সর্পদংশনে জ্ঞানশূন্য ব্যক্তির একমাত্র মহৌষধ "কৃষ্ণ" বলিয়া এই বৈষ্ণবমন্ত্র, ইহা শ্রবণ করিলে মানব বিমুক্ত হয় ॥ ৭৪ ॥

চরিতশ্রবণ যথা চতুর্থে ২৯ অ। ৩৭ শ্লোকে ॥

যে স্থানে মহাপুরুষদিগের বদনচন্দ্র হইতে বিগলিত শ্রীকৃষ্ণের চরিত রূপ অমৃত নদী, সর্ব্বতোভাবে প্রবাহিত হয়, হে রাজন্! সেই স্থানে অবস্থিতি পূর্ব্বক যে সকল ব্যক্তি বাসনাশূন্য চিত্তে কর্ণাঞ্জলি দ্বারা তাহা পান করেন, ক্ষুধা, তৃষ্ণা, ভয়, শোক ও মোহ প্রভৃতি তাহাদিগকে কখনই স্পর্শ করিতে পারে না ॥

গুণশ্রবণং যথা দ্বাদশে ॥

যস্তূত্তমশ্লোকগুণানুবাদঃ
প্রস্তূয়তেঽভীক্ষ্ণমমঙ্গলঘ্নঃ ।
তমেবা নিত্যং শৃণুয়াদভীক্ষ্ণং
কৃষ্ণেঽমলাং ভক্তিমভীপ্সমানঃ ॥ ৭৫ ॥

অথ তৎকৃপেক্ষণং যথা শ্রীদশমে ॥

তত্তেঽনুকম্পাং সুসমীক্ষমাণো
ভুঞ্জান এবাত্মকৃতং বিপাকং ।

উত্তমশ্লোকানাং ভগবদবতারাণাং ভাগবতানাঞ্চ গুণানুবাদো মহদ্ভিঃ সংগীয়তে । তমেব নিত্যং প্রত্যহং তত্রাপ্যভীক্ষ্ণং শৃণুয়াৎ । তত্র ত্বতিশয়েনাগ্রহং কুর্য্যাদিত্যর্থঃ । শ্রবণস্য তস্য পরমফলমাহ কৃষ্ণ ইতি কৃষ্ণস্তু ভগবান্ স্বয়মিত্যাদি প্রসিদ্ধেঃ শ্রীগোপাল ইত্যর্থঃ ॥ ৭৫ ॥

ত্বত্তেঽনুকম্পামিত্যত্রানুকম্পেক্ষণং নমস্কারশ্চেতি পৃথগেব সাধনদ্বয়ং বৈশিষ্ট্যায় ত্বেকত্র পঠিতং । তত উভয়মপি সমানফলমেব জ্ঞেয়মিতি ভাবঃ ।

গুণশ্রবণ যথা দ্বাদশস্কন্ধে ৩ অ । ১২ শ্লোকে ॥

অমঙ্গল নাশক শ্রীকৃষ্ণের যে সকল গুণানুবাদ নিরন্তর সংকীর্ত্তিত হয়, শ্রীকৃষ্ণে অমল ভক্ত্যভিলাষী পুরুষ তাহাই বারম্বার শ্রবণ করিবেন ॥ ৭৫ ॥

তাঁহার কৃপার প্রতি ঈক্ষণ,
যথা দশমস্কন্ধে ১৪ অ । ৮ শ্লোকে ॥

হে ভগবন্ ! তোমার অনুকম্পা নিরীক্ষণ করিয়া অর্থাৎ কবে আপনার দয়া হইবে এই প্রতীক্ষায় বহু মন্যমান হইয়া

হৃদ্বাগ্বপুর্ভি র্বিদধন্ নমস্তে
জীবেত যো মুক্তিপদে স দায়ভাক্ ॥

অথ স্মৃতিঃ।

যথা কথঞ্চিন্মনসা সম্বন্ধঃ স্মৃতিরুচ্যতে।

যথা বিষ্ণুপুরাণে ॥

স্মৃতে সকলকল্যাণভাজনং যত্র জায়তে।
পুরুষস্তমজং নিত্যং ব্রজামি শরণং হরিং ॥ ৭৬ ॥

নবমপদার্থস্য মুক্তেরপ্যাশ্রয়ে দশমপদার্থে ত্বয়ি স দায়ভাগ্ ভবতি। ত্বং তস্য দায়ত্বেন বর্ত্তসে ইত্যর্থঃ ॥ ৭৬ ॥

অনাসক্ত চিত্তে আপনার অর্জিত কর্ম্মফল ভোগ ও কায়মনোবাক্যে আপনার প্রতি নমস্কার বিধান করত যে ব্যক্তি জীবিত থাকেন, তিনিই মুক্তিবিষয়ে দায়ভাগী হয়েন। ফলতঃ ভক্তব্যক্তির জীবন ব্যতিরেকে অন্য কিছুই দায় প্রাপ্তির ন্যায় মুক্তি বিষয়ে উপযোগী নহে ॥

অথ স্মৃতি ॥

যে কোন প্রকারে মনের সহিত সম্বন্ধ হওয়াকে স্মৃতি কহে ॥

যথা বিষ্ণুপুরাণে ॥

যাঁহার স্মরণে জীবগণ সমস্ত কল্যাণের ভাজন হয়, সেই জন্মরহিত নিত্য বিগ্রহ পুরুষ শ্রীহরির স্মরণাগত হই ॥ ৭৬ ॥

যথা বা পাদ্মে ॥

প্রয়াণে চাপ্রয়াণে চ যন্নাম স্মরতাং নৃণাং।
সদ্যো নশ্যতি পাপৌঘো নমস্তস্মৈ চিদাত্মনে ॥

ধ্যানং যথা ॥

ধ্যানং রূপগুণক্রীড়াসেবাদেঃ সুষ্ঠু চিন্তনং ॥ ৭৭ ॥

তত্র রূপধ্যানং যথা নারসিংহে ॥

ভগবচ্চরণদ্বন্দ্বধ্যানং নির্দ্বন্দ্বমীরিতং।

প্রয়াণে মরণদশায়াং অপ্রয়াণে জীবনদশায়াং প্রয়াণকালে মনসা চলে নেতি শ্রীগীতাতঃ ॥ ৭৭ ॥

নির্দ্বন্দ্বং শীতোষ্ণাদিময়দুঃখপরম্পরাতীতং ঈরিতং শাস্ত্রে বিহিতং তচ্চ পাপিনোঽপি প্রসঙ্গেনাপি পরমুৎকৃষ্টং সুহিতং বিহিতং তত্রৈবেত্যর্থঃ ॥ ৭৮ ॥

যথা বা পদ্মপুরাণে ॥

মৃত্যুকালে অথবা জীবদ্দশায় যাঁহার নাম স্মরণ করিলে পাপরাশি সদ্যই বিনষ্ট হইয়া যায়, সেই সচ্চিদানন্দ বিগ্রহ শ্রীকৃষ্ণকে প্রণাম করি ॥

অথ ধ্যান ॥

রূপ, গুণ, ক্রীড়া ও সেবাদির যে সুষ্ঠু চিন্তন তাহার নাম ধ্যান ॥ ৭৭ ॥

রূপধ্যান, যথা নারসিংহে ॥

ভগবানের চরণদ্বন্দ্ব ধ্যানই শীতোষ্ণাদিময় সুখ দুঃখ পরম্পরা রহিত বলিয়া কথিত হইয়াছে, যাঁহার প্রসঙ্গ মাত্রে

পাপিনোঽপি প্রসঙ্গেন বিহিতং সুহিতং পরং ॥

গুণধ্যানং যথা বিষ্ণুধর্ম্মে ॥

যে কুর্ব্বন্তি সদা ভক্ত্যা গুণানুস্মরণং হরেঃ।

প্রক্ষীণকলুষৌঘাস্তে প্রবিশন্তি হরেঃ পদং ॥

ক্রীড়াধ্যানং যথা পাদ্মে ॥

সর্ব্বমাধুর্য্যসারাণি সর্ব্বাদ্ভুতময়ানি চ।

ধ্যায়ন্ হরেশ্চরিত্রাণি ললিতানি বিমুচ্যতে ॥ ৭৮ ॥

সেবাধ্যানং যথা পুরাণান্তরে ॥

মানসেনোপচারেণ পরিচর্য্য হরিং মুদা।

মানসেনেত্যত্র ব্রহ্মবৈবর্ত্ত কথা চ। যথা প্রতিষ্ঠানপুরে কশ্চিদ্বিপ্র আসীৎ সচ দরিদ্রোঽপি কর্ম্মাধীনং আত্মানং মন্যমানঃ শান্ত এবাসীৎ। স তু

পাপাত্মাদিগেরও সুন্দর হিত হইয়া থাকে ॥

গুণধ্যান যথা বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

যাঁহারা নিরন্তর ভক্তিযোগ সহকারে ভগবান্ হরির গুণ-সকলের অনুস্মরণে প্রবৃত্ত হয়েন, তাঁহারা পাপরাশিকে ক্ষয় করিয়া ভগবদ্ধামে প্রবেশ করেন ॥

ক্রীড়াধ্যান, যথা পদ্মপুরাণে ॥

সমস্ত মাধুর্য্যের সার এবং সর্ব্বাশ্চর্য্যময় ও মনোহর হরির চরিত্র যাঁহারা ধ্যান করেন, তাঁহারা সংসার হইতে বিনির্ম্মুক্ত হয়েন ॥ ৭৮ ॥

সেবাধ্যান যথা পুরাণান্তরে ॥

মনঃ কল্পিত উপচার দ্বারা আনন্দ চিত্তে হরির পরিচর্য্যা

পরে বাঙ্মনসাঽগম্যং তং সাক্ষাৎ প্রতিপেদিরে ॥ ৭৯ ॥

সরলবুদ্ধিঃ কদাচিৎ বিপ্রেন্দ্রাণাং সদসি বৈষ্ণবান্ ধর্ম্মান্ শুশ্রাব। তে চ ধর্ম্মা মনসাপি সিদ্ধ্যন্তীতি শ্রুত্বা দরিদ্রঃ স্বয়ং তথৈবাচরিতুমারব্ধবান্। ততশ্চ গোদাবরীস্নানপূর্ব্বকং নিত্যকর্ম্ম সমাপ্য শান্তমতির্ভূত্বা বিবিক্তাসনঃ প্রাণায়ামাদিকর্ম্মপূর্ব্বকং স্থিরীভূয় মনসৈবাভিমতাং শ্রীহরিমূর্ত্তিং স্থাপয়িত্বা স্বয়ং দুকূলাদিকং পরিধায় তাং প্রণম্য দৃঢ়ং পরিকরং বদ্ধা তৎসদনং সম্মার্জ্য তাং প্রণম্য রাজতসৌবর্ণঘটৈঃ সর্ব্বেষাং গঙ্গাদিতীর্থানাং জলমাহৃত্য তথা নানা পরিচর্য্যাদ্রব্যাণি উপানীয় তদীয়ং স্নপনাদিকমারাত্রিকান্তং মহারাজোপচারং সম্যুপ্য চ দিনং দিনং সুখাতিশয়মাপ্নুবন্নাসীৎ। তদেবং বহুষু কালেষু গতেষু কদাচিৎ মনসৈব সম্বৃতং পরমান্নং নির্ম্মায়, সৌবর্ণপাত্রেণ তদ্ভোজনার্থং মুখাপ্য স্থিতস্তপ্ততয়া স্ফুরিতে তস্মিন্ প্রবিষ্টমঙ্গুষ্ঠযুগং দগ্ধং প্রতিযন্ হন্ত তদিদং দুষ্টং জাতমিতি দুঃখেন তদ্ধিত্বা সমাধিভঙ্গেঽপি জাতে দগ্ধাঙ্গুষ্ঠতয়া বহিরপি পীড়িতো বভূব। তদবধায় বৈকুণ্ঠে সমুপবিষ্টেন বৈকুণ্ঠনাথেন হসতা শ্রীপ্রভৃতিভি স্তৎ কারণং স্পৃষ্টেন চ সতা স্বনিকটং বিমানেন আনয়ামাসে। তথাবিধতয়া স্বনিকটে দর্শয়ামাসে স্বনিকটে যোগ্যতয়া স্থাপয়ামাসে চেতি ॥ ৭৯ ॥

করিয়া কোন কোন ব্যক্তি বাক্য মনের অগম্য সেই হরির সাক্ষাৎকার লাভ করিয়াছেন ॥

মানস পরিচর্য্যাসম্বন্ধে ব্রহ্মবৈবর্ত্ত পুরাণের কথা, যথা— প্রতিষ্ঠান-পুরে কোন এক ব্রাহ্মণ বাস করিতেন, কিন্তু তিনি দরিদ্র হইয়াও আপনাকে কর্ম্মাধীন মানিয়া শান্তচিত্তে কাল যাপন করিতেন, ব্রাহ্মণ অতি সরল-চিত্ত, কোন সময় বিজ্ঞতম বিপ্রদিগের সভায় বৈষ্ণবধর্ম্ম সকল শ্রবণ করিতে ২

ঐ ধর্ম্ম সকল মনের দ্বারাও সিদ্ধ হয়, এই কথা শ্রবণ করিয়া স্বীয় দরিদ্রতা নিবন্ধন স্বয়ং মনে মনে ঐ ধর্ম্মের আচরণ করিতে আরম্ভ করিলেন। কোন এক দিবস গোদাবরী-নদীতে স্নানপূর্ব্বক নিত্য কর্ম্ম সমাপন করিলেন, পরে নিশ্চল বুদ্ধিতে নির্জন প্রদেশে উপবেশনপূর্ব্বক প্রাণায়ামাদি-দ্বারা মনকে স্থির করিয়া তন্মধ্যে ভগবান্ হরির মূর্ত্তি স্থাপন করিয়া পট্টবস্ত্র পরিধান করিলেন, পরে প্রণামপূর্ব্বক দৃঢ়-রূপে কটি বন্ধন করত শ্রীমন্দির মার্জনা করিতে লাগিলেন। অনন্তর ঐ মূর্ত্তিকে প্রণিপাতপুরঃসর স্বর্ণ রৌপ্য নির্ম্মিত কলস দ্বারা গঙ্গাদি পুণ্যতীর্থ সকল হইতে জল আনয়ন করিলেন, তদনন্তর বিবিধ পূজোপকরণ দ্রব্য আহরণ পূর্ব্বক মহারাজোপচারে তাঁহার স্নানাদি আরাত্রিকপর্য্যন্ত সমস্ত কর্ম্ম সমাপন করিয়া দিন দিন অতিশয় সুখানুভব করিতে লাগিলেন। এইরূপে বহু কাল অতিবাহিত হইলে কোন এক দিবস মনে মনে সঘৃত পরমান্ন পাক করিয়া স্বর্ণপাত্রে সংস্থাপন করত ভগবানের ভোজনের জন্য দণ্ডায়মান হই-লেন, পরমান্নের উত্তপ্ততা নিবন্ধন তন্মধ্যে প্রবিষ্ট অঙ্গুষ্ঠদ্বয় দগ্ধ জ্ঞান করিয়া, হায়! পরমান্ন দুষ্ট হইল, দুঃখিত চিত্তে এই কথা বলিতে বলিতে তাঁহার সমাধি ভঙ্গ হইল এবং অনুতাপ করিতে২ দৈবাৎ অঙ্গুষ্ঠের প্রতি দৃষ্টিপাত হওয়াতে দেখেন সত্যই অঙ্গুষ্ঠদ্বয় দগ্ধ হইয়াছে, ব্রাহ্মণের এই ব্যাপার জ্ঞাত হইয়া বৈকুণ্ঠাধিষ্ঠিত বৈকুণ্ঠনাথ ঈষৎ হাস্য করিলেন,

অথ দাস্যং॥

দাস্যং কর্ম্মার্পণং তস্য কৈঙ্কর্য্যমপি সর্ব্বথা॥ ৮০॥

কর্ম্মার্পণমিত্যনূদ্য দাস্যমিতি বিধীয়তে। তদেতচ্চ অন্যমতং স্বমতন্তু কৈঙ্কর্য্যমিতি। তচ্চ কিং করোমীত্যভিমানঃ। যথোক্তমিতিহাসসমুচ্চয়ে। জন্মান্তরসহস্রেষু যস্য স্যান্মতিরীদৃশী। দাসোঽহং বাসুদেবস্য সর্ব্বান্ লোকান্ সমুদ্ধরেদিতি। তথৈব ব্যাখ্যাতং। তস্যৈব মে সৌহৃদসখ্য মৈত্রী, দাস্যং পুনর্জন্মনি জন্মনি স্যাদিতি শ্রীদামবিপ্রস্য বাক্যে স্বামিভিরপি দাস্যমিতি সেবকত্বং ব্যাখ্যাতং। এতস্য চ কার্য্যভূতং পরিচর্য্যাদিকং জ্ঞেয়ং কেবল-পরিচর্য্যারূপত্বে ভেদো ন স্যাৎ॥ ৮০॥

লক্ষ্মীপ্রভৃতি শক্তিগণ সমীপবর্ত্তিনী থাকিয়া হাস্যের কারণ জিজ্ঞাসা করিলেন, প্রভো! আপনি হাস্য করিলেন কেন? ভগবান্ কোন উত্তর না দিয়া, আপনার বিমান প্রেরণ পূর্ব্বক ঐ ব্রাহ্মণকে স্বীয় নিকটে আনয়ন করিলেন এবং প্রেয়সীগণকে দেখাইয়া সমস্ত বৃত্তান্ত বর্ণন করিলেন। অনন্তর ভগবান্ ঐ দরিদ্র ব্রাহ্মণকে বৈকুণ্ঠে স্থান দান পূর্ব্বক বাসের অধিকার প্রদান করিলেন॥ ৭৯॥

অথ দাস্য॥

কর্ম্ম সমর্পণ করাকে কেহ কেহ দাস্য বলেন, বস্তুতঃ সর্ব্বতোভাবে দাসত্বাভিমানের নামই দাস্য॥ ৮০॥

তত্রাদ্যং যথা স্কান্দে॥

তস্মিন্ সমর্পিতং কর্ম্ম স্বাভাবিকমপীশ্বরে।
ভবেদ্ভাগবতং ধর্ম্মং তৎ কর্ম্ম কিমুতার্পিতং। ইতি॥
কর্ম্ম স্বাভাবিকং ভদ্রং জপধ্যানার্চ্চনাদি চ।
ইতীদং দ্বিবিধং কৃষ্ণে বৈষ্ণবৈ র্দাস্যমর্পিতং॥ ৮১॥
মৃদুশ্রদ্ধস্য কথিতা স্বল্পা কর্ম্মাধিকারিতা।

তত্রাদ্যং কর্ম্মার্পণমুদাহরতি তস্মিন্নিতি। তত্রৈব বিধেয়ং দাস্যমপি দ্বৈবিধ্যেনাহ কর্ম্ম স্বাভাবিকমিতি। স্বাভাবিকং তত্তদ্বর্ণাশ্রমাদ্যুপাধিস্বভাব-প্রাপ্তং তচ্চ ভদ্রমেব নত্বন্যৎ। তথা জপেতি ইতীদং দ্বিবিধং কর্ম্ম বৈষ্ণবৈঃ কৃষ্ণেঽর্পিতং চেদ্দাস্যমুচ্যতে॥ ৮১॥

তন্মধ্যে কর্ম্মসমর্পণ দাস্য যথা স্কন্দপুরাণে॥

সেই পরমেশ্বর হরিতে যদি বর্ণাশ্রমাদি স্বভাব প্রাপ্ত কর্ম্ম সকলও সমর্পিত হয়, তাহা হইলে ঐ কর্ম্ম সকলকে ভাগবত ধর্ম্ম বলে, আর যদি ভগবানের কর্ম্ম ভগবানের প্রীত্যর্থ করা হয়, তবে সে যে ভাগবত ধর্ম্ম না হইবে ইহার কথা কি ? ॥

বর্ণাশ্রমাদি স্বভাব প্রাপ্ত যে কর্ম্ম তাহা মঙ্গলজনক, অন্য কর্ম্ম নহে এবং জপ, ধ্যান ও অর্চ্চনাদি রূপ কর্ম্মও পরম কল্যাণ স্বরূপ, এজন্য বৈষ্ণবগণ এই দুই প্রকার দাস্য শ্রীকৃষ্ণে সমর্পণ করেন॥ ৮১॥

যাহার অল্পমাত্র ও শ্রদ্ধা জন্মিয়াছে, তাহার কর্ম্মেতে

তদর্পিতং হরৌ দাস্যমিতি কৈশ্চিদুদীর্য্যতে॥ ৮২ ॥

দ্বিতীয়ং যথা নারদীয়ে ॥

ঈহা যস্য হরের্দ্দাস্যে কর্ম্মণা মনসা গিরা।

নিখিলাস্বপ্যবস্থাসু জীবন্মুক্তঃ স উচ্যতে ॥ ৭৩।

অথ সখ্যং ॥

বিশ্বাসো মিত্রবৃত্তিশ্চ সখ্যং দ্বিবিধমীরিতং ॥ ৮৪ ॥

তত্র উত্তরস্যার্পণাভাবাদ্দাস্যত্বাভাবেঽপি শুদ্ধভক্ত্যঙ্গত্বমস্তি পূর্ব্বস্য তু তদপি নাস্তীতি সুতরামেব ন তৎ স্বমতমিত্যাহ মৃদুশ্রদ্ধস্যেতি। তেন তস্যার্পিতমর্পণং দাস্যং তদেব পূর্ব্বত্র অর্পণ এব তাৎপর্য্যং শ্রবণং কীর্ত্তন-মিত্যাদৌ তু ইতি পুংসার্পিতা বিষ্ণাবিত্যনেন দাস্যাদন্যদর্পণং প্রতীয়তে ॥৮২॥

অথ স্বমতং মহিম্না দর্শয়তি ঈহা যস্যেতি। দাস্যে নিমিত্তে ঈহা দাসো ভবানীতি স্পৃহেত্যর্থঃ ॥ ৮৩ ॥

বিশ্বাস ইতি। পূর্ব্ববদন্যমতং মিত্রবৃত্তিরিতি তু স্বমতং বন্ধুমাত্রং। যন্মিত্রং পরমানন্দমিতিবৎ তদ্বৃত্তিস্তত্তয়া অভিমানঃ ॥ ৮৪ ॥

অধিকারও অল্প, সেই কর্ম্ম হরিতে সমর্পিত হইলেই কেহ কেহ তাহাকে দাস্য বলিয়া থাকেন ॥ ৮২ ॥

দ্বিতীয় প্রকার অর্থাৎ কৈঙ্কর্য্য, যথা নারদীয়ে॥

কায় মনো বাক্য দ্বারা হরির দাস্যের প্রতি যাহার স্পৃহা, তিনি সকল অবস্থাতেই জীবন্মুক্ত॥ ৮৩ ॥

অথ সখ্য ॥

বিশ্বাস ও মিত্রবৃত্তি এই দুইকে সখ্য বলা যায় ॥৮৪॥

তত্রাদ্যং যথা মহাভারতে ॥

প্রতিজ্ঞা তব গোবিন্দ ন মে ভক্তঃ প্রণশ্যতি।
ইতি সংস্মৃত্য সংস্মৃত্য প্রাণান্ সংধারয়াম্যহং ॥ ৮৫ ॥

একাদশে চ ॥

ত্রিভুবনবিভবহেতবেঽপ্যকুণ্ঠ-
স্মৃতিরজিতাত্মসুরাদিভি র্বিমৃগ্যাৎ।

প্রতিজ্ঞেতি শ্রীদ্রৌপদীবাক্যং। তস্মাদস্যা যদ্যপি প্রেমবিশেষময়পরিকরান্তর্গতত্বেন দর্শয়িষ্যমাণায়া বাক্যমিদং প্রেম বিশেষ কার্য্যমেব নতু সাধনং অথাপি পরমপ্রেমাতিশয়ানাং সাধনমপি স্যাদিত্যেবমুদাহৃতং। এবমুত্তরত্র চ শ্রীভাগবতোত্তমবর্ণনময়প্রকরণাদুদ্ধৃতে পদ্যে জ্ঞেয়ং প্রণয়রসনয়া ধৃতাঙ্ঘ্রিপদ্ম ইতি তদুপসংহারাৎ ॥ ৮৫ ॥

ত্রিভুবনবিভবায় কিমুত তদ্ধেতব ইত্যর্থঃ। সর্ব্বোঽপি দ্বন্দ্বো বিভাষয়ৈকবদ্ভবতীতি ন্যায়েন একবচনং ॥ ৮৬ ॥

তন্মধ্যে বিশ্বাস যথা মহাভারতে ॥

দ্রৌপদী শ্রীকৃষ্ণকে কহিলেন, হে গোবিন্দ! তোমার প্রতিজ্ঞা এই যে আমার ভক্ত কখনও বিনষ্ট হইবে না। ইহাই স্মরণ করিয়া স্মরণ করিয়া আমি প্রাণ ধারণ করিতেছি ॥ ৮৫ ॥

একাদশ স্কন্ধে ২ অ। ৫১ শ্লোকে ॥

ঋষভনন্দন হবি, নিমিরাজাকে সম্বোধন করিয়া কহিলেন মহারাজ! ত্রৈলোক্য রাজ্য উপস্থিত হইলেও ইন্দ্রাদি দেবগণের অন্বেষণীয় ভগবচ্চরণারবিন্দ হইতে লব নিমিষার্দ্ধ

ন চলতি ভগবৎপদারবিন্দা-
ল্লব নিমিষার্দ্ধমপি স বৈষ্ণবাগ্র্যঃ। ইতি ॥ ৮৬ ॥
শ্রদ্ধামাত্রস্য তদ্ভক্তাবধিকারিত্বহেতুতা।
অঙ্গত্বমস্য বিশ্বাসবিশেষস্য তু কেশবে ॥
দ্বিতীয়ং যথা অগস্ত্যসংহিতায়াং ॥
পরিচর্য্যাপরাঃ কেচিৎ প্রাসাদেষু চ শেরতে।
মনুষ্যমিব তং দ্রষ্টুং ব্যবহর্ত্তুঞ্চ বন্ধুবৎ ॥ ৮৭ ॥
রাগানুগাঙ্গতাস্য স্যাদ্বিধিমার্গানপেক্ষণাৎ।

শ্রদ্ধামাত্রস্য ইতি যদ্যপি শ্রদ্ধাবিশ্বাসয়োরেকপর্য্যায়ত্বমেব তথাপি তৎপূর্ব্বোত্তরাবস্থয়া তত্তচ্ছব্দপ্রয়োগপ্রাচুর্য্যমিতি পৃথক্‌শব্দপ্রয়োগঃ ফলসামান্যাবশ্যকসর্ব্বোত্তমসাধনত্বেন প্রতীতিরত্র মাত্রপদার্থঃ। ফলবিশেষস্য তাদৃশসাধনত্বেন স্বতঃ সর্ব্বোত্তমফলরূপত্বেন বা প্রতীতিঃ বিশেষপদার্থঃ। তত্র প্রস্তুতত্বাৎ দ্বয়ং ক্রমেণ উদাহৃতমিতি ভাবঃ ॥ ৮৭ ॥

তদেব যদ্যপি পূর্ব্বমুদাহরণং বক্ষ্যমাণরাগানুগাঙ্গত্বমেব প্রবিশতি

কালের নিমিত্তও বিচলিত হয়েন না, ভগবচ্চরণারবিন্দকেই সার বলিয়া দৃঢ়-নিশ্চয় করিয়াছেন, তিনিই বৈষ্ণবশ্রেষ্ঠ ॥৮৪

ভগবদ্ভক্তিতে শ্রদ্ধামাত্রের অধিকারিত্ব আছে, ঐ শ্রদ্ধাকে কেশব সম্বন্ধীয় বিশ্বাস বিশেষের অঙ্গত্ব বলা যায় ॥

মিত্রবৃত্তির বিষয় অগস্ত্যসংহিতায় যথা ॥

ভগবান্‌কে মনুষ্যের ন্যায় দর্শন করিবার নিমিত্ত এবং তাঁহার সহিত বন্ধুবৎ ব্যবহার করিবার জন্য কোন কোন মহাত্মা তাঁহার শ্রীমন্দিরে শয়ন করিয়া থাকেন ॥ ৮৭ ॥

বিধিমার্গের প্রতি দৃষ্টিপাত না করিলে এই সখ্যের

মার্গদ্বয়েন চৈতেন সাধ্যা সখ্যরতি র্মতা ॥ ৮৮ ॥

অথাত্মনিবেদনং যথৈকাদশে।

মর্ত্ত্যো যদা ত্যক্তসমস্তকর্ম্মা
নিবেদিতাত্মা বিচিকীর্ষিতো মে।
তদামৃতত্বং প্রতিপদ্যমানো
ময়াত্মভূয়ায় চ কল্পতে বৈ। ইতি ॥ ৮৯ ॥

তথাপ্যেতদনুসারেণ বৈধ্যঙ্গোদাহরণমপি দ্রষ্টব্যমিত্যভিপ্রায়েণ আহ রাগানুগাঙ্গতেতি। সখ্যরতি র্বন্ধুভাবরতিরিত্যর্থঃ ॥ ৮৮ ॥

মর্ত্ত্য ইতি। যতো নিবেদিতাত্মা অতস্ত্যক্তং সমস্তমৈহিকামুষ্মিকং কর্ম্ম আত্মাত্মীয়পোষণাদিরূপং যেন সঃ। তর্হি মে ময়া বিশিষ্টঃ কর্ত্তুমিষ্টো ভবতি অমৃতত্বমতি মৃত্যুপরম্পরামতিক্রামন্নিত্যর্থঃ। কয়া সহ? মৎসাম্যেন আত্মভূয়ায় কল্পতে স্বরূপাবস্থিতিং মৎসার্ষ্টিলক্ষণাং মুক্তিং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ৮৯ ॥

রাগানুগাঙ্গতা সিদ্ধ হয়, ফলতঃ পূর্ব্বোক্ত শ্রদ্ধা ও বিশ্বাস এই দুই প্রকারে সখ্য রতি সাধ্য হইয়া থাকে ॥ ৮৮ ॥

আত্মনিবেদন যথা একাদশে ২৯ অ। ৩২ শ্লোকে।

আমাতে যিনি দেহাদি সমর্পণ করিয়াছেন এবং যিনি ঐহিক পারত্রিক সমুদায় কর্ম্ম পরিত্যাগ করিয়াছেন, এরূপ মরণ ধর্ম্মাক্রান্ত মনুষ্য যখন আমা কর্ত্তৃক বিশেষিত হয় অর্থাৎ আমি যখন তাহাকে উত্তম করিতে ইচ্ছা করি, তখন তিনি মৃত্যু পরম্পরা অতিক্রম করিয়া আমার সার্ষ্টিলক্ষণা মুক্তি প্রাপ্ত হয়েন ॥ ৮৯ ॥

অর্থো দ্বিধাত্মশব্দস্য পণ্ডিতৈরুপপাদ্যতে।
দেহ্যহন্তাস্পদং কৈশ্চিদ্দেহঃ কৈশ্চিন্মমত্বভাক্ ॥ ৯০ ॥
তত্র দেহী যথা যামুনাচার্য্যস্তোত্রে।
বপুরাদিষু যোঽপি কোঽপি বা
গুণতোঽসানি যথা তথাবিধঃ।
তদয়ং তব পাদপদ্ময়ো-
রহমদ্যৈব ময়া সমর্পিতঃ ॥
দেহো যথা ভক্তিবিবেকে।
চিন্তাং কুর্য্যান্নরক্ষায়ৈ বিক্রীতস্য যথা পশোঃ।

দেহঃ কৈশ্চিৎ ইত্যনুকল্প এব ॥ ৯০ ॥
যোঽপি কোঽপীতি বাদিভেদাৎ স্বরূপঃ। অথবা গুণতো যথা তথা-বিধো দেবমনুষ্যাদিরূপঃ। অসানি। ভবানি কামচারে লোট্। তদয়মিতি

আত্মশব্দের অর্থ দুই প্রকার, কোন কোন পণ্ডিত অহংতত্ত্বাস্পদীভূত (অহঙ্কারাস্পদ—আমি আমার ইত্যাদি) দেহীকে আত্মা বলেন, কেহ কেহ বা মমত্বাভিমানী দেহকে আত্মা বলিয়া উল্লেখ করেন ॥ ৯০ ॥

তন্মধ্যে দেহি সমর্পণ, যথা যামুনাচার্য্যস্তোত্রে ॥

হে ভগবান্! আমি শরীরাদিতে যে কেহ হই অথবা গুণনিবন্ধন দেব মনুষ্যাদিই হই, সেই আমি অদ্যই আমাকে আপনার চরণযুগলে সমর্পণ করিলাম ॥

দেহসমর্পণ যথা হরিভক্তিবিবেকে ॥

বিক্রীত পশুর রক্ষণাবেক্ষণ নিমিত্ত যেমন চিন্তা করা যায় না, তদ্রূপ হরিতে দেহ সমর্পণ করিয়া তাহার রক্ষণা-

তথার্পয়ন্ হরৌ দেহং বিরমেদস্য রক্ষণাৎ ॥ ৯১ ॥
দুষ্করত্বেন বিরলে দ্বে সখ্যাত্মনিবেদনে।
কেষাঞ্চিদেব ধীরাণাং লভেতে সাধনার্হতাং ॥ ৯২ ॥

সচাসা বয়ঞ্চেতি বিগ্রহাৎ সোঽয়মিত্যর্থঃ ॥ ৯১ ॥

দুষ্করত্বেনেত্যত্র আত্মনিবেদনস্য কেবলস্য দুষ্করত্বেন বৈরল্যং ন তু মহিমাধিক্যেন ভাবশূন্যত্বাৎ সখ্যস্য তু দুষ্করত্বেন মহিমাধিক্যেন চ বৈরল্যং ভাবোত্তমরূপত্বাৎ। যদিচ ভাবমিশ্রমাত্মনিবেদনং ভবতি তদা তু সুতরাং মহিমাধিক্যেনাপি বিরলং স্যাৎ। তত্র কেবলমাত্মনিবেদনং দানসময়ে শ্রীবলিরাজে দৃশ্যতে। শরণাপত্তিঃ খলু রক্ষিতৃত্বেন বরণং তদিদন্তু আত্মনস্তদীয়তাসম্পাদনমিতি ভেদঃ। ভাববিমিশ্রেষু দাস্যেনাত্মনিবেদনং শ্রীমদম্বরীষে তদুক্তং। স বৈ মনঃ কৃষ্ণপদারবিন্দয়োরিত্যারভ্য কামঞ্চ দাস্যে ন তু কামকাম্যয়েত্যন্তেন। তদেবোক্তং শ্রীভাগবতৈকাদশে দাস্যেনাত্মনিবেদনমিতি। তথা প্রেয়সীভাবেন শ্রীরুক্মিণীদেব্যা। যথোক্তং তত্রৈব। তন্মে ভবান্ খলু বৃতঃ পতিরঙ্গজায়ামাত্মার্পিতশ্চ ভবতোঽত্র বিভো বিধেহীতি। এবং সখ্যাদীনাপীতি জ্ঞেয়ং ॥ ৯২ ।

বেক্ষণ হইতে উপরত হইবে ॥ ৯১ ॥

সখ্য ও আত্মনিবেদন এই দুইটী অতিশয় দুষ্কর বলিয়া অতি বিরল, কিন্তু কোন কোন ধীর পুরুষদিগের নিকট ঐ দুইটী সাধনযোগ্যতা প্রাপ্ত হয় ॥

তাৎপর্য্য। এই দুইটী ভক্ত্যঙ্গকে বিরল বলিবার কারণ এই যে, কেবল আত্মনিবেদনের দুষ্করত্ব প্রযুক্ত বিরল, উহার কোন বিশেষ মহিমা নাই, যে হেতু উহা ভাবশূন্য নহে। আত্মনিবেদন যদি ভাবমিশ্র হয় তাহা হইলে তাহা মহিমাধিক্যেতেই বিরল হইবে ॥ ৯২ ॥

অথ নিজপ্রিয়োপহরণং যথৈকাদশে।

যদ্যদিষ্টতমং লোকে যচ্চাতিপ্রিয়মাত্মনঃ।
তত্তন্নিবেদয়েন্মহ্যং তদানন্ত্যায় কল্পতে॥

অথ তদর্থেঽখিলচেষ্টিতং যথা পঞ্চরাত্রে।

লৌকিকী বৈদিকী বাপি যা ক্রিয়া ক্রিয়তে মুনে।
হরিসেবানুকূলৈব সা কার্য্যা ভক্তিমিচ্ছতা॥ ইতি॥৯৩॥

অথ শরণাপত্তি র্যথা হরিভক্তিবিলাসে॥

তবাস্মীতি বদন্ বাচা তথৈব মনসা বিদন্।

যদ্যদিতি চকারাত্মম প্রিয়ঞ্চ॥ ৯৩॥

নিজ প্রিয়োপহরণ যথা একাদশে ১১ অ। ৪০ শ্লোকে॥

শ্রীকৃষ্ণ উদ্ধবকে কহিলেন হে বন্ধো! যে যে দ্রব্য লোক-সমাজে অত্যুৎকৃষ্ট এবং যে সকল দ্রব্য আপনার এবং আমার প্রিয় হয়, সেই সেই দ্রব্য আমাকে নিবেদন করিলে, তাহা অনন্ত কাল ফলপ্রদ হইবে॥

ভগবানের নিমিত্ত সমুদায় চেষ্টা, যথা নারদপঞ্চরাত্রে॥

হে মুনে! মানবকুল লৌকিক ও বৈদিক যে সকল ক্রিয়ার অনুষ্ঠান করে, ভক্ত্যাভিলাষি ব্যক্তিরা সেই সমস্ত ক্রিয়া, যাহাতে হরিসেবায় অনুকূলা হয়, সেইরূপ করিবেন॥ ৯৩॥

শরণাপত্তি যথা হরিভক্তিবিলাসে॥

"হে ভগবন! আমি আপনার হইলাম," যে ব্যক্তি বাক্য

তৎ স্থানমাশ্রিতস্তস্থা মোদতে শরণাগতঃ॥

নারসিংহে চ।

ত্বাং প্রপন্নোঽস্মি শরণং দেবদেবং জনার্দ্দনং।
ইতি যঃ শরণং প্রাপ্তস্তং ক্লেশাদুদ্ধরাম্যহং॥ ৯৪॥

অথ তুলস্যাঃ সেবনং যথা স্কান্দে।

যা দৃষ্টা নিখিলাঘসংঘশমনী স্পৃষ্টা বপুঃপাবনী
রোগাণামভিবন্দিতা নিরসনী সিক্তাঽন্তকত্রাসিনী।

শরণং প্রপন্নোঽস্মি রক্ষিতৃত্বেন বৃতবানস্মি শরণং তদাশ্রয়ং প্রাপ্তঃ শরণশব্দেন হি তদ্দ্বয়মপ্যুচ্যত ইতি॥ ৯৪॥

যা দৃষ্টেতি। বপুঃপাবনী কুজন্মত্বাদিশোধনী রোগাণাং ক্লেশমাত্রাণাং

দ্বারা এইরূপ বলেন এবং মনোমধ্যে তদ্রূপ অভিমান করেন ও শরীরদ্বারা আপনার স্থান আশ্রয় করেন, সেই শরণাগত ব্যক্তিই আনন্দানুভব করিতে পারেন॥

নৃসিংহপুরাণেতেও যথা॥

নৃসিংহদেব বলিয়াছেন "তুমি দেবদেব তুমি জনার্দ্দন, তোমার শরণ প্রাপ্ত হইলাম" এই কথা বলিয়া যে ব্যক্তি আমার শরণাগত হয়, আমি তাহাকে ক্লেশ হইতে উদ্ধার করিয়া থাকি॥ ৯৪॥

তুলসীসেবন যথা স্কন্দপুরাণে॥

দর্শন করিলে যিনি নিখিল পাপরাশি বিনষ্ট করেন, স্পর্শ করিলে যিনি দেহ পবিত্র করেন, প্রণাম করিলে যিনি রোগ প্রভৃতি ক্লেশ হইতে বিমুক্ত করেন, জলসেচন করিলে যিনি অন্তক-(যম)-ভয় নিবারণ করেন,রোপণ করিলে যিনি

প্রত্যাসত্তিবিধায়িনী ভগবতঃ কৃষ্ণস্য সংরোপিতা
ন্যস্তা তচ্চরণে বিমুক্তিফলদা, তস্যৈ তুলস্যৈ নমঃ॥

তথাচ তত্রৈব।

দৃষ্টা স্পৃষ্টা তথা ধ্যাতা কীর্ত্তিতা নমিতা শ্রুতা।
রোপিতা সেবিতা নিত্যং পূজিতা তুলসী শুভা॥
নবধা তুলসীং দেবীং যে ভজন্তি দিনে দিনে।
যুগকোটিসহস্রাণি তে বসন্তি হরে র্গৃহে॥ ৯৫॥

অথ শাস্ত্রস্য।

শাস্ত্রমত্র সমাখ্যাতং তদ্ভক্তিপ্রতিপাদকং।

প্রত্যাসত্তির্মানস আসঙ্গঃ বিমুক্তির্বিশিষ্টা মুক্তিঃ সপ্রেমভক্তিরিত্যর্থঃ॥ ৯৫॥

ভগবান্ শ্রীকৃষ্ণে আসক্তি বিধান করেন ও ভগবচ্চরণে অর্পণ করিলে যিনি বিশিষ্ট মুক্তি (প্রেমভক্তি) প্রদান করেন, সেই তুলসী দেবীকে প্রণাম করি॥

ঐ স্কন্দপুরাণে আরও বলিয়াছেন॥

দৃষ্ট, স্পৃষ্ট, ধ্যাত, কীর্ত্তিত, প্রণমিত, শ্রুত, রোপিত, সেবিত এবং নিত্য পূজিত হইলে, তুলসী শুভদায়িনী হয়েন॥

যে ব্যক্তি প্রতিদিন উক্ত নয় প্রকারে তুলসীদেবীর সেবা করেন, তিনি কোটিসহস্র যুগ হরিগৃহে বাস করেন॥ ৯৫॥

অথ শাস্ত্র॥

যাহা ভগবদ্ভক্তির প্রতিপাদক হয়, ভক্তি বিষয়ে তাহাকেই শাস্ত্র বলে॥

যথা স্কান্দে।

বৈষ্ণবানি তু শাস্ত্রাণি যে শৃণ্বন্তি পঠন্তি চ।
ধন্যাস্তে মানবা লোকে তেষাং কৃষ্ণঃ প্রসীদতি॥
বৈষ্ণবানি তু শাস্ত্রাণি যেঽর্চ্চয়ন্তি গৃহে নরাঃ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তা ভবন্তি সুরবন্দিতাঃ॥
তিষ্ঠতে বৈষ্ণবং শাস্ত্রং লিখিতং যস্য মন্দিরে।
তত্র নারায়ণো দেবঃ স্বয়ং বসতি নারদ॥

দ্বাদশে চ।

সর্ব্ব বেদান্তসারং হি শ্রীভাগবতমিষ্যতে।

যথা স্কন্দপুরাণে।

যাঁহারা প্রতিনিয়ত বৈষ্ণব শাস্ত্র শ্রবণ অথবা পাঠ করেন, সংসারমধ্যে তাঁহারাই ধন্য এবং শ্রীকৃষ্ণ তাঁহাদের সম্বন্ধেই প্রসন্ন হয়েন॥

অপর, যে সকল মানব প্রতিদিন গৃহে বৈষ্ণবশাস্ত্রের পূজা করেন, তাঁহারা সমুদায় পাপ হইতে বিনির্ম্মুক্ত হইয়া দেবগণেরও বন্দনীয় হয়েন॥

অধিক কি বৈষ্ণব শাস্ত্র লিখিত হইয়া যাঁহার গৃহে অবস্থিতি করেন, হে নারদ! ভগবান্ নারায়ণ দেব সেই গৃহে (শাস্ত্ররূপে) স্বয়ং বাস করিয়া থাকেন॥

দ্বাদশ স্কন্ধে ১২ অ। ১২ শ্লোকে ও

শ্রীমদ্ভাগবত সমস্ত বেদান্তের সার, ইহাঁর রসামৃতে যাঁহারা পরিতৃপ্ত হইয়াছেন, কখনই তাঁহাদের অন্যত্র রতি

তদ্রসামৃততৃপ্তস্য নান্যত্র স্যাদ্রতিঃ ক্বচিৎ ॥

অথ শ্রীমথুরায়া যথা আদিবারাহে।

মথুরাঞ্চ পরিত্যজ্য যোঽন্যত্র কুরুতে রতিং।
মূঢ়ো ভ্রমতি সংসারে মোহিতো মম মায়য়া ॥

ব্রহ্মাণ্ডে চ।

ত্রৈলোক্যবর্ত্তিতীর্থানাং সেবনাদ্দুর্ল্লভা হি যা।
পরানন্দময়ী সিদ্ধি র্মথুরাস্পর্শমাত্রতঃ ॥ ৯৬ ॥
শ্রুতা স্মৃতা কীর্ত্তিতা চ বাঞ্ছিতা প্রেক্ষিতা গতা।

পরানন্দময়ী প্রেমলক্ষণা ॥ ৯৬ ॥

প্রেক্ষিতা দূরাদৃষ্টা গতা তৎসমীপং প্রাপ্তা শ্রিতা নিজাশ্রয়ত্বেন বৃতা সেবিতা তত্তৎস্থানসংস্কারাদিনা পরিচরিতা অভীষ্টদেত্যুত্তরোত্তরবৈশিষ্ট্যেন জ্ঞেয়ং ॥ ৯৭ ॥

হয়না ॥

পরদুঃখাসহো যস্তু করুণঃ স নিগদ্যতে ॥ ৬৪ ॥

যথা—

রাজ্ঞামগাধগতিভি র্মগধেন্দ্রকারা-
দুঃখান্ধকারপটলৈঃ স্বয়মন্ধিতানাং।
অক্ষীণি যঃ সুখময়ানি ঘৃণী ব্যতানী-
দ্বন্দে তমদ্য যদুনন্দনপদ্মবন্ধুং ॥ ৬৫ ॥

যথা বা ॥

শৈবলগামিতি পাঠান্তরং যোগ্যমিতি ॥ ৬৪ ॥

রাজ্ঞামিতি নির্যাণসময়ে শ্রীভীষ্মবচনং। স্বয়মিতি কর্ম্মকর্ত্তৃত্বদ্যোতকং। দুঃখা করুণা ঘৃণেত্যমরঃ ॥ ৬৫ ॥

অথ করুণ ॥ ৩২ ॥

যে ব্যক্তি পরদুঃখ সহ্য করিতে না পারেন তাঁহাকে করুণ বলা যায় ॥ ৬৪ ॥

যথা—

ভীষ্ম প্রাণত্যাগ সময়ে কহিলেন, যিনি করুণা বিস্তার পূর্ব্বক মগধেন্দ্রের কারাবাসরূপ অগাধ দুঃখময় অন্ধকার সমূহে স্বয়ং অন্ধীভূত [illegible]গণের নেত্র সকল সুখময় স্বরূপে বিস্তার করিয়াছিলে[illegible] যদুনন্দনরূপ পদ্মবন্ধুকে (সূর্য্যকে) বন্দনা করি[illegible]

যথা

স্খলন্ময়নবারিভির্বিরচিতাভিষেকশ্রিয়ে
ত্বরাভরতরঙ্গতঃ কবলিতাত্মবিস্ফূর্ত্তয়ে।
নিশান্তশরশায়িনা সুরসরিৎসুতেন স্মৃতেঃ
সপদ্যবশবর্ম্মণো ভগবতঃ কৃপায়ৈ নমঃ॥

মান্যমানকৃৎ॥ ৩৩॥

গুরুব্রাহ্মণবৃদ্ধাদিপূজকো মান্যমানকৃৎ॥

যথা—

অভিবাদ্য গুরোঃ পদাম্বুজং

স্খলন্নিতি। সুরসরিৎসুতেন কর্ত্রা যা স্মৃতিস্তস্যা হেতো র্যা ভগবতঃ কৃপা তস্যৈ নমঃ। কীদৃশ্যৈ। ত্বরাভরতরঙ্গতো হেতোঃ কবলিতা আত্মনো ভগ-

---

যৎকালীন গঙ্গাতনয় ভীষ্ম প্রখরতর শরশয্যায় শয়ান হইয়া শ্রীকৃষ্ণকে স্মরণ করেন, তখনই শ্রীকৃষ্ণের শরীর অবশ হয় এবং তন্নিবন্ধন তিনি এ রূপ কৃপা বিস্তার করিয়াছিলেন যে, ভীষ্মের ঐ অবস্থা দেখিয়া তদীয় নেত্র, হইতে অশ্রুপাতও হইতে লাগিল, তাহাতেই শ্রীকৃষ্ণ অভিষিক্ত হওত ব্যস্ত হইয়া যাইতে যাইতে আত্মস্মৃতি বিস্মৃতি হইয়াছিলেন, অতএব সেই ভগবৎকৃপাকেই নমস্কার করি॥

মান্যমানকৃৎ॥ ৩৩॥

যিনি গুরু, ব্রাহ্মণ এবং বৃদ্ধগণের পূজা করেন, তাঁহাকেই মান্যমানকৃৎ কহা যায়॥

যথা—

শ্রীকৃষ্ণ প্রথমে গুরুচরণাম্বুজে অভিবাদন করিয়া তৎপশ্চাৎ পিতা ও অগ্রজের চরণে প্রণত হইলেন, পরে

শীলেন নির্ম্মলমতিঃ কমলেক্ষণোঽয়ং ॥

বিনয়ী ॥

ঔদ্ধত্যপরিহারী যঃ কথ্যতে বিনয়ীত্যসৌ ॥

যথা মহাকাব্যে শিশুপালবধে। ১৩ সর্গে ৭ শ্লোকঃ ॥

অবলোক এব নৃপতেঃ স্ম * দূরতো

রভসাদ্রথাদবতরীতুমিচ্ছতঃ।

অবতীর্ণবান্ প্রথমমাত্মনা † হরি-

র্বিনয়ং বিশেষয়তি সম্ভ্রমেণ সঃ ॥ ৬৮ ॥

বর্ণদূতঃ। পিশুনো খলসূচকাবিত্যমরঃ ॥ ৬৮ ॥

সকলেও অসূয়া প্রকাশ করেন না। অতএব এই কমলেক্ষণ শ্রীকৃষ্ণ স্বীয় সুশীলতায় অতিশয় নির্ম্মলচেতা হইয়াছেন ॥

অথ বিনয়ী ॥ ৩৫ ॥

যে ব্যক্তি আপনার ঔদ্ধত্য পরিত্যাগ করেন তাঁহাকে বিনয়ি বলা যায় ॥

যথা মহাকাব্য শিশুপালবধে ১৩ সর্গে ৭ শ্লোকঃ ॥

রাজসূয় যজ্ঞার্থ দ্বারকা হইতে শ্রীকৃষ্ণ ইন্দ্রপ্রস্থে আসিতেছেন এমন সময়ে মহারাজ যুধিষ্ঠির তাঁহার অভ্যর্থনা করিতেছেন ॥

রাজা যুধিষ্ঠির দূর হইতে শ্রীকৃষ্ণকে (কনিষ্ঠ পৈতৃষ্বষেয় ভ্রাতাকেও) অবলোকন করিয়া বেগে রথ হইতে অবতরণ করিতে ইচ্ছা করিলে শ্রীকৃষ্ণ সম্ভ্রম প্রকাশ পূর্ব্বক অগ্রেই রথ হইতে অবতরণ করিয়া কেবল আপন বিনয়কেই বিশেষ রূপে প্রকাশ করিলেন ॥ ৬৮ ॥

---

* সুদূরতঃ, † প্রথমনাত্মনঃ, এতাবপি পাঠৌ।

পিতরং পূর্ব্বজমপ্যথানতঃ।
হরিরঞ্জলিনা তথা গিরা
যদুবৃদ্ধাননমৎ ক্রমাদয়ং ॥ ৬৬ ॥

দক্ষিণঃ ॥ ৩৪ ॥

সৌশীল্যসৌম্যচরিতো দক্ষিণঃ কীর্ত্ত্যতে বুধৈঃ ॥ ৬৭ ॥

যথা—

ভৃত্যস্য পশ্যতি গুরূনপি নাপরাধান্
সেবাং মনাগপি কৃতাং বহুধাভ্যুপৈতি।
আবিষ্করোতি পিশুনেষ্বপি নাভ্যসূয়াং

বতঃ স্ফূর্ত্তিঃ অয়মহমস্মীতি জ্ঞানং যস্যাং তাদৃশ্যে ॥ ৬৬ ॥

সৌশীল্যেন সুস্বভাবেন সৌম্যং সুকোমলং চরিতং যস্য ॥ ৬৭ ॥

ভৃত্যস্যেতি। স্যমন্তকং গৃহীত্বা কাশ্যাং গতমক্রূরং প্রতি শ্রীমদুদ্ধবস্য

অঞ্জলিবন্ধন ও বাক্য দ্বারা ক্রমশঃ যদুগণকে সাদরে নমস্কার করিলেন ॥ ৬৬ ॥

অথ দক্ষিণ ॥ ৩৪ ॥

যে ব্যক্তি স্বীয় সুস্বভাব দ্বারা কোমল চরিত্র হয়েন, পণ্ডিতগণ তাঁহাকেই দক্ষিণ বলিয়া নির্দ্দেশ করেন ॥ ৬৭ ॥

যথা—

অক্রূর স্যমন্তক হরণ পূর্ব্বক কাশী প্রস্থান করিলে, উদ্ধব কহিলেন, শ্রীকৃষ্ণের কি আশ্চর্য্য স্বভাব !, ভৃত্য যদি গুরুতর অপরাধে অপরাধীও হয়, তথাপি তাহার কৃত যে অত্যল্প সেবা তাহাকেই বহু করিয়া জ্ঞান করেন এবং পিশুন (খল)

হ্রীমান্ ॥ ৩৬ ॥

জ্ঞাতেঽস্মররহস্যেঽন্যৈঃ ক্রিয়মাণে স্তবেঽথবা
শালীনত্বেন সঙ্কোচং ভজন্ হ্রীমানুদীর্য্যতে ॥

যথা ললিতমাধবে ॥

দরোদঞ্চদ্গোপীস্তনপরিসরপ্রেক্ষণভরাৎ

জ্ঞাত ইতি। অস্মররহস্যে স্মররহস্যাভাবেঽপ্যন্যৈ র্জ্ঞাতে স্বয়মেব জ্ঞাতেন তেন সঙ্কোচং ভজন্। অথ বাস্তবেঽপি ক্রিয়মাণে সঙ্কোচং ভজন্ হ্রীমানুদীর্য্যতে। তত্র হেতুঃ শালীনত্বেন অধৃষ্টতাস্বভাবেন শালীনত্বেন—অসধিগম্য স্বভাবেন বা ইতি তথৈবোদাহরতি দরোদঞ্চদিতি। তথাহি তৎকোমলত্বদৃষ্ট্যা ভয়েনার্ত্তৈ র্ব্যগ্রৈ রখিলগোপৈঃ প্রভাবদৃষ্ট্যাতু আরব্ধা স্তুতিঃ শৌর্য্যবর্দ্ধনবিরুদ্ধস্য তথাবিধঃ সন্ তত্র স্বমহিমজ্ঞতয়া স্মিতমুখং রামং পুরোঽগ্রতএব দৃষ্ট্বা শালীত্বেন নমিতাস্যো মধুরিপুর্জয়তি পরমোৎকর্ষেণ ভক্তহৃদয়ে স্ফুরত্বিত্যর্থঃ। তত্র কস্মাৎ ক্ব কিল বিলসতি ?, স্মিতমুখং দৃষ্ট্বা

অথ হ্রীমান্ ॥ ৩৬ ॥

স্মর রহস্যের অর্থাৎ কন্দর্পকেলির অভাবেও যদি অন্য কর্ত্তৃক জ্ঞাত হয় অথবা অন্য কর্ত্তৃক স্তব কৃত হইলে যে ব্যক্তি আপনার অধৃষ্টতা হেতুক সঙ্কুচিত হয়, পণ্ডিতগণ তাহাকে হ্রীমান্ বলিয়া উল্লেখ করেন ॥

যথা ললিতমাধবে ॥

শ্রীকৃষ্ণ গোবর্দ্ধনধারণ পূর্ব্বক অবস্থিত হইলে গোপীগণ শ্রীকৃষ্ণের হস্তের প্রতি একদৃষ্টিতে অবলোকন করিতেছিলেন, ইতিমধ্যে ঐ সকল গোপীগণের স্তন পরিসর অর্থাৎ স্তনতট নেত্র গোচর হওয়াতে তদীয় হস্ত ঈষৎ কম্পিত

করোৎকম্পাদীষচ্চলতি কিল গোবর্দ্ধনগিরৌ।
ভয়ার্ত্তৈরারব্ধস্তুতিরখিলগোপৈঃ স্মিতমুখং
পুরো দৃষ্ট্বা রামং জয়তি নমিতাস্যো মধুরিপুঃ॥

শরণাগতপালকঃ॥ ৩৭॥

পালয়ন্ শরণাপন্নান্ শরণাগতপালকঃ॥

যথা—

নমিতাস্য ইত্যুৎপ্রেক্ষ্য তামিত্যপেক্ষায়ামুক্তং দরোদঞ্চদিতি। দরেত্যাদিলক্ষণাৎ কম্পাদ্গোবর্দ্ধনগিরৌ ঈষচ্চলতি সতি। কিলেত্যুৎপ্রেক্ষিতমেব, বস্তুতস্তু অনেন রামাজ্ঞাতস্তাদৃশনিজস্মররহস্যত্বেঽপি শালীনঽত্বেনৈব সঙ্কুচতি। স্মেতি ধ্বনিতং। তদগ্রজরামস্য তৎকৃততদীয়স্তনান্তদর্শনানুসন্ধানস্যানৌচিত্যং। গাম্ভীর্য্যগুণেন চ পূর্ব্বোক্ততদলক্ষ্যতাদৃশতদ্ভাবত্বং। পূর্ব্বার্দ্ধেচ কিলেত্যুক্ত্যা তদর্থস্যোৎপ্রেক্ষিতমাত্রত্বমিতি ব্যাখ্যান্তরং নাঙ্গীকৃতং॥ ৬৯॥

হইতেছিল, তাহাতে গোবর্দ্ধনও চলিত হইতে লাগিল, ইহা দেখিয়া গোপগণ ভয়ার্ত্ত হইয়া শ্রীকৃষ্ণের স্তব করিতে আরম্ভ করিলে, বলরাম সহসা হাস্য করিলেন, কিন্তু শ্রীকৃষ্ণের মনোমধ্যে আশঙ্কা হইল যে, অগ্রজ বুঝি আমার আন্তরিক ভাব অবগত হইয়া থাকিবেন, অতএব এইরূপ অভিপ্রায়ে লজ্জাবিনম্রবদন শ্রীকৃষ্ণ জয়যুক্ত হউন॥

অথ শরণাগত পালক॥ ৩৭॥

যে ব্যক্তি শরণাপন্ন লোককে পালন করেন তাঁহাকে শরণাগতপালক কহা যায়॥

যথা—

জ্বর! পরিহর বিত্রাসং ত্বমত্র সমরে কৃতাপরাধোঽপি।
সদ্যঃপ্রপদ্যমানে যদিন্দবতি যাদবেন্দ্রোঽয়ং॥

সুখী॥ ৩৮॥

ভোক্তা চ দুঃখগন্ধৈরপ্যস্পৃষ্টশ্চ সুখী ভবেৎ॥ ৬৯॥

তত্রাদ্যো যথা॥

রত্নালঙ্কারভারস্তবধনদমনো রাজ্যবৃত্ত্যাপ্যলভ্যঃ
স্বপ্নে দম্ভোলিপাণেরপি দুরধিগমং দ্বারি তৌর্য্যত্রিকঞ্চ।

রত্নেতি বন্দিজনস্তুতিঃ। স্বপক্ষে শশিকলা নখাঙ্কা নখাগ্রভাগা বা। গৌর্য্যাস্তু একৈব শশিকলা চন্দ্ররেখা। স্বপক্ষে কান্তসম্বন্ধীনি মনোহরাণি বা সর্ব্বাঙ্গানি ভজন্তে যা স্তাঃ। গৌরীতু স্বকান্তস্যার্দ্ধঙ্গভাগিতি শ্লেষেণ যুক্তত্ব-

---

ওহে জ্বর! তুমি সমরে অপরাধী হইলেও বিশেষরূপে ত্রাস পরিত্যাগ কর, কারণ শরণাপন্ন জনের প্রতি এই যাদবেন্দ্র সদ্যই চন্দ্রতুল্য আচরণ করিয়া থাকেন অতএব তোমার কোন শঙ্কা নাই॥

অথ সুখী॥ ৩৮॥

যে ব্যক্তি ভোগী এবং যাহাকে দুঃখের গন্ধমাত্রও স্পর্শ করিতে পারে না এই দুই ব্যক্তিকে সুখী বলে॥ ৬৯॥

তন্মধ্যে ভোগী যথা॥

বন্দিজন স্তুতি করিয়া কহিলেন হে যদুবর! তোমার যে সকল রত্নালঙ্কার দেখিতেছি তাহা ধনদ কুবেরেও মানসিকী রাজ্যবৃত্তিদ্বারা অলভ্য, ত্বদীয় দ্বারে যে সকল নৃত্য গীত হইতেছে, বজ্রপাণি ইন্দ্র তাহা স্বপ্নেও অধিগম করিতে

পার্শ্বে গৌরীগরিষ্ঠাঃ প্রচুরশশিকলাঃ কান্তসর্ব্বাঙ্গভাজঃ
সীমন্তিন্যশ্চ নিত্যং যদুবর ভুবনে কস্তদন্যোঽস্তি ভোগী॥৭০

দ্বিতীয়ো যথা ॥

ন হানিং ন গ্লানিং ন নিজগৃহকৃত্য-ব্যসনিতাং
ন ঘোরং নোদ্ঘূর্ণাং ন কিল কদনং বেত্তি কিমপি।

মেব গৌরীগরিষ্ঠত্বমিতি দর্শিতং ॥ ৭০ ॥

ন হানিমিতি যজ্ঞপত্নীঃ প্রতি কস্যাশ্চিৎ শ্রীগোপীকৃষ্ণদূত্যাঃ স্নেহবশাৎ তাস্বপি গতাগতং কুর্ব্বত্যা রহস্যোক্তিঃ। ঘোরং ভয়হেতুং। ততো ভয়স্ত সর্ব্বথৈব নেতি ব্যঞ্জিতং। উদ্ঘূর্ণাং চিন্তাং সাঙ্গীকৃতাঃ পূর্ণিতাঃ সুহৃদঃ সহচর্য্যো যত্র তাদৃক্ অনঙ্গো যাসাং। অত্র তত্তদ্ব্যাকারে সত্যপি তত্তদজ্ঞানোক্তি র্ন সম্ভবতি

পারেন না। এবং যে সকল সীমন্তিনীর (সুন্দরী স্ত্রীর) অঙ্গ প্রচুর চন্দ্রকলার ন্যায় কমনীয় ও যাহারা গৌরী অপেক্ষাও গরিষ্ঠা, নিরন্তর তাহারা তোমার পার্শ্বে অবস্থিতি করিতেছে, অতএব হে যাদবেন্দ্র! ভুবনমধ্যে তোমার সদৃশ আর ভোগী কে হইতে পারে? ॥ ৭০ ॥

দুঃখগন্ধে অস্পৃষ্ট যথা ॥

শ্রীকৃষ্ণের কোন দূতী যজ্ঞপত্নীদিগের নিকট গতাগতি করিতে ২ স্নেহ বশতঃ তাঁহাদিগকে কহিলেন, হে দ্বিজপত্নীগণ! কোন দুঃখের গন্ধও শ্রীকৃষ্ণকে স্পর্শ করিতে পারে না, কারণ, না তাঁহার হানি আছে, না তাঁহার গ্লানি আছে, না তাঁহার গৃহকার্য্য ব্যাপারেই ব্যসনিতা দেখিতে পাই, না তাঁহার ভয়ের হেতু কিছু লক্ষ্য হয়, না তাঁহার কোন চিন্তার বিষয়ই

বরাঙ্গীভিঃ সঙ্গীকৃতসুহৃদনঙ্গাভিরভিতো
হরির্বৃন্দারণ্যে পরমনিশমুচ্চৈ র্বিহরতি ॥

ভক্তসুহৃৎ ॥ ৩৯ ॥

সুসেব্যো দানবন্ধুশ্চ দ্বিধা ভক্তসুহৃন্মতঃ ॥ ৭১ ॥

তত্রাদ্যো যথা বিষ্ণুধর্ম্মে ॥

তুলসীদলমাত্রেণ জলস্য চুলকেন চ।
বিক্রীণীতে স্বমাত্মানং ভক্তেভ্যো ভক্তবৎসলঃ ॥ ৭২ ॥

ইত্যর্থান্তরসংক্রমিতবাচ্যধ্বনিনা তত্র তত্রাবৈয়গ্র্যকারিপরমতেজস্বিত্বমেব বিবক্ষিতমিতি জ্ঞেয়ং ॥ ৭১ ॥

তত্রাদ্যো যথা বিষ্ণুধর্ম্ম ইত্যেষ পাঠঃ। বিক্রীণীতে। মুহুরপি বশীকরোতীত্যর্থঃ ॥ ৭২ ॥

কিছু উপস্থিত হয় এবং কদন কাহাকে বলে তাহাও তিনি জানেন না, কেবল অনঙ্গ-(কন্দর্প)-সৌহৃদ্যে পরিপূর্ণা বরাঙ্গণাগণ কর্ত্তৃক পরিবৃত হইয়া নিরন্তর বৃন্দাবনে বিহার করিতেছেন ॥

অথ ভক্তসুহৃৎ ॥ ৩৯ ॥

ভক্ত সুহৃদ্ দুই প্রকার সুসেব্য এবং দাসবন্ধু ॥ ৭১ ॥

তন্মধ্যে সুসেব্য যথা বিষ্ণুধর্ম্মে ॥

ভক্তগণ যদি বিষ্ণুকে একদলমাত্র তুলসী অথবা এক গণ্ডূষ মাত্র জল প্রদান করেন তাহা হইলে ঐ ভক্তবৎসল ভগবান্ ভক্তজনের সমীপে আপনার আত্মা বিক্রয় করিয়া থাকেন ॥ ৭২ ॥

দ্বিতীয়ো যথা প্রথমে ॥

স্বনিগমমপহায় মৎপ্রতিজ্ঞা-
মৃতমধিকর্ত্তুমবপ্লুতো রথস্থঃ।

স্বনিগম ইত্যন্তিমসময়ে শ্রীভীষ্মবাক্যং। স্বনিগমং শস্ত্রসন্ন্যাসলক্ষণাং স্বপ্রতিজ্ঞামপহায়। তমেতং শস্ত্রং গ্রাহয়িষ্যামীতি মৎপ্রতিজ্ঞাং সত্যাং কর্ত্তুং রথস্থোঽপি ধৃতচক্রঃ সন্ ভুবাবতীর্ণস্ততশ্চাবেশেন স্খলিতোত্তরীয়স্তেনৈব চাবিষ্কৃতবলতয়া চলন্তী গৌঃ পৃথিবী যেন তাদৃশো ভূত্বা মাং হন্তুমাভিমুখ্যেন যঃ অগাৎ নত্ববধীৎ স মে মুকুন্দো গতি র্ভবত্বিত্যুত্তরেণান্বয়ঃ। কঃ কমিব ?, হরিঃ সিংহ ইভমিবেতি বাক্যার্থঃ। তদাত্বে তং প্রতি এতস্য পরমমিত্রঞ্চার্জ্জুনং প্রতি দুর্দ্দৈববশান্মহদপরাধবত্যপি ময়ি পুরাতনং ভক্তিলেশাভাসং ভক্তিত্বেনানুসন্ধায় য ইত্থং বন্ধুত্বং স্বমাহাত্ম্যহানিসহনেনাপি মন্মা-

---

দাসবন্ধু যথা—

প্রথমস্কন্ধে ৯ অধ্যায়ে ৩৪ শ্লোকে।

শ্রীকৃষ্ণ প্রতিজ্ঞা করিয়াছিলেন, কুরুপাণ্ডবদিগের যুদ্ধে কোন পক্ষে শস্ত্র গ্রহণ না করিয়া সাহায্যমাত্র করিবেন, আমারও দৃঢ় প্রতিজ্ঞা ছিল, ইহাঁকে অস্ত্র গ্রহণ করাইব, ইনি এমনই ভক্তবৎসল যে, আপনার প্রতিজ্ঞা পরিত্যাগ করিয়া আমার প্রতিজ্ঞা অধিক সত্য করিবার নিমিত্ত রথ হইতে অবতরণপূর্ব্বক আপনার পরমাস্ত্র চক্র ধারণ করেন এবং হস্তিবধার্থ যেমন সিংহ ধাবমান হয় তাহার ন্যায় আমার অভিমুখে ধাবমান হইয়া আসিয়াছিলেন। তৎকালে ইহাঁর অতিশয় ক্রোধোদয় হওয়াতে মনুষ্যনাট্য (লীলা) বিস্মৃত হইয়াছিলেন,

ধৃতরথচরণোভ্যয়াচ্চলদ্গু-
র্হরিরিব হন্তুমিভং গতোত্তরীয়ঃ॥ ৭৩॥

প্রেমবশ্যঃ॥ ৪০॥

প্রিয়ত্বমাত্রবশ্যো যঃ প্রেমবশ্যো ভবেদসৌ॥

যথা শ্রীদশমে॥

সখ্যুঃ প্রিয়স্য বিপ্রর্ষে রঙ্গসঙ্গাতিনির্বৃতঃ।
প্রীতো ব্যমুঞ্চদব্বিন্দূন্নেত্রাভ্যাং পুষ্করেক্ষণঃ॥ ৭৪॥

যথাবা তত্রৈব॥

হাস্যবর্দ্ধনলক্ষণং ব্যঞ্জিতবান্। সোঽয়ং সুহৃদ্দাসানাং সর্ব্বথৈব বন্ধুত্বং কুর্য্যাদিতি ভাবঃ॥ ৭৩॥

প্রিয়ত্বমাত্রেণ বশ্যো নতু সেবাদ্যপেক্ষয়েত্যর্থঃ॥ ৭৪॥

এ কারণ উদরস্থ সকল ভুবনের ভার বশত ইহাঁর প্রত্যেক পদে পৃথিবী কম্পিতা হয় এবং ক্রোধভরে ইহাঁর উত্তরীয় বসন পথে পড়িয়া যায়॥ ৭৩॥

প্রেমবশ্য॥ ৪০॥

যিনি সেবা-অপেক্ষা না করিয়া প্রিয়তামাত্রেই বশীভূত হয়েন, তাঁহাকে প্রেমবশ্য কহা যায়॥

যথা শ্রীদশমে ৮০ অধ্যায়ে শ্রীদামচরিতে ১৩ শ্লোকে।

শ্রীকৃষ্ণের প্রিয়সখা শ্রীদাম ব্রাহ্মণের অঙ্গ স্পর্শে নির্বৃত (সুস্থ) ও প্রীত হইয়া নেত্রদ্বয় হইতে প্রেমচিহ্নস্বরূপ বারিধারা মোচন করিতে লাগিলেন॥ ৭৪॥

যথাবা।

স্বমাতুঃ স্বিন্নগাত্রায়া বিস্রস্তকবরস্রজঃ।
দৃষ্ট্বা পরিশ্রমং কৃষ্ণঃ কৃপয়াসীৎ স্ববন্ধনে॥

সর্ব্বশুভঙ্করঃ॥ ৪১॥

সর্ব্বেষাং হিতকারী যঃ স স্যাৎ সর্ব্বশুভঙ্করঃ॥ ৭৫॥

যথা—

কৃতা কৃতার্থা মুনয়ো বিনোদৈঃ
খলক্ষয়েণাখিলধার্ম্মিকাশ্চ।
বপুর্বিমর্দ্দেন খলাশ্চ যুদ্ধে

তত্র প্রেমাতিশয়েন বশ্যতাধিক্যমপি দর্শয়তি যথাবেতি॥ ৭৫॥
কৃতা ইত্যুত্তরাবস্থায়াং শ্রীমদুদ্ধবোক্তিঃ। মুনয়ো আত্মারামাঃ বিনোদৈ-

---

শ্রীদশমে ৯ অধ্যায়ে ১৪ শ্লোকে॥

হে রাজন্! বন্ধনার্থ যত্ন করিতে করিতে যশোদার গাত্র ঘর্ম্মাক্ত হইল এবং তাঁহার কেশপাশ হইতে পুষ্পমালা বিশ্লিষ্ট হইয়া পড়িতে লাগিল, জননীর এই পরিশ্রম নিরীক্ষণ করিয়া শ্রীকৃষ্ণ কৃপাপরবশ হইয়া নিজেই বন্ধনস্থ হইলেন॥

অথ সর্ব্বশুভঙ্কর॥ ৪১॥

যে ব্যক্তি সকলেরই হিতকারী তাঁহাকে সর্ব্বশুভঙ্কর বলিয়া কীর্ত্তন করা যায়॥ ৭৫॥

যথা—

শ্রীকৃষ্ণের স্বধামগমনানন্তর উদ্ধব কহিলেন যিনি আপনার লীলাদ্বারা আত্মারাম মুনিগণকে এবং খলজনের ক্ষয় করিয়া ধার্ম্মিক জনগণকে তথা সমরে দেহপাত করত

ন কস্য পথ্যং হরিণা ব্যধায়ি ॥

প্রতাপী ॥ ৪২ ॥

প্রতাপী পৌরুষোদ্ভূতশত্রুতাপি প্রসিদ্ধিভাক্ ॥ ৭৬ ॥

যথা—

ভবতঃ প্রতাপতপনে ভুবনং কৃষ্ণ প্রতাপয়তি।
ঘোরাসুরঘূকানাং শরণমভূৎ কন্দরাতিমিরং ॥

কীর্ত্তিমান্ ॥ ৪৩ ॥

স্তদ্দারকগণপ্রচারৈঃ। আত্মারামাশ্চ মুনয় ইত্যাদেঃ ॥ ৭৬ ॥

প্রতাপয়তি প্রকাশয়তি সতি। উপমিষদ্বিশেষনৃসিংহতাপন্যাদিশব্দেষু তথৈব তপেরর্থঃ। প্রকাশয়তীত্যেব পাঠঃ। পূর্ব্বং স্থিতিরেব সর্ব্বজেত্রী সতী ভগবতঃ প্রভাব ইতি লক্ষিতং। প্রতাপস্তু তৎখ্যাতিরিতি ততো ভিদ্যতে

খলদিগকে কৃতার্থ করিয়াছেন, অতএব সেই হরি হইতে কাহার না হিত হইয়াছে? ॥

প্রতাপী ॥ ৪২ ॥

যিনি আপনার পৌরুষদ্বারা শত্রুগণকে প্রতপ্ত করেন তাঁহাকে প্রতাপি কহা যায় ॥ ৭৬ ॥

যথা—

হে কৃষ্ণ! তোমার প্রতাপরূপ তপন (সূর্য্য) ভুবনকে প্রকাশিত করিতে থাকিলে ভয়ঙ্কর দানবরূপি ঘূক (পেঁচক গণ কন্দর (পর্ব্বতগুহার) তিমিরকে শরণ গ্রহণ করিল ॥

অথ কীর্ত্তিমান্ ॥ ৪৩ ॥

সাদ্গুণ্যৈ র্নির্ম্মলৈঃ খ্যাতঃ কীর্ত্তিমানিতি কীর্ত্ত্যতে।

যথা—

ত্বদ্যশঃকুমুদবন্ধুকৌমুদী,-শুভ্রভাবমভিতো নয়ন্ত্যপি।
নন্দনন্দন কথং নু নির্ম্মমে ; কৃষ্ণভাবকলিলং জগত্ত্রয়ং॥৭৭

যথাবা ললিতমাধবে॥

ভীতা রুদ্রং ত্যজতি গিরিজা শ্যামমপ্রেক্ষ্য কণ্ঠং
শুভ্রং দৃষ্ট্বা ক্ষিপতি বসনং বিস্মিতো নীলবাসাঃ।

যথানন্তরমেব সাদ্গুণ্যৈ র্নির্ম্মলৈঃ খ্যাতঃ। কীর্ত্তিমানিত্যত্র সাদ্গুণ্যখ্যাতিরেব কীর্ত্তিরিতি প্রতিপদ্যতে নতু সাদ্গুণ্যমাত্রং তদ্বৎ॥ ৭৭॥

ভীতা রুদ্রমিত্যাদিকং কবিসময়ানুসারেণ নর্ম্মময়মেব নতু বস্তুতঃ। বস্তুতস্তেষাং তত্তত্ত্যাগাদিকন্তু তদ্যশঃশ্রবণাদেব। আভীরিকেত্যত্র আভীর-

---

যে ব্যক্তি স্বীয় নির্ম্মল সাদ্গুণ্যে (যশে) বিখ্যাত হয়েন তাঁহাকে কীর্ত্তিমান্ বলিয়া কীর্ত্তন করা যায়॥

যথা—

হে নন্দনন্দন! তোমার যশোরূপী কুমুদবন্ধু (চন্দ্র) চতুর্দ্দিকে শুভ্রতা প্রকাশ করাইলেও কি প্রকারে ঐ চন্দ্র জগত্ত্রয়কে কৃষ্ণভাব প্রাপ্তি করাইল?॥ ৭৭॥

যথাবা ললিতমাধবে॥

হে কৃষ্ণ! দেবর্ষি নারদ বীণাদ্বারা তোমার যশোগান করিতে প্রবৃত্ত হইলে,রুদ্রের কণ্ঠ নীলবর্ণ দেখিতে না পাইয়া গিরিজা ভীতিবশতঃ তাঁহাকে পরিত্যাগ করিলেন, নীলবাসা হলধর স্বীয় বসন শুভ্র দেখিয়া তাহা পরিত্যাগ করিলেন

ক্ষীরং মত্বা স্রপয়তি যমীনীরমাভীরিকোৎকা
গীতে দামোদর! যশসি তে বীণয়া নারদেন॥

রক্তলোকঃ॥ ৪৪॥

পাত্রং লোকানুরাগাণাং রক্তলোকং বিদুর্বুধাঃ॥ ৭৮॥

যথা প্রথমে॥

যর্হ্যম্বুজাক্ষাপসসার ভো ভবান্
কুরূন্মধূন্ বাথ সুহৃদ্দিদৃক্ষয়া।
তত্রাব্দকোটিপ্রতিমঃ ক্ষণো ভবে-

রামেতি পাঠান্তরং॥ ৭৮॥

ন কেবলং ক্ষণএব তাদৃশো ভবেৎ কিন্তু রবিং বিনা যথাক্ষো র্মোহো-

এবং আভীরিকা (গোপাঙ্গনা) সকল উৎসুকা হইয়া দুগ্ধভ্রমে যমুনার নীর আবর্ত্তন করিতে আরম্ভ করিলেন, কি আশ্চর্য্য? হে দামোদর! ত্বদীয় যশঃকীর্ত্তনে ত্রিভুবনের পর্য্যন্তও ধাবল্য প্রাপ্তি হইল!॥

রক্তলোক॥ ৪৪॥

যিনি সমস্ত লোকের অনুরাগভাজন হয়েন তাঁহাকে রক্তলোক কহা যায়॥ ৭৮॥

যথা প্রথমে ১১ অ। ৮ শ্লোকে॥

হে কমললোচন! তুমি সুহৃদ্গণের সহিত সাক্ষাৎ করিবার বাসনায় যাবৎ হস্তিনাপুরে অথবা মথুরায় গমন করিয়াছিলে, তাবৎকাল, সূর্য্যোদয় না হইলে নেত্রদ্বয়ের অন্ধতা হেতু যেমন ক্ষণকাল অসহ্য হয়, তদ্রূপ আমাদিগের এক এক ক্ষণ-

দ্রবিং বিনাক্ষ্ণোরিব ন স্তবাচ্যুত ॥ ৭৯ ॥

যথাবা—

আশীস্তথ্যা জয় জয় জয়েত্যাবিরাস্তে মুনীনাং
দেবশ্রেণীস্তুতিকলকলো মেদুরঃ প্রাদুরস্তি।
হর্ষাদ্ঘোষঃ স্ফুরতি পরিতো নাগরীণাং গরীয়ান্
কে বা রঙ্গস্থলভুবি হরৌ ভেজিরে নানুরাগং ॥

সাধুসমাশ্রয়ঃ ॥ ৪৫ ॥

সদেকপক্ষপাতী যঃ স স্যাৎ সাধুসমাশ্রয়ঃ ॥

ভবেত্তথৈব ত্বদীয়ানাং নোঽস্মাকং ভবেদিত্যর্থঃ ॥ ৭৯ ॥

আশীরিতি রঙ্গস্থলস্থঃ কশ্চিৎ বর্ত্তমানপ্রয়োগং মুহুরভ্যস্য কিং বহুনেত্যাহ কেবেতি। অত্রচ সুখমোহানন্তরং পরোক্ষভূতত্বেন প্রযুংক্তে ভেজিরে ইতি

কোটি বৎসর তুল্য কষ্টে ক্ষপনীয় হইয়াছিল, হে অচ্যুত! আমরা তোমার, ইহাতে তোমার বিরহ অসহ্য হইবে বিচিত্র কি? ॥ ৭৯ ॥

যথাবা ॥

শ্রীকৃষ্ণ কংসের রঙ্গ ভূমিতে প্রবিষ্ট হইলে মুনিবৃন্দের বদন হইতে "জয় জয় জয়" ইত্যাকার আশীর্ব্বচন উদ্গীর্ণ হইতে লাগিল, দেবগণের স্তুতিরূপ কলধ্বনি প্রাদুর্ভূত হইতেছিল তথা নারীগণের গরিষ্ঠ হর্ষধ্বনি সকল দিক্ হইতে স্ফূর্ত্তি পাইতে লাগিল, অতএব ঐ শ্রীকৃষ্ণের প্রতি কে না অনুরাগভাজন হইয়াছিল? ॥

অথ সাধুসমাশ্রয় ॥ ৪৫ ॥

যিনি সাধুজন সকলের অসাধারণ পক্ষপাতী তাঁহাকে সাধু সমাশ্রয় কহে ॥

যথা—

পুরুষোত্তম চেদবাতরিষ্য-
ভুবনে হস্মিন্ন ভবান্ ভুবঃ শিবায়।
বিকটাসুরমণ্ডলান্নজানে
সুজনানাং বত কা দশাভবিষ্যৎ ॥ ৮০ ॥

নারীগণমনোহারী ॥ ৪৬ ॥

নারীগণমনোহারী সুন্দরীবৃন্দমোহনঃ ॥ ৮১ ॥

যথা শ্রীদশমে ॥

নানুরাগং ভজন্তীতি পাঠস্তু সুগমঃ ॥ ৮০ ॥

নারীগণ মনোহারীতি যথা শীলার্থে ণিনি স্তথৈব সুন্দরীত্যাদৌ ল্যুট্ প্রযুক্তঃ। ততঃ স্বভাবেনৈব তাদৃশত্বাৎ সুরম্যাঙ্গত্বাদিভ্যোঽধিক এবায়ং গুণঃ। যথোক্তং শ্রীব্রজদেবীভিঃ। কৃষ্ণং নিরীক্ষ্য বনিতোৎসবরূপশীল-মিতি গণবৃন্দশব্দাভ্যামত্র তাসাং সমূহবিশেষ উচ্যতে। তেন তদ্ভাবা-যোগ্যাসু নাতিব্যাপ্তিঃ ॥ ৮১ ॥

যথা—

হেপুরুষোত্তম! আপনি যদি পৃথিবীর মঙ্গলার্থ এই ভুবনে অবতীর্ণ না হইতেন, তাহা হইলে বিকট অসুরমণ্ডল হইতে সুজন সকলের যে কি দশা উপস্থিত হইত?, আমি তাহা জানিতেও পারিতেছি না ॥ ৮০ ॥

অথ নারীগণমনোহারী ॥ ৪৬ ॥

যিনি সুন্দরীবৃন্দের মোহনকারী তাঁহাকে নারীগণ মনো-হারি কহা যায় ॥ ৮১ ॥

যথা দশমে ৯০ অধ্যায়ে ১৭ শ্লোকে ॥

শ্রুতমাত্রোঽপি যঃ স্ত্রীণাং প্রসহ্যাকর্ষতে মনঃ।
উরুগায়োরুগীতো বা পশ্যন্তীনাং কুতঃ পুনঃ ॥ ৮২ ॥

যথাবা—

ত্বং চুম্বকোঽসি মাধব, লোহময়ী নূনমঙ্গনা জাতিঃ।
ধাবতি ততস্ততোঽসৌ ; যতো যতঃ ক্রীড়য়া ভ্রমসি ॥

অতএব স্ত্রীণাং স্ত্রীবিশেষানাং শ্রুতমাত্রোঽপি যো মনঃ প্রসহ্যাকর্ষতি স এব উরুগায়ৈঃ ভক্তবিশেষৈরুরুধা গীতঃ সন্ তাসাং মনঃ প্রসহ্যাকর্ষতীতি কুতঃ পুনরিতি কিং পুনর্বক্তব্যং স এবচ পশ্যন্তীনাং তাসাং মনঃ প্রসহ্যাকর্ষতীতি কিন্তরাং বক্তব্যমিত্যর্থঃ ॥ ৮২ ॥

তাদৃশশীলত্বমেব দৃষ্টান্তেন স্পষ্টয়ন্নাহ যথাবেতি। অঙ্গনানাং জাতি স্তদ্বি

যিনি নাম শ্রবণমাত্র সহসা স্ত্রীগণের মনকেহরণ করেন, সেই উরুগায়োরুগীত অর্থাৎ নারদাদি মহদ্গণের বহু প্রকারে কীর্ত্তনীয় শ্রীকৃষ্ণকে যে মহিলীগণ সাক্ষাৎ দর্শন করেন, তাঁহাদিগের মন যে অপহৃত হইবে তাহাতে আর বলিবার কি আছে ?, যাঁহারা ভর্ত্তৃভাবে পাদসেবাদিদ্বারা প্রেম-সহকারে জগদ্গুরুর পরিচর্য্যা করেন, তাঁহাদিগের তপস্যা আর কি বর্ণন করিব ॥ ৮২ ॥

যথাবা—

হে কৃষ্ণ ! নিশ্চই তুমি চুম্বকমণি এবং অঙ্গনা জাতি লৌহময়ী, কারণ তুমি ক্রীড়া করিতে করিতে যে যে দিকে গমন করিতেছ অঙ্গনাগণও সেই সেই দিকে ধাবমানা হই-তেছে, কারণ চুম্বক (অয়স্কান্ত মণি) ও ঠিক্ এইরূপ ॥

সর্ব্বারাধ্যঃ ॥ ৪৭ ॥

সর্ব্বেষামগ্রপূজ্যো যঃ স সর্ব্বারাধ্য উচ্যতে ॥

যথা প্রথমে ॥

মুনিগণনৃপবর্য্যসঙ্কুলে হন্তঃ-
সদসি যুধিষ্ঠিররাজসূয় এষাং ॥
অর্হণমুপপেদ ঈক্ষণীয়ো
মম দৃশি গোচর এষ আবিরাত্মা ॥

সমৃদ্ধিমান্ ॥ ৪৮ ॥

মহাসম্পত্তিযুক্তো যো ভবেদেষ সমৃদ্ধিমান্ ॥ ৮৩ ॥

শেষঃ ॥ ৮৩ ॥

অথ সর্ব্বারাধ্য ॥ ৪৭ ॥

যিনি সকলের অগ্রে পূজ্য তাঁহাকে সর্ব্বারাধ্য কহে ॥

যথা প্রথমে ৯ অধ্যায়ে ৩৮ শ্লোকে ॥

যুধিষ্ঠিরের রাজসূয়ে সভার মধ্যস্থানে মুনিগণে এবং রাজসমূহে সঙ্কীর্ত্তন হইয়াছিল, সেই সময়ে এই ভগবানই সকলের আশ্চর্য্য রূপ দর্শনীয় হইয়া সর্ব্বসমীপে পূজা প্রাপ্ত হয়েন, সেই এই জগদাত্মা আমার সমক্ষে বর্ত্তমান, আমার কি ভাগ্য আশ্চর্য্য নহে? ॥

অথ সমৃদ্ধিমান্ ॥ ৪৮ ॥

যে ব্যক্তি মহাসম্পত্তিশালী তাহাকে সমৃদ্ধিমান্ বলিয়া কীর্ত্তন করা যায় ॥ ৮৩ ॥

যথা—

ষট্ পঞ্চাশদযদুকুলভুবাং কোটয়স্তাং ভজন্তে
বর্ষন্ত্যষ্টৌ কিমপি নিধয়শ্চার্থজাতং তবামী।
শুদ্ধান্তশ্চ স্ফুরতি নবভি র্লক্ষিতঃ সৌধলক্ষৈ-
র্লক্ষ্মীং পশ্যন্মুরদমন তে নাত্র চিত্রায়তে কঃ॥

যথা বিল্বমঙ্গলে॥

চিন্তামণিশ্চরণভূষণমঙ্গনানাং
শৃঙ্গারপুষ্পতরবস্তরবঃ সুরাণাং।
বৃন্দাবনে ব্রজধনং ননু কামধেনু-
বৃন্দানি চেতি সুখসিন্ধুরহো বিভূতিঃ॥

ষট্ পঞ্চাশদিত্যত্র কোটয় ইতি বহুত্বং তত্তদবান্তরভেদবিবক্ষয়া। তদিদং

যথা—

হে যদুবর! যদুকুলোৎপন্ন ষট্পঞ্চাশৎ কোটি (৫৬ ছাপান্ন কোটি) লোক তোমায় ভজিতেছে, তোমার সম্বন্ধে অষ্ট নিধি নিরন্তর বর্ষণ করিতেছে এবং নবলক্ষে লক্ষিত ত্বদীয় বিশুদ্ধ অন্তঃপুরালী স্ফূর্ত্তি পাইতেছে, অতএব হে মুরদমন! তোমার সম্পত্তি দেখিয়া কে না বিস্মিত হয়?॥

অথবা বিল্বমঙ্গলে (কৃষ্ণকর্ণামৃতে)॥

হে কৃষ্ণ! তোমার বৃন্দাবনের ঐশ্বর্য্যের কথা আর কি বর্ণন করিব, যে স্থানে গোপাঙ্গনাগণের চরণভূষণই চিন্তামণি, শৃঙ্গার অর্থাৎ বেশের উপযোগি পুষ্পময় বৃক্ষই পারিজাত বৃক্ষস্বরূপ, ধেনু কামধেনুর সদৃশ হইতেছে, অতএব কি আশ্চর্য্য! তোমার বিভূতিসুখ সিন্ধুস্বরূপ॥

বরীয়ান্ ॥ ৪৯ ॥

সর্ব্বেষামাভিমুখ্যো যঃ স বরীয়ানিতীর্য্যতে ॥

যথা—

ব্রহ্মন্নত্র পুরদ্বিষা সহ পুরঃ পীঠে নিষীদ ক্ষণং
তূষ্ণীং তিষ্ঠ সুরেন্দ্র চাটুভিরলং বারীশ দূরীভব।
এতে দ্বারি কথং মুহুঃ সুরগণাঃ কুর্ব্বন্তি কোলাহলং
হন্ত দ্বারবতীপতেরবসরো নাদ্যাপি নিষ্পদ্যতে ॥

ঈশ্বরঃ ॥ ৫০ ॥

প্রকটলীলোদাহরণং উত্তরোদাহরণং তু প্রকটলীলাগতমপি তত আরভ্য

বরীয়ান্ ॥ ৪৯ ॥

যিনি সকলেরই মধ্যে অতিশয় মুখ্য (শ্রেষ্ঠ) তাহাকে বরীয়ান্ বলিয়া কীর্ত্তন করা যায় ॥

যথা—

শিব ব্রহ্মাদি দেবগণ শ্রীকৃষ্ণদর্শনার্থী হইয়া দ্বারকার দ্বার-দেশে উপস্থিত হইলে, তাহাতে দ্বারপাল কহিল, ব্রহ্মন্! আপনি মহেশ্বরের সহিত এই পীঠের উপরি উপবেশন করুন, হে দেবেন্দ্র! আপনি আর স্তুতি পাঠ করিবেন না তূষ্ণীম্ভূত হইয়া অবস্থিতি করুন, হে বরুণ! আপনি এস্থান হইতে দূরীভূত হন, হে দেবগণ! আপনারাই বা কেন দ্বারে মুহুর্মুহুঃ কোলাহল করিতেছেন, দ্বারকাপতির এখনও অবসর হইয়া উঠে নাই ॥

ঈশ্বর ॥ ৫০ ॥

দ্বিধেশ্বরঃ স্বতন্ত্রশ্চ দুর্ল্লঙ্ঘ্যাজ্ঞশ্চ কীর্ত্ত্যতে ॥ ৮৪ ॥

তত্র স্বতন্ত্রো যথা—

কৃষ্ণঃ প্রসাদমকরোদপরাধ্যতেঽপি
পাদাঙ্কমেব কিল কালিয়পন্নগায়।
ন ব্রহ্মণেদৃশমপি স্তুবতেঽপ্যপূর্ব্বং
স্থানে স্বতন্ত্রচরিতো নিগমৈর্নুতোঽয়ং ॥ ৮৫ ॥

দুর্ল্লঙ্ঘ্যাজ্ঞো যথা তৃতীয়ে ॥

নন্দস্য ইত্যাদে স্বদিচ্ছয়া প্রকটমপি ভবেদিতি জ্ঞেয়ং ॥ ৮৪ ॥

কৃষ্ণ ইতি। তস্মাৎ স্থানে যুক্তমেবায়ং স্বতন্ত্রচরিততয়া নিগমৈর্নুত ইত্যর্থঃ ॥ ৮৫ ॥

ত্রয়াণাং ব্রহ্মাদীনাং মহৎ স্রষ্ট্রাদীনাং বাধীশঃ। স্বারাজ্যং স্বেনৈব রাজ-

---

ঈশ্বর দুই প্রকার, এক স্বতন্ত্র (স্বাধীন), দ্বিতীয় দুর্ল্লঙ্ঘ্যাজ্ঞ অর্থাৎ কোন ব্যক্তি যাঁহার আজ্ঞা লঙ্ঘন করিতে সমর্থ হয় না ॥ ৮৪ ॥

তন্মধ্যে স্বতন্ত্রো যথা—

কালিয় নাগ অপরাধ করিলেও শ্রীকৃষ্ণ তাহার মস্তকে চরণচিহ্ন স্বরূপ প্রসন্নতা বিস্তার করিলেন, ব্রহ্মা অপূর্ব্ব স্তুতি পাঠ করিতে থাকিলেও তাঁহার প্রতি কটাক্ষ নিক্ষেপও করিলেন না। শ্রীকৃষ্ণের এরূপ ব্যবহার উপযুক্তই বটে, কেন না বেদে ঐ শ্রীকৃষ্ণকে স্বতন্ত্র বলিয়াই কীর্ত্তন করিয়াছেন ॥ ৮৫ ॥

দুর্ল্লঙ্ঘ্যাজ্ঞ যথা—

তৃতীয়ে ২ অধ্যায়ে ২১ শ্লোকে ॥

স্বয়ন্ত্বসাম্যাতিশয়স্ত্র্যধীশঃ
স্বারাজ্যলক্ষ্ম্যাপ্তসমস্তকামঃ।
বলিং হরদ্ভিশ্চিরলোকপালৈঃ
কিরীটকোটীড়িতপাদপীঠঃ॥ ৮৬॥

যথা বা—

নব্যে ব্রহ্মাণ্ডবৃন্দে সৃজতি বিধিগণঃ সৃষ্টয়ে যঃ কৃতাজ্ঞো
রুদ্রৌঘঃ কালজীর্ণে ক্ষয়মবতনুতেঃ যঃ ক্ষয়ায়ানুশিষ্টঃ।
রক্ষাং বিষ্ণুস্বরূপা বিদধতি তরুণে রক্ষিণো যে ত্বদংশাঃ

নানত্বং তেন যা লক্ষ্মীঃ তয়া ঈড়িতত্বং বন্দিতত্বং॥ ৮৬॥

কৃতাজ্ঞ ইতি অঙ্গীকৃতাজ্ঞ ইত্যর্থঃ। তস্মিন্নেব ব্রহ্মাণ্ডবৃন্দে কালজীর্ণে সতি। তস্মিন্নেব চ তরুণে সতি। তারুণ্যপশ্চান্নির্দ্দেশঃ সাম্প্রতং বৃত্ত-বিজ্ঞাপনায়ামস্যাবধানং স্থিরীভবত্বিত্যপেক্ষয়া। সন্তীতি সর্গাদিসময়ে

উদ্ধব কহিলেন ওহে বিদুর! সেই ভগবান্ স্বয়ং গুণ-ত্রয়ের অধীশ্বর এবং পরমানন্দস্বরূপ সম্পত্তিদ্বারা সমস্ত ভোগ প্রাপ্ত হইয়াছিলেন, অতএব তাঁহার সমান অথবা তাঁহা-অপেক্ষা প্রধান কেহ ছিল না, লোকপাল সকলও তাঁহার অগ্রে আসিয়া কর (বা পূজোপহার) সমর্পণ পূর্ব্বক স্বস্বকিরীটাগ্র দ্বারা তদীয় পাদপীঠের স্তব করিত॥ ৮৬॥

যথা বা—

হে কৃষ্ণ! "ব্রহ্মাণ্ড সৃষ্টি কর" এইরূপ তোমার আজ্ঞা প্রাপ্ত হইয়া বিধিগণ ব্রহ্মাণ্ড সকল সৃষ্টি করিতেছেন, বিনা-শের নিমিত্ত আজ্ঞা প্রাপ্ত হইয়া রুদ্রগণ কালজীর্ণ ব্রহ্মাণ্ড-

কংসারে সন্তি সর্ব্বে দিশি দিশি ভবতঃ শাসনেঽজাণ্ডনাথাঃ॥

অথ সদাস্বরূপসম্প্রাপ্তঃ ॥ ৫১ ॥

সদাস্বরূপসম্প্রাপ্তো মায়াকার্য্যাবশীকৃতঃ ॥ ৮৭ ॥

যথা প্রথমে—

এতদীশনমীশস্য প্রকৃতিস্থোঽপি তদ্গুণৈঃ।
ন যুজ্যতেঽসদাত্মস্থৈর্যথাবুদ্ধিস্তদাশ্রয়া ॥

পালনাদ্যংশস্য সদ্ভাবাস্তরশাসনে সর্ব্বদা তে সন্ত্যেব কিন্তু নব্য ইত্যাদি-বিশেষেণ জরং তু প্রাচুর্য্যেণৈবোক্তমিতি ভাবঃ ॥ ৮৭ ॥

ঈশস্য সর্ব্ববশীকারিণঃ শ্রীভগবতঃ এতদীশনং কিং তত্তত্রাহ। মায়াতৎ-কার্য্যাভ্যামবশীকৃতত্বমিত্যর্থঃ। যদসাবস্তর্যামিতয়া অবতীর্ণতয়া বা প্রকৃতৌ স্থিতোঽপি তস্যা গুণৈঃ সত্ত্বাদিভিস্তৎকার্য্যৈশ্চ ন যুজ্যতে ন লিপ্যতে

চয়কে ক্ষয় করিতেছেন এবং রক্ষকস্বরূপ তোমার অংশ বিষ্ণুগণ নব্য নব্য ব্রহ্মাণ্ডের রক্ষা বিধান করিতেছেন অতএব হে কংসারাতি শ্রীকৃষ্ণ! অজাণ্ডনাথ (-ব্রহ্মাণ্ডপতি-) গণ তোমার আদেশে দিকে দিকে অবস্থিত আছেন ॥

অথ সদাস্বরূপসম্প্রাপ্ত ॥ ৫১ ॥

যিনি মায়িক কার্য্যকলাপে বশীভূত না হয়েন তাঁহাকে সদাস্বরূপসম্প্রাপ্ত কহা যায় ॥ ৮৭ ॥

যথা প্রথমে ১১ অধ্যায়ে ৩৪ শ্লোকে ॥

পরমেশ্বরের ইহাই ঈশ্বরত্ব যে, বুদ্ধি যেমন আত্মাকে আশ্রয় করিয়া থাকিলেও আত্মার গুণে (আনন্দাদিতে) সংযুক্ত নহে তাহার ন্যায়, তিনি প্রকৃতিস্থ হইয়াও প্রকৃতির গুণে (সুখদুঃখাদিতে) লিপ্ত হয়েন না ॥

সর্ব্বজ্ঞঃ ॥ ৫২ ॥

পরচিত্তস্থিতং দেশকালাদ্যন্তরিতং তথা।
যো জানাতি সমস্তার্থং স সর্ব্বজ্ঞো নিগদ্যতে ॥ ৮৮ ॥

যথা প্রথমে ॥

যো নো জুগোপ বনমেত্য দুরন্তকৃচ্ছ্রা-
দ্দুর্ব্বাসসোঽরিরচিতাদযুতাগ্রভুগ্ যঃ।

তত্র হেতুঃ অসন্তো যে আত্মনো জীবা তেষ্বেব স্থিতৈরধিকারিভিঃ। তত্র দৃষ্টান্তো যথেতি। সএবাশ্রয়ো যস্যাঃ সা ভক্তানাং বুদ্ধি র্যথা ন লিপ্যতে তদ্বৎ। তস্মাৎ সদাস্বরূপসম্প্রাপ্তত্বং। স্বরূপশক্তিবিলাসলক্ষণরূপ-গুণাদ্যব্যভিচারিত্বং মায়াকার্য্যাবশীকৃতত্বমিত্যেব যাবৎ। তদুক্তং শ্রুতিভিঃ। স যদজয়াত্বজামিত্যাদিনা ॥ ৮৮ ॥

যো নো জুগোপেতি শ্রীমদর্জ্জুনবাক্যং। যঃ শ্রীকৃষ্ণোঽস্মাকং কৃচ্ছ্রং সর্ব্বজ্ঞত্বাদেব জ্ঞাত্বা বনমেত্য অস্মান্ পাণ্ডবান্ জুগোপ। কস্মাদ্দুর্ব্বাসসো হেতোর্যদ্দুরন্তং কৃচ্ছ্রং শাপময়ং তস্মাৎ। দুর্ব্বাসসঃ কীদৃশাৎ, অরিরচিতাদ্দুর্য্যোধন-

---

সর্ব্বজ্ঞ ॥ ৫২ ॥

পরচিত্তে যাহা অবস্থিত এবং দেশকালের যাহা অন্তর্গত ইত্যাদি সকল যিনি জানিতে পারেন তাঁহাকে সর্ব্বজ্ঞ বলা যায় ॥ ৮৮ ॥

যথা প্রথমে ১৫ অধ্যায়ে ১১ শ্লোকে ॥

যে দুর্ব্বাসা মুনি দশ সহস্র শিষ্যের অগ্রে তাঁহাদের সহিত এক পঙ্‌ক্তিতে বসিয়া ভোজন করিতেন, আমাদের শত্রুগণ সেই দুর্ব্বাসার দুরন্ত অভিশাপে আমাদিগকে

শাকান্নশিষ্টমুপযুজ্য যতস্ত্রিলোকীং
তৃপ্তামমংস্ত সলিলে বিনিমগ্নসংঘঃ ॥
নিত্যনূতনঃ ॥ ৫৩ ॥
সদানুভূয়মানোঽপি করোত্যননুভূতবৎ।
বিস্ময়ং মাধুরীভির্যঃ স প্রোক্তো নিত্যনূতনঃ ॥ ৮৯ ॥

প্রেরিতাদিত্যর্থঃ। কীদৃশো দুর্ব্বাসাঃ। যঃ অযুতসংখ্যানামগ্রভুক্ তৈঃ সহ যুধিষ্ঠিরেণ মন্ত্রিতস্তেন চ কামধুক্ স্থাল্যন্নসমাপকভোজনয়া দ্রৌপদ্যা ভুক্তং ন জ্ঞাতমিতি জ্ঞেয়ং ততঃ কুত্রাসৌ দুর্ব্বাসা গত স্তত্রাহ সলিলে বিনিমগ্নঃ স্বসহিতসংঘো যস্য সঃ তত্রাবশ্যককৃত্যার্থং চিরং স্থিতঃ ততঃ কিং কৃত্বা জুগোপ তত্রাহ। স্থালীলগ্নং শাকান্নশিষ্টমুপযুজ্যেতি। ভবতু তস্য তদুপযোজনং ততঃ কিং তত্রাহ যতস্তদুপযোগাদ্ধেতোঃ ত্রিলোকীমপি তৃপ্তামমংস্ত দুর্ব্বাসাঃ কিং পুনঃ স্বানিত্যর্থঃ ॥ ৮৯ ॥

নিক্ষেপ করিতে বাসনা করিয়াছিলেন, তাহাতে যিনি বনে গমন করিয়া ঐ ভয়ঙ্কর ঋষির শাপরূপ মহতী বিপদ্ হইতে আমাদিগকে রক্ষা করেন অর্থাৎ যিনি আসিয়া আমাদের ভোজন পাত্রে সংলগ্নাবশিষ্ট যৎকিঞ্চিৎ শাকান্নমাত্র নিজে ভোজন করিয়াছিলেন, তাহাতেই মধ্যাহ্নকালীন ক্রিয়ার্থ জলে নিমগ্ন মুনিগণ ত্রিলোকীকে পরিতৃপ্ত বোধ করিয়া পলায়ন করিয়াছিলেন ॥

অথ নিত্যনূতন ॥ ৫৩ ॥

যিনি সর্ব্বদা অনুভূয়মান হইয়াও আপন মাধুর্য্যদ্বারা অননুভূতের ন্যায় বিস্ময় প্রকাশ করেন তাঁহাকে নিত্য নূতন কহা যায় ॥ ৮৯ ॥

যথা প্রথমে ॥

যদ্যপ্যসৌ পার্শ্বগতো রহোগত-
স্তথাপি তস্যাঙ্ঘ্রিযুগং নবং নবং।
পদে পদে কা বিরমেত তৎপদা-
চ্চলাপি যং শ্রীর্ন জহাতি কর্হিচিৎ ॥ ৯০ ॥

যথাবা ললিতমাধবে ॥

কুলবর তনুধর্ম্মগ্রাববৃন্দানি ভিন্দন্

চলাপীতি। পূর্ণস্বরূপতদাভাসয়োরভেদাভিপ্রায়েণোক্তং তচ্চ যা খল্বন্যত্র আভাসমাত্রেণাপি স্থিরা ন ভবতি সৈব স্বরূপেণ তত্র পরমস্থিরা ইতি তন্মাহাত্ম্যবিশেষদর্শনায় ॥ ৯০ ॥

মুহুঃ শ্রীকৃষ্ণমনুভূতবত্যাঃ শ্রীবৃন্দাবনেশ্বর্য্যাঃ কুলেতি বাক্যমিদং। তত্তত্তত্রত্যপ্রকরণবলান্নব নবত্বংগম্যতে অতোঽত্রাপ্যুদাহরণং কৃতং। ছটাত্র সূক্ষ্মাগ্রভাগঃ। সটাচ্ছটাভিন্নঘনেতি মাধবকাব্যাং (১।৭৪)। কক্ষা প্রকোষ্ঠং

যথা প্রথমে ১১ অধ্যায়ে ২৯ শ্লোকে ॥

যদিও শ্রীকৃষ্ণ পত্নীদিগের সমীপে সর্ব্বদাই থাকিতেন তথাপি তাঁহার চরণদ্বয় প্রতিক্ষণ নূতন নূতন বোধ হইত, সুতরাং তদ্দর্শনে কোন্ অবলার বিরতি হইতে পারে? লক্ষ্মী স্বভাবতই চঞ্চলা হইয়াও তাহা ত্যাগ করিতে কখনই সমর্থ হইতে পারেন না ॥ ৯০ ॥

যথাবা ললিতমাধবে ॥

বারম্বার শ্রীকৃষ্ণকে অনুভব করিয়াও বৃন্দাবনেশ্বরী কহিলেন, হে সুমুখি! অগ্রবর্ত্তী এ কোন অপূর্ব্ব বিশ্বকর্ম্মা, ইহার শিল্প নৈপুণ্য যে অতিশয় বিচিত্র দেখি, এ হেতু কুলাঙ্গনা-

সুমুখি নিশিতদীর্ঘাপাঙ্গটঙ্কচ্ছটাভিঃ।
যুগপদয়মপূর্ব্বঃ কঃ পুরো বিশ্বকর্ম্মা
মরকতমণিলক্ষৈ র্গোষ্ঠকক্ষাং চিনোতি ॥ ৯১ ॥

সচ্চিদানন্দসান্দ্রাঙ্গঃ ॥

সচ্চিদানন্দসান্দ্রাঙ্গশ্চিদানন্দঘনাকৃতিঃ ॥ ৯২ ॥

কক্ষা প্রকোষ্ঠ ইত্যমরনানার্থবর্গাৎ। মরকতমণিলক্ষৈরিতি তত্তুল্যং তদংশূনাং তত্তয়া মননাৎ। কিন্তত্রাপূর্ব্বত্বং। তত্তু দুষ্করকর্ম্মণো যুগপন্নির্ম্মাণে ন তথা তাদৃগ্গ্রাববৃন্দানি ভিনত্তি মরকতমণিলক্ষৈস্তু গোষ্ঠকক্ষাং চিনোতীত্যপ্রয়োজনতত্ত্বেদনেন জ্ঞেয়ং ॥ ৯১ ॥

সদিতি সর্ব্বকালদেশব্যাপকত্বাৎ। যোঽয়ং কালস্তস্যাতে ব্যক্তবন্ধো চেষ্টামাহুরিত্যাদ্যুক্তং। নচান্ত র্ন বহি র্যস্যেত্যাদি চ। চিদিতি স্বপ্রকাশত্বেনাজড়ত্বাৎ। তদুক্তং। পশ্যতোঽজস্য তৎক্ষণাৎ ব্যদৃশ্যন্তেতি। অত্র হি অজস্য কর্ত্তৃত্বাদিনির্দ্দেশাদ্ব্যদৃশ্যন্তেতি কর্ম্মকর্ত্তৃপ্রয়োগঃ। ন চক্ষুষা পশ্যতি রূপমস্য যমেবৈষ বৃণুতে তেন লভ্য স্তস্যৈষ আত্মা বিবৃণুতে তনুং স্বামিতি

গণের ধর্ম্মরূপ পাষাণসমূহ সুতীক্ষ্ণ ও দীর্ঘ অপাঙ্গ টঙ্কের (পাষাণবিদারণ অস্ত্রের) সূক্ষ্মাগ্র ভাগ দ্বারা ভেদ করিয়া এক কালীন লক্ষ লক্ষ মরকতমণি দিয়া গোষ্ঠপ্রকোষ্ঠ নিবদ্ধ করিতেছে ॥ ৯১ ॥

সচ্চিদানন্দসান্দ্রাঙ্গ ॥ ৫৪ ॥

চিদানন্দঘনাকৃতিকে সচ্চিদানন্দসান্দ্রাঙ্গ কহা যায় ॥

তাৎপর্য্য। সৎ শব্দে সর্ব্বকাল সর্ব্বদেশব্যাপী, চিৎ শব্দে স্বপ্রকাশ, সুতরাং অজড়, আনন্দশব্দে নিরুপাধি

যথা—

ক্লেশে ক্রমাৎ পঞ্চবিধে ক্ষয়ং গতে
যদ্ ব্রহ্মসৌখ্যং স্বয়মস্ফুরৎ পরং—
তদ্ব্যর্থয়ন্ কঃ পুরতো নরাকৃতিঃ
শ্যামোঽয়মামোদভরঃ প্রকাশতে ॥ ৯৩ ॥
যথা ব্রহ্মসংহিতায়ামাদিপুরুষরহস্যে ॥

শ্রুতেঃ। আনন্দেতি নিরুপাধিপ্রেমাস্পদসর্ব্বাংশত্বাৎ। কিমেতদদ্ভুতমিব বাসুদেবে হখিলাত্মনীত্যাদি। আনন্দং ব্রহ্মণো রূপমতি শ্রুতেঃ। শাস্ত্রেতি তদিতরাস্পৃষ্টরূপত্বাৎ। তদুক্তং। ময়া ততমিদং সর্ব্বং জগদব্যক্তমূর্ত্তিনা। মৎস্থানি সর্ব্বভূতানি ন চাহং তেষ্ববস্থিতঃ। নচ মৎস্থানি ভূতানি পশ্য মে যোগমৈশ্বরমিতি। চিদানন্দঘনাকৃতিরিতিচ তৎসমানার্থসচ্ছন্দাপ্রয়োগশ্চাত্র তত্তদ্রূপত্বেনোপলক্ষিতত্বান্ন কৃতঃ ॥ ৯২ ॥

ক্লেশ ইতি অবিদ্যা অস্মিতা রাগদ্বেষাভিনিবেশাঃ পঞ্চ ক্লেশাঃ (ইতি পাতঞ্জলদর্শনে সাধনপাদে ৩ সূত্রং)। ব্যর্থয়ন্নাবৃণ্বন্নিত্যর্থঃ ॥ ৯৩ ॥

প্রেমাস্পদের সর্ব্বাংশ, সান্দ্র শব্দে অন্য কর্ত্তৃক অস্পৃষ্ট ॥ ৯২

যথা—

ক্রমশঃ পঞ্চবিধ ক্লেশ অর্থাৎ অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশ ক্ষয় প্রাপ্ত হইলে কেবল যে ব্রহ্ম সুখ স্বয়ং স্ফূর্ত্তিশীল হয় তাহা আবরণ করত অগ্রবর্ত্তী এই নরাকৃতি শ্যাম আমার আমোদ প্রকাশ করিতেছেন ॥ ৯৩ ॥

যথা ব্রহ্মসংহিতায় আদিপুরুষরহস্যে ॥

যস্য প্রভাপ্রভাবতো জগদণ্ডকোটি-
কোটিষ্বশেষবসুধাদিবিভূতিভিন্নং।
তদ্ ব্রহ্মনিষ্কলমনন্তমশেষভূতং
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥ ৯৪ ॥
অতঃ শ্রীবৈষ্ণবৈঃ সর্ব্বশ্রুতিস্মৃতিনিদর্শনৈঃ।
তদ্ব্রহ্ম শ্রীভগবতো বিভূতিরিতি কীর্ত্ত্যতে ॥ ৯৫ ॥

যস্য প্রভেতি। পূর্ব্বং যোজিতমস্তি ততশ্চ প্রভাত্বে যোজিতে বিভূতিত্বমপি যোজিতং স্যাৎ। তথাচ শ্রুতিঃ। যস্য পৃথিবী শরীরং যস্যাত্মা শরীরং যস্যাব্যক্তশরীরং যস্যাক্ষরং শরীরং সর্ব্বভূতান্তরাত্মা দিব্যো দেব একো নারায়ণ ইত্যাদ্যা। যস্মাৎ ক্ষরমতীতোঽহমক্ষরাদপি চোত্তম ইতি শ্রীভগবদুপনিষদশ্চ। তথা চৈকাদশে শ্রীভগবতা বিভূতিপ্রসঙ্গ এব উক্তং। পৃথিবী বায়ুরাকাশ আপো জ্যোতিরহং মহান্। বিকারঃ পুরুষোঽব্যক্তং রজঃ সত্ত্বং তমঃ পরমিতি টীকাচ পরং ব্রহ্ম চেত্যেষা ॥ ৯৪ ॥

অত ইতি। যদ্যপ্যেতৈ র্ব্রহ্মশব্দেনাপি ভগবানেব উচ্যতে। নির্ব্বিশেষং ব্রহ্মতু পৃথক্ নাঙ্গীক্রিয়তে। তথাপি মতান্তরমঙ্গীকৃত্য তদিদং প্রোক্তমিতি জ্ঞেয়ং ॥ ৯৫ ॥ *

যিনি নিষ্কল অর্থাৎ কলারহিত, নিরুপাধি, অনন্ত, সর্ব্বময়, এবং কোটি কোটি ব্রহ্মাণ্ডে পৃথিব্যাদি বিভূতি রূপে ভিন্ন, সেই ব্রহ্ম যে প্রভাবশীলের অঙ্গ প্রভা, তাদৃশ গোবিন্দ আদি-পুরুষকে আমি ভজনা করি ॥ ৯৪ ॥

সুতরাং শ্রুতি স্মৃতি নিদর্শন দ্বারা বৈষ্ণব গণ সেই ব্রহ্মকে ভগবান্ গোবিন্দের বিভূতি বলিয়া কীর্ত্তন করেন ॥ ৯৫ ॥

তথাহি যামুনাচর্য্যস্তোত্রে—

যদণ্ডমণ্ডান্তরগোচরঞ্চ য-
দ্দশোত্তরাণ্যাবরণানি যানি চ।
গুণাঃ প্রধানং পুরুষঃ পরং পদং
পরাৎপরং ব্রহ্ম চ তে বিভূতয়ঃ॥

সর্ব্বসিদ্ধিনিষেবিতঃ ॥ ৫৫ ॥

অবশাখিলসিদ্ধিঃ স্যাৎ সর্ব্বসিদ্ধিনিষেবিতঃ ॥ ৯৬ ॥

যথা—

যদণ্ডমিতি। অণ্ডস্যান্তরং মধ্যভাগো গোচরো বিষয়ো যস্য তৎ সর্ব্বমিত্যর্থঃ। দশেতি। দশ দশ গুণানি উত্তরাণি উত্তরোত্তরপ্রমাণানি যেষাং তানি যানি। পুরুষঃ সমষ্টিজীবঃ। পরং পদং বৈকুণ্ঠং ব্রহ্মতু ভগবত এব ক্বচিদধিকারিণি নির্ব্বিশেষত্বেনাবির্ভাববিশেষঃ ॥ ৯৬ ॥

যথা যামুনাচার্য্যস্তোত্রে—

হে ভগবন্! ব্রহ্মাণ্ড, ব্রহ্মাণ্ডান্তর্গত বস্তু, ক্রমশঃ দশগুণ বৃদ্ধি পৃথিব্যাদি আবরণ সকল, সত্ত্বাদি তিন গুণ, প্রকৃতি, পুরুষ, বৈকুণ্ঠ এবং পরাৎপর ব্রহ্ম ইত্যাদি সকল তোমারই বিভূতি বলিয়া কীর্ত্তন করা যায়॥

সর্ব্বসিদ্ধিনিষেবিত ॥ ৫৫ ॥

নিখিল সিদ্ধিগণ যাঁহার বশীভূত তাঁহাকে সর্ব্বসিদ্ধিনিষেবিত কহে॥ ৯৬ ॥

যথা—

দশভিঃ সিদ্ধিসখীভি, র্বৃতা মহাসিদ্ধয়ঃ ক্রমাদষ্টৌ।
অণিমাদয়ো লভন্তে ; নাবসরং দ্বারি কৃষ্ণস্য ॥ ৯৭ ॥

অবিচিন্ত্যমহাশক্তিঃ ॥ ৫৬ ॥

দিব্যসর্গাদিকর্ত্তৃত্বং ব্রহ্মরুদ্রাদিমোহনং।
ভক্তপ্রারব্ধবিধ্বংস ইত্যাদ্যচিন্ত্যশক্তিতা ॥ ৯৮ ॥

তত্র দিব্যসর্গাদিকর্ত্তৃত্বং যথা—

আসীচ্ছায়াদ্বিতীয়ং প্রথমমথ বিভুর্বৎসডিম্বাদিদেহা-

দশভিঃ অণূর্ম্মিমত্বাদিভিঃ ক্রমাৎ স্বস্বক্রমং প্রাপ্য সেবিতা ইত্যর্থঃ॥ সিদ্ধয়শ্চৈতা একাদশস্কন্ধে জ্ঞেয়াঃ ॥ ৯৭ ॥

দিব্যেত্যুত্তরোত্তরন্যূনক্রমঃ। ব্রহ্মরুদ্রাদিত্যাদিশব্দগ্রহণাৎ সঙ্কর্ষণোঽপি জ্ঞেয়ঃ। উত্তরোত্তরজ্ঞানপ্রকর্ষক্রমাদ্যথা তদ্বাক্যং। প্রায়ো মায়া তু মে ভর্ত্তুর্নাহ্যা মেঽপি বিমোহিনীতি। দিব্যত্বমত্র ব্রহ্মাণ্ডান্তর্যামিপর্য্যন্তং জ্ঞেয়ং বিধ্বংস ইতি বিধ্বংসনমিত্যর্থঃ ॥ ৯৮ ॥

আসীচ্ছায়াদ্বিতীয় ইত্যনেন নরলীলাময়ত্বাৎ। স্বয়ং ভগবত্ত্বব্যঞ্জকাতি

অণূর্ম্মিমত্বাদি দশটী সিদ্ধিরূপা সখীকর্ত্তৃক স্বস্বক্রমপ্রাপ্ত অণিমাদি অষ্ট মহাসিদ্ধি শ্রীকৃষ্ণের দ্বার দেশে প্রবেশের অবসর লাভ করিতেও সমর্থ হইতেছে না ॥ ৯৭ ॥

অথ অবিচিন্ত্যমহাশক্তি ॥ ৫৬ ॥

ব্রহ্মাণ্ডের অন্তর্যামি পর্য্যন্ত দিব্য সৃষ্টি কর্ত্তৃত্ব,ব্রহ্ম রুদ্রাদির মোহন এবং ভক্তজনের প্রারব্ধ খণ্ডন ইত্যাদিকে অবিচিন্ত্যশক্তি বলে ॥ ৯৮ ॥

তন্মধ্যে দিব্যসর্গাদিকর্ত্তৃত্ব যথা ॥

নরলীলাপ্রযুক্ত শরীরের ছায়াই যাঁহার দ্বিতীয় হইয়াছে,

মংশেনাংশেন চক্রে তদনু বহুচতুর্ব্বাহুতাং তেষু তেনে।
বৃত্তস্তত্ত্বাদিবীতৈরথ কমলভবৈঃ স্তুত্যমানো ঽখিলাত্মা
তাবদ্ব্রহ্মাণ্ডসেব্যঃ স্ফুটমজনি ততোঁযঃ প্রপদ্যে তমীশং॥৯৯

ব্রহ্মরুদ্রাদিমোহনো যথা—

মোহিতঃ শিশুকৃতৌ পিতামহো
হন্তশম্ভুরপি জৃম্ভিতো রণে।

তাৎকালিকত্বাচ্চ পূর্ব্বপ্রতিজ্ঞাতমদ্ভুতত্বমুদাহৃতং। এবমুত্তরত্রাপি। বৎসডিম্ভাদিদেহানংশেনেত্যেব পাঠঃ। তদেতচ্চ অদ্যৈব ত্বদৃতেঽস্য কিং মম নত ইত্যাদ্যনুসারেণাধিগম্যং। প্রকারান্তরমেতৎ পদ্যং তাক্তং॥ ৯৯॥

মোহিত ইতি বাণযুদ্ধানন্তরং কদাচিৎ পারিজাতপ্রত্যানয়নায় কৃতপ্রৌঢ়িপ্রলাপনিন্দ্রং প্রতি শ্রীনারদস্য হাস্যবচনং। অদ্যেতি। তস্য পূর্ব্ব-

---

সেই বিভু শ্রীকৃষ্ণ প্রথমে অংশাংশ দ্বারা বৎস ও বালকাদির দেহ রচনা করিয়া তৎপশ্চাৎ ঐ সকল বৎস বালকাদির দেহে অনেক চতুর্ব্বাহু মূর্ত্তি বিস্তার করিয়াছেন, তদনন্তর তত্ত্বজ্ঞানপরিশূন্য অনেকানেক ব্রহ্মা-কর্ত্তৃক স্তুত হইয়া অখিলাত্মা শ্রীকৃষ্ণ ততসংখ্যক ব্রহ্মাণ্ডের সেব্য হইয়া প্রকাশ পায়েন অতএব আমি সেই ঈশ্বরের শরণাপন্ন হই॥ ৯৯॥

ব্রহ্মরুদ্রাদিমোহন যথা—

একদা পারিজাত প্রত্যানয়ন করিবার নিমিত্ত কৃতপ্রৌঢ়িপ্রলাপ ইন্দ্রের প্রতি নারদ হাস্য প্রকাশ পূর্ব্বক কহিলেন, হে মহেন্দ্র! যিনি শিশুহরণ-বিষয়ে পিতামহকে মোহিত করিয়াছেন, যাঁহা কর্ত্তৃক বাণযুদ্ধে শম্ভু জৃম্ভিত হয়েন, সেই

যেন কংসরিপুণাদ্য তৎপুরঃ
কে মহেন্দ্র বিবুধা ভবদ্বিধাঃ ॥ ১০০ ॥

ভক্তপ্রারব্ধবিধ্বংসো যথা—

শ্রীদশমে ॥

গুরুপুত্রমিহানীতং নিজকর্ম্মনিবন্ধনং।
আনয়স্ব মহারাজ মচ্ছাসনপুরস্কৃতঃ ॥ ১০১ ॥

আদিশব্দেন দুর্ঘটঘটনাপি যথা ॥ ১০২ ॥

পরাজয়োঽপি সূচিতঃ ॥ ১০০ ॥

নিজং তদীয়ং কর্ম্মৈব তন্নিবন্ধনং তন্নয়নে নিমিত্তং যস্য তং। তর্হি কথং তৎ-প্রারব্ধকর্ম্মাতিক্রমিতব্যং তত্রাহ মচ্ছাসনেতি। ভক্তত্বমস্য পিতৃসম্বন্ধাৎ জ্ঞেয়ং ॥ ১০১ ॥

দুর্ঘটঘটনানামস্বীয়দুরূহাবস্থিতেঃ প্রকাশনং ॥ ১০২ ॥

কংসরিপুর অগ্রে অদ্য তোমার মত দেবতা সকল কোথা-কার কে? ॥ ১০০ ॥

ভক্তপ্রারব্ধবিধ্বংস যথা—

দশমস্কন্ধে ৪৫ অধ্যায়ে ৩৪ শ্লোকে ॥

ভগবান্ যমরাজকে কহিলেন আমার গুরুপুত্র নিজ কর্ম্মের কারণ এখানে আনীত হইয়াছেন, হে মহারাজ! আমার আজ্ঞায় পুরস্কৃত হইয়া তাঁহাকে শীঘ্র আনিয়া দাও ॥

ইহার তাৎপর্য্য। যদিও তিনি নিজ কর্ম্ম প্রযুক্ত পরি-গৃহীত হইয়াছেন তথাচ আমার আদেশে আনয়ন করিয়া দিলে তোমার কোন দোষ হইবে না ॥ ১০১ ॥

আদি শব্দ প্রযুক্ত দুর্ঘট ঘটনা যথা ॥ ১০২ ॥

অপি জনিপরিহীনঃ সূনুরাভীরভর্ত্তু-
র্বিভুরপি ভুজযুগ্মোৎসঙ্গপর্য্যাপ্তমূর্ত্তিঃ।
প্রকটিতবহুরূপোঽপ্যেকরূপঃ প্রভু র্মে
ধিয়ময়মবিচিন্ত্যানন্তশক্তি র্ধিনোতি ॥ ১০৩ ॥

কোটিব্রহ্মাণ্ডবিগ্রহঃ ॥ ৫৭ ॥

অগণ্যজগদণ্ডাঢ্যঃ কোটিব্রহ্মাণ্ডবিগ্রহঃ।

অপীতি শ্রীশুকদেব বাক্যং। অত্রচ অপি জনীতি। অজোঽপি জাতো জগতঃ শিবায়েতি শ্রীমদুদ্ধব-বচনাদিভ্যঃ সূনুরাভীরভর্ত্তুরিতি প্রাগ্বরং বসুদেবস্য কচিজ্জাত স্তবাত্মজ ইত্যাদিগর্গবাক্যাৎ। স্বপ্রসূর্গর্ভ জন্মেতি তু পাঠান্তরং বিভুরপি তয়ৈব মূর্ত্ত্যা সর্ব্বং ব্যাপ্নুবন্নপি শ্রীজনন্যাদীনাং ভুজযুগ্মোৎসঙ্গেন পর্য্যাপ্তা পূর্ণত্বেন প্রকাশমানা মূর্ত্তি র্যস্য সঃ। নচান্ত র্ন বহির্যস্যেত্যাদেঃ প্রকটিতেতি। চিত্রং বতৈতদেকেন বপুষা যুগপৎ পৃথক্। গৃহেষু ষ্টসাহস্রং স্ত্রিয় এক উদাবহদিতি শ্রীনারদবাক্যাৎ ॥ ১০৩ ॥

অগণ্যৈর্জগদণ্ডৈরাঢ্যো যুক্ত ইত্যত্র কাহং তম ইতি দর্শয়িত্বা মহাপুরুষত্বেঽপি

শুকদেব কহিলেন যিনি জন্মরহিত হইয়া গোপরাজ নন্দের তনয় হইয়াছেন, যিনি সর্ব্বব্যাপক হইয়া জননাদির ভুজযুগ্মের অন্তর্গত ক্রোড় মধ্যে পর্য্যাপ্ত ভাবে অপূর্ণরূপে প্রকাশ পাইতেছেন এবং যিনি বহুরূপ প্রকটন করিয়াও একরূপী, সেই অবিচিন্ত্য অনন্তশক্তিশালী বিভু শ্রীকৃষ্ণ আমার বুদ্ধিকে মোহিত করিতেছেন ॥ ১০৩ ॥

অথ কোটিব্রহ্মাণ্ডবিগ্রহ ॥ ৫৭ ॥

অগণ্য জগদণ্ডযুক্ত বিগ্রহকে কোটি ব্রহ্মাণ্ডবিগ্রহ কহে

ইতি শ্রীবিগ্রহস্যাস্য বিভুত্বমনুকীর্ত্তিতং ॥

তথা তত্রৈব ॥

ক্বাহং তমো মহমহং খচরাগ্নিবার্ভূ-
সংবেষ্টিতাণ্ডঘটসপ্তবিতস্তি কায়ঃ।
ক্বেদৃগ্বিধা হ্যবিগণিতাণ্ডপরাণুচর্য্যা-

সর্ব্ব ব্রহ্মাণ্ডব্যাপি বিগ্রহ [illegible] শ্রীকৃষ্ণস্যৈব কৈমুত্যমানীতং তচ্চ সর্ব্ব- [illegible] ময়া ততমিদং সর্ব্বমিত্যাদি। ক্বাহমিতি তু ব্যাখ্যায়তে। তমঃ প্রকৃতিঃ মহৎ মহত্তত্ত্বং অহমহঙ্কারঃ খমাকাশং চরো বায়ুঃ ভূঃ পৃথ্বী সেয়ং ব্রহ্মাণ্ডখর্পর- রূপৈবান্যত্র মন্যতে অত ততো ভিন্নত্বেন নির্দ্দেশস্তু শিলাপুত্রস্য শরীরমিতি বজ্রোক্তেঃ। এতৈঃ সংবেষ্টিতো যদণ্ডঘটঃ ব্রহ্মাণ্ডঘটঃ তস্য চ সমষ্টি- জীবরূপেণাভিমান্যহং ক্ব চতুর্মুখশরীরাভিমানিত্বেন সপ্তবিতস্তিকায় রূপশ্চ সুতরামহং ক্ব বিশেষণয়োঃ কর্ম্মধারয়ঃ। ঈদৃগ্বিধেত্যাদিরূপস্য

ইহাই শ্রীবিগ্রহের বিভুত্ব কীর্ত্তন করা হইল ॥

যথা দশমে ১৪ অধ্যায়ে ১১ শ্লোকে—

ব্রহ্মা কহিলেন হে ভগবন্! প্রকৃতি, মহৎ, অহঙ্কার আকাশ, বায়, তেজঃ, জল এবং পৃথিবী এই সকলে পরি- বেষ্টিত যে অণ্ড ঘট তাহাতে আত্মপরিমাণে সপ্তবিতস্তি- মাত্র পরিমিত আমার শরীর আমি কোথায়? আর তোমার মহিমাই বা কোথায়? অতএব ব্রহ্মাণ্ড বিগ্রহ বলিয়া আমি আপনাকে ঈশ্বর বলিতে পারি না। ব্রহ্মাণ্ড আমার শরীর বটে, কিন্তু এতাদৃশ অসংখ্য ব্রহ্মাণ্ডরূপ পরমাণু সকলের

বাতাধ্বরোমবিবরস্যচ তে মহিত্বং ॥ ১০৪ ॥

যথাবা ॥

তত্ত্বে ব্রহ্মাণ্ডমাঢ্যং সুরকুলভুবনৈশ্চাঙ্কিতং যোজনানাং
পঞ্চাশৎকোট্যথর্ব্বক্ষিতিখচিতমিদং যচ্চ পাতালপূর্ণং।
তাদৃগ্‌ব্রহ্মাণ্ডলক্ষাযুতপরিচয়ভাগেককক্ষং বিধাত্রা
দৃষ্টং যস্যাত্র বৃন্দাবনমপি ভবতঃ কঃ স্তুতৌ তস্য শক্তঃ ॥১০৫

অবতারাবলীবীজং ॥ ৫৮ ॥

তে তব মহিত্বং ক তত্র পরমাণবস্তেষাং চর্য্যাতু পরমাণুপক্ষে বহিরন্তর্গত্যা গতিরূপা। ব্রহ্মাণ্ডপক্ষে যথাকালমাবির্ভাবলয়রূপা বাতাধ্বা গবাক্ষঃ। ভগবৎ পক্ষে রোমবিবরঃ সূক্ষ্মতমৈকদেশঃ। যদুক্তং বিষ্ণুপুরাণে। যস্যা-যুতাযুতাংশাংশে বিশ্বশক্তিরিয়ং স্থিতেতি ॥ ১০৪ ॥

তদেতদেব বৃন্দাবনে দৃষ্টান্তেন দর্শয়তি যথাবেতি ॥ ১০৫ ॥

পরিভ্রমণার্থ গবাক্ষবৎ তোমার অঙ্গের প্রত্যেক রোমবিবর, সুতরাং আমি অতিতুচ্ছ, আমাকে অনুকম্পা কর ॥ ১০৪ ॥

যথাবা ॥

হে কৃষ্ণ! যে একটী ব্রহ্মাণ্ড প্রকৃতি ও মহৎ প্রভৃতি তত্ত্বে সম্মিলিত, দেবনিকরের ভুবন সমূহে অঙ্কিত, পঞ্চাশৎ কোটি যোজন ক্ষিতিমণ্ডলে খচিত এবং যাহা পাতাল দ্বারা পরিপূর্ণ, এমত অযুত লক্ষ ব্রহ্মাণ্ডের পরিচয় ভূমি স্বরূপ এক কক্ষ রূপে বিধাতা যাঁহার বৃন্দাবন দর্শন করিয়াছেন, তাদৃশ আপনাকে স্তব করিতে কে সমর্থ হইবে? ॥ ১০৫ ॥

অবতারাবলীবীজ যথা ॥ ৫৮ ॥

অবতারাবলীবীজমবতারী নিগদ্যতে ॥ ১০৬ ॥

যথা গীতগোবিন্দে ॥

বেদানুদ্ধরতে জগন্তি বহতে ভূগোলমুদ্বিভ্রতে
দৈত্যং দারয়তে বলিং ছলয়তে ক্ষত্রক্ষয়ং কুর্ব্বতে।
পৌলস্ত্যং জয়তে হলং কলয়তে কারুণ্যমাতন্বতে

অবতারীতি ভূমার্থমত্বর্থীয়ঃ সর্ব্বেভ্যোঽবতারিভ্যঃ পূর্ণত্বাৎ। এতে চাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্তু ভগবান্ স্বয়মিত্যুক্তেঃ ॥ ১০৬ ॥

তত্রাতিসিদ্ধপ্রমাণস্য পরমশাস্ত্রস্য শ্রীভাগবতবাক্যস্য তস্যৈব মহত্তি

যাঁহা হইতে অবতার সমূহ প্রকাশ পায় তাঁহাকে অবতারাবলীবীজ বলা যায় ॥ ১০৬ ॥

যথা গীতগোবিন্দে ॥

যিনি মৎস্যরূপে বেদ সকলকে উদ্ধার করিয়াছেন, কূর্ম্মরূপে পৃষ্ঠদেশে জগৎকে বহন করিয়াছেন, বরাহতনু পরিগ্রহপূর্ব্বক দন্তে ধরাকে ধারণ করিয়াছেন, নৃসিংহ মূর্ত্তিতে দৈত্যরাজ হিরণ্যকশিপুর বক্ষঃস্থল বিদীর্ণ করিয়াছেন, বামনমূর্ত্তিতে আবির্ভূত হইয়া বলিরাজকে ছলনা করিয়াছেন, পরশুরামরূপে ক্ষত্রিয়কুলকে নির্ম্মূল করিয়াছেন, রামরূপে অবতীর্ণ হইয়া রাক্ষসাধিপতি দশাননকে সংহার করিয়াছেন, বলরামরূপে হল (লাঙ্গলকে) গ্রহণ করিয়াছেন, বুদ্ধশরীরে পশুদিগের প্রতি করুণা বিস্তার করিয়াছেন, এবং যিনি কল্কিরূপে জন্ম পরিগ্রহ করিয়া ম্লেচ্ছ সকলকে সংহার করিয়াছেন, সেই দশাবতার

ম্লেচ্ছান্মূর্চ্ছয়তে দশাকৃতিকৃতে কৃষ্ণায় তুভ্যং নমঃ ॥ ১০৭ ॥

হতারিগতিদায়কঃ ॥ ৫৯ ॥

মুক্তিদাতা হতারীণাং হতারিগতিদায়কঃ ॥

যথা—

পরাভবং ফেনিল বক্ত্রতাঞ্চ
বন্ধঞ্চ ভীতিঞ্চ মৃতিঞ্চ কৃত্বা।
পবর্গদাতাপি শিখণ্ডমৌলে
ত্বং শাত্রবানামপবর্গদোঽসি ॥ ১০৮ ॥

লোকেঽপি দিগ্দর্শমস্তীত্যাহ তথা গীতগোবিন্দে ইতি ॥ ১০৭ ॥

মুক্তীত্যুপলক্ষণং পূতনাদিষু ভক্তিদাতৃত্বমপি জ্ঞেয়ং। তদেবমপ্যুক্তমমী কৃষ্ণে কিলাদ্ভুতা ইতি ॥ ১০৮ ॥

রূপ প্রকটনকারী শ্রীকৃষ্ণ তোমাকে নমস্কার করি ॥ ১০৭ ॥

হতারিগতিদায়ক যথা ॥

যিনি শত্রুগণকে বিনষ্ট করিয়া মুক্তি প্রদান করেন তাঁহাকে হতারিগতিদায়ক বলে ॥

যথা—

হে শিখণ্ডমৌলে! তুমি শত্রুগণের প্রতি পরাভব, ফেনিল (ফেনাযুক্ত) বদন, বন্ধন, ভয় ও মৃত্যু বিধান পূর্ব্বক পবর্গ প্রদান করিলেও, অর্থাৎ পরাভবের প, ফেণিল বক্ত্রের ফ, বন্ধনের ব, ভীতির ভ, এবং মৃতির ম, এই পঞ্চ পবর্গ প্রদ হইলেও, তাহাদিগকে মুক্তি প্রদান করিয়াছ ॥ ১০৮ ॥

যথা—

চিত্রং মুরারে সুরবৈরিপক্ষস্ত্বয়া সমন্তাদনুবদ্ধযুদ্ধঃ।
অমিত্রবৃন্দান্যবিভেদ্য ভেদং মিত্রস্য কুর্ব্বন্নমৃতং প্রয়াতি॥১০৯

আত্মারামগণাকর্ষী॥

আত্মারামগণাকর্ষীত্যেতদ্ব্যক্তার্থমেব হি॥

যথা—

পূর্ণং পরমহংসং মাং মাধবলীলামহৌষধির্ত্রাতা।

অমিত্রবৃন্দান্যবিভিদ্য ইত্যেব পাঠঃ। পক্ষে মিত্রঃ সূর্য্যঃ॥ ১০৯॥

সারঙ্গশ্চাতকো ভক্তশ্চ সারং গায়তীত্যুক্ত্যা সারঙ্গাণাং পদাম্বুজমিত্যুক্তেঃ। ভক্তপক্ষে সেতি পৃথক্ পদং। পক্ষান্তরে সারসং কমলং। তত্র চাতকী

যথাবা—

হে মুরারে! কি আশ্চর্য্যের বিষয়! দেব-বিপক্ষ অসুরগণ সর্ব্বতোভাবে তোমার সহিত যুদ্ধে উদ্‌যুক্ত হইয়াও শত্রুদিগকে ভেদ না করত মিত্রের ভেদপূর্ব্বক অর্থাৎ সূর্য্যমণ্ডল ভেদ করিয়া মোক্ষ লাভ করিয়াছে॥ ১০৯॥

অথ আত্মারামগণাকর্ষী॥ ৬০॥

আত্মারাম-গণাকর্ষির অর্থ স্পষ্টই বোধ হইতেছে, অর্থাৎ যিনি জ্ঞানিদিগকে আকর্ষণ করেন, তাঁহাকে আত্মারামগণাকর্ষি কহা যায়॥

যথা—

কি আশ্চর্য্যের বিষয়!, আমি পূর্ণ অর্থাৎ সর্ব্ব বিষয়ে আকাঙ্ক্ষাশূন্য এবং পরমহংস হইলেও, মাধবের লীলা-

কৃত্বা বত সারঙ্গং ব্যধিত কথং সারসে তৃষিতং ॥ ১১০ ॥

অথ অসাধারণচতুষ্কে লীলা যথা ॥ ৬১ ॥

বৃহদ্বামনে ॥

সন্তি যদ্যপি মে প্রাজ্যা লীলাস্তাস্তা মনোহরাঃ।

নহি জানে স্মৃতে রাসে মনো মে কীদৃশং ভবেৎ ॥

যথাবা ॥

পরিস্ফুরতু সুন্দরং চরিতমত্র লক্ষ্মীপতে-

স্তথা ভুবননন্দিনস্তদবতারবৃন্দস্য চ।

হরেরপি চমৎকৃতিপ্রকরবর্দ্ধনঃ কিন্তু মে

করণং তত্রাপি কমলে তৃষিতীকরণমিতি শ্লেষেঽপি দ্বিগুণীভাবাশ্চর্য্যমিতং॥১১০

সন্তীত্যাদাহরণদ্বয়ং পরমোৎকর্ষদর্শনার্থমেব লীলাবিশেষময়তয়া দর্শিতং তদীয়লীলাসামান্যমপি সর্ব্বোৎকৃষ্টতয়া শ্রীভাগবতাদৌ প্রসিদ্ধমিতি তত্তু ন দর্শিতং। তথাহি শ্রীপরীক্ষিদ্বাক্যং। যেন যেনাবতারেণেতি যচ্ছৃণতো-

---

রূপ মহৌষধি আমাকর্ত্তৃক আঘ্রাত (আস্বাদনীয়) হইয়া আমাকে ভক্তরূপে বিধানকরত ভক্তিরসে তৃষিত করিল? ॥১১০

অথ অসাধারণ চারিটীর মধ্যে লীলা যথা ॥ ৬১ ॥

বৃহদ্বামনে ॥

ভগবান্ কহিলেন যদিচ আমার সেই সেই মনোহরলীলা-সকল প্রচুররূপে রহিয়াছে, তথাপি রাসলীলা স্মরণ হইলে আমার মন যে কি প্রকার হয়,তাহা আমি বলিতে পারি না ॥

যথাবা ॥

লক্ষ্মীপতি নারায়ণের এবং জগদানন্দকারি-তদীয় অবতার সকলের চরিত্র সুন্দররূপে স্ফূর্ত্তি পাউক্, কিন্তু যাহা

বিভর্ত্তি হৃদি বিস্ময়ং কমপি রাসলীলারসঃ ॥ ১১ ॥

প্রেম্না প্রিয়াধিক্যং ॥ ৬২ ॥

যথা শ্রীদশমে ॥

অটতি যদ্ভবানহ্নি কাননং

ত্রুটি যুগায়তে ত্বামপশ্যতাং।

কুটিলকুন্তলং শ্রীমুখঞ্চ তে

জড় উদীক্ষতাং পক্ষ্মকৃদ্দৃশাং ॥ ১১২ ॥

হৈপত্যরতিবিতৃষ্ণেত্যাদি চ। প্রাজ্যাঃ প্রচুরাঃ ॥ ১১১ ॥

অটতীত্যুদাহরণমুৎকণ্ঠাদ্বারা তদ্বোধকং অন্যত্রাশ্রবণাৎ। বিশেষোদাহরণানি চৈতানি জ্ঞেয়ানি অহো ভাগ্যমিত্যাদি নেমং বিরিঞ্চ ইত্যাদি ইত্থং সতাং ব্রহ্মসুখানুভূত্যা ইত্যাদি, নায়ং শ্রিয়োঽঙ্গ উ নিতান্তরতেঃ প্রসাদ ইত্যাদি চ ॥ ১১২ ॥

হরিরও আশ্চর্য্যরাশি বর্দ্ধনকারী সেই রাসলীলা রস আমার হৃদয়ে বিস্ময় ধারণ করিতেছে ॥ ১১১ ॥

প্রেমবশতঃ প্রিয়াধিক্য যথা ॥ ৬২ ॥

শ্রীদশমে ৩১ অধ্যায়ে ১৫ শ্লোকে ॥

হে প্রিয়! দিবসে যখন তুমি বৃন্দাবনে গমন কর, তখন তোমাকে না দেখাতে প্রাণিমাত্রের পক্ষে ক্ষণার্দ্ধ কালও যুগবৎ অতিশয় দুর্যাপণীয় বোধ হয় এবং দিনান্তে তুমি প্রত্যাগত হইলে তোমার শোভন বদন অবলোকন করিয়া নিমেষ মাত্র ব্যবধানও অসহ্য হওয়াতে সেই সকল প্রাণির নিকটে চক্ষুর পক্ষ্মকারী অর্থাৎ নেত্রাবরক লোমনির্ম্মাণকর্ত্তা ব্রহ্মা জড় বলিয়া গণ্য হয়েন ॥ ১১২ ॥

যথাবা ॥

ব্রহ্মরাত্রিততিরপ্যঘশত্রো

সা ক্ষণার্দ্ধবদগাত্তব সঙ্গে।

হা ক্ষণার্দ্ধমপি বল্লবিকানাং

ব্রহ্মরাত্রিততিবদ্বিরহেঽভূৎ ॥ ১১৩ ॥

বেণুমাধুর্য্যং ॥ ৬৩ ॥

যথা তত্রৈব ॥

সবনশস্তদুপধার্য্য সুরেশাঃ

শক্র-সর্ব্ব-পরমেষ্ঠি-পুরোগাঃ।

ব্রহ্মরাত্রীতি। কেষাঞ্চিদ্ব্রহ্মরাত্র উপাবৃত্তে ইত্যস্য রাসান্তপদ্যস্য তথা ব্যাখ্যানাৎ। তথৈব চানুমতং শ্রীস্বামিচরণৈঃ। শশাঙ্কশ্চ সগণো বিস্মিতোঽভবদিত্যত্র কিন্তু তাস্তাঃ ক্ষপাঃ প্রেষ্ঠতমেনেত্যাদৌ শ্রীভগবদ্বাক্যং নির্ব্বিবাদমেব ॥ ১১৩ ॥

সবনশস্তদুপধার্য্যেত্যাদ্যন্তে নদ্যস্তদা তদুপধার্য্যেত্যাদীনি চ জ্ঞেয়ানি

যথাবা ॥

হে অঘনাশন! তোমার মিলনকালে বল্লবীগণের সম্বন্ধে ব্রহ্মরাত্রি সকলও ক্ষণার্দ্ধতুল্য গত হইয়াছিল, হায়! এক্ষণে তোমার বিরহে ঐ বল্লবীবৃন্দের ক্ষণার্দ্ধকালও ব্রহ্মরাত্রি সমূহের ন্যায় সুদীর্ঘ হইতেছে ॥ ১১৩ ॥

বেণুমাধুর্য্য যথা ॥ ৬৩ ॥

শ্রীদশমে ৩৫ অধ্যায় ৮ শ্লোকে ॥

গোপীগণ কহিলেন হে যশোদে! তোমার তনয় স্বর সকল যখন উন্নয়ন করেন তখন ইন্দ্র, রুদ্র, ব্রহ্মা প্রভৃতি দেবেশ্বরগণ আপনারা সুপণ্ডিত হইয়াও মোহ প্রাপ্ত হয়েন।

কবয় আনতকন্ধরচিত্তাঃ
কশ্মলং যযুরনিশ্চিততত্ত্বাঃ ॥ ১১৪ ॥
যথা বা বিদগ্ধমাধবে ॥
রুন্ধন্নম্বুভৃতশ্চমৎকৃতিপরং কুর্ব্বন্ মুহুস্তুম্বুরুং
ধ্যানাদন্তরয়ন্ সনন্দনমুখান্ বিস্মেরয়ন্ বেধসং।
ঔৎসুক্যাবলিভি র্বলিং চটুলয়ন্ ভোগীন্দ্রমাঘূর্ণয়ন্
ভিন্দন্নণ্ডকটাহভিত্তিমভিতো বভ্রাম বংশীধ্বনিঃ ॥ ১১৫ ॥

তদ্বেণুগীতং সবনশঃ বারম্বারং কশ্মলং মোহং। অনিশ্চিততত্ত্বাঃ কিমিদমিতি নিশ্চেতুমশক্তাঃ ॥ ১১৪ ॥

রুন্ধন্নিত্যত্র ফলরূপত্বেনৈব সর্ব্বত্র প্রসরণমণ্ডকটাহভেদশ্চ জ্ঞেয়ঃ। তত্ত তুম্বুরুচমৎকারাদিনা দর্শিতং। অলৌকিকস্বভাবত্বাৎ তচ্চোক্তং সবনশ ইত্যাদিনা। বিস্মেরয়ন্নিত্যত্র বিস্মায়য়ন্নিতি পাঠঃ শিষ্টঃ ॥ ১১৫ ॥

সে সময় গীতধ্বনি রাগে তাঁহাদের কন্ধর ও চিত্ত আনত হয়, হে সতি! ঐ সকল দেবতার মোহের কারণ এই, তাঁহারা সেই কল স্বরালাপের তত্ত্ব অর্থাৎ ভেদের নিশ্চয় করিতে পারেন নাই ॥ ১১৪ ॥

যথা বা বিদগ্ধমাধবে ॥

শ্রীকৃষ্ণের বংশীধ্বনি মেঘ সকলকে রোধ, তুম্বুরুকে আশ্চর্য্যান্বিত, সনন্দন প্রভৃতি যোগিগণকে ধ্যান হইতে বিচ্যুত, বিধাতাকে বিস্ময় প্রদান, উৎকণ্ঠার সহিত বলিকে চঞ্চল ওঅনন্তদেবের শিরঃকম্প বিধানপূর্ব্বক ব্রহ্মাণ্ডকটাহের ভিত্তি ভেদ করিয়া সর্ব্বতোভাবে ভ্রমণ করিয়াছিল ॥ ১১৫ ॥

রূপমাধুর্য্যং ॥ ৬৪ ॥

যথা তৃতীয়ে ॥

যন্মর্ত্যলীলৌপয়িকং স্বযোগ-
মায়াবলং দর্শয়তা গৃহীতং।
বিস্মাপনং স্বস্য চ সৌভগর্দ্ধেঃ
পরং পদং ভূষণভূষণাঙ্গং ॥

যদ্রূপমিতি পূর্ব্বেণান্বয়ঃ। স্বযোগমায়া স্বরূপভূতা অচিন্ত্যশক্তিঃ তস্যা বলং দর্শয়তা এতাবদপ্যস্তীতি তৎ প্রকটয়তা গৃহীতং আকৃষ্টং জগত্যাং আনীতং প্রকটিতমিত্যর্থঃ। তদেবমেবম্ভূতং ভগবন্মর্ত্যলীলৌপয়িকমিতি তত্তল্লীলায়া অপি মাহাত্ম্যং তথাবিধমেব দর্শিতং। মর্ত্যেষু লীলা মর্ত্যলীলা তস্যামৌপয়িকং তৎসদৃশলীলাযোগ্যদ্বিভুজাদিত্বাদতিমনোহরমিত্যর্থঃ। কিং বহুনা সর্ব্বকাল-দেশগত তত্তদ্রূপবেত্তুরপি স্বস্য চ বিস্মাপনং তাদৃগনন্যভবাৎ যতঃ সৌভগর্দ্ধেঃ পরং পদং পরমা প্রতিষ্ঠা। যৎ খলু ভূষণস্যাপি ভূষণমঙ্গং যত্র তাদৃশং ॥ ১১৬ ॥

রূপমাধুর্য্য যথা ॥ ৬৪ ॥

শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে ২ অধ্যায়ে ১২ শ্লোকে ॥

উদ্ধব বিদুরকে কহিলেন হে মহাশয়! সেই মূর্ত্তি অতি আশ্চর্য্য ছিল, ভগবান্ আপনার যোগমায়ার বল প্রদর্শন করিয়া তাহা গ্রহণ করিয়াছিলেন, সেই মূর্ত্তি মর্ত্যলীলার উপযুক্ত এবং সৌভাগ্য সম্পত্তির পরাকাষ্ঠা হওয়াতে তাঁহার আপনারও বিস্ময়জনক হইয়াছিল, অধিকন্তু সেই মূর্ত্তির অঙ্গ সকল এ রূপ শোভন ছিল যে, ভূষণ সকলকেও ভূষিত করিতে পারিত ॥

শ্রীদশমে ॥

কা স্ত্র্যঙ্গ তে কলপদামৃতবেণুগীত-
সম্মোহিতার্য্যচলিতান্ন চলেত্ত্রিলোক্যাং।
ত্রৈলোক্যসৌভগমিদঞ্চ নিরীক্ষ্য রূপং
যদ্গোদ্বিজ-দ্রুম-মৃগাঃ পুলকান্যবিভ্রন্ ॥ ১১৬ ॥

যথা বা ললিতমাধবে ॥

অপরিকলিতপূর্ব্বঃ কশ্চমৎকারকারী
স্ফুরতি মম গরীয়ানেষ মাধুর্য্যপূরঃ।

অপরিকলিতেতি। মণিভিত্তৌ স্বপ্রতিবিম্বলব্ধাতিশয়ং স্ববপুশ্চিত্রং দৃষ্ট

দশমস্কন্ধের ২৯ অধ্যায়ে। ৩৭ শ্লোকে ॥

হে অঙ্গ! কুলাঙ্গনাদিগের ঔপপত্যভাব নিন্দনীয় সত্য, কিন্তু আপনকার কল অর্থাৎ অস্ফুট মধুর শব্দময় অমৃতায়মান যে বেণুগীত, তাহাতে সম্মোহিত হইলে ত্রিলোকীমধ্যে কোন্ অবলা নিজধর্ম্ম হইতে বিচলিত না হয়? তাহাতে মুগ্ধ হইয়া পুরুষেরাও স্বধর্ম্ম হইতে বিচলিত হইয়া পড়ে। অপর, আপনকার ত্রৈলোক্য সৌভগ এই রূপ নয়নগোচর করিয়া কাহার বিস্ময় না হয়? যে হেতু গাভী, হরিণ, পক্ষী ও বৃক্ষ সকলও পুলকে পূর্ণ হইল ॥১৬॥

যথাবা ললিতমাধবে ॥

এক দিবস শ্রীকৃষ্ণ মণিভিত্তিতে স্বীয় মূর্ত্তিকে প্রতিবিম্বিত দর্শন করিয়া কহিলেন, আহা! আমার এ কি গরিষ্ঠ মাধুর্য্য প্রবাহ স্ফূর্ত্তি পাইতেছে, এ প্রকার আশ্চর্য্যকারী মাধুর্য্য পূর্ব্বে কখনও অবলোকন করি নাই, কি আশ্চর্য্যের

অয়মহমপি হন্ত প্রেক্ষ্য যং লুব্ধচেতাঃ
সরভসমুপভোক্তুং কাময়ে রাধিকেব ॥
সমস্তবিবিধাশ্চর্য্যকল্যাণগুণবারিধেঃ।
গুণানামিহ কৃষ্ণস্য দিঙ্মাত্রমুপদর্শিতং ॥ ১১৭ ॥
তথাচ শ্রীদশমে ॥
গুণাত্মনস্তেঽপি গুণান্ বিমাতুং
হিতাবতীর্ণস্য ক ঈশিরেঽস্য।
কালেন যৈর্ব্বা বিমিতাঃ সুকল্পৈ-
র্ভূপাংশবঃ খে মিহিকা দ্যুভাসঃ।

শ্রীভগবন্মনোরথঃ প্রতিক্ষণং নবনবায়মানতন্মাধুর্য্যত্বাৎ ॥ ১১৭ ॥

গুণাত্মনঃ স্বভাবা যস্য প্রকটিতপ্রাকৃতাতীতস্বাভাবিকানন্তগুণস্য তবাস্তাং তত্তদ্গুণানাং সমস্তানাং তথা প্রত্যেকমবান্তরবৃত্তিকোটীনাং গণনবার্ত্তা অস্য জগতো হিতাবতীর্ণস্য জগদ্গতানন্তজীবহিতায় তত্তদ্গুণৈকদেশমপ্যবতীর্য্য

বিষয় এই আমি যাহাকে অবলোকন করিয়া লুব্ধচিত্ত হওত শ্রীরাধার ন্যায় সহর্ষে উপভোগ করিতে অভিলাষ করিতেছি॥

সমস্ত বিবিধাশ্চর্য্য কল্যাণরূপ গুণের সমুদ্র শ্রীকৃষ্ণের গুণ সকলের মধ্যে কিঞ্চিন্মাত্র প্রদর্শিত হইল ॥ ১১৭ ॥

যথা দশমে ১৪ অধ্যায়ে ৭ শ্লোকে ॥

ব্রহ্মা কহিলেন হে দেব! তুমি এই বিশ্বের হিতার্থ গুণাবিষ্কার করত অবতীর্ণ এবং গুণসকলের অধিষ্ঠাতা, তোমার গুণের বিশেষ বিবরণ দূরে থাকুক, "তাহা এই পরিমাণ" ইহা বলিয়াও গণনা করিতে কোন্ ব্যক্তি সমর্থ হইবে? ভগবন্! যে সকল নিপুণ ব্যক্তি কর্ত্তৃক বহু জন্ম ও বহু কালে ভূমির

নিত্যগুণো বনমালী, যদপি শিখামণিরশেষনেতৃণাং।
ভক্তাপেক্ষিকমস্য, ত্রিবিধত্বং লিখ্যতে তাপি ॥
হরিঃ পূর্ণতমঃ পূর্ণতরঃ পূর্ণ ইতি ত্রিধা।
শ্রেষ্ঠমধ্যাদিভিঃ শব্দৈ র্নাট্যে যঃ পরিপঠ্যতে ॥ ১১৮ ॥
প্রকাশিতাখিলগুণঃ স্মৃতঃ পূর্ণতমো বুধৈঃ।
অসর্ব্বব্যঞ্জকঃ পূর্ণতরঃ পূর্ণোঽল্পদর্শকঃ ॥ ১১৯ ॥

প্রকটয়তস্তব যে তে গুণাংশাস্তত্র তত্র প্রকটিতাস্তানপি গণয়িতুং ক ঈশিয়ে ন কোঽপীত্যর্থঃ। তত্র সম্ভাবনানিরাসার্থমাহ যৈর্বেতি ॥ ১১৮ ॥

প্রকাশিতেতি। অত্রাখিলত্বমন্যদ্বয়াপেক্ষয়া জ্ঞেয়ং। ভক্তভক্ত্যনুরূপাধিকাধিকপ্রকাশাৎ। অসর্ব্বত্বং পূর্ব্বাপেক্ষয়া চাপলত্বঞ্চ স্বপূর্ব্বাপেক্ষয়া তথাপি পূর্ণতরত্বাদিকমন্যতরাপেক্ষয়া ॥ ১১৯ ॥

পরমাণু আকাশের হিমকণা এবং গগনস্থ নক্ষত্রাদির কিরণ পরমাণুরও গণনায় সমর্থ পরিগণিত হয়, তাহারাও তোমার গুণ গণনায় সমর্থ নহে ॥

অশেষ নায়কদিগের শিখামণি (শ্রেষ্ঠ) স্বরূপ বনমালী যদিচ নিত্যগুণশালী, তথাপি ইঁহার ভক্তাপেক্ষিক তিন প্রকার গুণ লিখিতেছি ॥

নাট্য শাস্ত্রে শ্রেষ্ঠ মধ্যাদি ভেদে হরি পূর্ণতম, পূর্ণতর ও পূর্ণ বলিয়া সম্যক্‌রূপে কীর্ত্তিত হয়েন ॥ ১১৮ ॥

অখিলগুণ-প্রকাশক পূর্ণতম, তদপেক্ষা অল্পগুণ-প্রকাশক পূর্ণতর, তাহা অপেক্ষাও অল্পগুণ-প্রকাশক পূর্ণ, পণ্ডিতগণ এই ত্রিবিধরূপে কীর্ত্তন করিয়াছেন ॥ ১১৯ ॥

কৃষ্ণস্য পূর্ণতমতা ব্যক্তাভূদ্গোকুলান্তরে।
পূর্ণতা পূর্ণতরতা দ্বারকামথুরাদিষু।
স পুনশ্চতুর্বিধঃ স্যাদ্ধীরোদাত্তশ্চ ধীরললিতশ্চ।
ধীরপ্রশান্তনামা তথৈব ধীরোদ্ধতঃ কথিতঃ।
বহুবিধ গুণ ক্রিয়াণামাস্পদভূতস্য পদ্মনাভস্য।
তত্তল্লীলাভেদাদ্বিরুধ্যতে নহি চতুর্ব্বিধতা॥
তত্র ধীরোদাত্তঃ॥
গম্ভীরো বিনয়ী ক্ষন্তা করুণঃ সুদৃঢ়ব্রতঃ।

কৃষ্ণস্যেতি অত্র পূর্ণতমতাচৈশ্বর্য্যগতাঃ। তাবৎ সর্ব্বে বৎসপালাঃ পশ্যতোঽজস্য তৎক্ষণাৎ। ব্যদৃশ্যন্ত ঘনশ্যামাঃ পীতকৌশেয়বাসস ইত্যাদিষু মাধুর্য্যগতা। নন্দঃ কিমকরোদ্ব্রহ্মন্ শ্রেয় এবং মহোদয়মিত্যাদিষু। কৃপাগতা চ। অহো বকী যং স্তনকালকূটমিত্যাদিষু, দ্বারকামথুরাদিষ্বিতি ন যথাসংখ্যতয়া

গোকুল মধ্যে শ্রীকৃষ্ণের পূর্ণতমতা, মথুরায় পূর্ণতরতা এবং দ্বারকায় পূর্ণত্ব ব্যক্ত হইয়াছে।

সেই শ্রীকৃষ্ণ পুনরায় চতুর্ব্বিধরূপে কথিত হয়েন। যথা-ধীরোদাত্ত, ধীরললিত, ধীরপ্রশান্ত এবং ধীরোদ্ধত॥

যদি বল এক নায়কে চতুর্ব্বিধ গুণ কি রূপে প্রকাশ পাইতে পারে, তাহার উত্তর এই যে, ভগবান্ পদ্মনাভ বহু বিধ গুণ ও ক্রিয়ার আস্পদ স্বরূপ, সেই সেই লীলা ভেদে চতুর্ব্বিধতা বিরুদ্ধ হয় না অর্থাৎ লীলাবশতঃ সকলই সম্ভবে॥

তন্মধ্যে ধীরোদাত্ত যথা॥

যে ব্যক্তি গম্ভীর প্রকৃতি, বিনয়ান্বিত, ক্ষমাগুণশালী

অকত্থনো গূঢ়গর্ব্বো ধীরোদাত্তঃ সুসত্ত্বভৃৎ ॥ ১২০ ॥

যথা ॥

বীরম্মন্যমদপ্রহারি হসিতং ধৌরেয়মার্ত্তোদ্ধৃতৌ
নির্ব্যূঢ়ব্রতমুন্নতক্ষিতিধরোদ্ধারেণ ধীরাকৃতিং।
ময্যুচ্চৈঃ কৃতকিল্বিষেঽপি মধুরং স্তুত্যা মুহুর্যন্ত্রিতং
প্রেক্ষ্য ত্বাং মম দুর্বিতর্ক্যহৃদয়ং ধীর্গীশ্চ নস্পন্দতে ॥১২১

প্রয়োগঃ সমসংখ্যত্বেনাপ্রয়োগাৎ কিন্তু যথাসম্ভব তয়ৈব কুত্রচিৎ কস্যাপি বিশেষ দর্শনাৎ ॥ ১২০ ॥

বীরমিতি। মহেন্দ্রবাক্যং তত্র বীরম্মন্যেতি গূঢ়গর্ব্বত্বং ধৌরেয়মিতি করুণত্বং নির্ব্যূঢ়েতি সুদৃঢ়ব্রতত্বং উন্নতেতি সুসত্ত্বভৃত্বং। ময়ীতি ক্ষন্তৃত্বং স্তুত্যা ইতি বিনয়িত্বমকত্থনঞ্চ। দুর্ব্বিতর্ক্য হৃদয়মিতি গম্ভীরত্বং দর্শিতং। মম ধীরিত্যাদিরন্বয়ঃ ॥ ১২১ ॥

করুণ, দৃঢ়ব্রত, আত্মশ্লাঘাশূন্য, গূঢগর্ব্ব, ধীর এবং সুন্দরদেহধারী তাহাকেই ধীরোদাত্ত কহায়ায় ॥ ১২০ ॥

যথা ॥

যাঁহার হাস্য বীরাভিমানিদিগের গর্ব্বহরণ করে, যিনি আর্ত্তজনের উদ্ধার বিষয়ে ভারগ্রাহী, যিনি দৃঢ়প্রতিজ্ঞ, যিনি উন্নত ক্ষিতিধর (পর্ব্বত) উদ্ধরণ-বিষয়ে ধীরাকৃতি, আমি অতিশয় রূপে কৃতাপরাধ হইলেও যিনি মধুরাকৃতি, যিনি স্তবদ্বারা বশীভূত হইয়া থাকেন, তাদৃশ দুর্বিতর্ক্য হৃদয় আপনাকে অবলোকন করিয়া আমার বুদ্ধি অথবা বাক্য কিছুই স্ফূর্ত্তি পাইতেছে না ॥ ১২১ ॥

গম্ভীরত্বাদি-সামান্য-গুণা যদিহ কীর্ত্তিতাঃ।
তদেতেষু তদাধিক্য-প্রতিপাদনহেতবে।
ইদং হি ধীরোদাত্তত্বং পূর্ব্বৈঃ প্রোক্তং রঘূদ্বহে।
তত্তদ্ভক্তানুসারেণ তথা কৃষ্ণে বিলোক্যতে ॥ ১২২ ॥
অথ ধীরললিতঃ ॥
বিদগ্ধো নবতারুণ্যঃ পরিহাসবিশারদঃ।
নিশ্চিন্তো ধীরললিতঃ স্যাৎ প্রায়ঃ প্রেয়সীবশঃ ॥ ১২৩ ॥

গম্ভীরত্বাদীতি। এতেষু ধীরোদাত্তাদিষু তেষাং গাম্ভীর্য্যাদীনামাধিক্য প্রতিপাদনহেতবে। তদন্যান্ সর্ব্বান্ গুণানুপমদ্য সমুদয়েনাবির্ভূতানাং তেষাং স্পষ্টত্বজ্ঞাপনার্থমিত্যর্থঃ ॥ ১২১ ॥

প্রেয়সীনাং প্রেমবিশেষযুক্তানাং তারতম্যেন বশীভূতঃ। যথোক্তং। যা মা ভজন্ দুর্জরগেহশৃঙ্খলাঃ সংবৃশ্চ্য তদ্বঃ প্রতিযাতু সাধুনা। ইতি। অনয়ারাধিতো নূনমিত্যাদি চ ॥ ১২৩ ॥

এস্থলে গম্ভীরত্বাদি সামান্য গুণ সকল যাহা কীর্ত্তন করা হইয়াছে, তাহা ধীরোদাত্তাদি সকলে আধিক্য প্রতিপাদনের নিমিত্ত জানিতে হইবে ॥

পূর্ব্বতন পণ্ডিতগণ শ্রীরামচন্দ্রে ধীরোদাত্তত্ব গুণ কীর্ত্তন করিয়াছেন, তত্তৎ ভক্তানুসারে শ্রীকৃষ্ণেতে সেই সকল গুণ দেখিতে পাওয়া যায় ॥ ১২২ ॥

অথ ধীরললিত ॥

যে ব্যক্তির রসিকতা, নবযৌবন, পরিহাসপটুতা ও নিশ্চিন্ত্যতা প্রভৃতি গুণ সকল বিদ্যমান, তাহাকে ধীরললিত বলিয়া নির্দ্দেশ করাযায় এবং তিনি প্রায় প্রেয়সীর বশীভূত

যথা ॥

বাচা সূচিতশর্ব্বরীরতিকলাপ্রাগল্‌ভ্যয়া রাধিকাং
ব্রীড়াকুঞ্চিতলোচনাং বিরচয়ন্নগ্রে সখীনামসৌ।
তদ্বক্ষোরুহচিত্রকেলিমকরীপাণ্ডিত্যপারং গতঃ
কৈশোরং সফলীকরোতি কলয়ন্ কুঞ্জে বিহারং হরিঃ ॥
গোবিন্দে প্রকটং ধীরললিতত্বং প্রদৃশ্যতে।
উদাহরন্তি নাট্যজ্ঞাঃ প্রায়োঽত্র মকরধ্বজং ॥ ১২৪ ॥

বাচেতি। যজ্ঞপত্নীসদৃশীঃ প্রতি তত্তল্লীলান্তরঙ্গদূত্যা বাক্যং ॥ ১২৪ ॥

হইয়া থাকেন ॥ ১২৩ ॥

যথা ॥

যজ্ঞপত্নী সদৃশীর প্রতি তত্তল্লীলার অন্তরঙ্গ দূতী কহিলেন অহে সখীবৃন্দ! এক দিবস কুঞ্জমধ্যে শ্রীরাধা সহচরীমণ্ডলে পরিবেষ্টিত হইয়া রহিয়াছেন, এমত সময়ে শ্রীকৃষ্ণ ঐ সভায় আসিয়া উপস্থিত হইলেন, পরে উপবেশন পূর্ব্বক সখীগণের অগ্রে প্রাগল্‌ভ্য বচন দ্বারা রজনীবিলাস বৃত্তান্ত কীর্ত্তন করিতে লাগিলে, শ্রীরাধা লজ্জায় কুঞ্চিতলোচনা হইলেন, ইত্যবসরে শ্রীকৃষ্ণ তদীয় পয়োধর যুগলে বিচিত্র তিলক রচনার পাণ্ডিত্য প্রদর্শন করত কুঞ্জমধ্যে কৈশোর বিহার সফল করিয়াছিলেন ॥

শ্রীকৃষ্ণে প্রকট রূপেই ধীরললিতত্ব দেখাযায়, কিন্তু নাট্যশাস্ত্রজ্ঞেরা ধীরললিতত্ব বিষয়ে প্রায় কন্দর্পকেই উদাহরণ করিয়া থাকেন ॥ ১২৪ ॥

অথ ধীরশান্তঃ ॥

শমপ্রকৃতিকঃ ক্লেশসহনশ্চ বিবেচকঃ।
বিনয়াদিগুণোপেতো ধীরশান্ত উদীর্য্যতে ॥

যথা ॥

বিনয়মধুরমূর্ত্তির্মন্থরস্নিগ্ধতারো
বচনপটিমভঙ্গীসূচিতাশেষনীতিঃ।
অভিদধদিহ ধর্ম্মং ধর্ম্মপুত্রোপকণ্ঠে

ঃবিনয়মধুরমূর্ত্তিরিত্যত্র বিনয়েন তৎক্লেশসহনত্বমপি লক্ষ্যতে। যথোক্ত-স্তত্রৈব তথা তদ্ব্যবহারঃ সারথ্যপারিষদসেবনসখ্যদৌত্যবীরাসনানুগমনস্তবন-প্রণামং। স্নিগ্ধেষু পাণ্ডুষু জগৎপ্রণতিঞ্চ বিষ্ণোর্ভক্তিং করোতি নৃপতিশ্চরণার-

---

অথ ধীরশান্তঃ ॥

যে ব্যক্তি শান্ত প্রকৃতি, ক্লেশ সহিষ্ণু, বিবেচক ও বিনয়াদিগুণযুক্ত পণ্ডিতগণ তাহাকেই ধীরশান্ত বলিয়া কীর্ত্তন করেন ॥

যথা ॥

ধর্ম্মনন্দন যুধিষ্ঠিরের নিকট ধর্ম্মকীর্ত্তনকারি কংসবৈরি শ্রীকৃষ্ণকে সন্দর্শন করিয়া বোধ হইল তিনি যেন সাক্ষাৎ দ্বিজপতির ন্যায় প্রকাশ পাইতেছেন, আশ্চর্য্যের কথা কি বলিব, বিনয় বশতঃ তদীয় মূর্ত্তি অতিশয় মধুর, চক্ষুর্দ্বয়ের তারা মন্থর অথচ স্নিগ্ধ এবং বাক্ পটুতা ভঙ্গিদ্বারা অশেষ নীতি সকল সূচিত হইতেছিল ॥

পণ্ডিতগণ যুধিষ্ঠির প্রভৃতিকেও ধীরশান্ত বলিয়া কীর্ত্তন

দ্বিজপতিরিব সাক্ষাৎ প্রেক্ষ্যতে কংসবৈরী ॥
যুধিষ্ঠিরাদিকো ধীরৈ র্ধীরশান্তঃ প্রকীর্ত্তিতঃ ॥
অথ ধীরোদ্ধতঃ ॥
মাৎসর্য্যবানহঙ্কারী মায়াবী রোষণশ্চলঃ।
বিকত্থনশ্চ বিদ্বদ্ভির্ধীরোদ্ধত উদাহৃতঃ ॥ ১২৫ ॥
যথা ॥
আঃ পাপিন্ জবনেন্দ্র দর্দ্দুর পুন র্ব্যাঘুট্য সদ্যস্ত্বয়া
বাসঃ কুত্রচিদন্ধকূপকুহরক্রোড়েঽদ্য নির্ম্মীয়তাং।

বিন্দে ইতি। অত্র শৃণ্বন্নিতি পূর্ব্বেণান্বয়ঃ। বীরাসনং খড়্গহস্ততয়া স্থিতস্য রাত্রৌ জাগরণং। নৃপতিঃ পরীক্ষিৎ। উদাহরণে ধর্ম্মপুত্রোপকণ্ঠ ইত্যেব পাঠঃ ॥ ১২৫ ॥

আঃ পাপিন্নিতি পত্রিকেয়ং ব্যাঘুট্য বিনিবৃত্য। হেলেত্যাদিনাত্র মায়া-

---

করিয়াছেন ॥

অথ ধীরোদ্ধত ॥

যে ব্যক্তি মাৎসর্য্যযুক্ত অহঙ্কারী, ক্রোধপরবশ, চঞ্চল এবং আত্মশ্লাঘী পণ্ডিতগণ তাহাকে ধীরোদ্ধত বলিয়া উদাহরণ করেন ॥ ১২৫ ॥

যথা ॥

শ্রীকৃষ্ণ কালজবনকে পত্র লিখিতেছেন, অরে পাপরূপি জবনেন্দ্র ভেক! এখনি নিবর্ত্ত হইয়া কোন অন্ধকূপের গর্ত্ত মধ্যে বাস স্থান নির্ম্মাণ কর, এখানে কৃষ্ণ নামক কৃষ্ণভুজগ স্বরূপ আমি তোকে গ্রহণ করিবার নিমিত্ত জাগরূক রহি-

হেলোত্তানিতদৃষ্টিমাত্রভসিতব্রহ্মাণ্ডভাণ্ডঃ পুরো
জাগর্ম্মি ত্বদুপগ্রহায় ভুজগঃ কৃষ্ণোঽত্র কৃষ্ণাভিধঃ ॥
ধীরোদ্ধতস্তু বিদ্বদ্ভি র্ভীমসেনাদিরুচ্যতে ॥ ১২৬ ॥
মাৎসর্য্যাদ্যাঃ প্রতীয়ন্তে দোষত্বেন যদপ্যমী।
লীলাবিশেষশালিত্বান্নির্দোষেঽত্র গুণাঃ স্মৃতাঃ ॥
যথাবা ॥
অম্ভোভারভর প্রণম্রজলদভ্রান্তিং বিতন্বন্নসৌ

বিস্বঞ্চায়াতং বস্তুতস্তু তথাত্বাভাবাৎ ॥ ১২৬ ॥

লীলা বিশেষোঽত্র ভক্তরক্ষণায় দুষ্টদমনরূপঃ তৎশালিত্বাত্তদুপযোগিত্বাদিত্যর্থঃ। আঃ পাপিন্নিত্যত্র ভক্তিরসত্বাব্যক্তিসাশঙ্ক্যোদাহরণান্তরং মাৎসর্য্যাভাসমর্য তদ্রসত্বেন দর্শয়তি যথা বেতি। অম্ভোভারভর প্রণম্রইত্যেব পাঠঃ। পাঠান্তরে শত্রুস্তেন সহ তৎপুরুষেঽপি স্যাৎ। আড়ম্বরঃ সমারম্ভে গজগর্জ্জিত-

---

য়াছি, আমার পরাক্রম জানিস্ না, আমি অবহেলা পূর্ব্বক ঊর্দ্ধদিকে দৃষ্টি নিক্ষেপ করিলেই ব্রহ্মাণ্ড ভস্ম হইয়া যায় ॥

পণ্ডিতগণ ভীমসেন প্রভৃতিকে ধীরোদ্ধত বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥ ১২৬ ॥

যদিচ মাৎসর্য্য প্রভৃতি দোষত্ব রূপে প্রতীয়মান হয় তথাচ লীলা বিশেষ শালিত্ব প্রযুক্ত এই নির্দ্দোষ পাত্রে গুণরূপে পরিণত হয় ॥

যথাবা ॥

অরে শ্রীদাম কুরঙ্গ! (হরিণ) আমি জলদরাশির ভারবাহি নম্রীভূত জলদপুঞ্জের ভ্রান্তি বিস্তার করিতে করিতে

ঘোরাড়ম্বরডম্বরঃ সুবিকটামুৎক্ষিপ্য হস্তার্গলাং।
দুর্ব্বারঃ পরবারণঃ স্বয়মহং লব্ধোঽস্মি কৃষ্ণঃ পুরো
রে শ্রীদাম কুরঙ্গসঙ্গরভুবো ভঙ্গং ত্বমঙ্গীকুরু ॥ ১২৭ ॥
মিথো বিরোধিনোঽপ্যত্র কেচিন্নিগদিতা গুণাঃ।
হরৌ নিরঙ্কুশৈশ্বর্য্যাৎ কোঽপি ন স্যাদসম্ভবঃ ॥
তথা চ কৌর্ম্মে
অস্থূলশ্চানণুশ্চৈব স্থূলোঽণুশ্চৈব সর্ব্বতঃ।
অবর্ণঃ সর্ব্বতঃ প্রোক্তঃ শ্যামো রক্তান্তলোচনঃ।

তূর্য্যয়োরিতি বিশ্বঃ। ততশ্চ ঘোরো ভয়ানক আড়ম্বরস্য ডম্বরত্বাটোপো যস্য সঃ ॥ ১২৭ ॥

পুনর্মাৎসর্য্যাদ্যা ইত্যাদিকং স্থাপয়ন্ গুণবৈচিত্রীং দর্শয়তি মিথ ইতি।

হস্তার্গল (শুণ্ড) উত্তোলন পূর্ব্বক গভীর গর্জনকারি কৃষ্ণনামক দুর্নিবার মহামতঙ্গজ স্বয়ং আসিয়া উপস্থিত হইলাম, অতএব তুই রঙ্গভূমি হইতে ভঙ্গ (পরাজয়) অঙ্গীকার কর ॥ ১২৭

এস্থলে যে সকল গুণ উক্ত হইল, তাহারা পরস্পর বিরুদ্ধ হইলেও নিরঙ্কুশ ঐশ্বর্য্য প্রযুক্ত হরিতে কোনই অসম্ভব নহে, সকলই সম্ভব হইতে পারে ॥

যথা কূর্ম্মপুরাণে ॥

ভগবান্ হরি স্থূলও নহেন, সূক্ষ্মও নহেন, কিন্তু সর্ব্বতোভাবে স্থূলও হয়েন, সূক্ষ্মও হয়েন, তিনি সর্ব্বথা অগুণ অথচ শ্যামবর্ণ ও রক্তান্তলোচন, ঐশ্বর্য্য যোগ হেতু বিরুদ্ধার্থকেও গ্রহণ করেন।

ঐশ্বর্য্যযোগাদ্ভগবান্ বিরুদ্ধার্থোঽভিধীয়তে।
তথাপি দোষাঃ পরমে নৈবাহার্য্যাঃ কথঞ্চন।
গুণা বিরুদ্ধা অপ্যেতে সমাহার্য্যাঃ সমন্ততঃ॥ ১২৮॥
মহাবারাহে॥
সর্ব্বে নিত্যাঃ শাশ্বতাশ্চ দেহাস্তস্য পরাত্মনঃ।
হানোপাদানরহিতা নৈব প্রকৃতিজাঃ ক্বচিৎ।
পরমানন্দসন্দোহা জ্ঞানমাত্রাশ্চ সর্ব্বতঃ।
সর্ব্বে সর্ব্বগুণৈঃ পূর্ণাঃ সর্ব্বদোষবিবর্জ্জিতাঃ॥
বৈষ্ণবতন্ত্রে॥
অষ্টাদশমহাদোষৈ রহিতা ভগবত্তনুঃ।

নিরঙ্কুশৈশ্বর্য্যাৎ সর্ব্ববশীকারিত্বাৎ সর্ব্বাশ্রয়ত্বাদিত্যর্থঃ॥ ১২৮॥
শাশ্বতা জগতি পুনঃ পুনরাবির্ভাবিনঃ। সর্ব্বগুণৈরিত্যত্র স্বস্বাপেক্ষিতৈ-

---

যদিচ গুণ সকল পরস্পর বিরুদ্ধ তথাপি পরমপুরুষ হরিতে দোষ উদাহরণ করিতে নাই,সকলের সমাধান করিয়া উদাহরণ করা কর্ত্তব্য॥ ১২৮॥

মহাবরাহপুরাণে॥

ভগবান্ পরমাত্মার যে সমস্ত দেহ তৎসমুদায় নিত্য ও শাশ্বত অর্থাৎ পুনঃ পুনঃ আবির্ভাব বিশিষ্ট, সে সকলের ত্যাগও নাই এবং তাহা মায়াজনিতও নহে, সে সকল দেহ সর্ব্বতোভাবে পরমানন্দস্বরূপ ও জ্ঞানময়, সকলগুণে পরিপূর্ণ ও সর্ব্ব-দোষে বর্জ্জিত॥

যথা বৈষ্ণবতন্ত্রে॥

ভগবদ্বিগ্রহ অষ্টাদশ মহাদোষে বিবর্জ্জিত এবং তাহা

সর্ব্বৈশ্বর্য্যময়ী সত্যবিজ্ঞানানন্দরূপিণী ॥ ১২৯ ॥

অষ্টাদশ মহাদোষা যথা ॥

বিষ্ণুজামলে ॥

মোহস্তন্দ্রা ভ্রমো রুক্ষরসতা কাম উল্বণঃ।

বিতি জ্ঞেয়ং। এতেচাংশকলাঃ পুংস ইত্যুক্তেঃ ॥ ১২৯ ॥

মোহস্তন্দ্রেতি। ভক্তপ্রেমসম্বন্ধেন ত্বেতে চ গুণত্বায় কল্পন্তে। যথা তত্রো বৎসানদৃষ্ট্বৈত্য গুলিনেঽপি চ বৎসপানিত্যাদৌ মোহঃ। ক্বচিৎ পল্লবতল্পেষু নিযুদ্ধশ্রমকর্ষিতঃ। বৃন্দাবনাশ্রয়ঃ শেতে গোপোৎসঙ্গোপবর্হণ ইত্যাদৌ তন্দ্রা খেদশ্রমাঃ। তাবদ্বিযুগ্মমস্কৃষ্য ইত্যারভ্য অনুস্মৃত্য লোকং মুগ্ধপ্রভীতবদুপেয়তুরস্তিমাত্রোরিত্যাদৌ ভ্রমঃ রুক্ষরসতা নাম প্রেমসম্বন্ধং বিনা রাগঃ। সতু নাস্ত্যেব। উল্বণো দুঃখদঃ কামো লৌকিকঃ। তস্য প্রেমরূপকামত্বাৎ সচ নাস্ত্যেব। লোলতা চাঞ্চল্যং। সা চ গুণো যথা। বৎসানুগুন্ ক্বচিদসময়ে ইত্যাদৌ। মদোঽপি যথা। মদাবঘূর্ণিতলোচন ঈষদিত্যাদৌ। তথা মাৎসর্য্যং। লোকেশমানিনাং সৌত্যাদ্ধরিষ্যে শ্রীমদং তম ইত্যাদৌ। হিংসা তু স্ফুটৈব বহুত্র। অসত্যং। নাহং ভক্ষিতবানস্ব ইত্যাদৌ। জরাসন্ধস্কন্দনাদৌ চ ক্রোধোঽপি তত্র তত্র প্রসিদ্ধ এব। আকাঙ্ক্ষা। তাং স্তন্যপানমাসাদ্য ইত্যাদৌ। আশঙ্কা কাপ্য-

---

সর্ব্বৈশ্বর্য্যময় ও সত্য জ্ঞান আনন্দস্বরূপ ॥ ১২৯ ॥

অষ্টাদশ মহাদোষ যথা ॥

বিষ্ণুজামলে ॥

মোহ, তন্দ্রা (খেদবিষয়ক শ্রম) ভ্রম, রুক্ষরস, উল্বণ-কাম অর্থাৎ দুঃখপ্রদ লৌকিক কাম, লোলতা (চাঞ্চল্য) মদ, মাৎসর্য্য, হিংসা, খেদ, পরিশ্রম, অসত্য, ক্রোধ, আকাঙ্ক্ষা

লোলতা মদমাৎসর্য্যে হিংসা খেদপরিশ্রমৌ।
অসত্যং ক্রোধ আকাঙ্ক্ষা আশঙ্কা বিশ্ববিভ্রমঃ।
বিষমত্বং পরাপেক্ষা দোষা অষ্টাদশোদিতাঃ ইতি ॥১৩০॥
ইত্থং সর্ব্বাবতারেভ্যস্ততোঽপ্যত্রাবতারিণঃ।
ব্রজেন্দ্রনন্দনে সুষ্ঠু মাধুর্য্যভর ঈরিতঃ॥ ১৩১ ॥
তথাচ ব্রহ্মসংহিতায়ামাদিপুরুষরহস্যে ॥

দৃষ্টান্তবিপিন ইত্যাদৌ। বিশ্ববিভ্রমজগদাবেশঃ। সচ ব্রহ্মাদিভক্তসম্বন্ধেন জগৎপালনেচ্ছাময়ঃ বৈষম্যং সমোঽহং সর্ব্বভূতেষু ন মে দ্বেষ্যোঽস্তি ন প্রিয়ঃ। যে ভজন্তি তু মাং ভক্ত্যা ময়ি তে তেষু চাপ্যহমিত্যাদৌ। পরাপেক্ষা চ। অহং ভক্তপরাধীন ইত্যাদাবিতি। তস্মাৎ ক শোকমোহৌ স্নেহো বা ভয়ম্বা যেঽজ্ঞসম্ভবা-ইত্যত্র ত্বজ্ঞসম্ভবা যে তএব ন সন্তি নতু বিজ্ঞসম্ভবাঃ তেঽপীতি মতং। বিজ্ঞসম্ভবত্বন্তু তেষাং শ্রীশুকদেবাদিষু তৎস্মারিতানন্তত্বতাখিলেন্দ্রিয় ইত্যাদ্যুক্তেঃ ভগবৎপ্রেমমোহাদৌ দৃষ্ট ইতি ॥ ১৩০ ॥

পূর্ব্বোক্তপূর্ণতমত্বং ব্যঞ্জয়ন্নুপসংহরতি ইত্থমিতি পূর্ব্বোক্তপ্রকারেণেত্যর্থঃ। ততস্তস্মাৎপ্রসিদ্ধাদবতারিণো নানাবতারকর্ত্তুর্মহাবিষ্ণুতোঽপি। অত্র সুষ্ঠ্বিতি মাধুর্য্যস্য প্রাচুর্য্যাদেবোক্তিরৈশ্বর্য্যমপি জ্ঞেয়মিত্যর্থঃ ॥ ১৩১ ॥

বিশ্ববিভ্রম অর্থাৎ ব্রহ্মাদি ভক্তসম্বন্ধবশতঃ জগৎপালনেচ্ছাময়, বৈষম্য ও পরাপেক্ষা অর্থাৎ পরের অপেক্ষা করা, এই অষ্টাদশ দোষ কথিত হইল ॥ ১৩০ ॥

এইরূপ সমুদায় অবতার হইতে শ্রেষ্ঠ সর্ব্বাবতারকারি মহাবিষ্ণু অপেক্ষা ব্রজেন্দ্রনন্দনে সুন্দরমাধুর্য্যরাশি বর্ণিত হইল, ইহাতে ঐশ্বর্য্যও জানিতে হইবে ॥ ১৩১ ॥

যথা ব্রহ্মসংহিতায় আদিপুরুষরহস্যে ॥

যস্যৈকনিশ্বসিতকালমথাবলম্ব্য
জীবন্তি রোমবিলজা জগদণ্ডনাথাঃ।
বিষ্ণুর্মহান্ স ইহ যস্য কলাবিশেষো
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি॥ ১৩২॥
অথাষ্টাবনুকীর্ত্ত্যন্তে সদ্গুণত্বেন বিশ্রুতাঃ।
মঙ্গলালংক্রিয়া রূপাঃ সত্ত্বভেদাস্তু পৌরুষাঃ।
শোভা বিলাসো মাধুর্য্যং মাঙ্গল্যং স্থৈর্য্যতেজসী।

তদেবাহ তথাচেতি। যস্যৈকনিশ্বসিতকালমিত্যত্র চ গোবিন্দশব্দেন চ তত্র শ্রীব্রজেন্দ্রনন্দন এবোচ্যতে। সুরভীরপি পালয়ন্তমিত্যাদিনা বেণুং কণন্তমিত্যাদিনা চ পূর্ব্বং তস্যৈব বর্ণনাৎ ততস্তন্মহামাধুর্য্যমপি সূচিতং। ন চায়ং শ্রীনন্দনন্দনাদন্য এব মন্তব্যঃ। গৌতমীয়ে দশার্ণাষ্টাদশার্ণয়োর্ব্যাখ্যায়ামনেকজন্মসিদ্ধানাং গোপীনাং পতিরেব বা। নন্দনন্দন ইত্যুক্তস্ত্রৈলোক্যানন্দবর্দ্ধন ইতি বহুষ্বপ্যর্থেষ্বপ্যস্যৈবার্থস্য পর্য্যবসায়িত্বাৎ। সকললোকমঙ্গলো নন্দগোপতনয়ো দেবতা ইতি ঋষ্যাদিস্মরণাচ্চ॥ ১৩২॥

সত্ত্বভেদাঃ অন্তঃকরণবৃত্তিবিশেষাঃ। মঙ্গলেতি। মঙ্গলস্বরূপশোভাভূতা

যাঁহার এক নিশ্বসিত কাল অবলম্বন করিয়া জগদণ্ড নাথ সকল জীবিত থাকেন, সেই মহাবিষ্ণুও যাঁহার কলাবিশেষ, এমত গোবিন্দ আদিপুরুষকে ভজনা করি॥ ১৩২॥

অনন্তর যাহা সদ্গুণত্ব রূপে বিশ্রুত এবং মঙ্গলের অলঙ্কার স্বরূপ পুরুষ সম্বন্ধীয় সত্ত্ব ভেদ কীর্ত্তন করিতেছি। যথা। শোভা, বিলাস, মাধুর্য্য, মাঙ্গল্য, স্থৈর্য্য, তেজঃ, ললিত ও

ললিতৌদার্য্যমিত্যেতে সত্ত্বভেদাস্তু পৌরুষাঃ ॥ ১৩৩ ॥

তত্র শোভা ॥

নীচে দয়াঽধিকে স্পর্দ্ধা শৌর্য্যোৎসাহৌ চ দক্ষতা।
সত্যঞ্চ ব্যক্তিমায়াতি যত্র শোভেতি তাং বিদুঃ ॥১৩৪॥

যথা ॥

স্বর্গধ্বংসং বিধিৎসুর্ব্রজভুবি কদনং সুষ্ঠু বীক্ষ্যাতিবৃষ্ট্যা
নীচানালোচ্য পশ্চান্নমুচিরিপুমুখানূঢ়কারুণ্যবীচিঃ।
অপ্রেক্ষ্য স্বেন তুল্যং কমপি নিজরুষামত্র পর্য্যাপ্তিপাত্রং

ইত্যর্থঃ ॥ ১৩৩ ॥

তত্রাধিক ইত্যধিকম্মন্য ইত্যর্থঃ। যত্র মঙ্গলালংক্রিয়ায়াং ॥ ১৩৪ ॥

তথাপি দুর্জ্জনমুখ্যমেকং মারয়ন্বিত্যাশঙ্ক্যাহ অপ্রেক্ষ্যেতি ॥ ১৩৫ ॥

ঔদার্য্য এই সকল পুরুষসম্বন্ধীয় সত্ত্ব ভেদ ॥ ১৩৩ ॥

তন্মধ্যে শোভা যথা ॥

যে স্থানে নীচে দয়া, অধিকে স্পর্দ্ধা, শৌর্য্য, উৎসাহ দক্ষতা এবং সত্য প্রকাশ পায় তাহাকে শোভা বলে ॥ ১৩৪॥

যথা ॥

ইন্দ্রকর্ত্তৃক অতিবৃষ্টি দ্বারা ব্রজভূমির পীড়ন সুন্দররূপে অবলোকন করিয়া শ্রীকৃষ্ণের ইচ্ছা হইল স্বর্গ বিনষ্ট করিয়া ফেলি, কিন্তু পশ্চাৎ নমুচিশত্রু ইন্দ্র প্রভৃতিকে নীচ বিবেচনা করিয়া কারুণ্যতরঙ্গে পরিপূর্ণ হইলেন, কারণ স্বীয় ক্রোধের পর্য্যাপ্তিপাত্র আত্মতুল্য কাহাকেও দেখিতে না পাইয়া সত্যপ্রতিজ্ঞ হরি বন্ধুগণকে আনন্দ প্রদান করত

বন্ধূনানন্দয়িষ্যন্নুদহরত হরিঃ সত্যসন্ধো মহাদ্রিং ॥১৩৫॥

অথ বিলাসঃ॥

বৃষভস্যেব গম্ভীরা গতি র্ধীরঞ্চ বীক্ষণং।

সস্মিতঞ্চ বচো যত্র স বিলাস ইতীর্য্যতে ॥ ১৩৬ ॥

যথা ॥

মল্লশ্রেণ্যামবিনয়বতীং মন্থরাং ন্যস্য দৃষ্টিং

ব্যাধুন্বানো দ্বিপ ইব ভুবং বিক্রমাড়ম্বরেণ।

বাগারম্ভে স্মিতপরিমলৈঃ ক্ষালয়ন্মঞ্চকক্ষাং

তুঙ্গে রঙ্গস্থলপরিসরে সারসাক্ষঃ সসার ॥

মাধুর্য্যং ॥

বৃষভস্যেতি গতৌ বীক্ষণে চ যোজ্যং ॥ ১৩৬ ॥

যতো মন্থরা নম্রতা বৈয়গ্র্যাদিশূন্যা তত এবাবিনয়বতীতি। দ্বিপ ইবে-

---

মহাদ্রি গোবর্দ্ধন উত্তোলন করিলেন ॥ ১৩৫ ॥

অথ বিলাস ॥

যে স্থলে বৃষভের ন্যায় গম্ভীর গতি, স্থির নিরীক্ষণ ও সহাস্য বাক্য, তাহাকে বিলাস বলা যায় ॥ ১৩৬ ॥

যথা ॥

পদ্মনেত্র শ্রীকৃষ্ণ মল্লশ্রেণিতে বিনয়শূন্য স্থিরদৃষ্টি নিক্ষেপ পূর্ব্বক বিক্রম ঘটাদ্বারা হস্তির ন্যায় ভূকম্প বিধান করতঃ বাক্যারম্ভে হাস্য পরিমলদ্বারা মঞ্চ পৃষ্ঠ ক্ষালন করিয়া অত্যুচ্চ রঙ্গস্থল পরিসরে গমন করিলেন ॥

অথ মাধুর্য্য ॥

তন্মাধুর্য্যং ভবেদযত্র চেষ্টাদেঃ স্পৃহণীয়তা ॥ ১৩৭ ॥

যথা ॥

বরামধ্যাসীনস্তটভুবমবষ্টম্ভরুচিভিঃ

কদম্বৈঃ প্রালম্বং প্রবলিতবিলম্বং বিরচয়ন্।

প্রপন্নায়ামগ্রে মিহিরদুহিতুস্তীর্থপদবীং

কুরঙ্গীনেত্রায়াং মধুরিপুরপাঙ্গং বিকিরতি ॥

মাঙ্গল্যং ॥

মাঙ্গল্যং জগতামেব বিশ্বাসাস্পদতা মতা ॥ ১৩৮ ॥

ত্যত্র বৃষ ইবেতি পাঠান্তরং ॥ ১৩৭ ॥

অবষ্টম্ভঃ সুবর্ণং। প্রালম্বং ঋজুলম্বিমাল্যং প্রবলিতো বিলম্বো যত্র তদ্যথা স্যাত্তদ্ব্যাজেনৈব তত্র স্থিতিঃ স্যাদিত্যভিপ্রায়াদিতি ভাবঃ। পাঠান্তরন্তু নাত্যুপযুক্তং ॥ ১৩৮ ॥

যে স্থলে চেষ্টাদির স্পৃহণীয়তা হয়, তাহাকে মাধুর্য্য বলে ॥ ১৩৭ ॥

যথা।

এক দিবস শ্রীকৃষ্ণ শ্রীরাধার দর্শন প্রত্যাশায় যমুনার প্রশস্ত কুলে উপবেশন পূর্ব্বক বিলম্ব যাহাতে হয় এমত ভাবে স্বর্ণবর্ণ কদম্বকুসুম দ্বারা ঋজুলম্বি-মাল্য রচনা করিতেছিলেন, ইতোমধ্যে কুরঙ্গীনেত্রা শ্রীরাধা সূর্য্যপুত্রীর তীর্থ পদবীতে আসিয়া উপস্থিত হইলে, মুররিপু তাঁহার প্রতি অপাঙ্গ নিক্ষেপ করিলেন ॥

অথ মাঙ্গল্য ॥

যে ব্যক্তি জগতের বিশ্বাসস্থল তাহাকে মাঙ্গল্য বলে ॥১৩৮

যথা ॥

অন্যায্যং ন হরাবিতি ব্যপগতদ্বারার্গলা দানবা
রক্ষী কৃষ্ণ ইতি প্রমত্তমভিতঃ ক্রীড়াসু রক্তাঃ সুরাঃ।
সাক্ষী বেত্তি স ভক্তিমিত্যবনতব্রাতাশ্চ চিন্তোজ্ঝিতাঃ
কে বিশ্বম্ভর ন ত্বদঙ্ঘ্রিযুগলে বিস্রম্ভিতাং ভেজিরে ॥

স্থৈর্য্যং ॥

ব্যবসায়াদচলনং স্থৈর্য্যং বিঘ্নাকুলাদপি।

কৃষ্ণ ইতত্র সোঽয়মিতি বা পাঠঃ। প্রমত্তমনবহিতং যথা স্যাত্তথা। রক্তা ইতি প্রমাদরূপকর্ত্তৃধর্ম্মঃ। ক্রিয়ায়ামারোপ্যতে। ক্রিয়াকর্ত্রোরাসক্ত্যা তাদাত্ম্য বোধনাৎ। ভক্তির্যথা কথঞ্চিদাশ্রয়মাত্রং সাক্ষী বেত্তি মমাপ্যসাবগতিতামিত্যাশ্রিতাঃ স্বস্থিতা ইতি বা তৃতীয়শ্চরণঃ ॥ ১৩৯ ॥

যথা।

হরিতে কোন অন্যায় নাই এই বিবেচনায় দানবগণ দ্বারের অর্গল মোচন করিয়াছে, অর্থাৎ দ্বারোদ্ঘাটনপূর্ব্বক অবস্থিতি করিতেছে, কৃষ্ণ রক্ষাকর্ত্তা এই জ্ঞানে দেববৃন্দ প্রমত্ত ভাবে ক্রীড়া তৎপর হইয়াছেন, তিনি সাক্ষী স্বরূপ, ভক্তিমাত্র গ্রহণ করেন, এই বলিয়া ব্রাত্য অর্থাৎ দশসংস্কার হীন পুরুষগণ চিন্তা হইতে পরিত্যক্ত হইয়াছে, অতএব হে বিশ্বম্ভর! তোমার চরণযুগলে কে না বিশ্বাস প্রাপ্ত হইয়াছে ॥

স্থৈর্য্য।

কার্য্য বিঘ্নাকুল হইলেও তাহা হইতে যে বিচলিত না হওয়া তাহার নাম স্থৈর্য্য ॥

যথা ॥

প্রতিকূলেঽপি সশূলে শিবে শিবায়াং নিরংশুকায়াঞ্চ ॥

ব্যলূনাদেব মুকুন্দো বিন্ধ্যাবলিনন্দনস্য ভুজান্ ॥

তেজঃ ॥

সর্ব্বচিত্তাবগাহিত্বং তেজঃ সদ্ভিরুদীর্য্যতে ॥

যথা শ্রীদশমে ॥

মল্লানামশনি র্নৃণাং নরবরঃ স্ত্রীণাং স্মরো মূর্ত্তিমান্
গোপানাং স্বজনোঽসতাং ক্ষিতিভুজাং শাস্তা স্বপিত্রোঃ শিশুঃ।

শূলহস্ত শিব এবং বিবসনা শিবা প্রতিকূল-ভাব অবলম্বন করিলেও শ্রীকৃষ্ণ বিন্ধ্যাবলিনন্দন বাণাসুরের ভুজ সকল ছেদন করিয়া দিলেন ॥

তেজঃ ॥

সমুদায় লোকের চিত্তভাব পরিজ্ঞানকে পণ্ডিতেরা তেজঃ কহিয়া থাকেন ॥

যথা দশমে ৪৩ অধ্যায়ে, ১৪ শ্লোকে ॥

হে রাজন্! যে ভগবান্ মল্লদিগের অশনি, মানবদিগের নরবর, যুবতীদিগের মূর্ত্তিমান্ মদন, গোপদিগের স্বজন, অসৎ নরপতিদিগের শাসন কর্ত্তা, নিজ পিতা মাতার নিকট শিশু, ভোজপতি কংসের সাক্ষাৎ মৃত্যু, অবিদ্বজ্জনের পক্ষে জড় স্বরূপ, যোগিদিগের পরমতত্ত্ব, বৃষ্ণিদিগের পরম দেবতা বলিয়া বিখ্যাত, তিনি অগ্রজ সহিত রঙ্গ মধ্যে সমাগত হইয়া

মৃত্যুর্ভোজপতের্বিরাড়বিদুষাং তত্ত্বং পরং যোগিনাং
বৃষ্ণীনাং পরদেবতেতি বিদিতো রঙ্গং গতঃ সাগ্রজঃ ॥
যদ্বা ॥
তেজো বুধৈরবজ্ঞাদেরসহিষ্ণুত্বমুচ্যতে ॥ ১৩৯ ॥
যথা ॥
আক্রুষ্টে প্রকটং দিদণ্ডয়িষুণা চণ্ডেন রঙ্গস্থলে
নন্দে চানকদুন্দুভৌ চ পুরতঃ কংসেন বিশ্বদ্রুহা।
দৃষ্টিং তত্র সুরারিমৃত্যুকুলটাসম্পর্কদূতীং ক্ষিপন্

তত্র কংসে সুরারীণাং যা মৃত্যুরূপা কুলটা তস্যাঃ সম্পর্কায় দূতীরূপাং দৃষ্টিং

বিবিধ ভাবে প্রকাশমান হইলেন। অর্থাৎ ভগবান্ শৃঙ্গারাদি সর্ব্বরসকদম্ব মূর্ত্তি, পরন্তু রঙ্গ মধ্যস্থ হইয়া পৃথক্ পৃথক্ ভাবে ভিন্ন ভিন্ন ব্যক্তির নিকট ভিন্ন ভিন্ন রূপে প্রকাশ পাইতে লাগিলেন, সকলের নিকট এক ভাবে প্রকাশিত হইলেন না ॥

অথবা ॥

অবজ্ঞাদির অসহিষ্ণুতাকে পণ্ডিতগণ তেজ বলিয়া থাকেন ॥ ১৩৯ ॥

যথা ॥

রঙ্গস্থলে দর্শক লোক সকল কহিল বিশ্বদ্রোহি প্রচণ্ড কংস সম্মুখে দণ্ড দিবার অভিপ্রায়ে নন্দ এবং বসুদেবের প্রতি আক্রোশ অর্থাৎ অরে কে আছিস্ দুর্ম্মতি নন্দকে বন্ধন কর, অসত্তম বসুদেবকে এখনি বধ করিয়া ফেল, এই বাক্য বলিতে থাকিলে, শ্রীকৃষ্ণ কংসের প্রতি দৈত্যগণের মৃত্যু-

মঞ্চস্যোপরি সঞ্চুকুর্দ্দিষুরসৌ পশ্যাচ্যুতঃ প্রাঞ্চতি ॥

ললিতং ॥

শৃঙ্গারপ্রচুরা চেষ্টা যত্র তং ললিতং বিদুঃ ॥

যথা ॥

বিধত্তে রাধায়াঃ কুচমুকুলয়োঃ কেলিমকরীং

করেণাব্যগ্রাত্মা সরভসমসব্যেন রসিকঃ।

অরিষ্টে সাটোপং কটু রুবতি সব্যেন বিহস-

ন্ দঞ্চদ্রোমাঞ্চং রচয়তি চ কৃষ্ণঃ পরিকরং ॥

ঔদার্য্যং ॥

ক্ষিপন্ প্রেরয়ন্নিত্যনুসারেণৈব পাঠস্তেষামভীষ্টঃ। দানববর্য্যাদিশব্দাস্তু কংসস্ত

স্বরূপ কুলটা স্ত্রী সম্পর্কীয়া দূতীরূপা দৃষ্টি নিক্ষেপ পূর্ব্বক মঞ্চের উপরে কূর্দ্দন (লম্ফ) দিবার অভিপ্রায়ে গমন করিতেছেন দর্শন কর ॥

ললিত ॥

যে স্থলে প্রচুর রূপে শৃঙ্গারের চেষ্টা প্রকাশ পায় তাহাকে ললিত বলিয়া জানিবে ॥

যথা ॥

রসিকরাজ শ্রীকৃষ্ণ স্থির চিত্তে কৌতুকের সহিত দক্ষিণ হস্তদ্বারা শ্রীরাধার কুচমুকুলে তিলকরচনা করিতেন, দর্পের সহিত অরিষ্টাসুর কটু শব্দ করিতে থাকিলে সরোমাঞ্চ কলেবরে হাঁসিতে হাঁসিতে বাম হস্তদ্বারা কটিবন্ধন করিতে লাগিলেন ॥

ঔদার্য্য ॥

আত্মাদ্যর্পণকারিত্বমৌদার্য্যমিতি কীর্ত্ত্যতে ॥

যথা ॥

বদান্যঃ কো ভবেদত্র বদান্যঃ পুরুষোত্তমাৎ ॥

অকিঞ্চনায় যেনাত্মা নির্গুণায়াপি দীয়তে ॥ ১৪০ ॥

সামান্যা নায়কগুণাঃ স্থিরতাদ্যা যদপ্যমী।

তথাপি পূর্ব্বতঃ কিঞ্চিদ্বিশেষাৎ পুনরীরিতাঃ

অথাস্য সহায়াঃ ॥

অস্য গর্গাদয়ো ধর্ম্মে যুযুধানাদয়ো যুধি।

নাপকর্ষব্যঞ্জকাঃ ॥ ১৪০ ॥

পূর্ব্বত আফলোদয়কৃৎ স্থির ইত্যাদিতঃ কিঞ্চিদ্বিশেষাৎ পরস্পরপোষ-

---

আত্মসমর্পণকারিত্বকে ঔদার্য্য বলিয়া কীর্ত্তন্ করাযায় ॥

যথা ॥

বল দেখি, পুরুষোত্তম হইতে অন্য কোন্ ব্যক্তি বদান্য হইবে, যিনি অকিঞ্চন নির্গুণ ব্যক্তিকেও আত্ম সমর্পণ করিয়া থাকেন ॥ ১৪০ ॥

যদিচ স্থিরতা প্রভৃতি সামান্য নায়ক গুণ সকল বর্ণিত হইল তথাপি পূর্ব্ব হইতে কিঞ্চিৎ বিশেষ প্রযুক্ত পুনর্ব্বার নায়কের অন্য গুণ সকল কীর্ত্তন করিতেছি ॥

অথ শ্রীকৃষ্ণের সহায় ॥

শ্রীকৃষ্ণের ধর্ম্মাদি বিষয়ে গর্গাদি ঋষিগণ সহায়, যুদ্ধ বিষয়ে যুযুধান (সাত্যকি) প্রভৃতি এবং মন্ত্রণাবিষয়ে উদ্ধবাদি

উদ্ধবাদ্যাস্তথা মন্ত্রে সহায়াঃ পরিকীর্ত্তিতাঃ ॥ ১৪১ ॥

অথ কৃষ্ণভক্তাঃ ॥

তদ্ভাবভাবিতস্বান্তাঃ কৃষ্ণভক্তা ইতীরিতাঃ ॥ ১৪২ ॥

যে সত্যবাক্য ইত্যাদ্যা হ্রীমানিত্যন্তিমা গুণাঃ।

প্রোক্তাঃ কৃষ্ণেঽস্য ভক্তেষু তে বিজ্ঞেয়া মনীষিভিঃ॥১৪৩

তে সাধকাশ্চ সিদ্ধাশ্চ দ্বিবিধাঃ পরিকীর্ত্তিতাঃ ॥

তত্র সাধকাঃ ॥

ণাং। কুত্রাপি স্বতঃ পোষণাচ্চ পুনঃ সত্ত্বভেদেষ্বীরিতাঃ ॥ ১৪১ ॥

তদ্ভাবেতি। তেন সর্ব্বোৎকৃষ্টেন নিজাভীষ্টেন ভাবেন রত্যাদি বিশেষেণ ভাবিতং বাসিতং স্বান্তং যেষাং তে তথা সজাতীয়তদীয়মহাভক্তবিশেষা আলম্বনা ইত্যর্থঃ। অন্যত্র দীপনা ইতি ভাবঃ তথৈবোদ্দীপনেষ্বপি ভক্তা গণয়িষ্যন্তে ॥ ১৪২ ॥

বিজ্ঞেয়া বিশেষেণ জ্ঞেয়া ইত্যন্যেপি যথা সম্ভবং জ্ঞেয়া ইত্যর্থঃ ॥ ১৪৩ ॥

সহায় রূপে পরিকীর্ত্তিত হয়েন ॥ ১৪১ ॥

অথ কৃষ্ণভক্ত ॥

কৃষ্ণভাবে ভাবিতান্তঃকরণকে কৃষ্ণভক্ত বলাযায় ॥ ১৪২ ॥

শ্রীকৃষ্ণ বিষয়ে সত্য বাক্য আদি করিয়া হ্রীমান্ পর্য্যন্ত, যে সকল গুণ উল্লিখিত হইয়াছে, পণ্ডিতগণ কৃষ্ণভক্তেতেও সেই সকল গুণ কীর্ত্তন করিয়াছেন ॥ ১৪৩ ॥

কৃষ্ণভক্ত দুই প্রকারে পরিকীর্ত্তিত হয়েন সাধক এবং সিদ্ধ ॥

তন্মধ্যে সাধক যথা ॥

উৎপন্নরতয়ঃ সম্যক্ নৈর্বিঘ্ন্যমনুপাগতাঃ।
কৃষ্ণসাক্ষাৎকৃতৌ যোগ্যাঃ সাধকাঃ পরিকীর্ত্তিতাঃ॥
যথৈকাদশে॥
ঈশ্বরে তদধীনেষু বালিশেষু দ্বিষৎসু চ।
প্রেমমৈত্রীকৃপোপেক্ষা যঃ করোতি স মধ্যমঃ॥ ১৪৪॥
যথা বা॥
সিক্তাপ্যশ্রুজলোৎকরেণ ভগবদ্বার্ত্তানদীজন্মনা
তিষ্ঠত্যেব ভবাগ্নিহেতিরিতি তে ধীমন্নলং চিন্তয়া।
হৃদ্যোমন্যমৃতস্পৃহা হরকৃপাবৃষ্টেঃ স্ফুটং লক্ষ্যতে

তদ্বৈশিষ্ট্যং জ্ঞাপনার্থং ভক্তভেদান্দর্শয়তি তে সাধকা ইতি॥ ১৪৪॥
পূর্ব্বস্ত বিঘ্নকারণাভাবমাশঙ্ক্যাস্তুদাহরণমাহ যথাবেতি। হেতি জ্বালা। পক্ষে

যাহাদের কৃষ্ণবিষয়ে রতি উৎপন্ন হইয়াছে কিন্তু সম্যক্ রূপে বিঘ্ন নিবৃত্তি পায় নাই এবং কৃষ্ণসাক্ষাৎকার বিষয়ে যোগ্য, তাহারাই সাধক বলিয়া পরিকীর্ত্তিত হয়॥

যথা একাদশে ২ অধ্যায়ে ৪৫ শ্লোকে।

যিনি ঈশ্বরে প্রেম, তদধীন ব্যক্তিতে মিত্রতা, অজ্ঞানের প্রতি কৃপা এবং বিদ্বেষির প্রতি উপেক্ষা করেন, এইরূপ ভেদ দর্শন জন্য তিনি মধ্যম॥ ১৪৪॥

যথাবা।

হে ধীমন্! ভগবানের বার্ত্তা নদী জনিত অশ্রুজলে সিক্ত হইয়া ভবাগ্নি শিখা যে থাকিবেক এমত চিন্তায় কোন ফল নাই, গাত্রে যখন লোম সকলের নৃত্য দেখিতেছি, তখন

নেদিষ্ঠঃ পৃথুরোমতাণ্ডবভরাৎ কৃষ্ণাম্বুদস্যোদ্গমঃ ॥
বিল্বমঙ্গলতুল্যা যে সাধকাস্তে প্রকীর্ত্তিতাঃ ॥ ১৪৫ ॥
অথ সিদ্ধাঃ ॥
অবিজ্ঞাতাখিলক্লেশাঃ সদা কৃষ্ণাশ্রিতক্রিয়াঃ।
সিদ্ধাঃ স্যুঃ সন্ততপ্রেমসৌখ্যাস্বাদপরায়ণাঃ ॥
সংপ্রাপ্তসিদ্ধয়ঃ সিদ্ধা নিত্যসিদ্ধাশ্চ তে দ্বিধা ॥
তত্র সংপ্রাপ্তসিদ্ধয়ঃ ॥
সাধনৈঃ কৃপয়া চাস্য দ্বিধা সংপ্রাপ্তসিদ্ধয়ঃ।
তত্র সাধনসিদ্ধাঃ ॥

পৃথুরোমাণো মৎস্যাঃ ॥ ১৪৫ ॥
অথ মহাভক্তান্ দর্শয়তি অথ সিদ্ধা ইতি ॥ ১৪৬ ॥

অমৃত স্পৃহাহারী কৃপাবৃষ্টিশীল কৃষ্ণাম্বুদ তোমার হৃদয়াকাশের নিকটবর্ত্তি হইয়াছে, বিল্বমঙ্গলতুল্য সকলই সাধক বলিয়া কীর্ত্তিত হয় ॥ ১৪৫ ॥

অথ সিদ্ধ ॥

যাহাদের কিছুমাত্র ক্লেশ অনুভব হয় না, সর্ব্বদা কৃষ্ণসম্বন্ধীয় কর্ম্ম করে এবং যাহারা সর্ব্বতোভাবে প্রেম সৌখ্যাদির আস্বাদবিষয়ে পরায়ণ, তাহারাই সিদ্ধ ॥

সিদ্ধ দুই প্রকার সংপ্রাপ্তসিদ্ধ রূপসিদ্ধ এবং নিত্যসিদ্ধ ॥

তন্মধ্যে সংপ্রাপ্তসিদ্ধি রূপসিদ্ধ যথা ॥

সাধনদ্বারা এবং ভগবৎকৃপা বশতঃ সংপ্রাপ্তসিদ্ধি রূপসিদ্ধ দুই প্রকার ॥

তন্মধ্যে সাধনসিদ্ধ যথা।

যথা তৃতীয়ে ॥

যচ্চ ব্রজন্ত্যনিমিষামৃষভানুবৃত্ত্যা
দূরে যমাহ্যুপরি নঃ স্পৃহণীয়শীলাঃ।
ভর্ত্তুর্মিথঃ সুযশসঃ কথনানুরাগ-
বৈক্লব্যবাষ্পকলয়া পুলকীকৃতাঙ্গাঃ ॥ ১৪৬ ॥

যে ভক্তিপ্রভবিষ্ণুতা কবলিতক্লেশোর্ম্ময়ঃ কুর্ব্বতে
দৃক্পাতেঽপি ঘৃণাং কৃতপ্রণতিষু প্রায়েণ মোক্ষাদিষু।

প্রায়েণেতি কথঞ্চিদ্যদি বাঞ্ছতীতিবৎ ॥ ১৪৭ ॥

তৃতীয়ে ১৫ অধ্যায়ে ২৫ শ্লোকে ॥

হে অমরবৃন্দ! যে সকল ব্যক্তি নিরহঙ্কারত্ব হেতু আমাদের অপেক্ষাও অধিক যোগী তাঁহারাই সেই বৈকুণ্ঠে গমন করিতে পারেন। তাঁহারা দেবশ্রেষ্ঠ হরির নিরন্তর অনুবৃত্তি করাতে এবম্বিধ প্রভাবশালী যে, যমও তাঁহাদিগের নিকট যাইতে অসমর্থ, তাঁহাদের ভক্তির কথা কি বলিব পরস্পর বসিয়া পরস্পর যশঃ কথনে এমত অনুরাগ প্রকাশ করেন যে, তজ্জন্য অবশতা ও বাষ্পোদ্গম হওয়াতে অঙ্গ পুলকে পরিপূর্ণ হয় এই নিমিত্ত তাঁহাদের করুণাদিশীল সকলেরই স্পৃহণীয় ॥ ১৪৬ ॥

যথাবা ॥

যাঁহাদের ভক্তি প্রভাব দ্বারা ক্লেশ পরম্পরা কবলিত (গ্রস্ত) হইয়াছে, যাঁহারা ধর্ম্মার্থ কাম মোক্ষ রূপ পুরুষার্থ

তান্ প্রেমপ্রসরোৎসবস্তবকিতস্বান্তান্ প্রমোদাশ্রুভি-
র্নির্ধৌতাস্যতটান্মুহুঃ পুলকিনো ধন্যান্নমস্কুর্ম্মহে ॥
মার্কণ্ডেয়াদয়ঃ প্রোক্তাঃ সাধনৈঃ প্রাপ্তসিদ্ধয়ঃ ॥
অথ কৃপাসিদ্ধাঃ ॥
যথা শ্রীদশমে ॥
নাসাং দ্বিজাতিসংস্কারো ন নিবাসো গুরাবপি।
ন তপো নাত্মমীমাংসা ন শৌচং ন ক্রিয়াঃ শুভাঃ।
তথাপিহ্যুত্তমঃশ্লোকে কৃষ্ণে যোগেশ্বরেশ্বরে।

চতুষ্টয় চরণে প্রণত হইলেও তাহাদের প্রতি দৃষ্টিপাত করিতে ঘৃণা বোধ করেন, যাঁহাদের উত্তরোত্তর বৃদ্ধিশীল প্রেমোৎসবে অন্তঃকরণ প্রফুল্লিত হইতেছে, যাঁহাদের আনন্দাশ্রুদ্বারা বদনপ্রান্ত ধৌত এবং অঙ্গ পুলকিত হইতেছে সেই ধন্য সিদ্ধগণকে নমস্কার করি ॥

পণ্ডিতগণ মার্কণ্ডেয়াদি ঋষিগণকে সাধনদ্বারা সিদ্ধিপ্রাপ্ত বলিয়া নির্দ্দেশ করিয়াছেন ॥

অথ কৃপাসিদ্ধ ॥

যথা শ্রীদশমে ২৩ অধ্যায়ে ৩৪ শ্লোকে ॥

যাজ্ঞিক ব্রাহ্মণেরা কহিলেন কি আশ্চর্য্য! এই অবলাদিগের উপনয়নাদি সংস্কার হয় নাই, ইহারা ব্রহ্মচর্য্যার্থ গুরুকুলে বাসও করে নাই, ইহাদের তপস্যা অথবা আত্মবিচার কিম্বা শৌচাচার অথবা সন্ধ্যোপনাদি শুভ ক্রিয়াও কিছুই নাই, তথাপি যোগেশ্বরদিগের ঈশ্বর যে ভগবান্

ভক্তির্দৃঢ়া নচাস্মাকং সংস্কারাদিমতামপি ॥ ১৪৭ ॥

যথা বা ॥

ন কাচিদভবদ্গুরোর্ভজনযন্ত্রণেঽভিজ্ঞতা.
ন সাধনবিধৌ চ তে শ্রমলবস্য গন্ধোঽপ্যভূৎ।
গতোঽসি চরিতার্থতাং পরমহংসমৃগ্যশ্রিয়া
মুকুন্দপদপদ্ময়োঃ প্রণয়সীধুনো ধারয়া ॥ ১৪৮ ॥

কৃপাসিদ্ধা যজ্ঞপত্নী-বৈরোচনি-শুকাদয়ঃ ॥ ১৪৯ ॥

তাসু ভগবদ্গুণকথক-সৎসঙ্গকারণমনুস্মৃত্য সংস্কারাদীনাং প্রেমসাধনত্বঞ্চ সন্দিহ্যাহ যথাবেতি। নংকাচিদিতি শ্রীশুকদেবমুদ্দিশ্য শ্রীনারদবাক্যং ॥ ১৪৮ ॥

কৃপাসিদ্ধা যজ্ঞপত্নীতি। যদুক্তং। তত্ত্বাপাততঃ প্রতীত্যপেক্ষয়েতি জ্ঞেয়ং ॥১৪৯

উত্তমঃশ্লোক শ্রীকৃষ্ণ, তাঁহার প্রতি ইহাদের দৃঢ়া ভক্তি হইয়াছে, আমরা সংস্কারাদিমন্ত হইয়াও লাভ করিতে পারিলাম না ॥ ১৪৭ ॥

যথাবা ॥

শুকদেবকে উদ্দেশ করিয়া নারদ কহিলেন হে মুনে! তুমি গুরুকুলে বাস পূর্ব্বক গুরুসেবার্থ যন্ত্রণা ভোগ না করিয়াই অভিজ্ঞতা লাভ করিয়াছ, সাধন বিধিতে তোমার শ্রমলবের গন্ধমাত্রও দেখিতেছি না, কি আশ্চর্য্য! যাহার শোভা পরমহংসগণেরও প্রার্থনীয় সেই মুকুন্দচরণপদ্মের প্রেম সুধার প্রবাহদ্বারাই কেবল চরিতার্থতা প্রাপ্ত হইয়াছ ॥১৪৮॥

যজ্ঞপত্নী, বিরোচননন্দন বলি এবং শুকদেব প্রভৃতি কৃপাসিদ্ধ ॥ ১৪৯ ॥

অথ নিত্যসিদ্ধাঃ ॥

আত্মকোটিগুণং কৃষ্ণে প্রেমাণং পরমং গতাঃ।
নিত্যানন্দগুণাঃ সর্ব্বে নিত্যসিদ্ধা মুকুন্দবৎ ॥ ১৫০ ॥

যথা পাদ্মে শ্রীভগবৎসত্যভামাদেবীসম্বাদে ॥

অথ ব্রহ্মাদিদেবানাং তথা প্রার্থনয়া ভুবঃ।
আগতোঽহং গণাঃ সর্ব্বে জাতাস্তেঽপি ময়া সহ।
এতে হি যাদবাঃ সর্ব্বে মদ্গণা এব ভামিনি।

মুকুন্দবদ্ধে নিত্যানন্দগুণাস্তে নিত্যসিদ্ধা ইত্যন্বয়ঃ। নিত্যাশ্চ আনন্দস্বরূপাশ্চ গুণাস্তদুপলক্ষিতদেহাশ্চ যেষাং তে ইতি। তেষাং মুখ্যলক্ষণমাহ আত্মেতি। আত্মপ্রেমতোঽপি কোটিগুণমিত্যর্থঃ। মধ্যপদলোপাৎ ॥ ১৫০ ॥

মৎপ্রিয়া ইতি অহমেব প্রিয়ো যেষাং ন তথাত্মাদয় ইত্যর্থঃ। অহো ভাগ্যমহোভাগ্যমিতি বিস্ময়াধিক্যে বীপ্সা। তেন দ্বয়োরেব পদয়ো র্ন পৌনরুক্ত্যং। অথবা নন্দগোপব্রজৌকসাং ভাগ্যং ভাগ্যমহঃ প্রকাশকং যাবদ্ভাগ্যদ্যোতক-

---

অথ নিত্যসিদ্ধ ॥

যাহাদের গুণ মুকুন্দের ন্যায় নিত্য ও আনন্দ স্বরূপ এবং যাহারা আপনা অপেক্ষা শ্রীকৃষ্ণে কোটিগুণ প্রেমবিধান করেন, তাঁহারা নিত্যসিদ্ধ ॥ ১৫০ ॥

পদ্মপুরাণে ভগবান্ ও সত্যভামাদেবীর সম্বাদে যথা ॥

ভগবান্ কহিলেন হে দেবি! ব্রহ্মাদি দেববৃন্দ এবং পৃথিবী ইহাঁদের প্রার্থনায় আমি আগমন করিয়াছি আমার গণ সকলও আমার সহিত জন্ম গ্রহণ করিয়াছে, হে ভামিনি! এই যে সকল যাদব দেখিতেছ ইহারা আমারই গণ, অতএব

সর্ব্বদা মৎপ্রিয়া দেবি মত্তুল্যগুণশালিনঃ ॥

শ্রীদশমে ॥

অহোভাগ্যমহোভাগ্যং নন্দগোপ ব্রজৌকসাং।

যন্মিত্রং পরমানন্দং পূর্ণং ব্রহ্মসনাতনং ॥

তত্রৈব ॥

দুস্ত্যজশ্চানুরাগোঽস্মিন্ সর্ব্বেষাং নো ব্রজৌকসাং।

মিত্যর্থঃ। অহো ইতি বিস্ময়ে যদ্যস্মাদেষাং বা ব্রহ্ম। ত্বং মিত্রং। কীদৃশং। ব্রহ্ম পূর্ণং মূর্ত্তপূর্ণানন্দত্বাৎ। অমূর্ত্তানন্দস্তু তথা পূর্ণো ভবতি তদপেক্ষয়া শ্রীবিগ্রহস্যৈব প্রচুরানন্দত্বাৎ তথাচ। সংক্ষোভমক্ষরজুষামপি চিত্ততন্বোরিতি ব্রহ্মজ্ঞাননিপুণানামপি চিত্ততনু সংক্ষোভসূচনাৎ। পুনঃ কীদৃশস্ত্বং ব্রহ্ম পরমানন্দং পরম আনন্দো যস্মাৎ। অমূর্ত্তানন্দাৎ মূর্ত্তানন্দস্য পরমত্বং শ্রেষ্ঠত্বং উক্তপ্রকারসনকাদ্যুক্তেঃ। অতোঽত্র পূর্ণত্বং পরমানন্দত্বঞ্চ দ্বয়মেব মূর্ত্তানন্দবোধকং। অন্যথা ব্রহ্মেত্যনেনৈব তদুভয়মুপলভ্যেত কিমপরং তয়ো নির্দ্দেশেনৈব ব্রহ্মণো বিশেষণত্বমুক্ত্বা মিত্রবিশেষণমাহ সনাতনমিতি কীদৃশং মিত্রং সনাতনং নিত্যং

ইহাদের পরাক্রম সামান্য নহে, ইহারা সর্ব্বদা আমার প্রিয় ও আমার তুল্য গুণশালী ॥

শ্রীদশমে ১৪ অধ্যায়ে ৩০ শ্লোকে ॥

অহো নন্দগোপ এবং ব্রজবাসিদিগের কি আশ্চর্য্য ভাগ্য পরমানন্দরূপী সনাতন পূর্ণব্রহ্ম তাঁহাদের মিত্র হইয়াছেন ॥

দশমে ২৬ অধ্যায়ে ১০ শ্লোকে ॥

শ্রীকৃষ্ণ গোবর্দ্ধনপর্ব্বত ধারণ করিলে গোপগণ বিস্ময়া-

নন্দ তে তনয়েঽস্মাসু তস্যাপ্যোৎপত্তিকঃ কথং ॥ ১৫১॥
সনাতনং মিত্রমিতি তস্যাপ্যোৎপত্তিকঃ কথং।
স্নেহোঽস্মাস্বিতি চৈতেষাং নিত্যপ্রেষ্ঠত্বমাগতং।
ইত্যতঃ কথিতা নিত্যপ্রিয়া যাদববল্লভাঃ।

ত্রকালিকমিতি যাবৎ। যথা ত্বং ত্রিকালসিদ্ধস্তথা ব্রজলোকোঽপীতি ভাবঃ। যন হি তেষাং সনাতনং মিত্রং ত্বমসি অত এষাং ভাগ্যং কিং বক্তব্যমিতি ভাবঃ ॥ ১৫১ ॥

সনাতনং মিত্রমিতীত্যেতাদৃশযোজনয়েত্যর্থঃ। অন্যথা সনাতনপদ-বয়র্থ্যং স্যাৎ। পূর্ণত্বেনৈব তৎসিদ্ধেঃ। যদিচ ব্রহ্মণো বিশেষণং তৎ স্যাত্ত-াপি মিত্রতা বৈশিষ্ট্যার্থমেব তদ্বিশিষ্যত ইতি সমানমেব। মনোরমং সুবর্ণমিদং ুণ্ডলং জাতমিত্যত্র যথা কুণ্ডলস্যৈব মনোরমত্বং সাধ্যং তদ্বত্তস্যাপীতি স্বভাব াম্বন্ধ সূচনান্নিত্যত্বমাক্ষিপ্যতে। তদেবমত্র তস্মান্মচ্ছরণং গোষ্ঠমিত্যাদ্যপি

প্ন হইয়া নন্দের নিটক আগমন করত জিজ্ঞাসা করিলেন, হে নন্দ! তোমার এই তনয়ের প্রতি আমাদের সকল ব্রজ-বাসির দুস্ত্যজ অনুরাগ এবং ইহাঁরও আমাদের প্রতি স্বাভাবিক স্নেহ কেন হইয়াছে, ইনি ত সকলের আত্ম নহেন? ॥ ১৫১ ॥

সনাতন মিত্র ও অস্মৎ কুলে জন্ম এবং অস্মদাদি সকলে স্নেহ ইত্যাদি বিশেষণ দ্বারা যাদব ও ব্রজবাসিগণের নিত্য প্রেষ্ঠতা উপলব্ধি হইতেছে, এজন্য যাদব ও গোপ সকল নিত্যসিদ্ধ বলিয়া কথিত হইয়াছেন, যেমন লীলাবশতঃ মুরারি জন্মাদি গ্রহণ করিয়া থাকেন, তদ্রূপ যাদব ও গোপ-

এষাং লৌকিকবচ্চেষ্টা লীলা মুররিপোরিব ১৫২ ॥

তথাহি পাদ্মোত্তরখণ্ডে ॥

যথা সৌমিত্রিভরতৌ যথা সঙ্কর্ষণাদয়ঃ।

তথা তেনৈব জায়ন্তে নিজলোকাদ্যদৃচ্ছয়া।

পুনস্তেনৈব গচ্ছন্তি তৎপদং শাশ্বতং পরং।

ন কর্ম্মবন্ধনং জন্ম বৈষ্ণবানাঞ্চ বিদ্যতে ॥ ইতি ॥

যে প্রোক্তাঃ পঞ্চপঞ্চাশৎ ক্রমাৎ কংসহরেগুর্ণাঃ।

তে চান্যে চাপি সিদ্ধেষু সিদ্ধিদত্বাদয়ো মতাঃ ॥ ১৫৩ ॥

জ্ঞেয়ং। অত্র বিশেষজিজ্ঞাসা চেৎ কৃষ্ণসন্দর্ভো দৃশ্যঃ ॥ ১৫২ ॥

তেনৈব ভগবতা সহ জায়ন্তে যাদবাদয় ইতি শেষঃ। যদৃচ্ছয়া স্বৈরিতেত্যমরঃ ॥ ১৫৩ ॥

দিগেরও লৌকিক চেষ্টা জানিতে হইবে ॥ ১৫২ ॥

যথা পদ্মপুরাণে উত্তরখণ্ডে ॥

যেমন লক্ষ্মণ, ভরত, ও সঙ্কর্ষণ প্রভৃতি ভগবানের সহিত জন্ম গ্রহণ করেন, তদ্রূপ যাদব ও গোপগণ লীলা বশতঃ ভগবানের সহিত জন্ম গ্রহণ করেন এবং পুনর্ব্বার ভগবানের সহিত নিত্যধামে গমন করিয়া থাকেন, অতএব বৈষ্ণবদিগের জন্ম ও কর্ম্মবন্ধন নাই ॥

কংসরিপুর যে পঞ্চ পঞ্চাশৎ গুণ ক্রমান্বয়ে কথিত হইয়াছে সেই সকল গুণ ও অন্যান্য সিদ্ধিপ্রদত্বাদি গুণ সকলও সিদ্ধগণে বিদ্যমান আছে ॥ ১৫৩ ॥

ভক্তাস্তু কীর্ত্তিতাঃ শান্তাস্তথাদাসসুতাদয়ঃ।
সখায়ো গুরুবর্গাশ্চ প্রেয়স্যশ্চেতি পঞ্চধা ॥
অথোদ্দীপনাঃ ॥
উদ্দীপনাস্তু তে প্রোক্তা ভাবমুদ্দীপয়ন্তি যে।
তেতু শ্রীকৃষ্ণচন্দ্রস্য গুণাশ্চেষ্টা প্রসাধনং ॥
স্মিতাঙ্গসৌরভে বংশ-শৃঙ্গ-নূপুর-কম্ববঃ ॥
পদাঙ্ক-ক্ষেত্র-তুলসী-ভক্ত-তদ্বাসরাদয়ঃ ॥
তত্র গুণাঃ ॥
গুণাস্তু ত্রিবিধাঃ প্রোক্তাঃ কায় বাঙ্মানসাশ্রয়াঃ ॥ ১৫৪ ॥

অথ ভাবভেদেন তেষামেব ভেদান্তরাণ্যাহ ভক্তাস্ত্বিতি। অত্র দাসাদয়ো দ্বিধা ভাবময়াঃ সাক্ষাৎ প্রাপ্তদাস্যাদয়শ্চ। তত্রোত্তরেষামেব সম্যগালম্বনত্বমভিপ্রেতং ॥ ১৫৪ ॥

শান্ত, দাসসুতাদি, সখা, গুরুবর্গ ও প্রেয়সীগণ এই পাঁচ প্রকার কৃষ্ণভক্ত বলিয়া কীর্ত্তিত হইয়াছেন ॥

অথ উদ্দীপন ॥

যাহারা ভাব প্রকাশ করে তাহাদিগকে উদ্দীপন কহে, তৎ সমুদায় যথা—শ্রীকৃষ্ণের গুণ, চেষ্টা ও প্রসাধন অর্থাৎ কঙ্কতিকা প্রভৃতি, তথা হাস্য, অঙ্গগন্ধ, বংশী, শৃঙ্গ, নূপুর, শঙ্খ, পদচিহ্ন, ক্ষেত্র, তুলসী, ভক্ত, তদ্বাসর অর্থাৎ একাদশী প্রভৃতি, উদ্দীপন বলিয়া কথিত হইয়াছে ॥

তন্মধ্যে গুণ যথা ॥

কায়িক, বাচিক ও মানসিক ভেদে গুণ তিন প্রকার হয় ॥ ১৫৪ ॥

তত্র কায়িকাঃ ॥

বয়ঃসৌন্দর্য্যরূপাণি কায়িকা মৃদুতাদয়ঃ ॥ ১৫৫ ॥

গুণাঃ স্বরূপমেবাস্য কায়িকাদ্যা যদপ্যমী।

ভেদং স্বীকৃত্য বর্ণ্যন্তে তথাপ্যুদ্দীপনা ইতি ॥

অতস্তস্য স্বরূপস্য স্যাদালম্বনতৈব হি।

উদ্দীপনত্বমেব স্যাদ্ভূষণাদেস্তু কেবলং ॥ ১৫৬ ॥

এষামালম্বনত্বঞ্চ তথোদ্দীপনতাপি চ ॥

বয়ঃসৌন্দর্য্যরূপাণি কায়িকা গুণা মৃদুতাদয়শ্চ কায়িকা গুণা ইত্যর্থঃ ॥১৫৫॥

গুণাঃ স্বরূপমেবেতি স্বরূপধর্ম্মত্বাৎ স্বরূপান্তঃ প্রবিষ্টা ইত্যর্থঃ। ভেদং স্বরূপাদত্যন্ত পৃথক্ত্বং স্বীকৃত্যোপচর্য্যেত্যর্থঃ। যদ্বা। শ্রীকৃষ্ণঃ সুরম্যাঙ্গ ইতি ভাব্যতে তদালম্বনকোটৌ প্রবেশঃ যদাতু কৃষ্ণস্য সুরম্যাঙ্গত্বমিতি ভাব্যতে তদোদ্দীপনকোটৌ প্রবেশ ইতি ভাবঃ। অত ইতি স্বরূপস্য শ্রীবিগ্রহ-রূপস্যেত্যর্থঃ ॥ ১৫৬ ॥

এষাং গুণানাং বিশিষ্টস্যালম্বনত্বাদ্বিশেষেণ রূপেষু গুণেষ্বপ্যংশেনালম্বনত্বং

তন্মধ্যে কায়িক যথা ॥

বয়স্, সৌন্দর্য্য, রূপ এবং মৃদুতা প্রভৃতিকে কায়িক বলে ॥ ১৫৫ ॥

যদিচ শ্রীকৃষ্ণের কায়িক গুণ সকল স্বরূপই বটে, তথাপি ভেদ স্বীকার করিয়া উদ্দীপন রূপে কথিত হইয়াছে। অত-এব তদীয় স্বরূপের আলম্বনতাই সিদ্ধ হয়, কিন্তু ভূষণাদির কেবল উদ্দীপনত্ব রূপেই ব্যবহৃত হয় ॥ ১৫৬ ॥

পূর্ব্বোক্ত গুণ সকল আলম্বন ও উদ্দীপন রূপে কথিত হয় ॥

তত্রৈব বয়ঃ॥

বয়ঃ কৌমারপৌগণ্ডং কৈশোরমিতি তত্ত্রিধা ॥ ১৫৭ ॥
কৌমারং পঞ্চমাব্দান্তং পৌগণ্ডং দশমাবধি।
আষোড়শাচ্চ কৈশোরং যৌবনং স্যাত্ততঃ পরং ॥ ১৫৮ ॥
ঔচিত্যাত্তত্র কৌমারং বক্তব্যং বৎসলে রসে।
পৌগণ্ডং প্রেয়সি তথা তত্তৎখেলাদিযোগতঃ ॥
শ্রৈষ্ঠমুজ্জ্বল এবাস্য কৈশোরস্য তথাপ্যদঃ।
প্রায়ঃ সর্ব্বরসৌচিত্যাদত্রোদাহ্রিয়তে ক্রমাৎ ॥ ১৫৯ ॥

প্রবর্ত্ততে ইতি ভাবঃ ॥ ১৫৭ ॥

কৌমারমিত্যাদিকং দৃষ্টান্তমাত্রং শ্রীকৃষ্ণেতু বিশেষো জ্ঞেয়ঃ। যথা কালেনাল্পেন রাজর্ষে রামঃ কৃষ্ণশ্চ গোকুলে। অঘৃষ্টজানুভিঃ পদ্ভির্বিচক্রমতুরোজসেত্যাদিকং ॥ ১৫৮ ॥

তত্র তত্তৎখেলাদিযোগতো যদৌচিত্যং যোগ্যতাতিশয়স্তস্মাদিতি ত্রিষ্বপি যোজনীয়ং। প্রায়ো বাহুল্যেন ॥ ১৫৯ ॥

তন্মধ্যে বয়স্ যথা ॥

বয়স্ তিনপ্রকার কৌমার, পৌগণ্ড ও কৈশোর ॥ ১৫৭॥ পাঁচ বৎসর পর্য্যন্ত বয়সের নাম কৌমার, দশ বৎসর পর্য্যন্ত পৌগণ্ড, পঞ্চদশ বৎসর পর্য্যন্ত কৈশোর, তৎপরে ষোড়শ বৎসর হইতে যৌবন ॥ ১৫৮ ॥

ক্রীড়াভেদে বৎসলরসে কৌমারবয়স্ ও সখ্যরসে পৌগণ্ড বয়স্ উচিত হয়, কিন্তু মধুররসে কৈশোরবয়সই শ্রেষ্ঠ। শ্রীকৃষ্ণ প্রায় সর্ব্বরসাশ্রয় বলিয়া ক্রমশ ঐ সকলের উদাহরণ করিতেছি ॥ ১৫৯ ॥

আদ্যং মধ্যং তথা শেষং কৈশোরং ত্রিবিধং ভবেৎ ॥
তত্রাদ্যং কৈশোরং ॥
বর্ণস্যোজ্জ্বলতা কাপি নেত্রান্তে চারুণচ্ছবিঃ।
রোমাবলিপ্রকটতা কৈশোরে প্রথমে সতি ॥ ১৬০ ॥
যথা ॥
হরতি শিতিমা কোঽপ্যঙ্গানাং মহেন্দ্রমণিশ্রিয়ং
প্রবিশতি দৃশোরন্তে কান্তির্মনাগিব লোহিনী।
সখি তনুরুহাং রাজিঃ সূক্ষ্মা দরাস্য বিরোহতে

শিষ্যতে নিত্যমেকরূপতয়া তিষ্ঠতীতি শেষং পরমপূর্ণাবস্থমিত্যর্থঃ। তদেবং নিরুক্তিবলাদ্বক্ষ্যমাণেন চরমশব্দেনাপি তাদৃগবস্থং বাচনীয়ং। চরতি স্বাবির্ভাবোত্তরং সর্ব্বকালং সঞ্চরতি নতু কৌমারাদিবদ্ব্যভিচরতি মা লক্ষ্মী র্যস্মিন্নিতি ॥ ১৬০ ॥

কৈশোর তিন প্রকার, আদি, মধ্য ও শেষ ॥
তন্মধ্যে আদিকৈশোর যথা ॥
প্রথম কৈশোরে বর্ণের অনির্ব্বচনীয় উজ্জ্বলতা, নেত্রান্তে অরুণবর্ণ কান্তি ও লোমাবলীর প্রকাশ ॥ ১৬০ ॥
যথা ॥
কুন্দলতা স্বীয় সখীকে কহিলেন হে সখি! সম্প্রতি বনমালির তনুতে আশ্চর্য্য শোভা স্ফূর্ত্তি পাইতেছে অবলোকন কর, আহা! তদীয় অঙ্গ সকলের শ্যামলতা ইন্দ্রনীলমণির শোভা হরণ করিতেছে, নয়নদ্বয়ের অন্তে ঈষৎ লোহিতবর্ণ কান্তি প্রবেশ করিয়াছে এবং অল্প অল্প সূক্ষ্ম লোমরাজি

স্ফুরতি সুষমা নব্যেদানীং তনৌ বনমালিনঃ ॥
বৈজয়ন্তী শিখণ্ডাদি নটপ্রবরবেশতা।
বংশীমধুরিমা বস্ত্রশোভা চাত্র পরিচ্ছদঃ ॥
যথা শ্রীদশমে ॥
বর্হাপীড়ং নটবরবপুঃ কর্ণয়োঃ কর্ণিকারং
বিভ্রদ্বাসঃ কনককপিশং বৈজয়ন্তীঞ্চ মালাং।
রন্ধ্রান্ বেণোরধরসুধয়া পূরয়ন্ গোপবৃন্দৈ-
র্বৃন্দারণ্যং স্বপদরমণং প্রাবিশদ্গীতকীর্ত্তিঃ ॥ ১৬১ ॥

শিতিমা শ্যামতাতিশয়ঃ। তালব্যাদিরয়ং। শিতী ধবলমেচকাবিত্যমরঃ। লোহিনী রক্তবর্ণা তদিদং তস্যাগ্রজভ্রাতৃজায়ায়া বচনং ॥ ১৬১ ॥

উদ্গত হওয়াতে অপূর্ব্ব সৌন্দর্য্য প্রকাশ পাইতেছে ॥

বৈজয়ন্তী, ময়ূরপুচ্ছাদি, নটবরবেশ, বংশীমাধুর্য্য, বস্ত্র-শোভা এবং পরিচ্ছদ সকলও উদ্দীপনরূপে কথিত হয় ॥১৬১॥

যথা শ্রীদশমে ২১ অ, ৫ শ্লোকে।

শুকদেব কহিলেন হে রাজন্! কি প্রকারে শ্রীকৃষ্ণের স্মরণে ব্রজাঙ্গনাদিগের মনঃ ক্ষুব্ধ হইল বলি শ্রবণ কর। গোপীগণ মনে করিলেন শ্রীকৃষ্ণ নটবর শরীর ধারণ করিয়া স্বীয় পদে অঙ্কিত রমণীয় বৃন্দারণ্যে প্রবেশ করিলেন। তাঁহার মস্তকে ময়ূরপুচ্ছময় মুকুট, কর্ণদ্বয়ে কর্ণিকার, পরিধান কনকবৎ কপিশবর্ণ বসন, গলদেশে বৈজয়ন্তী মালা। তিনি স্বয়ং অধরসুধা দিয়া বেণুরন্ধ্র পূরণ করিতেছেন, আর গোপগণ চারিদিকে তদীয় কীর্ত্তি গান করিতেছে ॥ ১৬১ ॥

খরতাত্র নখাগ্রাণাং ধনুরান্দোলিতা ভ্রুবোঃ।
রদানাং রঞ্জনং রাগচূর্ণৈরিত্যাদি চেষ্টিতং॥
যথা॥
নবং ধনুরিবাতনো র্নটদঘদ্বিষো ভ্রূযুগং
শরালিরিব শাণিতা নখররাজিরগ্রে খরা।
বিরাজতি শরীরিণীরুচির দন্তলেখারুণা
ন কা সখি সমীক্ষণাদ্যুবতিরস্য বিত্রস্যতি॥ ১৬২॥
অস্য মোহনতা যথা॥

নাখাগ্রাণাং খরতা রদানাং রঞ্জনমিতি তচ্ছোভাবিশেষজ্ঞাপনায় লোকরীতি-কথনমাত্রং। তত্র তু স্বভাবত এব তাদৃশনখসৌষ্ঠবং শিখরমণিলাবণ্য-তিরস্কারিদন্তলাবণ্যং চাবির্ভবতীতি জ্ঞেয়ং। অতএবৈতে পরিচ্ছদমধ্যে ন পঠিতে ধনুষী ইব আন্দোলিন্যৌ তয়ো র্ভাবঃ ধনুরান্দোলিতা॥ ১৬২॥

তীক্ষ্ণ নখাগ্র, চঞ্চল ভ্রূধনু ও চূর্ণ খদিরদ্বারা দন্ত রঞ্জিত ইত্যাদি চেষ্টা সকলকেও উদ্দীপন বলে॥

যথা॥

হে সখি! অঘরিপুর আশ্চর্য্য মূর্ত্তি দর্শন কর, ইহাঁর ভ্রূযুগল তনুহীন কন্দর্পের নব ধনুর ন্যায় নৃত্য করিতেছে, নখশ্রেণীর অগ্রভাগ এরূপ খরতর যে, শাণিত শর সমূহের ন্যায় বোধ হইতেছে, দন্ত সকল এরূপ অরুণবর্ণ দেখাইতেছে যে ক্রোধই যেন শরীর ধারণ করিয়া বিরাজ করিতেছে, অতএব ইহাঁকে দেখিয়া কোন্ যুবতি না ত্রাসযুক্ত হয়॥১৬২

শ্রীকৃষ্ণের মোহনতা যথা॥

কর্ত্তুং মুগ্ধাঃ স্বয়মচটুলা ন ক্ষমন্তেঽভিযোগং
ন ব্যাদাতুং ক্বচিদপি জনে বক্ত্রমপ্যুৎসহন্তে।
দৃষ্ট্বা তাস্তে নবমধুরিম স্মেরতাং মাধবার্ত্তাঃ
স্বপ্রাণেভ্যস্ত্রয়মুদসৃজন্নদ্য তোয়াঞ্জলীনাং ॥

অথ মধ্যং ॥

উরুদ্বয়স্য বাহ্বোশ্চ কাপি শ্রীরুরসস্তথা।
মূর্ত্তের্মধুরিমাদ্যঞ্চ কৈশোরে সতি মধ্যমে ॥

কর্ত্তুমিতি বৃন্দায়া বচনং। তত্র প্রথমং তস্য সন্দেহং বিরচয্যোৎকণ্ঠাং বর্দ্ধয়ন্তী কারণং বিনৈব কার্য্যমাহ পূর্ব্বার্দ্ধেন। ততশ্চ কুত ইতি তৎপ্রশ্নানন্তরং তমেব কারণত্বে বিন্যস্য সম্যগার্দ্রয়ন্ত্যাহ তৃতীয়েন চরণেন। পুনশ্চ তর্হি কিং কুর্ব্বন্তীতি সগদ্গদং তৎপ্রশ্নানন্তরং তমতি ব্যাকুলয়ন্ত্যাহ চতুর্থেনেতি। যোজনীয়ং অভিযোগং ভাবাভিব্যক্তিং ॥ ১৬৩ ॥

বৃন্দা শ্রীকৃষ্ণকে কহিলেন হে মাধব! তোমার নব মাধুর্য্যশালি হাস্য সন্দর্শন করিয়া মুগ্ধা গোপীগণ আপন মনোগত ভাব প্রকাশ করিতে স্বয়ং অক্ষম হইতেছেন, কোন ব্যক্তির সহিত আলাপ করিতেও সক্ষম হইতেছেন না। অধিক কি বলিব এরূপ পীড়িতা হইয়াছেন যে, স্বীয় প্রাণের প্রতি তিন অঞ্জলি জল প্রদান করিয়াছেন অর্থাৎ জীবিতাশা একেবারেই বিসর্জন দিয়াছেন ॥

অথ মধ্যকৈশোর ॥

মধ্যকৈশোরে উরুদ্বয়, বাহুদ্বয় ও বক্ষঃস্থলের কোন অনির্ব্বচনীয় শোভা, তথা মূর্ত্তির মধুরিমাদি প্রকাশ পাইয়া থাকে॥

যথা ॥

স্পৃহয়তি করিশুণ্ডাদণ্ডনায়োরুযুগ্মং
গরুড়মণিকবাটী সখ্যমিচ্ছত্যুরশ্চ।
ভুজযুগমপি ধিৎসত্যর্গলাবর্গনিন্দা-
মভিনব তরুণিম্নঃ প্রক্রমে কেশবস্য।
মুখং স্মিতবিলাসাঢ্যং বিভ্রমোত্তরলে দৃশৌ।
ত্রিজগন্মোহনং গীতমিত্যাদিরিহ মাধুরী ॥

যথা ॥

অনঙ্গনয়চাতুরীপরিচয়োত্তরঙ্গে দৃশৌ
মুখাম্বুজমুদঞ্চিতস্মিতবিলাসরম্যাধরং।

যথা ॥

শ্রীকৃষ্ণের অভিনব তারুণ্যারম্ভে তদীয় উরুদ্বয় করি শুণ্ডকে দণ্ড দিবার নিমিত্ত স্পৃহা করিতেছে, বক্ষঃস্থল গরুড়-মণি অর্থাৎ মরকতমণি নির্ম্মিত কবাটের সহিত সখ্য বিধান করিতে বাসনা করিতেছে এবং ভুজযুগল অর্গলাবর্গকে নিন্দা করিতেছে, অতএব কেশবের কি আশ্চর্য্য শোভা ॥

মন্দ হাস্যযুক্ত মুখ, বিলাসান্বিত চঞ্চল লোচন, তথা ত্রিজগন্মোহনকারী গীত ইত্যাদি মধ্যকৈশোরের মাধুরী ॥

যথা ॥

আহা! শ্রীকৃষ্ণের প্রথম তারুণ্যাবস্থায় কি আশ্চর্য্য মাধুর্য্য প্রকাশ পাইতেছে, তদীয় লোচনদ্বয় চঞ্চল হইয়া

অচঞ্চলকুলাঙ্গনাব্রতবিড়ম্বিসঙ্গীতকং
হরেস্তরুণিমাঙ্কুরে স্ফুরতি মাধুরী কাপ্যভূৎ ॥
বৈদগ্ধীসারবিস্তারঃ কুঞ্জকেলি মহোৎসবঃ।
আরম্ভো রাসলীলাদেরিহ চেষ্টাদি সৌষ্ঠবং ॥
যথা ॥
ব্যক্তালক্তপদৈঃ ক্বচিৎ পরিলুঠৎ পিঞ্ছাবতংসৈঃ ক্বচি-
ত্তল্পৈর্বিচ্যুতকাঞ্চিভিঃ ক্বচিদসৌ ব্যাকীর্ণকুঞ্জোৎকরা।
প্রোদ্যন্মণ্ডলবন্ধতাণ্ডব ঘটালক্ষ্মোল্লসৎ সৈকতা
গোবিন্দস্য বিলাসবৃন্দমধিকং বৃন্দাটবী শংসতি ॥ ১৬৩ ॥

কন্দর্পকেলী চাতুর্য্যের পরিচয় প্রদান করিতেছে, হাস্যবিলাস-যুক্ত অধরপল্লবে বদনপদ্ম শোভিত হইয়া রহিয়াছে, তাঁহার সঙ্গীতের এ রূপ চমৎকার শক্তি যে, তদ্দ্বারা ধীর-স্বভাবা কুলকামিনীগণের পাতিব্রত্য ব্রত বিনষ্ট হইতেছে ॥

মধ্যকৈশোরের চেষ্টা যথা—রসিকতার সার বিস্তার, কুঞ্জক্রীড়ামহোৎসব এবং রাসলীলাদির আরম্ভ ॥

যথা ॥

বৃন্দাবন কোন স্থানে সুস্পষ্ট যাবকযুক্ত পদ চিহ্ন দ্বারা, কোন স্থানে লুণ্ঠিত ময়ূরপুচ্ছের শিরোভূষণ দ্বারা, কোন স্থানে স্খলিত ক্ষুদ্রঘণ্টিকান্বিত শয্যাশালি কুঞ্জগৃহ দ্বারা এবং কোথাও বা মণ্ডলীবন্ধ তাণ্ডব ঘটায় উৎফুল্ল বালুকা দ্বারা ভূষিত হইয়া গোবিন্দের বিলাস সকল সূচনা করিয়া দিতেছেন ॥ ১৬৩ ॥

তন্মোহনতা যথা ॥

বিদূরাম্মারাগ্নিং হৃদয়-রবিকান্তে প্রকটয়-
ন্নুদস্যন্ ধর্ম্মেন্দুং বিদধদভিতো রাগপটলং।
কথং হা ন স্ত্রাণং সখি মুকুলয়ন্ বোধকুমুদং
তরস্বী কৃষ্ণাব্ভ্রে মধুরিমভরার্কোঽভ্যুদয়তে ॥

অথ শেষকৈশোরং ॥

পূর্ব্বতোঽপ্যধিকোৎকর্ষং বাঢ়মঙ্গানি বিভ্রতি।
ত্রিবলিব্যক্তিরিত্যাদ্যং কৈশোরে চরমে সতি ॥ ১৬৪ ॥

বিদূরাদিতি অব্ভ্রং নভঃ রাগোঽত্র মারাগ্নিকৃৎতৃষ্ণাতিশয়ঃ ॥ ১৬৪ ॥

মধ্যকৈশোরের মোহনতা যথা ॥

হে সখি! অকস্মাৎ কৃষ্ণাকাশে এ কোন্ বেগবান্ মাধুর্য্য পূর্ণ সূর্য্য দেবের উদয় হইল, ইনি আমাদের ধর্ম্মরূপি চন্দ্রকে অস্তমিত করিয়া সর্ব্বতোভাবে রাগপটল অর্থাৎ অনুরাগ সমূহ বিধান করিতে করিতে দূর হইতে হৃদয় রূপ সূর্য্যকান্ত মণিতে কামাগ্নি নিক্ষেপ পূর্ব্বক জ্ঞান কুমুদকে মুদ্রিত করিয়াদিলেন, অতএব হে সখি! আমাদের আর ত্রাণের উপায় দেখিতেছি না ॥

অথ শেষকৈশোর ॥

চরম কৈশোর প্রবৃত্ত হইলে অঙ্গ সকল পূর্ব্বাপেক্ষা অতিশয় উৎকর্ষ ধারণ করে এবং তাহাতে স্পষ্ট রূপে ত্রিবলি রেখা প্রকাশ পায় ॥ ১৬৪ ॥

যথা ॥

মরকতগিরের্গণ্ডগ্রাবপ্রভাহরবক্ষসং
শতমখমণিস্তম্ভারম্ভপ্রমাথি ভুজদ্বয়ং।
তনুতরণিজাবীচিচ্ছায়াবিরম্বিবলিত্রয়ং
মদনকদলীসাধিষ্ঠোরুং স্মরাম্যসুরান্তকং ॥

তন্মাধুর্য্যং যথা ॥

দশার্দ্ধশরমাধুরীদমনদক্ষয়াঙ্গশ্রিয়া
বিধূনিতবধূধৃতিং বরকলাবিলাসাস্পদং।
দৃগঞ্চলচমৎকৃতিক্ষপিতখঞ্জরীট-দ্যুতিং

সাধিষ্ঠত্বং পরমাতিশয়িত্বং ॥ ১৬৫ ॥

যথা ॥

যাঁহার বক্ষঃস্থল মরকত পর্ব্বতীয় বৃহৎ পাষাণ খণ্ডের প্রভা হরণ করিতেছে, যাঁহার ভুজদ্বয় ইন্দ্রনীলমণির স্তম্ভকে ন্যক্কার করিতেছে, যাঁহার তনুত্রিবলি যমুনার তরঙ্গমালাকে বিড়ম্বিত করিতেছে, এবং যাঁহার ঊরু রামরম্ভা হইতেও পরম সুন্দর দেখাইতেছে, সেই অসুরান্তক শ্রীকৃষ্ণকে আমি চিন্তা করিতেছি ॥

অন্ত্য কৈশোরের মাধুর্য্য যথা ॥

হে তরুণি! পীতাম্বরকে সন্দর্শন কর, ইনি পঞ্চশরের (কন্দর্পের) মাধুরী দমনদক্ষ অঙ্গশ্রী দ্বারা বধূগণের ধৈর্য্য বিনষ্ট করিতেছেন, ইহাঁর অঙ্গ শিল্পনৈপুণ্যের ক্রীড়াস্থান হইয়াছে, নয়নাঞ্চলের চমৎকৃতি দ্বারা খঞ্জনের নৃত্যগর্ব্ব খর্ব্ব

স্ফুরত্তরুণিমোদ্গমং তরুণি পশ্য পীতাম্বরং ॥
ইদমেব হরেঃ প্রাজ্ঞৈর্নবযৌবনমুচ্যতে ॥১৬৫॥
অত্র গোকুলদেবীনাং ভাবসর্ব্বস্বশালিতা।
অভূতপূর্ব্বকন্দর্পতন্ত্রলীলোৎসবাদয়ঃ ॥ ১৬৬ ॥
যথা ॥
কান্তাভিঃ কলহায়তে ক্বচিদয়ং কন্দর্পলেখান্ ক্বচিৎ
কীরৈরর্পয়তি ক্বচিদ্বিতনুতে ক্রীড়াভিসারোদ্যমং।

ভাবস্য যৎ সর্ব্বস্বং সর্ব্বোঽপ্যর্থস্তেন প্রশংসাবত্তা ॥ ১৬৬ ॥

অত্র কৈশোরে ভেদাশ্চতুর্দ্ধা বর্ণ্যন্তে লক্ষণেন পরিচ্ছদেন চেষ্টিতেন মোহনতাবৈশিষ্ট্যেন চ। তত্র যদ্যপি পরিচ্ছদাদীন্যপি লক্ষণান্যেব তথাপি বিশেষতস্তদ্বর্ণয়িতুমেব পৃথক্ নির্দ্দেশঃ। তদেবমাদ্য কৈশোরে তানি স্পষ্টান্যেব মধ্যশেষয়োস্তু পরিচ্ছদস্য প্রায়ঃ সর্ব্বত্র সমানত্বাৎ পৃথক্ নোক্তিঃ

হইতেছে অতএব ইহাঁর সুন্দর তারুণ্যের কথা আর কি বলিব ॥

পণ্ডিতগণ ইহাকেই হরির নবযৌবন বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥ ১৬৫ ॥

এই অন্ত্য কৈশোরে ব্রজদেবী সকলের অপূর্ব্ব কন্দর্প ক্রীড়া রূপ লীলানন্দভাব সমুদায় প্রকাশ পাইয়া থাকে ॥১৬৬

যথা ॥

এই কুঞ্জরাজ শ্রীকৃষ্ণ কামক্রীড়ায় ষড়্গুণ (সন্ধি, বিগ্রহ, গমন সাধন, আসন, ভেদ ও আশ্রয়) বিশিষ্ট হইয়া অত্যুৎকৃষ্ট শৃঙ্গার রাজ্য শাসন করিতেছেন, যথা—কোন স্থানে

সখ্যা ভেদয়তি ক্বচিৎ স্মরকলাষাড়্গুণ্যবানীহতে
সন্ধিঃ কাপ্যনুশাস্তি কুঞ্জনৃপতিঃ শৃঙ্গাররাজ্যোত্তমং ॥১৬৭
তন্মোহনতা যথা ॥

মাধুরী চ মোহনতায়া এব কারণাবস্থা পৃথক্ দর্শিতা। সা চাদ্যেপি ব্যঞ্জিতাস্তি। নবমধুরিমস্মেরতামিত্যনেন নবং ধনুরিবাতনো র্নটদষ্বিষোদ্রযুগমিত্যনেন রন্ধ্রান্ বেণোরধরসুধয়া পূরয়ন্নিত্যনেন চ। মধ্যে চেষ্টাদিসৌষ্ঠবমিতি চেষ্টায়া আদিঃ শ্রৈষ্ঠ্যং সৌষ্ঠবমিত্যর্থঃ। চরমেঽপি চাত্র গোকুলেতি মোহনতা। তস্মাৎ সৌষ্ঠবমাধুর্য্যমোহনতানাং ভেদেঽপ্যভেদনির্দ্দেশঃ পরস্পরমব্যতিরেকিতয়াবগন্তব্যঃ। অত্র সৌষ্ঠবং তদ্বয়ো র্যোগ্যাঙ্গশোভাবিশেষঃ মাধুর্য্যং তেন রোচকতা। মোহনতাতু তয়ানুভবান্তরমাচ্ছিদ্যা কর্ষিতেতি জ্ঞেয়ং। তদেবং প্রকরণার্থো ব্যাখ্যাতঃ। অভূতপূর্ব্বেতি চেষ্টিতমুদ্দিষ্টং। তত্রচ সতি যথা কান্তাভিরিত্যাদিনা চেষ্টিতমুদাহরতি ষাড়্গুণ্য ইতি। ক্বচিৎ শৃঙ্গাররাজ্যোত্তমানুশাসনে ইত্যেব লভ্যতে। অত্র নীতিশাস্ত্রানুসারো জ্ঞেয়ঃ। যথোক্তং। সন্ধি র্নো বিগ্রহো যানমাসনং দ্বৈধমাশ্রয়ঃ ষড়্গুণা ইতি। অত্র কান্তাভিরিতি বিগ্রহঃ। কন্দর্পলেখানিতি দ্বৈধং। ক্রীড়েতি যানং। সখ্যেত্যাশ্রয়ঃ। সন্ধিমিতি সন্ধিঃ। কুঞ্জনৃপতিরিত্যাসনমিতি ষট্কং ব্যঞ্জিতং ॥ ১৬৭ ॥

সুন্দরী সকলের সহিত কলহ উপস্থিত করিতেছেন, কোথাও শুকপক্ষি-দ্বারা নখচিহ্নরূপ দ্বৈধ বিধান করিতেছেন, কোথাও ক্রীড়ার নিমিত্ত গমনোদ্যত হইতেছেন এবং কোথাও বা সখার সহিত সন্ধি ও আশ্রয় বিধান করিতেছেন ॥ ১৬৭ ॥

শ্রীকৃষ্ণের মোহনতা যথা ॥

কর্ণাকর্ণি সখীজনেন বিজনে দূতীস্তুতিপ্রক্রিয়া
পত্যুর্বঞ্চনচাতুরী গুণনিকা কুঞ্জপ্রয়াণে নিশি।
বাধির্য্যং গুরুবাচি বেণুবিরুতাবুৎকর্ণতেতিব্রতান্
কৈশোরেণ তবাদ্য কৃষ্ণ গুরুণা গোরীগণঃ পাঠ্যতে॥১৬৮
নেতুঃ স্বরূপমেবোক্তং কৈশোরমিহ যদ্যপি।
নানাকৃতিপ্রকটনাত্তথাপ্যুদ্দীপনং মতং॥ ১৬৯॥

অথ মোহনতামুদাহরতি তন্মোহনতা যথেতি। তদেবং ত্রিষ্বপি কৈশোরেষু সাম্যেনৈব বর্ণনং জ্ঞেয়ং। কর্ণাকর্ণীতি প্রণয়েন বিসম্বাদপ্রায়ত্বাৎ। পরস্পরং কর্ণেন কর্ণেন যুদ্ধং বৃত্তমিত্যর্থঃ॥ ১৬৮॥

পূর্ব্বং গুণাঃ স্বরূপমিত্যাদিনাযং ভেদমঙ্গীকৃত্য গুণানামুদ্দীপনত্বং দর্শিতং তমেব কৈশোরমুপলক্ষ্য স্থাপয়ংস্তেষাং স্বত উদ্দীপনত্বমেবেতি দ্রঢ়য়তি নেতুরিতি। স্বরূপধর্ম্মত্বাদ্যদ্যপি নেতুর্নায়কস্য স্বরূপমেব কৈশোরং তথাপি নানাকৃতীনাং কৌমারপৌগণ্ড কৈশোরাণাং যথাবসরমেব প্রকটনাৎ প্রাকট্যাৎ কৃষ্ণাখ্যধর্ম্মিণস্তু তত্র তত্রানুগতত্বাৎ কৈশোরমপ্যুদ্দীপনমেবেত্যর্থঃ। আলম্বনঃ খলু সর্ব্বদানুগত এব। উদ্দীপনাস্তু কাদাচিৎকা ইতি॥ ১৬৯॥

হে কৃষ্ণ! অদ্য তোমার কৈশোরবয়স্ গোপীগণের গুরু পদবীতে আরোহণ করিয়া তাঁহাদিগকে সখীজনের সহিত কর্ণাকর্ণি, নির্জনে দূতীদিগকে স্তব করিবার রীতি, পতিবঞ্চনা বিষয়ে চাতুর্য্য; রজনীযোগে কুঞ্জগমনে অভ্যাস; গুরুবাক্যে বধিরতা ও বেণুধ্বনিতে উৎকর্ণতা, ইত্যাদি ব্রত সকল পাঠ করাইতেছে॥ ১৬৮॥

যদিচ এস্থলে কৈশোরবয়স্‌কে নায়কের স্বরূপ বলিয়া উল্লেখ করা হইয়াছে তথাপি নানা রূপের প্রকটন বশত ঐ কৈশোর উদ্দীপনরূপে সম্মত হইয়া থাকে॥ ১৬৯॥

বাল্যেঽপি নবতারুণ্যপ্রাকট্যং শ্রূয়তে ক্বচিৎ।
তন্নাতিরসবাহিত্বান্ন রসজ্ঞৈরুদাহৃতং॥ ১৭০॥
অথ সৌন্দর্য্যং॥
ভবেৎ সৌন্দর্য্যমঙ্গানাং সন্নিবেশো যথোচিতং॥ ১৭১॥
যথা॥
মুখং তে দীর্ঘাক্ষং মরকততটীপীবরমুরো
ভুজদ্বন্দ্বং স্তম্ভদ্যুতিসুবলিতং পার্শ্বযুগলং।

শ্রূয়ত ইতি। বাল্যেঽপি ভগবান্ কৃষ্ণ স্তরুণং রূপমাশ্রিতঃ। রেমে বিহারৈর্বিবিধৈঃ প্রিয়য়া সহ রাধয়েত্যাদি ব্রতরত্নাকরধৃতভবিষ্যপুরাণাদৌ। তন্নাতিরসবাহিত্বাদিতি। ক্রমযোগেনৈব রসাঃ সম্পদ্যন্তে নেতরথেতি ভাবঃ॥ ১৭০॥

তত্র সৌন্দর্য্যং সুরম্যাঙ্গত্বপর্য্যায়ং॥ ১৭১॥

মুখমিতি লহর্য্যত্র উত্তরোত্তরমাধুর্য্যাবির্ভাবঃ। জঘনশব্দঃ পুংস্কট্যগ্রভাগেঽপি যুজ্যতে। মহীতলং তজ্জঘনমিতি দ্বিতীয়স্কন্ধে বিরাড়্বর্ণনাৎ।

কোন স্থানে বাল্যাবস্থাতেও শ্রীকৃষ্ণের নবতারুণ্য প্রকাশ হইয়াছে, শুনিতে পাওয়া যায় কিন্তু রসপোষক না হওয়াতে রসজ্ঞেরা তাহার উদাহরণ করেন নাই॥ ১৭০॥

অথ সৌন্দর্য্য॥

অঙ্গ সকলের যথাযোগ্য সন্নিবেশকে সৌন্দর্য্য বলে॥১৭১

যথা॥

হে কংসারে! তোমার দীর্ঘ নয়নযুক্ত বদনমণ্ডল, মরকতমণি কবাটাপেক্ষা স্থূল, বক্ষঃ স্তম্ভসদৃশ ভুজদ্বয়, সুন্দর

তত্র রাসো যথা ॥

নৃত্যদ্গোপনিতম্বিনীকৃতপরীরম্ভস্য রম্ভাদিভি-
র্গীর্ব্বাণীভিরনঙ্গরঙ্গবিবশং সংদৃশ্যমানশ্রিয়ঃ।
ক্রীড়াতাণ্ডবপণ্ডিতস্য পরিতঃ শ্রীপুণ্ডরীকাক্ষ তে
রাসারম্ভরসার্থিনো মধুরিমা চেতাংসি নঃ কর্ষতি ॥১৭৭॥

দুষ্টবধো যথা ললিতমাধবে ॥

শম্ভুর্বৃষং নয়তি মন্দরকন্দরান্ত-
র্ম্লানঃ সলীলমপি যত্র শিরো ধুনানে।

নৃত্যদ্গোপনিতম্বিনীতি। শ্রীব্রজদেবীভি র্মথুরায়াং প্রেষিতা পত্রীয়ং ॥ ১৭৭ ॥
শম্ভুরিতি। আঃ ইতি কোপে। কোপশ্চায়মন্যচিত্তং শ্রোতারং প্রত্যেব আস্ত

তন্মধ্যে রাস যথা ॥

শ্রীকৃষ্ণের মথুরায় অবস্থিতি কালে ব্রজদেবীগণ পত্রিকা প্রেরণ করিলেন, যথা—হে পুণ্ডরীকাক্ষ! তুমি নৃত্য ক্রীড়ায় সুপাণ্ডিত্য প্রকাশ পূর্ব্বক যে সময়ে রাসরসার্থী হইয়া নৃত্য-শালিনী গোপনিতম্বিনীগণের সহিত আলিঙ্গন করিয়াছিলে, তৎকালে রম্ভা প্রভৃতি দেবীগণ অনঙ্গরঙ্গে বিবশা হইয়া তোমার শোভা দর্শন করিতেছিল। এক্ষণে সেই মধুরিমা আমাদের চিত্ত আকর্ষণ করিতেছে ॥ ১৭৭ ॥

দুষ্টবধ যথা ॥

ললিতমাধবে ॥

আঃ কি আশ্চর্য্য!, যে বৃষাসুর লীলাবশতঃ মস্তক কম্পিত করাতে দেবদেব শম্ভু ম্লান হইয়া বৃষকে মন্দরগিরির গুহা

আঃ কৌতুকং কলয় কেলিলবাদরিষ্টং
তং দুষ্টপুঙ্গবমসৌ হরিরুন্মমাথ ॥
অথ প্রসাধনং ॥
কথিতং বসনাকল্পমণ্ডনাদ্যং প্রসাধনং ॥ ১৭৮ ॥
তত্র বসনং ॥
নবার্করশ্মিকাশ্মীরহরিতালাদিসন্নিভং।
যুগং চতুষ্কং ভূয়িষ্ঠং বসনং ত্রিবিধং হরেঃ ॥
তত্র যুগং ॥
পরিধানং সসংব্যানং যুগরূপমুদীরিতং ॥ ১৭৯ ॥

আঃ কোপ পীড়য়োরিতি কোষকারাঃ ॥ ১৭৮ ॥
চতুষ্কমিত্যত্রোত্তরীয়মপি কদাচিজ্জ্ঞেয়ং। বসনস্য যুগত্বাদিভেদাঃ সময়-বিশেষোচিতত্বাৎ ॥ ১৭৯ ॥

মধ্যে স্থাপন করেন, কৌতুক দেখ, শ্রীকৃষ্ণ অবলীলাক্রমে সেই দুষ্ট অরিষ্টকে বিনষ্ট করিলেন ॥

অথ প্রসাধন ॥

বসন, সজ্জা ও ভূষণাদিকে প্রসাধন বলে ॥ ১৭৮ ॥

তন্মধ্যে বসন যথা ॥

অরুণ, কুঙ্কুম ও হরিতাল বর্ণ বিশিষ্ট যুগ, চতুষ্ক ও ভূয়িষ্ঠ ভেদে শ্রীকৃষ্ণের বসন তিন প্রকার হয় ॥

তন্মধ্যে যুগবসন যথা ॥

পরিধান ও উত্তরীয়কে যুগবসন বলে ॥ ১৭৯ ॥

যথা স্তবাবল্যাং মুকুন্দাষ্টকে ॥

কনকনিবহশোভানিন্দিপীতং নিতম্বে
তদুপরি নবরক্তং বস্ত্রমিত্থং দধানঃ।
প্রিয়মিব কিল বর্ণং রাগযুক্তং প্রিয়ায়াঃ ॥
প্রণয়তু মম নেত্রাভীষ্টপূর্ত্তিং মুকুন্দঃ ॥

চতুষ্কং ॥

চতুষ্কং কঞ্চুকোষ্ণীষতুন্দবন্ধান্তরীয়কং ॥

যথা ॥

স্মেরাস্যঃ পরিহিতপাটলাম্বরশ্রী-

ইত্থং বস্ত্রং দধান ইতি যদুক্তং তৎ কথং তত্রাহ কনকেতি। কনকনিবহ-শোভানিন্দি বস্ত্রং নিতম্বে পরিদধন্ পরিষ্টান্নব্যাবাহ্লীক বস্ত্র। তদুরুচিমনুরাগে-ণান্বিতাং বা প্রিয়ায়া ইতি বা পাঠান্তরং ॥ ১৮০ ॥

যথা স্তবাবলীর মুকুন্দাষ্টকে ॥

মুকুন্দ নিতম্বদেশে স্বর্ণরাশির শোভাহারি পীতবসন ও তদুপরি প্রিয়তমার অনুরাগ যুক্ত দেহ প্রভার ন্যায় নূতন রক্তবস্ত্র পরিধান করিয়া আমার নয়নের অভীষ্ট পূর্ণ করিতেছেন ॥

চতুষ্ক বসন যথা ॥

কঞ্চুক (জামা) উষ্ণীষ (পাগ) তুন্দবন্ধ (উদর বন্ধ) এবং অন্তরীয়ক অর্থাৎ পরিধেয়, ইহাকেই বসন চতুষ্ক কহে ॥

যথা ॥

শ্রীকৃষ্ণ পাটল অর্থাৎ ঈষৎ রক্তবর্ণ বসন পরিধান পূর্ব্বক

শ্ছন্নাঙ্গঃ পুরটরুচোরু কঞ্চুকেন।
উষ্ণীষং দধদরুণং ধটীঞ্চ চিত্রাং
কংসারির্বহতি মহোৎসবে মুদং নঃ॥

ভূয়িষ্ঠং॥

খণ্ডিতাখণ্ডিতং ভূরিনটবেশক্রিয়োচিতং।
অনেকবর্ণং বসনং ভূয়িষ্ঠং কথিতং বুধৈঃ॥ ১৮০॥

যথা॥

অখণ্ডিতবিখণ্ডিতৈঃ শিতপিশঙ্গনীলারুণৈঃ
পটৈঃ কৃতযথোচিতপ্রকটসন্নিবেশোজ্জ্বলঃ।
অয়ং করভরাট্প্রভঃ প্রচুররঙ্গশৃঙ্গারিতঃ

সন্নিবেশো রচনাকলভরাট্প্রভহাতি কলভরাজইব প্রভা যস্য সঃ। অখণ্ডিতবিখণ্ডিতৈরিতি বস্ত্রময়তত্তদলঙ্কারভেদাৎ। যথা মথুরায়াং বায়কেন দত্তমাসীদিতি জ্ঞেয়ং। শৃঙ্গারশব্দোঽত্র কলভসাদৃশ্যে তত্রাপি বেশতয়া

অঙ্গে স্বর্ণবর্ণ উৎকৃষ্ট কঞ্চুক,মস্তকে অরুণবর্ণ উষ্ণীষ ও উদর মধ্যে বিচিত্র ধটী বন্ধন করিয়া হাস্য বদনে বিচরণ করত আমাদের হর্ষ বর্দ্ধন করিতেছেন॥

ভূয়িষ্ঠ যথা॥

নটবেশের উপযুক্ত খণ্ড ও অখণ্ড নানাবর্ণ বসন সকলকে পণ্ডিতগণ বসন ভূয়িষ্ঠ বলিয়া থাকেন॥ ১৮০॥

যথা॥

হে বিপুলনিতম্বে! মেঘকান্তি এই মাধব, খণ্ড ও অখণ্ড শুক্ল, পিঙ্গল, নীল ও অরুণবর্ণ বস্ত্র সকল যথাযোগ্য স্থানে

করোতি করভোরু মে ঘনরুচির্মুদং মাধবঃ ॥

অথাকল্পঃ ॥

কেশবন্ধনমালেপো মালাচিত্রং বিশেষকঃ।

তাম্বূলং কেলিপদ্মাদিরাকল্পঃ পরিকীর্ত্তিতঃ ॥ ১৮১ ॥

স্যাজ্জূটঃ কবরী চূড়া বেণী চ কচবন্ধনং।

পাণ্ডুরঃ কর্ব্বুরঃ পীত ইত্যালেপস্ত্রিধা মতঃ ॥ ১৮২ ॥

মালা ত্রিধা বৈজয়ন্তী রত্নমালা বনস্রজঃ।

লক্ষ্যতে ॥ ১৮১ ॥

জূটো ঘাটোপরি ধম্মিল্লঃ। কবরী পুষ্পাদিনা কেশবেশঃ। চূড়া ঊর্দ্ধবদ্ধাঃ কচাঃ বেণী পৃষ্ঠভাগে দীর্ঘতয়া কেশগুম্ফনং ॥ ১৮২ ॥

বৈজয়ন্তী পঞ্চবর্ণময়ী জানুপর্য্যন্ত লম্বিতা চ বনমালা পত্রপুষ্পময়ী পাদ-

---

ধারণ পূর্ব্বক, শ্রেষ্ঠ করিশাবক সদৃশ বহুরঙ্গে সুশোভিত হইয়া আমার হর্ষ বিধান করিতেছেন ॥

অথ আকল্প ॥

কেশবন্ধন, আলেপ, মালা, চিত্র, তিলক, তাম্বূল ও ক্রীড়াপদ্ম এই সকলকে আকল্প বলে ॥ ১৮১ ॥

জূট (গ্রীবার পশ্চাদ্দেশে কেশ বন্ধন) কবরী (পুষ্পাদি দ্বারা কেশ বন্ধন) চূড়া (ঊর্দ্ধবদ্ধ কেশ) বেণী (পৃষ্ঠভাগে লম্বিত কেশ বন্ধন) এই সকলকে কেশ বন্ধন বলে। শ্বেত, চিত্রবর্ণ এবং পীত এই তিন প্রকার আলেপ হয় ॥ ১৮২ ॥

মালা তিন প্রকার বৈজয়ন্তী অর্থাৎ পঞ্চবর্ণ পুষ্প নির্ম্মিত জানু পর্য্যন্ত লম্বিত মালা, রত্নমালা ও বনমালা অর্থাৎ পত্র

অস্যা বৈকক্ষকাপীড়প্রালম্বাদ্যাভিদা মতাঃ ॥ ১৮৩ ॥
মকরীপত্রভঙ্গাঢ্যং চিত্রং পীতসিতারুণং।
তথা বিশেষকোঽপি স্যাদন্যদূহ্যং স্বয়ং বুধৈঃ ॥ ১৮৪ ॥
যথা ॥
তাম্বূলস্ফুরদাননেন্দুরমলং ধম্মিল্লমুল্লাসয়ন্
ভক্তিচ্ছেদলসৎসুঘৃষ্টঘুসৃণালেপশ্রিয়া পেশলঃ।
তুঙ্গোরঃস্থলপিঙ্গলস্রগলিকভ্রাজিষ্ণুপত্রাঙ্গুলিঃ

পর্য্যন্তলম্বিতা চ। পুনর্মালাভেদানাহ অস্যা ইতি বৈকক্ষকন্তু তৎস্যাদ্যত্তির্য্যক্ ক্ষিপ্তমুরসি মাল্যং চূড়াবেষ্টনমাল্যমাপীড়ং কণ্ঠাদৃজুলম্বি মাল্যং প্রালম্বং ॥ ১৮৩ ॥
তথেতি পীতশীতারুণ ইত্যর্থঃ। বিশেষকস্তিলকং ॥ ১৮৪ ॥
অলিকং ললাটং পত্রাঙ্গুলিঃ পত্রভঙ্গঃ অদ্য তাম্বূল ইত্যাদিবর্ণিতরূপঃ

পুষ্পময়ী পাদ পর্য্যন্ত লম্বিতা মালা। মালার বিশেষ বিশেষ নাম যথা—বৈকক্ষক অর্থাৎ বক্ষঃস্থলে বক্রভাবে নিক্ষিপ্ত মালা, আপীড় অর্থাৎ চূড়া বেষ্টন মাল্য, প্রালম্ব অর্থাৎ কণ্ঠদেশ হইতে সরলভাবে লম্বিত মালা ॥ ১৮৩ ॥

শ্বেত,পীত ও অরুণবর্ণ মকরী পত্র নির্ম্মাণাদি ও তিলকরচনাকে চিত্র কহে। পণ্ডিতগণ এতদ্ভিন্ন অন্যান্যও স্বয়ং উদাহরণ করিবেন ॥ ১৮৪ ॥

হে সখি! শ্যামাঙ্গ মাধব তাম্বূল রাগদ্বারা মুখচন্দ্রের শ্রী সম্পাদন পূর্ব্বক, নির্ম্মল সুপ্রকাশ কুঞ্চিত কেশ ও সুঘৃষ্ট কুঙ্কুম আলেপ শোভাদ্বারা তথা বিশাল বক্ষে রক্তবর্ণ মালা ধারণ এবং ললাটে পত্র ভঙ্গ অর্থাৎ তিলক দ্বারা রঞ্জিত

শ্যামাঙ্গদ্যুতিরদ্য মে সখি দৃশো র্দুগ্ধে মুদং মাধবঃ ॥

অথ মণ্ডনং ॥

কিরীটং কুণ্ডলে হারশ্চতুষ্কী বলয়োর্ম্ময়ঃ।

কেয়ূরনূপুরাদ্যঞ্চ রত্নমণ্ডনমুচ্যতে ॥ ১৮৫ ॥

কাঞ্চী চিত্রা মুকুটমতুলং কুণ্ডলে হারিহীরে

হারস্তারো বলয়মমলং চন্দ্রচারুশ্চতুষ্কী।

রম্যাচোর্ম্মি র্মধুরিমপুরে নূপুরেচেত্যঘারে

রঙ্গৈরেবাভরণপটলী ভূষিতা দোগ্ধি ভূষাং ॥

কুসুমাদিকৃতঞ্চেদং বন্যমণ্ডনমীরিতং।

সন্ দৃশোরাধারভূতয়োর্মুদং দুগ্ধে প্রপূরয়তি ॥ ১৮৫ ॥

তারঃ শুদ্ধমুক্তাময়ঃ উর্ম্মিরঙ্গুরীয়কঃ নূপুরে চেত্যঘারে রিতি অত্র নূপুরেচেতি শৌরেরিতি বা পাঠঃ। বলয়মিত্যত্রোর্ম্মিরিত্যত্র চ বহুত্বেঽপ্যেক বচনং জাতি-বিবক্ষয়া সম্পন্নো যব ইতিবত্তথাপি বহুত্বং বোধয়ত্যেব। জাত্যা ব্যক্তীনাং

হইয়া আমার নয়নদ্বয়ের আনন্দ দোহন করিতেছেন ॥

অথ মণ্ডন ॥

কিরীট, কুণ্ডল, হার, চতুষ্কী অর্থাৎ তক্তি, বলয়, অঙ্গুরীয়ক, কেয়ূর ও নূপুরাদি এই সকলকে রত্নভূষণ বলে ॥১৮৫॥

বিচিত্র ক্ষুদ্রঘণ্টিকা; তুলনা রহিত মুকুট, হীরক নির্ম্মিত কুণ্ডলদ্বয়, শুদ্ধ মুক্তাহার, নির্ম্মল বলয়, মনোহর চন্দ্র বিশিষ্ট চতুষ্কী অর্থাৎ তক্তি, রমণীয় অঙ্গুরীয়ক ও মাধুর্য্যপূর্ণ নূপুরদ্বয় ইত্যাদি ভূষণ সকল অঘশত্রু শ্রীকৃষ্ণের অঙ্গ শোভা দ্বারা স্ব স্ব শোভা পূর্ণ করিতেছে ॥

পুষ্পাদি দ্বারা কৃত ভূষণকে বন্য ভূষণ কহে। গৈরিকাদি

ধাতুক্লৃপ্তঞ্চ তিলকং পত্রভঙ্গলতাদিকং ॥ ১৮৬ ॥

অথ স্মিতং ॥

যথা কর্ণামৃতে ॥

অখণ্ডনির্ব্বাণরসপ্রবাহৈ-

র্বিখণ্ডিতাশেষরসান্তরাণি।

অযন্ত্রিতোদ্বান্তসুধার্ণবানি

জয়ন্তি শীতানি তব স্মিতানি ॥ ১৮৭ ॥

অথ সৌরভং যথা ॥

পরিমলসরিদেষা যদ্বহন্তী সমন্তাৎ

পুলকয়তি বপু র্নঃ কাপ্যপূর্ব্বা মুনীনাং।

ব্যঙ্গ্যত্বাৎ। অতএব জাত্যাখ্যায়ামেকস্মিন্ বহুবচনমন্যতরস্যামিতি পাণিনি-সূত্রং ॥ ১৮৬ ॥

নির্ব্বাণং পরমানন্দঃ শীতানি সর্ব্বতাপহারীণি ॥ ১৮৭ ॥

ধাতু নির্ম্মিত তিলককে পত্রভঙ্গ লতাদি কহা যায়॥ ১৮৬ ॥

অথ স্মিত ॥

যথা কর্ণামৃতে ॥

হে কৃষ্ণ! তোমার সর্ব্বতাপহারি ঈষৎ হাস্য অখণ্ড পূর্ণানন্দ রসতরঙ্গ দ্বারা অন্য রসান্তর সকলকে দূর করিয়া অবাধে যেন সুধাসমুদ্র উদ্গীরণ করত বিরাজ করিতেছে॥১৮৭

অঙ্গসৌরভ যথা ॥

সূর্য্যোপরাগ সময়ে শ্রীকৃষ্ণ কুরুক্ষেত্রে গমন করিলে তদীয় অঙ্গ হইতে কোন অপূর্ব্ব পরিমলবাহিনী সরিৎ চতুর্দ্দিকে প্রবাহিত হইয়া অস্মদাদি মুনিগণের বপু পুলকিত

মধুরিপুরুপরাগে তদ্বিনোদায় মন্যে
কুরুভুবমনবদ্যামোদসিন্ধু র্বিবেশ ॥
অথ বংশঃ ॥
ধ্যানং বলাৎ পরমহংসকুলস্য ভিন্দন্
নিন্দন্ সুধামধুরিমাণমধীরধর্ম্মা।
কন্দর্পশাসনধুরাং মুহুরেষ শংসন্
বংশীধ্বনি র্জয়তি কংসনিসূদনস্য ॥
এষ ত্রিধা ভবেদ্বেণু-মুরলী-বংশিকেত্যপি ॥
তত্র বেণুঃ ॥
পারিকাখ্যো ভবেদ্বেণু র্দ্বাদশাঙ্গুলদৈর্ঘ্যভাক্।

কুরুভুবং কুরুক্ষেত্রং। বিনসনমিতি পাঠো নেষ্টঃ ॥ ১৮৮ ॥

করত আমোদ সমুদ্রে প্রবেশ করিল, অতএব বোধ হইল শ্রীকৃষ্ণ যেন মুনিবৃন্দকে আনন্দ প্রদানার্থই কুরুক্ষেত্রে গমন করিয়াছিলেন ॥

অথ বংশ ॥

কংস নাশন শ্রীকৃষ্ণের চঞ্চল বংশীধ্বনি বল পূর্ব্বক পরম হংসদিগের ধ্যান ভঙ্গ পুরঃসর অমৃত মাধুর্য্যকে নিন্দা করত বারম্বার কন্দর্প অতিশয় শাসন ঘোষণা প্রদান করিয়া সর্ব্বোপরি জয়যুক্ত হইতেছে ॥

বংশ তিন প্রকার, বেণু, মুরলী ও বংশিকা ॥

তন্মধ্যে বেণু যথা ॥

যাহা দ্বাদশ অঙ্গুলী দীর্ঘ ও অঙ্গুষ্ঠ পরিমিত স্থূল ও ছয়টী

স্থৌল্যেঽঙ্গুষ্ঠমিতঃ ষড়্ভিরেষ রন্ধ্রৈঃ সমন্বিতঃ॥

মুরলী॥

হস্তদ্বয়মিতায়ামা মুখরন্ধ্রসমন্বিতা।

চতুঃস্বরচ্ছিদ্রযুক্তা মুরলী চারুনাদিনী॥ ১৮৮॥

বংশী॥

অর্দ্ধাঙ্গুলান্তরোন্মানং তারাদিবিবরাষ্টকং।

ততঃ সার্দ্ধাঙ্গুলাদ্যত্র মুখরন্ধ্রং তথাঙ্গুলং।

শিরো বেদাঙ্গুলং পুচ্ছং ত্র্যঙ্গুলং সাতু বংশিকা।

নবরন্ধ্রা স্মৃতা সপ্তদশাঙ্গুলমিতা বুধৈঃ॥ ১৮৯॥

অর্দ্ধাঙ্গুলমন্তরং ছিদ্রয়োর্মধ্যভাগস্তথোন্মানং ছিদ্রস্য বিস্তারো যত্র তৎ। ততোঽঙ্গুল্যন্তর ইত্যত্র ততঃ সার্দ্ধাঙ্গুলাদিত্যেব পাঠঃ। সপ্তদশাঙ্গুলত্বানুপপত্তেঃ। যোগ্যত্বাচ্চ ততোঽঙ্গুল্যন্তর ইতি পাঠে গ্রন্থিতো বহিরর্দ্ধাঙ্গুলং জ্ঞেয়ং। তথাঙ্গুলমিত্যত্র প্রমাণে লুগিতি মাত্রচোলুক্। অর্দ্ধাঙ্গুলাদিশব্দাস্তু সংখ্যাব্যয়াভ্যামঙ্গুলেরিতি সমাসান্তবিধানাৎ॥ ১৮৯॥

ছিদ্রযুক্ত তাহাকে পাবিকাখ্য বেণু বলে॥

মুরলী যথা॥

যাহা দ্বিহস্ত পরিমিত,মুখ মধ্যে রন্ধ্র এবং চারিটী স্বরের ছিদ্র সমন্বিত, তাদৃশ মনোহর শব্দ কারিণীর নাম মুরলী॥১৮৮

বংশী যথা॥

এক এক অঙ্গুলি ব্যবধানে অষ্টছিদ্র, সার্দ্ধ অঙ্গুল অন্তরে মুখছিদ্র, উপরিভাগে চারি অঙ্গুল, পশ্চাৎ ভাগে তিন অঙ্গুল এবং গ্রন্থির পরভাগ অর্দ্ধ অঙ্গুল, সকলে নবছিদ্র সমন্বিতত্ত সপ্তদশ অঙ্গুল পরিমিত বংশকে বংশী কহে॥ ১৮৯॥

দশাঙ্গুলান্তরা স্যাচ্চেৎ সা তারমুখরন্ধ্রয়োঃ।
মহানন্দেতি বিখ্যাতা তথা সম্মোহিনীতি চ।
ভবেৎ সূর্য্যান্তরা সা চেত্তত আকর্ষিণী মতা।
আনন্দিনী তদা বংশী ভবেদিন্দ্রান্তরা যদি।
গোপানাং বল্লভা সেয়ং বংশুলীতি চ বিশ্রুতা।
ক্রমান্মণিময়ী হৈমী বৈণবীতি ত্রিধা চ সা॥ ১৯০॥
অথ শৃঙ্গং॥
শৃঙ্গন্তু গবলং হেম নিবদ্ধাগ্রিমপশ্চিমং।

দশাঙ্গুলেত্যাদাবঙ্গুলীনাং বৃদ্ধির্মুখ রন্ধ্র তদব্যবহিত রন্ধ্রয়োরন্তরাল এব জ্ঞেয়া॥ ১৯০॥

গবলমত্র বনমহিষশৃঙ্গং উপলক্ষণঞ্চেদং কৃষ্ণসারাদি শৃঙ্গাণাং। অগ্রিমো

যদি সেই বংশীর মুখছিদ্র ও স্বরছিদ্র দশ অঙ্গুলি ব্যবধানে হয়, তাহা হইলে তাহার নাম মহানন্দা ও সম্মোহিনী; দ্বাদশাঙ্গুল অন্তর হইলে আকর্ষিণী, চতুর্দ্দশ অঙ্গুল অন্তর হইলে আনন্দিনী বলিয়া কথিত হয়, ঐ আনন্দিনী গোপসকলের প্রিয় এবং বংশুলী নামে অভিহিত হয়। বংশী ক্রমে মণিময়ী; হৈমী ও বৈণবী এই তিন প্রকার হয়। মণিময়ীর নাম সম্মোহিনী, স্বর্ণ নির্ম্মিতার নাম আকর্ষিণী এবং বংশনির্ম্মিতার নাম আনন্দিনী এই ত্রিবিধ ভেদ॥ ১৯০॥

অথ শৃঙ্গ॥

অগ্র পশ্চাৎ স্বর্ণদ্বারা বদ্ধ ও মধ্যভাগের ছিদ্র রত্ন ভূষিত

রত্নজাল স্ফুরন্মধ্যং মন্ত্রঘোষাভিধং স্মৃতং ॥ ১৯১ ॥

যথা ॥

তারাবলী বেণু ভুজঙ্গমেন
তারাবলীলা গরলেন দষ্টা।
বিষাণিকানাদ পয়ো নিপীয়
বিষাণি কামং দ্বিগুণীচকার ॥

নূপুরং যথা ॥

অঘমর্দ্দনস্য সখি নূপুরধ্বনিং
নিশময্য সম্ভৃত গভীর সম্ভ্রমা।
অহমীক্ষণোত্তরলিতাপি নাভবং

হগ্রভাগঃ এবং পশ্চিমঃ ॥ ১৯১ ॥

তারাবলী নাম্নী তারস্য উচ্চধ্বনে র্যা অবলীলা অল্পপ্রযত্নঃ সৈব গরলং যস্য তেন বিষাণিকা নাদস্য পয়স্তয়া রূপকং। প্রথমং তদ্গরল শমকতয়াভীষ্টত্বাৎ

মন্ত্রণা ধ্বনিকারি বনমহিষের শৃঙ্গকে শৃঙ্গ (শিঙ্গা) কহে ॥ ১৯১

যথা ॥

তারাবলী নাম্নী গোপী, উচ্চনাদ রূপ গরলশালি বেণু ভুজঙ্গ কর্ত্তৃক দষ্ট হইয়া তদ্বিষোপশমনার্থ বিষাণিকার (শৃঙ্গের) ধ্বনিরূপ দুগ্ধ পান করিলেন। তাহাতে বিষের উপশম হইবে কি, পুনরায় দ্বিগুণ জ্বালা উপস্থিত হইল ॥

নূপুর যথা ॥

হে সখি! অঘদমন শ্রীকৃষ্ণের নূপুরধ্বনি শ্রবণ করিয়া অতিশয় সম্ভ্রম প্রযুক্ত দর্শনার্থ উত্তরলিতা হইয়াছিলাম, কিন্তু দুঃখের বিষয় এই যে, তৎকালীন গুরুবর্গ অগ্রে উপস্থিত

বহিরদ্য হন্ত গুরবঃ পুরঃস্থিতাঃ ॥ ১৯২ ॥

কম্বুঃ ॥

কম্বুস্তু দক্ষিণাবর্ত্তঃ পাঞ্চজন্যতয়োচ্যতে ॥

যথা ॥

অমররিপুবধূটীভ্রূণহত্যাবিলাসী
ত্রিদিবপুরপুরন্ধ্রীবৃন্দনান্দীকরোঽয়ং।
ভ্রমতি ভুবনমধ্যে মাধবাধ্মাতধাম্নঃ
কৃতপুলককদম্বঃ কম্বুরাজস্য নাদঃ ॥ ১৯৩ ॥

পাদাঙ্কঃ ॥

যথা শ্রীদশমে ॥

পশ্চাৎ প্রত্যুত তেন তস্য সাহায্যাদ্বিষীণীতি বিষতুল্য ভাবানীত্যর্থঃ ॥ ১৯২ ॥

কম্বুস্তু দক্ষিণাবর্ত্ত ইত্যেব পাঠঃ। ভ্রূণহত্তে তি কৌতুকেন নিন্দাবৎ প্রযুক্তং। নান্দীকরো মঙ্গলপাঠকরঃ। মাধবেনাধ্মাতঃ শব্দায়মানো দেহো যস্য ॥ ১৯৩ ॥

থাকায় বহির্নির্গত হইতে পারি নাই ॥ ১৯২ ॥

কম্বু ॥

দক্ষিণাবর্ত্ত শঙ্খকে পাঞ্চজন্য শঙ্খ বলা যায় ॥

যথা ॥

মাধব কর্ত্তৃক শব্দিত হইয়া পাঞ্চজন্য শঙ্খরাজের ধ্বনি অসুরবধূদিগের গর্ভপাতন পূর্ব্বক দেবস্ত্রীগণের মঙ্গল বিধান করত জনবৃন্দকে পুলকে পূর্ণিত করিয়া ভুবন মধ্যে ভ্রমণ করিতে লাগিল ॥ ১৯৩ ॥

পাদাঙ্ক যথা ॥

শ্রীদশমে ৩৮ অধ্যায়ে ২৫ শ্লোকে ॥

তদ্দর্শনাহ্লাদবিবৃদ্ধসংভ্রমঃ
প্রেম্নোর্দ্ধরোমাশ্রুকলাকুলেক্ষণঃ।
রথাদবস্কন্দ্য স তেষ্বচেষ্টত
প্রভোরমূন্যঙ্ঘ্রিরজাংস্যহো ইতি॥
যথাবা॥
কলয়ত হরিরধ্বনা সখায়ঃ
স্ফুটমমুনা যমুনাতটীমযাসীৎ।
হরতি পদততির্যদক্ষিণী মে
ধ্বজকুলিশাঙ্কুশপঙ্কজাঙ্কিতেয়ং॥
ক্ষেত্রং যথা॥

তদ্দর্শনেতি। তৎশব্দেন পাদাঙ্ক এবাকৃষ্যতে॥ ১৯৪॥

শ্রীকৃষ্ণের চরণচিহ্ন দর্শনে যে আনন্দ জন্মিল, তাহাতে অক্রূরের সম্ভ্রম বর্দ্ধিত হইল এবং প্রেমহেতু গাত্রের রোম অঙ্কিত হইয়া উঠিল। অপর অশ্রুকলায় লোচনদ্বয় আকুল হইয়া আসিল অতএব রথ হইতে উল্লম্ফন পূর্ব্বক "কি আশ্চর্য্য" এই বলিয়া দুর্ল্লভতা ভাবিতে ২ তাহাতে লুণ্ঠন করিতে লাগিলেন॥

যথাবা॥

অহে সখীগণ! অবলোকন কর, শ্রীকৃষ্ণ নিশ্চয় এই পথ দিয়া যমুনাকূলে গমন করিয়াছেন। তাঁহার ধ্বজবজ্র অঙ্কুশ ও পদ্মাঙ্কিত চরণচিহ্ন সকল আমার নয়নদ্বয় হরণ করিতেছে॥

ক্ষেত্র যথা॥

হরিকেলিভুবাং বিলোকনং
বত দূরেঽস্তু সুদুর্ল্লভশ্রিয়াং।
মথুরেত্যপি কর্ণপদ্ধতিং
প্রবিশন্নাম মনো ধিনোতি নঃ ॥ ১৯৪ ॥

তুলসী ॥

যথা বিল্বমঙ্গলে ॥

অয়ি পঙ্কজনেত্রমৌলিমালে
তুলসীমঞ্জরি কিঞ্চিদর্থয়ামি তে।
অববোধয় পার্থসারথেস্ত্বং
চরণাব্জে শরণাভিলাষিণং মাং ॥ ১৯৫ ॥

ভক্তঃ ॥

অববোধয়েত্যত্র পার্থসারথিমেবেত্যর্থাৎ। অর্থয়ামি প্রার্থয়ে। পরস্মৈপদমত্র পারায়ণমতে চুরাদিমাত্রস্যোভয়পদিত্বাৎ ॥ ১৯৫ ॥

হায়! পরম শোভাযুক্ত হরিলীলা স্থান সকল দর্শন করা দূরে থাকুক, "মথুরা" এই শব্দটী কর্ণকুহরে প্রবেশ করিয়া আমাদের মনকে চঞ্চল করিল ॥ ১৯৪ ॥

তুলসী ॥

যথা বিল্বমঙ্গলে ॥

হে কৃষ্ণশিরোভূষণ তুলসীমঞ্জরি! আমি তোমার নিকট কিঞ্চিৎ প্রার্থনা করিতেছি, অর্জ্জুনের সারথি শ্রীকৃষ্ণের চরণপদ্মের শরণাভিলাষি আমাকে অবগত করাও ॥ ১৯৫ ॥

ভক্ত যথা ॥

যথা চতুর্থে॥

বিজ্ঞায় তাবুত্তমগায়কিঙ্করা-
বভ্যুদ্যতঃ সাধ্বসবিস্মৃতক্রমং।
ননাম নামানি গৃণন্মধুদ্বিষঃ
পার্ষৎপ্রধানাবিতি সংহতাঞ্জলিঃ॥

যথা বা॥

সুবলভুজভুজঙ্গং ন্যস্য তুঙ্গে তবাংসে
স্মিতবিলসদপাঙ্গঃ প্রাঙ্গণে ভ্রাজমানঃ।
নয়নযুগমসিঞ্চদ্যঃ সুধাবীচিভির্নঃ

উত্তমগায়ঃ শ্রীমধুদ্বিট্ তস্য কিঙ্করৌ তৌ বিজ্ঞায়। তত্রাপি মধুদ্বিষঃ পার্ষদ প্রধানাবিতি বিজ্ঞায়। অভ্যুদ্যত স্তদাভিমুখ্যেনোদ্যত উত্থিতঃ সন্নিত্যাদি

চতুর্থে ১২ অধ্যায়ে ১৭ শ্লোকে॥

ধ্রুব অদ্ভুতদর্শন দুইটী পুরুষকে অবলোকন করিয়া ভগবান্ হরির কিঙ্কর বোধে তৎক্ষণাৎ গাত্রোত্থান করিলেন এবং তাঁহারা মধুরিপুর প্রধান পার্ষদ এই ভাবিয়া কৃতাঞ্জলিপুটে ভগবানের কেবল নাম গুলি উচ্চারণ করিতে করিতে প্রণাম করিলেন। ব্যস্ততা প্রযুক্ত যথাবিধি পূজা করিতে তাঁহার স্মরণ হইল না॥

যথাবা॥

হে সুবল! বল দেখি যিনি তোমার স্কন্ধোপরি হস্ত বিন্যস্ত করিয়া হাস্য বিলাসান্বিত অপাঙ্গ ভঙ্গিতে প্রাঙ্গণে বিরাজমান হইয়া আমাদের নয়নযুগলকে অমৃত তরঙ্গে সেচন

কথয় স দয়িতস্তে কায়মাস্তে বয়স্যঃ ॥

তদ্বাসরো যথা ॥

অদ্ভুতা বহবঃ সন্তু ভগবৎপর্ব্ববাসরাঃ।

আমোদয়তি মাং ধন্যা কৃষ্ণভাদ্রপদাষ্টমী ॥ ১৯৬ ॥

॥ * ॥ ইতি ভক্তিরসামৃতসিন্ধৌ দক্ষিণবিভাগে ভক্তি-রসসামান্যনিরূপণে বিভাব-লহরী ॥ * ॥ ১ ॥ * ॥

যোজ্যং। ধ্রুব ইতি প্রকরণ লব্ধঃ ॥ ১৯৬ ॥

॥ * ॥ ইতি দক্ষিণবিভাগে বিভাবলহরী প্রথমা ॥ * ॥

করিতেন, সেই তোমার বয়স্য শ্রীকৃষ্ণ এক্ষণে কোথায় ॥

তদ্বাসর যথা ॥

অত্যাশ্চর্য্য ভগবৎ পর্ব্ববাসর অনেক থাকিলেও ধন্য স্বরূপ ভাদ্রকৃষ্ণাষ্টমী আমাকে আমোদিত করিতেছে ॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণ বিদ্যারত্নকৃতব্যাখ্যায় ভক্তিরসামৃতসিন্ধুর দক্ষিণবিভাগে ভক্তিরস সামান্যে বিভাব-লহরী ॥ * ॥ ১ ॥ * ॥

অথানুভাবাঃ ॥

অনুভাবাস্তু চিত্তস্থভাবানামববোধকাঃ।
তে বহির্বিক্রিয়াপ্রায়াঃ প্রোক্তা উদ্ভাস্বরাখ্যয়া ॥ ১ ॥
নৃত্যং বিলুঠিতং গীতং ক্রোশনং তনুমোটনং।
হুঙ্কারো জৃম্ভণং শ্বাসভূমা লোকানপেক্ষিতা
লালাস্রাবোঽট্টহাসশ্চ ঘূর্ণাহিক্কাদয়োঽপি চ ॥ ২ ॥
তে শীতাঃ ক্ষেপণাশ্চেতি যথার্থাখ্যা দ্বিধোদিতাঃ।
শীতাঃ স্যুর্গীতজৃম্ভাদ্যা নৃত্যাদ্যাঃ ক্ষেপণাভিধাঃ ॥ ৩ ॥

তেষু অনুভাবেষু কার্য্যভূতাঃ স্মিতাদ্যাশ্চেত্যনেন স্মিত মুক্তমেব অত্রত্বাদ্য-গ্রহণগৃহীতান্ গণয়তি নৃত্যমিতি ॥ ২ ॥

গীতজৃম্ভাদ্যা ইতি গীতং জৃম্ভাদ্যাশ্চেত্যর্থঃ। আদ্যগ্রহণাৎ শ্বাসভূম-লোকানপেক্ষিতা লালাস্রাবা জ্ঞেয়াঃ পূর্ব্বোক্তত্বাৎ স্মিতমপি ॥ ৩ ॥

যাহারা উদ্ভাস্বর প্রযুক্ত চিত্তস্থ ভাব সকলের প্রকাশক এবং বাহ্যে বিকারের ন্যায় দেখায়, তাহাদিগকে অনুভাব বলে ॥

অনুভাবের কার্য্য যথা ॥

নৃত্য, বিলুঠন (ভূমিতে গড়াগড়ি দেওয়া),গান, ক্রোশন, (উচ্চরব) গাত্রমোটন, (অঙ্গ মোড়া) হুঙ্কার, জৃম্ভণ, (হাঁই-তোলা) দীর্ঘশ্বাস, লোকাপেক্ষা ত্যাগ,লালাস্রাব, অট্টহাস, (অতিশয় শব্দযুক্ত হাস্য), ঘূর্ণা এবং হিক্কাদি, এই সমস্ত বিকার দ্বারা চিত্তস্থ ভাব সকলের অনুভাব হয় ॥ ২ ॥

এই অনুভাব সকলের সমষ্টিতে নাম শীত এবং ক্ষেপণ। গীত জৃম্ভা প্রভৃতিকে শীত এবং নৃত্যাদিকে ক্ষেপণ বলে ॥৩॥

তত্র নৃত্যং যথা ॥

মুরলীখুরলীসুধাকিরং
হরিবক্ত্রেন্দুমবেক্ষ্য কম্পিতঃ।
গগণে সগণেশডিণ্ডিম-
ধ্বনিভিস্তাণ্ডবমাশ্রিতো হরঃ ॥

বিলুঠিতং।

যথা তৃতীয়ে ॥

কচ্চিদ্বুধঃ স্বস্ত্যনমীব আস্তে
শ্বফল্কপুত্রো ভগবৎপ্রপন্নঃ।
যঃ কৃষ্ণপাদাঙ্কিতমার্গপাংশু-
ষ্বচেষ্টত প্রেমবিভিন্নধৈর্য্যঃ ॥ ৪ ॥

মুরলীপদেন তন্নাদো লক্ষ্যতে খুরলী তস্যা অভ্যাসঃ। অভ্যাসঃ খুরলী যোগ্যেতি ত্রিকাণ্ডশেষাৎ ॥ ৪ ॥

তন্মধ্যে নৃত্য যথা ॥

ভগবান্ মহেশ্বর, যাহাতে মুরলীর অভ্যাসবশতঃ অমৃত ক্ষরণ হইতেছে ঈদৃশ হরিমুখচন্দ্র সন্দর্শন করিয়া ডিণ্ডিমবাদ্য-সহকারে গগণে গণেশের সহিত নৃত্য আরম্ভ করিলেন ॥

বিলুঠিত যথা তৃতীয়ে ১ অধ্যায়ে ৩১ শ্লোকে ॥

উদ্ধবকে বিদুর জিজ্ঞাসা করিলেন, হে সখে! বিদ্বান্ নিষ্পাপ এবং ভগবানের শরণাপন্ন মহাত্মা অক্রূর কুশলে আছেন ত? ভগবান্ শ্রীকৃষ্ণের প্রতি তাঁহার ঈদৃশী ভক্তি, যে, তিনি প্রেমবশতঃ ধৈর্য্যবিহীন হইয়া তদীয় চরণাঙ্কিত পথের ধূলায় অবলুণ্ঠিত হইয়াছিলেন ॥ ৪ ॥

যথা বা ॥

নবানুরাগেণ তবাবশাঙ্গী
বনস্রগামোদমবাপ্য মত্তা।
ব্রজাঙ্গণে সা কঠিনে লুঠন্তী ॥
গাত্রং সুগাত্রী ব্রণয়াঞ্চকার ॥ ৫ ॥

গীতং যথা ॥

রাগডম্বরকরম্বিতচেতাঃ
কুর্ব্বতী তব নবং গুণগানং।
গোকুলেন্দ্র কুরুতে জলতাং সা
রাধিকাদ্য সুহৃদাং দৃষদাঞ্চ ॥

ব্রণয়াঞ্চকার ব্রণবচ্চকার। বিন্মতোর্লুক্ চেতি লুগ্বিধানাৎ ॥ ৫ ॥
রাগোঽনুরাগঃ শ্রীরাগাদিশ্চ সুহৃদাং সহচরীণাং জড়তাং স্তম্ভং। দৃষদাং জলত্বং জলয়ো বিনিময়াৎ ॥ ৬ ॥

যথাবা ॥

হে কৃষ্ণ! তোমার নবানুরাগ বশতঃ শোভনাঙ্গী শ্রীরাধা বিবশাঙ্গী এবং বনমালার সৌরভে প্রমত্তা হইয়া কঠিন ব্রজাঙ্গণে লুণ্ঠিত হওত গাত্রকে ব্রণময় করিয়াছেন ॥ ৫ ॥

গীত যথা ॥

হে গোকুলেন্দ্র! অদ্য অনুরাগসমূহে দত্তচিত্তা শ্রীরাধা তোমার অভিনব গুণগান করিয়া সুহৃদ্বর্গকে জড়তাপন্ন ও পাষাণসমূহকে জলময় করিতেছেন ॥

ক্রোশনং ॥

হরিকীর্ত্তনজাতবিক্রিয়ঃ

স বিচুক্রোশ তথাদ্য নারদঃ।

অচিরান্নরসিংহশঙ্কয়া

দনুজা যেন ধুতা বিলিল্যিরে ॥ ৬ ॥

যথা বা ॥

উররীকৃতকাকুরাকুলা, কুররীব ব্রজরাজনন্দন।

মুরলীতরলীকৃতান্তরা, মুহুরাক্রোশদিহাদ্য সুন্দরী ॥৭ ॥

তনুমোটনং যথা ॥

তরলীকৃতান্তরেতি চ্বিপ্রত্যয়ান্ত এব পাঠঃ ॥ ৭ ॥

ক্রোশন ॥

হরিকীর্ত্তন-জনিত বিকার নিবন্ধন নারদ এরূপ উচ্চরব করিয়াছিলেন যে, তদ্দ্বারা 'অদ্য নৃসিংহ আবির্ভূত হইলেন কি ?' এই আশঙ্কা করিয়া দানব সকল ইতস্ততঃ ধাবমান হইয়া লুক্কায়িত হইল ॥ ৬ ॥

যথাবা ॥

হে ব্রজরাজনন্দন ! এই বৃন্দাবন মধ্যে অদ্য শ্রীরাধা তোমার মুরলীরবে চঞ্চল চিত্তা হইয়া কাকু অর্থাৎ শোক-ভয়াদি দ্বারা স্বরবিকার অঙ্গীকার পূর্ব্বক কুররী পক্ষিণীর ন্যায় মুহুর্মুহুঃ চিৎকার করিতেছেন ॥ ৭ ॥

তনুমোটন যথা ॥

কৃষ্ণনামনি মুদোপবীণিতে
প্রীণিতে মনসি বৈণিকো মুনিঃ।
উদ্ভটং কিমপি মোটয়ন্ বপু-
স্ত্রোটয়ত্যখিলযজ্ঞসূত্রকং ॥ ৮ ॥

হুঙ্কারঃ ॥

বৈণবধ্বনিভিরুদ্ভ্রমদ্ধিয়ঃ
শঙ্করস্য দিবি হুঙ্কৃতিস্বনঃ।
ধ্বংসয়ন্নপি মুহুঃ স দানবং
সাধুবৃন্দমকরোৎ সদা নবং ॥ ৯ ॥

মুদা হর্ষেণ উপবীণিতে বীণয়া উপগীতে সতি। অর্থাৎ স্বয়মেব উদ্ভটং যথা স্যাত্তথা বপুর্মোট্যাৎ কিমপি অনির্ব্বচনীয়ং। যথা স্যাত্তথাখিল যজ্ঞসূত্রং ত্রোটয়তি ॥ ৮ ॥

যথার্থত্বে সহুঙ্কৃতিস্বন ইতি যোজ্যং। মুহুরপীতি চ। সদা প্রতিক্ষণমেব পরমানন্দদানেন নবমিবাকরোদিতি চ। বিরোধালঙ্কারায় তু ধ্বংসয়ন্নপি ইতি দানব সহিতমিতি ব্যাখ্যেয়ং ॥ ৯ ॥

বীণাধারী নারদ আনন্দপূর্ব্বক পরিতৃপ্তচিত্তে কৃষ্ণনাম স্মরণ করিয়া বীণা দ্বারা গান করত কোন উৎকট রূপে গাত্র মোটন ও সমুদায় যজ্ঞসূত্র খণ্ড খণ্ড করিয়াছিলেন ॥ ৮ ॥

হুঙ্কার যথা।

শ্রীকৃষ্ণের মুরলীধ্বনি শ্রবণ করিয়া ভ্রান্ত বুদ্ধি শঙ্কর গগণ মণ্ডলে এরূপ মুহুর্মুহুঃ হুঙ্কার ধ্বনি করিয়াছিলেন যে, তদ্দ্বারা দানবগণের বিনাশ ও সাধুদিগের আনন্দ উৎপন্ন হইয়াছিল ॥ ৯ ॥

জৃম্ভণং যথা ॥

বিস্তৃতকুমুদবনেস্মি-
ন্নুদয়তিপূর্ণে কলানিধৌ পুরতঃ।
তব পদ্মিনি মুখপদ্মং
ভজতে জৃম্ভামহো চিত্রং ॥ ১০ ॥

শ্বাসভূমা ॥

উপস্থিতে চিত্রপটাম্বুদাগমে
বিবৃদ্ধতৃষ্ণা ললিতাখ্যচাতকী।

বিস্তৃতেতি। কৃষ্ণপক্ষে বিস্তৃতঃ কোঃ পৃথিব্যা মুদাগবনং পালনং যেন তথা তস্মিন্ পক্ষে জৃম্ভা মালস্য ব্যঞ্জিকাং ভজত ইতি চিত্রমেব ॥ ১০ ॥

অম্বুদাগমঃ প্রাবৃট্। বাতুলো বাতগুল্মঃ স্যাচ্চোরবায়ু র্নিদাঘজঃ। ঝঞ্ঝা-

---

জৃম্ভণ যথা ॥

হে পদ্মিনি! সম্মুখস্থ কুমুদবনে পূর্ণচন্দ্রের উদয় হওয়াতে তোমার মুখপদ্ম যে জৃম্ভা ভজনা করিল, এ অতি আশ্চর্য্য ॥

অর্থান্তরে। হে রাধে! নিখিল ভূমণ্ডলের রক্ষণার্থ আবির্ভূত পূর্ণকলানিধি শ্রীকৃষ্ণ সম্মুখে আগমন করায় তোমার বদনপদ্ম যে জৃম্ভা অর্থাৎ আলস্য ভজনা করিল, ইহা অতি-বিচিত্র ॥ ১০ ॥

দীর্ঘশ্বাস যথা ॥

ললিতা নাম্নী চাতকী বিচিত্র বস্ত্র রূপ বর্ষাকাল বিবেচনায় অতিশয় তৃষ্ণাবতী হইয়াছিলেন, কিন্তু নিশ্বাসরূপ ঝঞ্ঝা-

নিশ্বাসঝঞ্ঝামরুতাপবাহিতং
কৃষ্ণাম্বুদাকারমবীক্ষ্য চুক্ষুভে ॥ ১১ ॥
লোকানপেক্ষিতা ॥
যথা দশমে ॥
অহো পশ্যত নারীণামপি কৃষ্ণে জগদ্গুরৌ।
দুরন্তভাবং যোঽবিধ্যন্মৃত্যুপাশান্ গৃহাভিধান্ ॥ ১২ ॥
যথা বা পদ্যাবল্যাং ॥
পরিবদতু জনো যথা তথায়ং
ননু মুখরো ন বয়ং বিচারয়ামঃ।

নিলঃ প্রাবৃষিকো বাসন্তো মলয়ানিল ইতি ত্রিকাণ্ডশেষ দৃষ্ট্যা শ্বাস এব ঝঞ্ঝা মরুৎ প্রাবৃড়্ বায়ুঃ দৃগম্বুমিশ্রত্বাৎ প্রবলত্বাচ্চ। তেন অপবাহিতং নেত্র পথাদ্দূরে ক্ষিপ্তং পটস্য পরিবর্ত্তিত্বাৎ ॥ ১১ ॥

অহো ইতি যাজ্ঞিকানামুক্তিঃ ॥ ১২ ॥

নির্ব্বিশাম ভোগং করবাম। পর্য্যটামেতি পাঠঃ সঙ্গতং ত্রিষপি লোড়ুত্তম

বায়ু দ্বারা কৃষ্ণাম্বুদাকার বসন দূরে নিক্ষিপ্ত দেখিয়া অতিশয় ক্ষুব্ধচিত্তা হইলেন ॥ ১১ ॥

লোকাপেক্ষা পরিত্যাগ যথা ॥

শ্রীদশমে, ২৩ অধ্যায়ে ৩৩ শ্লোকে ॥

যাজ্ঞিক ব্রাহ্মণগণ কহিলেন, কি আশ্চর্য্য! নারীদিগেরও জগদ্গুরু শ্রীকৃষ্ণে দুরন্তভাব (ভক্তি) অবলোকন কর, এই ভাবে গৃহ সংজ্ঞক মৃত্যু পাশ সংছিন্ন হয় ॥

যথাবা পদ্যাবলীতে ॥

দুর্ম্মুখ লোক সকল যেখানে সেখানে নিন্দা করে করুক,

হরিরসমদিরামদাতিমত্তা
ভুবি বিলুঠাম নটাম নির্বিশামঃ ॥ ১৩ ॥
লালাস্রাবো যথা ॥
শঙ্কে প্রেমভুজঙ্গেন দষ্টঃ কষ্টং গতো মুনিঃ।
নিশ্চলস্য যদেতস্য লালা স্রবতি বক্ত্রতঃ ॥ ১৪ ॥
অট্টহাসং ॥
হাসাদ্ভিন্নোঽট্টহাসোঽয়ং চিত্তবিক্ষেপসম্ভবঃ ॥

পুরুষবহুবচনং তু পরম সঙ্গতং। বয়মিত্যুক্তত্বান্মত্তা ইতি পঠনীয়ং ॥ ১৩ ॥

শঙ্কে প্রেমেতি। মুনিত্বেন প্রেমানুমানং নিশ্চলত্বকরণাদিনা তত্র ভুজঙ্গ রূপত্বং ॥ ১৪ ॥

অট্টহাসস্য চেদং লক্ষণং। উৎফুল্লনাসিকারন্ধ্রমালোড়িতমুখেক্ষণং। উদ্ধতং বিকৃতাকারং নাট্যেঽট্টহসিতং বিদুরিতি। বিপক্ষং প্রত্যাক্ষেপময-

---

আমরা তাহার কোন বিচার করিব না, হরিরস মদিরা মদে অতিশয় মত্ত হইয়া ভূমিতে লুণ্ঠিত হইব, নৃত্য করিব এবং যথেষ্ট ভোগ করিব ॥ ১৩ ॥

লালাস্রাব যথা ॥

আমার এইরূপ অনুভব হইতেছে, যে, নারদমুনি কৃষ্ণপ্রেম ভুজঙ্গ দংশনে কষ্ট প্রাপ্ত হইয়া নিশ্চলভাবে রহিয়াছেন, এ কারণ ইহাঁর মুখ হইতে লালাস্রাব হইতেছে ॥ ১৪ ॥

অথ অট্টহাস ॥

যাহা চিত্তের বিক্ষেপ হইতে উৎপন্ন অথচ হাস্য হইতে পৃথক, তাহার নাম অট্টহাস ॥

যথা ॥

শঙ্কে চিরং কেশবকিঙ্করস্য
চেতস্তটে ভক্তিলতা প্রফুল্লা।
যেনাধিতুণ্ডস্থলমট্টহাস-
প্রসূনপুঞ্জাশ্চটুলং স্খলন্তি ॥

ঘূর্ণা যথা ॥

ধ্রুবমঘরিপুরাদধাতি বাত্যাং
নমু মুরলি ত্বয়ি ফুৎকৃতিচ্ছলেন
কিময়মিতরথা ধ্বনির্বিঘূর্ণন্

তয়া যদ্যপ্যট্টহাসঃ সর্ব্বত্রাপ্যগ্র এব বর্ণ্যতে তথাপি স্বএব স্বপক্ষং প্রতিরোচমানং তেন কেনচিৎ কোমলতয়াপি বর্ণয়িতুং শক্যতে। তত্র সতি ভক্তিনিন্দকানামবজ্ঞাজ্ঞাপকং কস্যচিদ্ভক্তস্যাট্টহাসং কশ্চিৎ তৎসপক্ষো বর্ণয়তি শঙ্কে

যথা ॥

আমার এইরূপ অনুভব হইতেছে যে,কৃষ্ণদাসের চিত্ততটে ভক্তিলতা প্রফুল্লা হইয়া থাকিবে এ কারণ ওষ্ঠাধর স্থলে অট্টহাসরূপ মনোহর পুষ্প সকল স্খলিত হইতেছে ॥

ঘূর্ণা যথা ॥

হে সখি মুরলি! নিশ্চয় বোধ হইতেছে অঘরিপু শ্রীকৃষ্ণ ফুৎকৃতিচ্ছলে তোমাতে ঘূর্ণাবায়ু আধান করিয়াছেন, নতুবা তোমার এরূপ ধ্বনি সম্ভব হইত না, এজন্য তোমার ধ্বনি স্বয়ং ঘূর্ণায়মান হইয়া ব্রজস্থ পঙ্কজাক্ষী গোপীদিগকে

সখি তব ঘূর্ণয়তি ব্রজাম্বুজাক্ষীঃ ॥ ১৫ ॥

হিক্কা যথা ॥

ন পুত্রি রচয়ৌষধং বিসৃজ রোদমত্যুদ্ধতং
মুধা প্রিয়সখীং প্রতি ত্বমশিবং কিমাশঙ্কসে।
হরিপ্রণয়বিক্রিয়াকুলতয়া ব্রুবাণা মুহু-
র্বরাক্ষি হরিরিত্যসৌ বিতনুতেঽদ্য হিক্কাভরং ॥ ১৬ ॥

বপুরুৎফুল্লতা রক্তোদ্গমাদ্যাঃ স্যুঃ পরেঽপি যে।

ইতি ॥ ১৫ ॥

ন পুত্রীতি পৌর্ণমাস্যা বচনং। সা চ তাদৃশভাবেত্যুজ্জ্বলনীলমণাবেব ব্যজ্যতে ততশ্চাহমেবোপায়ং করিষ্যামীতি ধ্বনিতং। অত্র রোদনক্রোদ্ধত-মিত্যেব পাঠঃ সভ্যঃ ॥ ১৬ ॥

বপুরিতি বস্তুতস্তু বপুরুৎফুল্লতা পুলকস্যৈবাতিশয়ো জ্ঞেয়ঃ। রক্তো-

---

ঘূর্ণিত করিতেছে ॥ ১৫ ॥

হিক্কা যথা ॥

পৌর্ণমাসী কহিলেন, হে পুত্রি! তুমি আপনার প্রিয় সখী শ্রীরাধার প্রতি কি অমঙ্গল আশঙ্কা করিতেছ? এ অমঙ্গল নহে, তুমি ইহাঁর প্রতি কোন ঔষধ প্রয়োগ করিও না, উদ্ধত রোদন পরিত্যাগ কর। হে বরাক্ষি! ইহা শ্রীকৃষ্ণ প্রেমের বিকার, শ্রীকৃষ্ণ অদ্য হিক্কাতিশয়কে বিস্তার করিয়াছেন, অতএব আমিই হিক্কা নিবারণের উপায় করিতেছি॥১৬

অপর দেহের উৎফুল্লতা ও রক্তোদ্গম প্রভৃতি যে সকল ভাব আছে, তৎসমুদায় অতি বিরল প্রযুক্ত এস্থলে কথিত

অতীব বিরলত্বাত্তে নৈবাত্র পরিকীর্ত্তিতাঃ ॥ ১৭ ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ দক্ষিণবিভাগে ভক্তি-রস-সামান্য-নিরূপণেঽনুভাব লহরী দ্বিতীয়া ॥ * ॥

অথ সাত্ত্বিকাঃ ॥

কৃষ্ণসম্বন্ধিভিঃ সাক্ষাৎ কিঞ্চিদ্বা ব্যবধানতঃ।
ভাবৈশ্চিত্তমিহাক্রান্তং সত্ত্বমিত্যুচ্যতে বুধৈঃ ॥ ১ ॥
সত্ত্বাদস্মাৎ সমুৎপন্না যে ভাবাস্তেতু সাত্ত্বিকাঃ।
স্নিগ্ধা দিগ্ধাস্তথা রুক্ষা ইত্যমী ত্রিবিধা মতাঃ ॥ ২ ॥

দশমশ্চ স্বেদস্য ॥ ১৭ ॥

॥ ০ ॥ ইতি পঞ্চলহর্য্যাত্মকে দক্ষিণবিভাগে অনুভাবলহরী দ্বিতীয়া ॥ ০ ॥

সত্ত্বাদিতি কেবলাদেবেতি ভাবঃ। ততশ্চ নৃত্যাদীনাং সত্যপি সত্ত্বোৎপন্নত্বে বুদ্ধিপূর্ব্বিকা প্রবৃত্তিঃ স্তম্ভাদীনান্তু স্বতএব প্রবৃত্তিরিত্যস্য লক্ষণস্য নৃত্যাদিষু ন ব্যাপ্তিঃ ॥ ২ ॥

হইল না ॥ ১৭ ॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণ বিদ্যারত্নকৃত ব্যাখ্যায় অনুভাব লহরী দ্বিতীয় ॥ * ॥ ২ ॥ * ॥.

অথ সাত্ত্বিক ॥

সাক্ষাৎ শ্রীকৃষ্ণসম্বন্ধি অথবা কিঞ্চিৎ ব্যবধান হেতু ভাব সমূহ দ্বারা চিত্ত আক্রান্ত হইলে পণ্ডিতগণ তাহাকে সত্ত্ব বলিয়া থাকেন ॥ ১ ॥

সত্ত্ব হইতে উৎপন্ন যে সকল ভাব তাহাদিগকে সাত্ত্বিক বলা যায়, এই সাত্ত্বিক তিন প্রকার, স্নিগ্ধ, দিগ্ধ এবং রুক্ষ ॥২

তত্র স্নিগ্ধাঃ ॥

স্নিগ্ধাস্তু সাত্ত্বিকা মুখ্যা গৌণাশ্চেতি দ্বিধা মতাঃ ॥

তত্র মুখ্যাঃ ॥

আক্রমান্মুখ্যয়া রত্যা মুখ্যাঃ স্যুঃ সাত্ত্বিকা অমী।

বিজ্ঞেয়ঃ কৃষ্ণসম্বন্ধঃ সাক্ষাদেবাত্র সূরিভিঃ ॥

যথা ॥

কুন্দৈর্মুকুন্দায় মুদা সৃজন্তী

স্রজং বরাং কুন্দবিড়ম্বি দন্তী।

বভূব গান্ধর্ব্বরসেন বেণো

তত্র স্নিগ্ধা ইতি। এষাংলক্ষণং বক্ষ্যমাণানুসারেণ মুখ্য গৌণরত্যাক্রান্ত-চিত্তভবতয়া জ্ঞেয়ং। তদেবং সামান্যতঃ স্নিগ্ধানাং লক্ষণমপ্যায়াতং। উভয়ৈকতর রত্যাক্রান্ত চিত্তভবতয়া স্নিগ্ধা ইতি ॥ ৩ ॥

তন্মধ্যে স্নিগ্ধ যথা ॥

স্নিগ্ধ সাত্ত্বিক দুই প্রকার গৌণ ও মুখ্য ॥

তন্মধ্যে মুখ্য যথা ॥

মুখ্য ভাবদ্বারা আক্রান্ত সাত্ত্বিকভাব সকলের নাম মুখ্য। পণ্ডিতগণ বলিয়া থাকেন, এই মুখ্য ভাবেই শ্রীকৃষ্ণের সহিত সাক্ষাৎ সম্বন্ধ আছে ॥

যথা ॥

কুন্দ বিনিন্দিত দন্তী শ্রীরাধা, মুকুন্দের নিমিত্ত কুন্দপুষ্প-দ্বারা উৎকৃষ্ট মালা নির্ম্মাণ করিতেছিলেন, এমত সময়ে বেণুর মধুর ধ্বনি শ্রবণ করিয়া সহসা নিস্পন্দাঙ্গী হইয়া কহিলেন ॥

গাঙ্গর্ব্বিকা স্পন্দনশূন্যগাত্রী ॥
মুখ্যঃ স্তম্ভোঽয়মিত্থং তে জ্ঞেয়াঃ স্বেদাদয়োঽপি চ ॥
অথ গৌণাঃ ॥
রত্যাক্রমণতঃ প্রোক্তা গৌণাস্তে গৌণভূতয়া।
অত্র কৃষ্ণস্য সম্বন্ধঃ স্যাৎ কিঞ্চিদ্ব্যবধানতঃ ॥
যথা ॥
স্ববিলোচনচাতকাম্বুদে
পুরি নীতে পুরুষোত্তমে পুরা।
অতিতাম্রমুখী সগদ্গদং
নৃপমাক্রোশতি গোকুলেশ্বরী ॥ ৩ ॥

এই স্তম্ভ মুখ্য, এইরূপ স্বেদাদিকেও জানিতে হইবে ॥

অথ গৌণ ॥

গৌণরতি দ্বারা আক্রান্ত ভাব সকলকে গৌণ বলা যায়, এই গৌণভাবে কিঞ্চিৎ ব্যবধানে শ্রীকৃষ্ণের সহিত সম্বন্ধ হইয়া থাকে ॥

যথা ॥

স্বীয় লোচন চাতকের মেঘ স্বরূপ পুরুষোত্তম পূর্ব্বে মধুপুরীতে নীত হইলে, পশ্চাৎ গোকুলেশ্বরী যশোদা ক্রোধে তাম্রমুখী হইয়া গদ্গদ বাক্যে নৃপতিকে তিরস্কার করিতে লাগিলেন ॥ ৩ ॥

ইমৌ গৌণৌ বৈবর্ণ্য স্বরভেদৌ ॥

অথ দিগ্ধাঃ ॥

রতিদ্বয়বিনাভূতৈর্ভাবৈর্মনস আক্রমাৎ।

জনে জাতরতৌ দিগ্ধাস্তে চেদ্রত্যনুগামিনঃ ॥ ৪ ॥

যথা ॥

পূতনামিহ নিশম্য নিশায়াং

সা নিশান্ত লুঠদুদ্ভটগাত্রীং।

কম্পিতাঙ্গলতিকা ব্রজরাজ্ঞী

পুত্রমাকুলমতির্বিচিনোতি ॥ ৫ ॥

ইমাবিতি গৌণভূতয়া ক্রোধরত্যা ক্রমণাদিতি ভাবঃ ॥ ৪ ॥

পূতনামিতি স্বাপ্নিকং চরিতং লক্ষ্যতে নিশান্তে তস্যা লোঠনা শ্রুতেঃ। অতএব নিদ্রামোহেন পুত্রস্য প্রথমং তত্রাস্তিত্বাস্ফূর্তেঃ স্ববিষয়মেব ভয়ং জাতঃ ॥ ৫ ॥

এই উদাহরণে বৈবর্ণ্য ও স্বরভেদ এই দুইটী গৌণ ॥

অথ দিগ্ধা ॥

মুখ্য ও গৌণ রতি ব্যতিরেকে জাতরতি জনে ভাবদ্বারা মন আক্রান্ত হইলে যদি ঐ ভাব রতির অনুগামী হয়, তাহা হইলে তাহাকে দিগ্ধ বলে ॥ ৪ ॥

যথা ॥

একদা রজনী শেষে স্বপ্নাবেশে গৃহপ্রান্তে ভূমিতে লুণ্ঠায়মানা প্রকাণ্ড গাত্রী পূতনাকে অবলোকন করিয়া ব্রজেশ্বরী কম্পিতাঙ্গী ও ব্যাকুল চিত্ত হইয়া পুত্রের অন্বেষণ করিতে লাগিলেন ॥ ৫ ॥

কম্পো রত্যনুগামিত্বাদসৌদিগ্ধ ইতীর্য্যতে ॥ ৬ ॥

অথ রুক্ষাঃ ॥

মধুরাশ্চর্য্য তদ্বার্ত্তোৎপন্নৈর্মুদ্বিস্ময়াদিভিঃ।

জাতা ভক্তোপমে রুক্ষা রতিশূন্যে জনে ক্বচিৎ ॥

যথা ॥

ভোগৈকসাধনজুষা রতিগন্ধশূন্যং

স্বং চেষ্টয়া হৃদয়মত্র বিবৃন্বতোঽপি।

উল্লাসিনঃ সপদি মাধবকেলিগীতৈ-

স্তস্যাঙ্গমুৎপুলকিতং মধুরৈস্তদাসীৎ ॥

কম্প ইতি পূর্ব্বস্তু কেবল ভয়ানক দর্শনাজ্জাতেয়ং নতু স্ববিলোচনে-ত্যাদৌ বৈবর্ণ্যাদিরিব রতিমূল ইতি ভাবঃ ॥ ৬ ॥

জাতা ইতি ভক্তোঽত্র জাতরতিঃ প্রকরণাৎ ॥ ৭ ॥

রতির অনুগামী প্রযুক্ত এই কম্প দিগ্ধ বলিয়া কীর্ত্তিত হইল ॥ ৬ ॥

অথ রুক্ষ ॥

কখন যদি মধুর এবং আশ্চর্য্য ভগবৎ কথায় আনন্দ বিস্ময়াদি দ্বারা ভক্ত সদৃশ রতিশূন্য জনে ভাবোদয় হয়, তাহা হইলে ঐ ভাবকে রুক্ষ বলা যায় ॥

যথা ॥

যে ব্যক্তি উল্লাস পূর্ব্বক কেবল ভোগ সাধন তৎপর স্বীয় চেষ্টা দ্বারা রতিশূন্য চিত্তকে আচ্ছন্ন করিয়া রাখে, তাহা হইলেও মধুর মাধবলীলাগীত তৎক্ষণাৎ তাহার অঙ্গকে উৎপুলকিত করিয়া দেয় ॥

রুক্ষ এষ রোমাঞ্চঃ ॥

চিত্তং সত্ত্বীভবৎপ্রাণে ন্যস্যত্যাত্মানমুদ্ভটং।
প্রাণস্তু বিক্রিয়াং গচ্ছন্দেহং বিক্ষোভয়ত্যলং।
তদা স্তম্ভাদয়ো ভাবা ভক্তদেহে ভবন্ত্যমী।
তে স্তম্ভ-স্বেদ-রোমাঞ্চাঃ স্বরভেদোঽথ বেপথুঃ।
বৈবর্ণ্যমশ্রুপ্রলয় ইত্যষ্টৌ সাত্ত্বিকাঃ স্মৃতাঃ।
চত্বারি ক্ষ্মাদিভূতানি প্রাণো জাত্ববলম্বতে।
কদাচিৎ স্বপ্রধানঃ সন্ দেহে চরতি সর্ব্বতঃ ॥ ৭ ॥
স্তম্ভং ভূমিস্থিতঃ প্রাণস্তনোত্যশ্রুজলাশ্রয়ঃ।

স্তম্ভমিতি তত্তদ্ভাবস্য স্বভাব ভেদ এবাত্র কারণং জ্ঞেয়ং ॥ ৮ ॥

এই রোমাঞ্চকেই রুক্ষ বলে ॥

চিত্ত যখন সত্ত্বগুণাবলম্বী হইয়া চঞ্চল মনকে প্রাণে সমর্পণ করে এবং প্রাণ বিকারাপন্ন হইয়া অতিশয় রূপে দেহের ক্ষোভ উৎপাদন করে, তখনই ভক্ত দেহে স্তম্ভাদি ভাব সকল উদিত হয় ॥

সাত্ত্বিক ভাব আট প্রকার, যথা—স্তম্ভ, স্বেদ (ঘর্ম্ম) রোমাঞ্চ, স্বরভেদ, কম্প, বৈবর্ণ্য, অশ্রু ও প্রলয় ॥

কখন কখন প্রাণ, পৃথিবী, জল, তেজঃ ও আকাশ অবলম্বন করিয়া থাকে এবং কখন স্বপ্রধান অর্থাৎ বায়ু আশ্রয় করিয়া সর্ব্বতোভাবে দেহে বিচরণ করে ॥ ৭ ॥

প্রাণ যখন ভূমিস্থিত হয়, তখন স্তম্ভ, যখন জলাশ্রিত হয়,তখন অশ্রু,যখন তেজঃস্থ হয়,তখন স্বেদ (ঘর্ম্ম) এবং যখন

তেজস্থঃ স্বেদবৈবর্ণ্যে প্রলয়ং বিয়দাশ্রিতঃ।
স্বস্ত এব ক্রমান্মন্দমধ্যতীব্রত্বভেদভাক্।
রোমাঞ্চকম্পবৈস্বর্য্যান্যত্র ত্রীণি তনোত্যসৌ ॥ ৮ ॥
বহিরন্তশ্চ বিক্ষোভবিধায়িত্বাদতঃ স্ফুটং।
প্রোক্তানুভাবতামীষাং ভাবতা চ মনীষিভিঃ ॥ ৯ ॥
তত্র স্তম্ভঃ ॥
স্তম্ভো হর্ষভয়াশ্চর্য্যবিষাদামর্ষসম্ভবঃ।

অতঃ পূর্ব্বোক্তাদ্ধেতো র্বহিরন্তশ্চ স্ফুটমুচ্চৈ র্বিক্ষোভবিধায়িত্বাদিত্যুত্তাস্বরেষু তু ন তাদৃশমিত্যভিপ্রায়ঃ। ভাবতা পক্ষেতু, অমীষাং ব্যভিচারিত্বমেব জ্ঞেয়ং ॥ ৯ ॥

স্তম্ভ ইতি। স্তম্ভো মনসোঽবস্থাবিশেষঃ। রাগাদিরাহিত্যমিত্যাদিকন্তু দেহস্য। সচ স্তম্ভ এব সাত্ত্বিকানাং তত্তদেকনামতয়াস্তর্ব্বহির্ব্যাপ্য স্থিতত্বাৎ। কিন্তু পূর্ব্বঃ সূক্ষ্মাবস্থঃ। উত্তরস্তু স্থূলাবস্থঃ। পূর্ব্বস্য বোধক ইতি যথাক্রমং দ্বয়োর্ভা-

---

আকাশাশ্রিত হয়, তখন প্রলয় (মূর্চ্ছা) বিস্তার করে, আর যখন বায়ুতেই স্থিত হয়, তখন ক্রমশঃ মন্দ, মধ্য ও তীব্রত্বাদি ভেদ প্রাপ্ত হইয়া রোমাঞ্চ, কম্প ও স্বরভেদ এই তিনটীকে বিস্তার করিয়া থাকে ॥ ৮ ॥

এই সকল সাত্ত্বিক ভাব স্পষ্টরূপে বাহ্য এবং অন্তরের ক্ষোভ বিধান করে, একারণ পণ্ডিতগণ ইহাদের অনুভাবত্ব এবং ব্যভিচারিত্ব বলিয়া কীর্ত্তন করেন ॥ ৯ ॥

তন্মধ্যে স্তম্ভ যথা ॥

হর্ষ, ভয়, আশ্চর্য্য, বিষাদ এবং অমর্ষ অর্থাৎ ক্রোধ

তত্র রাগাদিরাহিত্যং নৈশ্চল্যং শূন্যতাদয়ঃ ॥

তত্র হর্ষাদ্যথা তৃতীয়ে ॥

যস্যানুরাগপ্লুতহাসরাস-
লীলাবলোকপ্রতিলব্ধমানাঃ।
ব্রজস্ত্রিয়ো দৃগ্‌ভিরনুপ্রবৃত্ত-
ধিয়োঽবতস্থুঃ কিলকৃত্যশেষাঃ ॥ ১০ ॥

বানুভাবস্ত্বং। তদেবং হর্ষাদিসম্ভবো ভাববিশেষঃ স্তম্ভ উচ্যতে। তত্র রাগাদি-রাহিত্যাদয়ো ভবন্তীতি বোধ্যং। এবমুত্তরত্রাপি। অত্র তু রাগাদীনাং রাহিত্যং যত্র তাদৃশং নৈশ্চল্যং কর্ম্মেন্দ্রিয়াণাং। শূন্যত্বন্তু জ্ঞানেন্দ্রিয়ব্যাপারাণাং। মন-সস্তু ব্যাপারোঽস্তি। প্রলয়ে পুনস্তদেকলীনত্বান্মনসোঽপি নাস্তীতি ভেদঃ ॥১০॥

হইতে স্তম্ভ উৎপন্ন হয়, স্তম্ভ হইতে বাক্যাদি রাহিত্য, নিশ্চ-লতা এবং শূন্যত্বাদি অর্থাৎ অভাবাদি প্রকাশ পায় ॥

তন্মধ্যে হর্ষ হেতু স্তম্ভ যথা ॥

তৃতীয়ে ২ অধ্যায়ে ১৪ শ্লোকে ॥

উদ্ধব বিদুরকে কহিলেন হে মহাশয়!, একদা ব্রজাঙ্গনা-গণ তদীয় সানুরাগ হাস্য পরিহাস ও লীলাবলোকনদ্বারা মানিনী হইয়া তাঁহাকে নিবারণ করিলে যখন তিনি গমন করেন তখন তাঁহাদের নয়নের সহিত অন্তঃকরণও তাঁহার পশ্চাদ্বর্ত্তী হইয়াছিল, তাহাতে তাঁহাদের স্বস্ব কার্য্য সমাপ্ত না হইলেও তাঁহারা নিশ্চেষ্ট হইয়া রহিয়াছিলেন ॥১০ ॥

ভয়াদ্যথা ॥

গিরিসন্নিভমল্লচক্ররুদ্ধং
পুরতঃ প্রাণপরার্দ্ধতঃ পরার্দ্ধ্যং।
তনয়ং জননী সমীক্ষ্য শুষ্য-
ন্নয়না হন্ত বভূব নিশ্চলাঙ্গী ॥ ১১ ॥

আশ্চর্য্যাদ্যথা শ্রীদশমে ॥

ততোঽতিকুতুকোদ্বৃত্তস্তিমিতৈকাদশেন্দ্রিয়ঃ।
তদ্ধাম্নাভূদজস্তূষ্ণীং পূর্দ্দেব্যন্তীব পুত্রিকা ॥ ১২ ॥

প্রাণপরার্দ্ধতোঽপি পরার্দ্ধমনন্তমূল্যং পরমাধিকমিত্যর্থঃ ॥ ১১ ॥

তত ইতি। কুতুকেতি অতিকুতুকেন উদ্বৃত্তমুৎসন্ন চেষ্টং পুনস্তিমিতং প্রেমার্দ্রীভূতঞ্চ একাদশেন্দ্রিয়ং মনো যস্য সঃ ॥ ১২ ॥

ভয় হেতুস্তম্ভ যথা ॥

গিরিসদৃশ মল্লসমূহে অবরুদ্ধ প্রাণাপেক্ষা অধিক প্রিয়তর শ্রীকৃষ্ণকে অগ্রে অবলোকন করিয়া দেবকী দেবী শুষ্কনয়না হইয়াছিলেন ॥ ১১ ॥

আশ্চর্য্য হেতু স্তম্ভ যথা ॥

শ্রীদশমে ১৩ অধ্যায়ে ৫১ শ্লোকে ॥

তদনন্তর ব্রহ্মা আশ্চর্য্য বশতঃ দৃষ্টি পরিবর্ত্তন করিয়া অথবা নিজবাহন হংসপৃষ্ঠে নিপতিত হইয়া নিশ্চল হইলেন। ঐ সকল বালকের তেজে তাঁহার সমুদায় ইন্দ্রিয় নিস্তব্ধ হইল। হে রাজন্! ব্রহ্মাকে তদ্রূপ দেখিয়া ঐ সময় এইরূপ বোধ হইল যেন ব্রজাধিষ্ঠাত্রী দেবীর সমীপে একটী চতুর্মুখী কনকপ্রতিমা রহিয়াছে ॥ ১২ ॥

যথা বা ॥

শিশোঃ শ্যামস্য পশ্যন্তী শৈলমঙ্গুলিহং করে।
তত্র চিত্রার্পিতেবাসীদ্গোষ্ঠী গোষ্ঠনিবাসিনাং ॥ ১৩ ॥

বিষাদাদ্যথা ॥

বকসোদরদানবোদরে
পুরতঃ প্রেক্ষ্য বিশন্তমচ্যুতং।
দিবিষন্নিকরো বিষণ্ণধীঃ
প্রকটং চিত্রপটায়তে দিবি ॥

অমর্ষাদ্যথা ॥

চিত্রার্পিতেতি। চিত্রজাতাবর্পিতা অচিত্তবত্বং প্রাপিতেত্যর্থঃ চিত্রায়মাণেতি বা পাঠঃ ॥ ১৩ ॥

চিত্রপটায়ত ইতি চিত্রস্থানীয়ানাং দিবিষদাং নিকরঃ পটস্থানীয়তয়া দৃশ্যতে ইত্যর্থঃ। চিত্রতত্তীয়তে ইতি বা পাঠঃ ॥ ১৪ ॥

যথাবা ॥

শ্যাম শিশুর হস্তে গগণস্পর্শি গোবর্দ্ধনকে অবলোকন করিয়া ব্রজবাসিসকল চিত্রপুত্তলিকার ন্যায় হইয়াছিলেন॥১৩

বিষাদহেতু স্তম্ভ যথা ॥

সম্মুখস্থ বকসহোদর অঘাসুরের উদরমধ্যে শ্রীকৃষ্ণকে প্রবেশ করিতে দেখিয়া স্বর্গে দেবতা সকল বিষাদযুক্ত হইয়া চিত্রপুত্তলিকার ন্যায় হইয়াছিলেন ॥

অমর্ষহেতু স্তম্ভ যথা ॥

কর্ত্তুমিচ্ছতি মুরদ্বিষে পুরঃ
পত্রীমোক্ষমকৃপে কৃপীসুতে।
সত্বরোঽপি রিপুনিষ্ক্রিয়ে রুষা
নিষ্ক্রিয়ঃ ক্ষণমভূৎ কপিধ্বজঃ ॥

অথ স্বেদঃ ॥

স্বেদো হর্ষভয়ক্রোধাদিজঃ ক্লেদকরস্তনোঃ ॥ ১৪ ॥

তত্র হর্ষাদ্যথা ॥

কিমত্র সূর্য্যাতপমাক্ষিপন্তী
মুগ্ধাক্ষি চাতুর্য্যমুরীকরোষি।
জ্ঞাতং পুরঃ প্রেক্ষ্য সরোরুহাক্ষং

কিং জ্ঞাতং তত্রাহ কুসুমায়ুধেন ভিন্নাসীতি। জ্ঞানে হেতুঃ। পুরঃ সরোরু-

---

কৃপাশূন্য কৃপীনন্দন অশ্বত্থামা অগ্রবর্ত্তি শ্রীকৃষ্ণের প্রতি বাণ মোচন করিতে ইচ্ছা করিলে, কপিধ্বজ (অর্জ্জুন) রোষবশতঃ শত্রু দমন করিতে ত্বরান্বিত হইয়াও ক্ষণকাল চেষ্টাশূন্য হইয়া রহিয়াছিলেন ॥

অথ স্বেদ (ঘর্ম্ম) ॥

হর্ষ,ভয় ও ক্রোধাদি জনিত শরীরের ক্লেদ অর্থাৎ আর্দ্রতা করণকে স্বেদ বলে ॥ ১৪ ॥

তন্মধ্যে হর্ষ জনিত স্বেদ যথা ॥

হে মুগ্ধাক্ষি রাধে! তুমি চাতুর্য্য অঙ্গীকার পূর্ব্বক সূর্য্যের আতপকে তিরস্কার করিতেছ কেন ?, আমি জানিতে পারিলাম সম্মুখস্থ কমললোচন শ্রীকৃষ্ণের সন্দর্শনে কন্দর্প পীড়ায়

স্বিন্নাসি ভিন্না কুসুমায়ুধেন ॥ ১৫ ॥

ভয়াদ্যথা ॥

কুতুকাদভিমন্যুবেশিনং

হরিমাক্রুশ্য গিরা প্রগল্ভয়া।

বিদিতাকৃতিরাকুলঃ ক্ষণা-

দজনি স্বিন্নতনুঃ স রক্তকঃ ॥ ১৬॥

ক্রোধাদ্যথা ॥

সমীক্ষ্য শক্রং সরুষো গরুত্মতঃ।

যজ্ঞস্য ভঙ্গাদতিবৃষ্টিকারিণং

হাস্যং প্রেক্ষ্য স্বিন্নেতি ॥ ১৫ ॥

অভিমন্যুঃ শ্রীরাধায়াঃ পতিম্মন্যঃ কশ্চিদ্গোপঃ। নাসূয়ন্ খলু কৃষ্ণায়েত্যুক্ত দিশা মায়ানির্ম্মিততৎপ্রতিকৃতেরেব পতির্হি অসৌ। রক্তকস্তন্নামা শ্রীকৃষ্ণস্য সবয়স্কো দাসবিশেষঃ ॥ ১৬ ॥

ঘনোপবিষ্টাদপি তিষ্ঠত ইত্যস্য সংজ্ঞার্থে দূরস্থিতস্যাপি নতু তল্লীলাং

ঘর্ম্মাক্ত হইতেছ ॥ ১৫ ॥

ভয়হেতু স্বেদ যথা ॥

এক দিবস শ্রীকৃষ্ণ কৌতুক নিমিত্ত অভিমন্যু বেশ ধারণ করিয়াছিলেন, রক্তকনামা কৃষ্ণভৃত্য কর্কশবাক্যদ্বারা তিরস্কার করিয়া পরে 'ইনিই শ্রীকৃষ্ণ' ইহা জানিতে পারিয়া ব্যাকুলচিত্তে ক্ষণকাল ঘর্ম্মাক্ত দেহ হইয়াছিল ॥ ১৬ ॥

ক্রোধহেতু স্বেদ যথা ॥

যজ্ঞভঙ্গ নিবন্ধন অতিশয় বৃষ্টিকারি ইন্দ্রকে অবলোকন

ঘনোপরিষ্টাদপি তিষ্ঠতস্তদা
নিপেতুরঙ্গাদ্ঘননীরবিন্দবঃ ॥

অথ রোমাঞ্চঃ ॥

রোমাঞ্চোঽয়ং কিলাশ্চর্য্যহর্ষোৎসাহভয়াদিজঃ।
রোম্নামভ্যুদ্গমস্তত্র গাত্রসংস্পর্শনাদয়ঃ ॥ ১৭ ॥

তত্রাশ্চর্য্যাদ্যথা ॥

ডিম্ভস্য জৃম্ভাং ভজতস্ত্রিলোকীং
বিলোক্য বৈলক্ষবতী মুখান্তঃ।
বভূব গোষ্ঠেন্দ্রকুটুম্বিনীয়ং
তনূরুহৈঃ কুট্মলিতাঙ্গযষ্টিঃ ॥ ১৮ ॥

প্রবিষ্টস্য ইত্যপিতু যোজ্যং বিরোধালঙ্কারেতু যোগ্য এব ॥ ১৭ ॥

বৈলক্ষ্যং বিস্ময়ঃ। বিলক্ষো বিস্ময়ান্বিত। ইত্যমরঃ ॥ ১৮॥

করিয়া মেঘোপরি অবস্থিত রোষান্বিত গরুড়ের দেহ হইতে ঘন ঘন ঘর্ম্ম বিন্দু সকল পতিত হইতে লাগিল ॥

অথ রোমাঞ্চ ॥

আশ্চর্য্য দর্শন, হর্ষ, উৎসাহ ও ভয়াদি জন্য রোমাঞ্চ হয়, রোমাঞ্চ হইলে রোম সকলের উদ্গম এবং গাত্রসংস্পর্শনাদি হইয়া থাকে ॥ ১৭ ॥

আশ্চর্য্য হেতু রোমাঞ্চ যথা ॥

বালকের জৃম্ভণ সময়ে মুখমধ্যে ত্রিলোকী (স্বর্গ, মর্ত্ত্য, পাতাল,) দর্শন করিয়া বিস্মিতা নন্দপত্নী রোমাঞ্চদ্বারা কুঞ্চিতাঙ্গী হইয়াছিলেন ॥ ১৮॥

হর্ষাদ্যথা শ্রীদশমে ॥

কিং তে কৃতং ক্ষিতিতপো বত কেশবাঙ্ঘ্রি-
স্পর্শোৎসবোৎপুলকিতাঙ্গরুহৈর্বিভাসি।
অপ্যঙ্ঘ্রিসম্ভব উরুক্রমবিক্রমাদ্বা
আহো বরাহবপুষঃ পরিরম্ভণেন ॥

উৎসাহাদ্যথা ॥

কিং তে কৃতমিতি। কেশবোঽত্র শ্রীকৃষ্ণঃ। অপীতি কিমর্থে। উরুক্রমস্য ত্রিবিক্রমস্য বিক্রমাচ্চরণবিন্যাসাদেবাঽঙ্ঘ্রিসম্ভবঃ। সোঽপি কিমীদৃশঃ। আহো কিম্বা বরাহবপুষঃ পরিরম্ভণেন যঃ স্পর্শোৎসবঃ সোঽপি কিমীদৃশঃ নহি নহীত্যর্থঃ ॥ ১৯ ॥

হর্ষহেতু রোমাঞ্চ যথা ॥

শ্রীদশমে ৩০ অধ্যায়ে ৯ শ্লোকে

শ্রীকৃষ্ণান্বেষণ-সময়ে গোপীগণ পৃথিবীকে সম্বোধন করিয়া বলিলেন, হে ক্ষিতে! তুমি কি অনির্ব্বচনীয় তপস্যাই করিয়াছিলে, যে হেতু কেশবের চরণস্পর্শে তোমার উৎসব হইয়াছে, কেন না, লোমাবলীদ্বারা রোমাঞ্চিত হইয়া শোভা পাইতেছে। জিজ্ঞাসা করি তোমার এই উৎসব কি সম্প্রতি চরণ স্পর্শে উৎপন্ন অথবা পূর্ব্বাবধি ত্রিবিক্রমের পদে আক্রমণ হেতু হইয়াছে?, কিম্বা তাহারও পূর্ব্বে বরাহ মূর্ত্তির আলিঙ্গনে জন্মিয়াছে ॥

উৎসাহ নিমিত্ত রোমাঞ্চ যথা ॥

শৃঙ্গং কেলিরণারম্ভে রণয়ত্যঘমর্দ্দনে।
শ্রীদাম্নো যোদ্ধুকামস্য রেমে রোমাঞ্চিতং বপুঃ॥
ভয়াদ্যথা॥
বিশ্বরূপধরমদ্ভুতাকৃতিং
প্রেক্ষ্য তত্র পুরুষোত্তমং পুরঃ।
অর্জ্জুনঃ সপদি শুষ্যদাননঃ
শিশ্রিয়ে বিকটকণ্টকাং তনুং॥ ১৯॥
অথ স্বরভেদঃ॥
বিষাদবিস্ময়ামর্ষহর্ষভীত্যাদিসম্ভবং।
বৈস্বর্য্যং স্বরভেদঃ স্যাদেষ গদ্গদিকাদিকৃৎ॥ ২০॥

বৈস্বর্য্যমিতি স্বরভেদস্য পর্য্যায়ান্তরং এব মন্যত্রাপি॥ ২০॥

ক্রীড়াযুদ্ধ আরম্ভ কালে অঘমর্দ্দন শ্রীকৃষ্ণের শৃঙ্গ ধ্বনি শ্রবণ করিয়া যুদ্ধাকাঙ্ক্ষী শ্রীদামের দেহ রোমাঞ্চিত হইয়া শোভমান হইয়াছিল॥

ভয়হেতু রোমাঞ্চ যথা॥

সম্মুখে বিশ্বরূপধারি অদ্ভুতাকার পুরুষোত্তম শ্রীকৃষ্ণকে সন্দর্শন করিয়া শুষ্কবদন অর্জ্জুন তৎক্ষণাৎ শরীর মধ্যে বিপরীত রোমাঞ্চ ধারণ করিয়াছিলেন॥ ১৯॥

অথ স্বরভেদ॥

বিষাদ, বিস্ময়, ক্রোধ, আনন্দ ও ভয়াদি হইতে স্বরভেদ হয়। গদ্গদ বাক্যকে স্বরভেদ কহে॥ ২০॥

তত্র বিষাদাদ্যথা ॥

ব্রজরাজ্ঞি রথাৎ পুরো হরিং
স্বয়মিত্যর্দ্ধবিশীর্ণজল্পয়া।
হ্রিয়মেণদৃশা গুরাবপি
শ্লথয়ন্ত্যা কিল রোদিতা সখী ॥ ২১ ॥

বিস্ময়াদ্যথা শ্রীদশমে ॥

শনৈরথোত্থায় বিমৃজ্য লোচনে
মুকুন্দমুদ্বীক্ষ্য বিনম্রকন্ধরঃ।
কৃতাঞ্জলিঃ প্রশ্রয়বান্ সমাহিতঃ

স্বয়মিত্যন্তস্য নিবর্ত্তয়েতি বাক্যশেষঃ ॥ ২১ ॥

ইলয়া বাণ্যা। ঐলত স্তুতবানিত্যর্থঃ ॥ ২২ ॥

তন্মধ্যে বিষাদহেতু স্বরভেদ যথা ॥

হে ব্রজরাজ্ঞি যশোদে! অগ্রে রথ হইতে হরিকে আপনিই নিবৃত্ত করুন, এই বাক্য শেষ না হইতে হইতে মৃগাক্ষী শ্রীরাধা গুরু সমক্ষে লজ্জা বিসর্জ্জনপূর্ব্বক স্বীয় সখীকে রোদন করাইয়াছিলেন ॥ ২১ ॥

বিস্ময়হেতু স্বরভেদ যথা ॥

শ্রীদশমে ১৩ অধ্যায়ে ৫৯ শ্লোকে ॥

ব্রহ্মা প্রণামানন্তর ধীরে ধীরে গাত্রোত্থান করিয়া লোচনদ্বয় মর্দ্দন করিতে করিতে নত কন্ধর হইয়া ভগবানের প্রতি দৃষ্টিনিক্ষেপ করিলেন এবং বিনীত ও বদ্ধাঞ্জলি হইয়া সমাহিতচিত্তে কাঁপিতে কাঁপিতে গদ্গদ বচনে অর্থাৎ অস্ফুট-

সবেপথুর্গদ্গদয়ৈলতেলয়া ॥

অমর্ষাদ্যথা তত্রৈব ॥

প্রেষ্ঠং প্রিয়েতরমিব প্রতিভাষমাণং

কৃষ্ণং তদর্থবিনিবর্ত্তিতসর্ব্বকামাঃ।

নেত্রে বিমৃজ্য রুদিতোপহতে স্ম কিঞ্চিৎ

সংরম্ভগদ্গদগিরো ব্রুবতানুরক্তাঃ ॥ ২২ ॥

হর্ষাদ্যথা তত্রৈব ॥

হৃষ্যত্তনুরুহোভাবপরিক্লিন্নাত্মলোচনঃ।

সাত্বতোঽক্রূরঃ ॥ ২৩ ॥

স্বরে শ্রীকৃষ্ণের চরণপ্রান্তে স্তব আরম্ভ করিতে লাগিলেন ॥

অমর্ষহেতু স্বরভেদ যথা ॥

শ্রীদশমে ২৯ অধ্যায়ে ২৭ শ্লোকে ॥

গোপীগণ শ্রীকৃষ্ণের প্রতি অত্যন্ত অনুরক্ত, তাঁহার নিমিত্ত সমস্ত কামনা পরিত্যাগ করিয়াছিলেন অতএব পরে রোদন দ্বারা উপহত স্ব স্ব নয়ন মার্জন করিয়া ঈষৎ কোপাবেশ হেতু গদ্গদবাক্যে প্রিয়তম শ্রীকৃষ্ণ, যিনি প্রিয়তর প্রায় কথা কহিতেছিলেন, তাঁহার প্রতি অনুরক্ত চিত্তে বাক্য প্রয়োগ করিতে লাগিলেন ॥ ২২ ॥

হর্ষহেতু স্বরভেদ যথা ॥

শ্রীদশমে ৩৯ অধ্যায়ে ৪৮ শ্লোকে ॥

জল মধ্যে এইরূপ নিরীক্ষণ করিয়া অক্রূর অত্যর্থ প্রীত হইলেন, তাঁহার গাত্রপুলকে পরিপূর্ণ হইল, ভাবে সর্ব্ব

গিরা গদ্গদয়াস্তোষীৎ সত্ত্বমালম্ব্য সাত্বতঃ।
প্রণম্য মূর্দ্ধ্নাবহিতঃ কৃতাঞ্জলিপুটঃ শনৈঃ॥ ২৩॥
ভীতের্যথা॥
ত্বয্যর্পিতং বিতর বেণুমিতি প্রমাদী
শ্রুত্বা মদীরিতমুদীর্ণ বিবর্ণভাবঃ।
তূর্ণং বভূব গুরুগদ্গদ রুদ্ধকণ্ঠঃ
পত্রী মুকুন্দ তদনেন স হারিতোঽস্তি॥

উদীর্ণেতি। নিষ্ঠায়াং ক্রৈয়াদিক-ঋগতাবিত্যস্য দীর্ঘস্য রূপং। পত্রী পূর্ব্বব-ত্তন্নামা শ্রীকৃষ্ণসেবকবিশেষঃ হারিতঃ স্বানবধানেন নাশিতোঽস্তীত্যর্থঃ॥ ২৪॥

শরীর ও লোচন আর্দ্র হইতে লাগিল। অতএব আমাদের শ্রীকৃষ্ণই এতদ্রূপ পরমেশ্বর, ইহা জানিয়া পরম-ভক্তি-সহ-কারে মস্তক দ্বারা প্রণাম করিলেন। পরে সত্ত্বগুণ অবলম্বন পূর্ব্বক কৃতাঞ্জলিপুটে ধীরে ধীরে গদ্গদবচনে স্তব করিতে লাগিলেন॥ ২৩॥

ভয়হেতু স্বরভেদ যথা॥

শ্রীকৃষ্ণের কোন সখা শ্রীকৃষ্ণকে কহিলেন সখে! আমি তোমার পত্রীনামা ভৃত্যকে বলিলাম, অহে তোমাকে যে বেণু অর্পণ করিয়াছি তাহা প্রত্যর্পণ কর, আমার এই কথা শ্রবণে পত্রীনামা ত্বদীয় ভৃত্য প্রমাদান্বিত হইয়া বিবর্ণভাব লাভ করিল এবং তৎক্ষণাৎ তাহার কণ্ঠরোধ হওয়াতে বাক্য গদ্গদ হইয়া নির্গত হইতে লাগিল, অতএব হে মুকুন্দ! পত্রীর অনবধানতা প্রযুক্ত তোমার বেণু হারিত হইয়াছে॥

অথ বেপথুঃ ॥

বিত্রাসামর্ষহর্ষাদ্যৈর্বেপথুর্গাত্রলৌল্যকৃৎ ॥ ২৪ ॥

অত্র বিত্রাসেন যথা ॥

শঙ্খচূড়মধিরূঢ়বিক্রমং

প্রেক্ষ্য বিস্তৃতভুজং জিঘৃক্ষয়া।

হা ব্রজেন্দ্রতনয়েতি বাদিনী

কম্পসম্পদমধত্ত রাধিকা ॥ ২৫ ॥

অমর্ষেণ যথা ॥

কৃষ্ণাধিক্ষেপ জাতেন ব্যাকুলো নকুলানুজঃ।

চকম্পে দ্রাগমর্ষেণ ভূকম্পে গিরিরাড়িব ॥

শঙ্খচূড়মিত্যত্র পদ্যে বিস্তৃতভুজমিত্যেব পাঠঃ ॥ ২৫ ॥

কৃষ্ণেত্যত্র পদ্যে ভূকম্পেনেব ভূধর ইতি বা পাঠঃ ॥ ২৬ ॥

অথ বেপথুঃ ॥

বিত্রাস, ক্রোধ ও হর্ষাদি দ্বারা যে গাত্রের চাঞ্চল্য হয়, তাহার নাম বেপথু অর্থাৎ কম্প ॥ ২৪ ॥

তন্মধ্যে বিত্রাসহেতু কম্প যথা ॥

উৎকট পরাক্রমশালী শঙ্খচূড় ধারণেচ্ছায় হস্ত প্রসারণ করিলে, শ্রীরাধা হা ব্রজেন্দ্রতনয়! এইমাত্র বলিয়া অতিশয় কম্পিতাঙ্গী হইলেন ॥ ২৫ ॥

ক্রোধহেতু কম্প যথা ॥

কৃষ্ণনিন্দা শ্রবণে ব্যাকুলচিত্ত নকুলানুজ সহদেব ক্রোধে অধীর হইয়া; ভূমিকম্পে গিরিরাজ যেমন কম্পিত হয় তাহার ন্যায় কম্পিত হইতে লাগিলেন ॥

হর্ষেণ যথা ॥

বিহসসি কথং হতাশে পশ্য ভয়েনাদ্য কম্পমানাস্মি।
চঞ্চলমুপসীদন্তং নিবারয় ব্রজপতেস্তনয়ং ॥

অথ বৈবর্ণ্যং ॥

বিষাদরোষভীতাদেবৈর্বর্ণ্যং বর্ণবিক্রিয়া।
ভাবজ্ঞৈরত্র মালিন্যকার্শ্যাদ্যাঃ পরিকীর্ত্তিতাঃ ॥ ২৬ ॥

তত্র বিষাদাদ্যথা ॥

শ্বেতীকৃতাখিলজনং বিরহেণ তবাধুনা।

শ্বেতীকৃতেতি। মোক্ষধর্ম্মস্য নারায়ণীয়ে শ্বেতদ্বীপস্য জনবর্ণনে। শ্বেতাঃ পুমাংসো গতসর্ব্বদুঃখাশ্চক্ষুর্মুখঃ পাপকৃতাং নরাণামিতি। যদিচ শ্বেতদ্বীপপতৌ চিত্তং শুদ্ধে ধর্ম্মময়ে ময়ি। ধারয়ন্ শ্বেততাং যাতীত্যেকাদশপদ্যস্য

হর্ষহেতু কম্প যথা ॥

হে সখি! এই হতাশ ব্যক্তিতে কেন পরিহাস করিতেছ, দেখ অদ্য আমি ভয়ে কম্পমানা হইতেছি, সমীপস্থ এই দুঃখদ চঞ্চল ব্রজেন্দ্রনন্দনকে নিবারণ কর ॥

অথ বৈবর্ণ্য ॥

বিষাদ, ক্রোধ ও ভয়াদি হইতে বর্ণ বিকারের নাম বৈবর্ণ্য। ভাবজ্ঞ ব্যক্তিসকল কহেন, ইহাতে মলিনতা ও কৃশতাদি হইয়া থাকে ॥

তন্মধ্যে বিষাদহেতু বৈবর্ণ্য যথা ॥

হে কৃষ্ণ! এক্ষণে তোমার বিরহে গোকুলবাসি জন

গোকুলং কৃষ্ণদেবর্ষেঃ শ্বেতদ্বীপভ্রমং দধে ॥ ২৭ ॥

রোষাদ্যথা ॥

কংসশত্রুমভিযুঞ্জতঃ পুরো

বীক্ষ্য কংসসহজানুদায়ুধান্।

শ্রীবলস্য সখি পশ্য রুষ্যতঃ

প্রোদ্যদিন্দুনিভমাননং বভৌ ॥ ২৮ ॥

ভীতের্যথা ॥

রক্ষিতে ব্রজকুলে বকারিণা

টীকায়াং শ্বেততাং শুদ্ধরূপতামিত্যনুসারেণ। শ্বেতশব্দস্য শুদ্ধসত্ত্বমেব ব্যাখ্যেয়ং। তদা তু শ্লেষকাব্যমেবেদং জ্ঞেয়ং ॥ ২৭ ॥

অভিযুঞ্জতঃ যুদ্ধার্থমাভিমুখ্যেন মিলিতঃ কংসসহজান্ কঙ্কন্যগ্রোধাদীন্ পশ্যে-ত্যত্র তস্যেতি পাঠস্ত্যক্তঃ ॥ ২৮ ॥

কালিমা কর্ত্তা বলরিপোরিন্দ্রস্য মুখেভবন্নুদ্ভবন্মনসি উত্থিতাং ভীতিং উচি-

---

সকল শ্বেতবর্ণ হওয়াতে দেবর্ষি নারদের গোকুলকে শ্বেত দ্বীপ বলিয়া ভ্রম হইতে লাগিল ॥ ২৭ ॥

রোষহেতু বৈবর্ণ্য যথা ॥

পুরনারীগণ কহিলেন সখি হে. দেখ দেখ, কংসশত্রু শ্রীকৃষ্ণের সহিত যুদ্ধার্থ সমাগত অস্ত্রধারি কংসসহোদর দিগকে সম্মুখে অবলোকন করিয়া ক্রোধভরে বলদেবের বদন চন্দ্র উদয়শীল চন্দ্রের ন্যায় অরুণ বর্ণ হইয়া শোভা পাইতে লাগিল ॥ ৮ ॥

ভয়হেতু বৈবর্ণ্য যথা ॥

বকশত্রু শ্রীকৃষ্ণ অবলীলাক্রমে গিরিরাজ গোবর্দ্ধন উত্তো-

পর্ব্বতং বরমুদস্য লীলয়া।
কালিমা বলরিপোর্মুখেভব-
ন্মূচিবাম্মনসি ভীতিমুত্থিতাং॥
বিষাদে শ্বেতিমা প্রোক্তো ধৌসর্য্যং কালিমা ক্বচিৎ।
রোষেতু রক্তিমা ভীত্যাং কালিমা ক্বাপি শুক্লিমা॥ ২৯॥
রক্তিমা লক্ষ্যতে ব্যক্তো হর্ষোদ্রেকেঽপি কুত্রচিৎ।
অত্রাসার্ব্বত্রিকত্বেন নৈবাস্যোদাহৃতিঃ কৃতা॥ ৩০॥
অথাশ্রু॥
হর্ষরোষবিষাদাদ্যৈরশ্রুনেত্রে জলোদ্গমঃ।

বান্ সূচিতবান্॥ ২৯॥

অস্য রক্তিম্নঃ॥ ৩০॥

নেত্রে জলোদ্গমঃ ইত্যযত্নেনেতি শেষঃ। সাত্ত্বিকানামন্তর্বহির্বিকার-

---

লন করিয়া ব্রজমণ্ডলরক্ষা করিলে ইন্দ্রের মুখে কালিমা উৎপন্ন হইয়া তদীয় মানসিক ভয় প্রকাশ করিতে লাগিল॥

বিষাদ নিমিত্ত বৈবর্ণ্য উপস্থিত হইলে শ্বেত, ধূসর ও কোন স্থানে কালিমা প্রকাশ পায়, আর রোষ হেতু বৈবর্ণ্যে রক্তিমা এবং ভয়হেতু বৈবর্ণ্যে কালিমা ও কোথাও শুক্লিমা প্রকাশ পাইয়া থাকে॥ ২৯॥

অতিশয় হর্ষবশতঃ বৈবর্ণ্য উপস্থিত হইলে কোন স্থানে স্পষ্টরূপে রক্ত বর্ণ প্রকাশ পায়, ইহা সর্ব্বত্র হয় না বলিয়া ইহার উদাহরণ দেওয়া গেল না॥ ৩০॥

অথ অশ্রু॥

হর্ষ, ক্রোধ ও বিষাদাদি দ্বারা বিনা প্রযত্নে নেত্রে যে

হর্ষজেঽশ্রুণি শীতত্বমৌষ্ণ্যং রোষাদিসম্ভবে।
সর্ব্বত্র নয়নক্ষোভ রাগসংমার্জনাদয়ঃ ॥ ৩১ ॥
তত্র হর্ষেণ যথা ॥
গোবিন্দপ্রেক্ষণাক্ষেঽপি বাষ্পপূরাভিবর্ষিণং।
উচ্চৈরনিন্দদানন্দমরবিন্দবিলোচনাঃ ॥ ৩২ ॥
রোষেণ যথা হরিবংশে ॥
তস্যাঃ সুস্রাব নেত্রাভ্যাং বারি প্রণয়কোপজং।

রূপত্বাৎ। এবমন্যত্রাপি জ্ঞেয়ং। নাসিকাস্রবোপ্যস্যৈবাঙ্গবিশেষো জ্ঞেয়ঃ॥৩১॥
আনন্দস্য বাষ্পপূরাভিবর্ষিত্বমেব নিন্দ্যত্বেন বিবক্ষিতং নতু স্বরূপং সবিশেষণ-বিধিনিষেধৌ বিশেষণমুপসংক্রামত ইতি ন্যায়াৎ ॥ ৩২ ॥
তস্যাঃ শ্রীসত্যভামায়াঃ তত্র শোভাংশ এব দৃষ্টান্তঃ নতু শৈত্যাংশে ॥ ৩৩ ॥

জলোদ্গম হয় তাহার নাম অশ্রু। হর্ষজনিত অশ্রুতে শীতলত্ব এবং ক্রোধাদি জনিত অশ্রুতে উষ্ণত্ব সম্ভব হয়, কিন্তু সর্ব্ব প্রকার অশ্রুতে নয়নের ক্ষোভ অর্থাৎ চাঞ্চল্য, রক্তিমা এবং সম্মার্জনাদি ঘটিয়া থাকে ॥ ৩১ ॥

তন্মধ্যে হর্ষনিমিত্ত অশ্রু যথা

পদ্মাক্ষী রুক্মিণী গোবিন্দ দর্শন নিবারক অশ্রু সমূহ বর্ষণকারি আনন্দকে অতিশয় রূপে নিন্দা করিয়াছিলেন ॥৩২

রোষ হেতু অশ্রু যথা

হরিবংশে ॥

সত্যভামার পদ্মপলাস সদৃশ লোচনদ্বয় হইতে যেমন নীহার বিন্দু পতিত হয় তাহার ন্যায় প্রণয়কোপ জনিত

কুশেশয়পলাশাভ্যামবশ্যায়জলং যথা ॥ ৩৩ ॥

যথা বা ॥

ভীমস্য চেদীশবধং বিধিৎসো

রেজেঽশ্রুবিস্রাবিরুষোপরক্তং।

উদ্যন্মুখং বারিকণাবকীর্ণং

সান্ধ্যত্বিষা গ্রস্তমিবেন্দুবিম্বং ॥ ৩৪ ॥

বিষাদেন যথা শ্রীদশমে ॥

পদা সুজাতেন নখারুণশ্রিয়া

ভুবং লিখন্ত্যশ্রুভিরঞ্জনাসিতৈঃ।

ভীমস্য মুখং রেজে উদ্যদিন্দুবিম্বমিব। বিম্বপদেন পূর্ণত্বং বোধ্যতে। পাঠান্তরাণি নেষ্টানি ॥ ৩৪ ॥

পদা সুজাতেনেত্যত্র রুক্মিণীতি শেষঃ ॥ ৩৫ ॥

অশ্রু-বারি পতিত হইতে লাগিল ॥ ৩৩ ॥

যথাবা ॥

শিশুপালকে মারিতে ইচ্ছুক হইয়া ভীমসেনের ক্রোধ-বিপন্ন মুখ,অশ্রুবারিবর্ষণ করিয়া জলকণা ব্যাপ্ত সন্ধ্যাকালীন পূর্ণচন্দ্রের ন্যায় শোভা পাইতে লাগিল ॥ ৩৪ ॥

বিষাদহেতু অশ্রু যথা ॥

শ্রীদশমে ৬০ অধ্যায়ে ২৩ শ্লোকে ॥

শ্রীকৃষ্ণের বাক্য শ্রবণ করিয়া রুক্মিণী নখরূপ অরুণবর্ণ শোভাবিশিষ্ট সুকোমল পদ দ্বারা ভূমি খনন করত অঞ্জন সহকারে কৃষ্ণবর্ণ অশ্রু দ্বারা কুঙ্কুমাক্ত স্তনদ্বয়কে অভিষেক

আসিঞ্চতী কুঙ্কুমরূষিতৌ স্তনৌ
তস্থাবধোমুখ্যতিদুঃখরুদ্ধবাক্ ॥ ৩৫ ॥
অথ প্রলয়ঃ ॥
প্রলয়ঃ সুখদুঃখাভ্যাং চেষ্টা জ্ঞাননিরাকৃতিঃ।
অত্রানুভাবাঃ কথিতা মহীনিপতনাদয়ঃ ॥
তত্র সুখেন যথা ॥
মিলন্তং হরিমালোক্য লতাপুঞ্জাদতর্কিতং।
জ্ঞপ্তিশূন্যমনা রেজে নিশ্চলাঙ্গী ব্রজাঙ্গনা ॥ ৩৬ ॥
দুঃখেন যথা শ্রীদশমে ॥

জ্ঞাননিরাকৃতিরত্রালম্বনৈকলীনমনস্ত্বং ॥ ৩৬ ॥

করত দুঃখেতে রুদ্ধকণ্ঠ হইয়া অধোমুখে অবস্থিতি করিতে লাগিলেন ॥ ৩৫ ॥

অথ প্রলয় ॥

সুখ দুঃখ নিবন্ধন চেষ্টা ও জ্ঞানশূন্যের নাম প্রলয়, এই প্রলয়ে ভূমি নিপতন প্রভৃতি অনুভাব সকল প্রকাশ পাইয়া থাকে ॥

সুখহেতু প্রলয় যথা ॥

লতাপুঞ্জ হইতে হঠাৎ হরিকে মিলিত হইতে দেখিয়া ব্রজাঙ্গনা নিশ্চলাঙ্গী ও জ্ঞানশূন্য হইয়া শোভা পাইতে লাগিলেন ॥ ৩৬ ॥

দুঃখহেতু প্রলয় যথা ॥

শ্রীদশমে ৩৯ অধ্যায় ১৪ শ্লোকে ॥

অন্যাশ্চ তদনুধ্যান নিবৃত্তাশেষবৃত্তয়ঃ।
নাভ্যজানন্নিমং লোকমাত্মলোকং গতা ইব ॥ ৩৭ ॥
সর্ব্বে হি সত্ত্বমূলত্বাদ্ভাবা যদ্যপি সাত্ত্বিকাঃ।
তথাপ্যমীষাং সত্ত্বৈকমূলত্বাৎ সাত্ত্বিকপ্রথা।
সত্ত্বস্য তারতম্যাৎ প্রাণতনুক্ষোভতারতম্যং স্যাৎ।
ততএব তারতম্যং সর্ব্বেষাং সাত্ত্বিকানাং স্যাৎ।
ধূমায়িতাস্তে জ্বলিতা দীপ্তা উদ্দীপ্তসংজ্ঞিতাঃ।
বৃদ্ধিং যথোত্তরং যান্তঃ সাত্ত্বিকাঃ স্যুশ্চতুর্ব্বিধাঃ।

অন্যাঃ শ্রীহরে র্মথুরাপ্রস্থানে শোচন্ত্যঃ শ্রীগোপ্যঃ তদনুধ্যানেতি নাভ্যজানন্নিতি দ্বয়েন। নানা ভাবনা নিষিদ্ধাঃ আত্মলোকমাত্মস্বরূপং স্বস্মিন্ সমাধিমিত্যর্থঃ ॥ ৩৭ ॥

সর্ব্বে হীতি। ভাবাঃ অত্রানুভাবাঃ। সত্ত্বৈক মূলত্বাদিতি। সত্ত্বাদ-

---

হে রাজন্! অন্যান্য গোপীদিগের শ্রীকৃষ্ণানুধ্যান বশতঃ চক্ষুরাদি ইন্দ্রিয়গণের অশেষবৃত্তি নিরুদ্ধ হইল অতএব মুক্তব্যক্তিদিগের ন্যায় তাঁহারা নিজ ২ দেহও জানিতে সক্ষম হইলেন না ॥ ৩৭ ॥

যদিচ সত্ত্বমূল প্রযুক্ত সমুদায় ভাব সাত্ত্বিক তথাপি স্তম্ভাদি সকল সত্ত্বমূল নিবন্ধন সাত্ত্বিক বলিয়া প্রসিদ্ধ। সত্ত্বের তারতম্য প্রযুক্ত প্রাণ ও দেহে ক্ষোভের তারতম্য হয়, এই নিমিত্ত সকল সাত্ত্বিক ভাবেরই তারতম্য আছে। এই সাত্ত্বিক উত্তরোত্তর বৃদ্ধি প্রাপ্ত হইয়া ধূমায়িত, জ্বলিত, দীপ্ত ও উদ্দীপ্ত এই চারি প্রকার হয়। উক্ত বৃদ্ধি বহুকাল ব্যাপিত্ব, বহু অঙ্গ

সা ভূরিকালব্যাপিত্বং বহ্বঙ্গব্যাপিতাপি চ।
স্বরূপেণ তথোৎকর্ষ ইতি বৃদ্ধি স্ত্রিধা ভবেৎ ॥ ৩৮ ॥
তত্র নেত্রাম্বুবৈস্বর্য্যবর্জ্জানামেব যুজ্যতে।
বহ্বঙ্গব্যাপিতামীষাং তয়োঃ কাপি বিশিষ্টতা ॥ ৩৯ ॥
তত্রাশ্রূণাং দৃগোচ্ছূন্যকারিত্বমবদাততা।
তথা তারাতিবৈচিত্রী বৈলক্ষণ্যবিধায়িতা।
বৈস্বর্য্যস্য তু ভিন্নত্বে কৌণ্ঠ্য ব্যাকুলতাদয়ঃ ॥ ৪০ ॥
ভিন্নত্বং স্থান বিভ্রংশঃ কৌণ্ঠ্যং স্যাৎ সন্নকণ্ঠতা।

স্মাদিত্যত্র ব্যাখ্যাতমস্তি অমীষাং স্তম্ভাদীনাং সাত্ত্বিকনাম্না প্রথা সাত্ত্বিক-প্রথা ॥ ৩৮ ॥

নেত্রেত্যত্রামীষাং স্তম্ভাদীনাং তয়োর্নেত্রাম্বুবৈস্বর্য্যয়োঃ ॥ ৩৯ ॥

অতিবৈচিত্রী অপি বৈলক্ষণ্যমতিশয়ঃ ॥ ৪০ ॥

স্থানবিভ্রংশ ইতি যতো ঘর্ঘরাদিশব্দাঃ স্যুরিতি ভাবঃ। সন্নকণ্ঠতেতি

ব্যাপিত্ব এবং স্বরূপের উৎকর্ষ এই তিন প্রকার হয় ॥ ৩৮ ॥

অশ্রু ও স্বর ভেদ বর্জ্জন করিয়া স্তম্ভাদি ভাব সকলের সর্ব্বাঙ্গ ব্যাপিত্ব আছে, কিন্তু অশ্রু ও স্বরভেদের আরও কোন বিশিষ্টতা দেখা যায় ॥ ৩৯ ॥

তন্মধ্যে অশ্রু সকলের নেত্র স্ফীততাকরণ, শুক্লবর্ণত্ব, তথা তারার বিচিত্রতা, এই বৈলক্ষণ্য বিধায়িত্ব। আর স্বর-ভেদের ভিন্নত্ব প্রযুক্ত কণ্ঠরোধ এবং ব্যাকুলতা এই বিশেষ প্রভেদ ॥ ৪০ ॥

ভিন্নত্বের অর্থ স্থানবিভ্রংশ অর্থাৎ কণ্ঠ হইতে ঘর্ঘরাদি

ব্যাকুলত্ত্ব নানোচ্চনীচগুপ্তবিলুপ্ততা।
প্রায়ো ধূমায়িতা এব রুক্ষাস্তিষ্ঠন্তি সাত্ত্বিকাঃ।
স্নিগ্ধাস্তু প্রায়শঃ সর্ব্বে চতুর্দ্ধৈব ভবন্ত্যমী।
মহোৎসবাদিবৃত্তেষু সদ্গোষ্ঠীতাণ্ডবাদিষু।
জ্বলন্ত্যল্লাসিনঃ ক্বাপি তে রুক্ষা অপি কস্যচিৎ॥ ৪১॥
সর্ব্বানন্দচমৎকারহেতুর্ভাবো বরো রতিঃ।
এতে হি তদ্বিনা ভাবাস্ন চমৎকারিতাশ্রয়াঃ॥ ৪২॥

যতঃ শব্দো নোদয়তে ইতি ভাবঃ। নানোচ্চেতি প্রতিলবং তত্তন্নানাপ্রকারতেতি ভাবঃ॥ ৪১॥

যস্মাৎ সর্ব্বানন্দচমৎকারহেতুঃ তস্মাদ্রতিরেব বরো ভাব ইত্যর্থঃ। পদ্যান্তেনাত্যুপাদেয়তাশ্রয়াইত্যেব পাঠঃ॥ ৪২॥

শব্দ নির্গত হওয়া। কৌণ্ঠ্য শব্দের অর্থ সন্নকণ্ঠতা অর্থাৎ কণ্ঠ হইতে শব্দ প্রকাশ না হওয়া। তথা ব্যাকুলত্বের অর্থ নানা উচ্চনীচ অর্থাৎ ক্ষণে ক্ষণে নানা প্রকারতা, আর গুপ্ত ও বিলুপ্ততা,এই সকল রুক্ষসাত্ত্বিকপ্রায় ধূমায়িত হইয়া অবস্থিতি করে। স্নিগ্ধ ভাব সকলও প্রায় চারিপ্রকার হইয়া থাকে। মহোৎসবাদির অনুষ্ঠানে, সৎসঙ্গ এবং নৃত্যাদিতে উল্লাস বিশিষ্ট হইয়া কোন সময়ে কোন ব্যক্তির রুক্ষ ভাব সকল জ্বলিত হয়॥ ৪১॥

রতি সর্ব্বানন্দ চমৎকারের হেতু, এ কারণ রতিকেই শ্রেষ্ঠ ভাব বলা যায়, অতএব রুক্ষাদি ভাব সকল রতি ব্যতিরেকে চমৎকারিত্বের আশ্রয় হইতে পারে না॥ ৪২॥

তত্র ধূমায়িতাঃ ॥

অদ্বিতীয়া অমী ভাবা অথবা সদ্বিতীয়কাঃ।
ঈষদ্ব্যক্তা অপহ্নোতুং শক্যা ধূমায়িতা মতাঃ ॥

যথা ॥

আকর্ণয়ন্নঘহরামঘবৈরিকীর্ত্তিং
পক্ষ্মাগ্রমিশ্রবিরলাশ্রুরভূৎ পুরোধাঃ।
যষ্টা দরোচ্ছ্বসিতলোমকপোলমীষৎ-

অমী ইতি। বহুবচনমত্র প্রতিব্যক্তিপ্রাধান্যস্য বিবক্ষয়া। তচ্চেতরেতর-যোগদ্বন্দ্বস্যৈকশেষাৎ। তেন হ্যসৌ স্তম্ভোঽদ্বিতীয়ঃ সদ্বিতীয়ো বাসৌ রোমাঞ্চোঽদ্বিতীয়ঃ সদ্বিতীয়ো বা কম্পো বাসৌ চাদ্বিতীয়োঽথবা সদ্বিতীয় ইতি গম্যতে। অমী আলীয়স্তামিতিবৎ। ততশ্চামীষু ভাবেষু যঃ কশ্চিদদ্বিতীয়ঃ সদ্বিতীয়ো বা ভবতি- ত্যর্থঃ। অপহ্নোতুমিত্যপকৃষ্টেন রত্যাদ্যুদাসীনেন ভাবেন হ্নোতুং গোপয়িতুং শক্যা ইত্যর্থঃ। রত্যন্তরঙ্গভাবেন তু সমুদ্ভূতরতীনামপি দৃশ্যতে। স্বরুদ্ধয়ুদ্গলদ্বাষ্পমৌৎকণ্ঠ্যাদ্ভেবকীস্থতে। নির্যাত্যগারান্নোভদ্রমিতি স্বাদ্বাদ্ধব-

---

তন্মধ্যে ধূমায়িত যথা ॥

যে ভাব স্বয়ং বা দ্বিতীয়ভাবের সহিত যুক্ত হইয়া অত্যল্প প্রকাশ পায় এবং যাহা গোপন করিতে পারা যায়, তাহার নাম ধূমায়িত ॥

যথা।

যাগকর্ত্তা পুরোহিত গর্গাচার্য্য অঘশত্রু শ্রীকৃষ্ণের অঘ-নাশিনী কীর্ত্তি শ্রবণ করিয়া চক্ষুর পক্ষ্মাগ্র বিরলঅশ্রুমিশ্র, গণ্ড পুলকিত ও ঘর্ম্মান্বিতনাসিকা বিশিষ্ট মুখারবিন্দ ধারণ

প্রস্বিন্ননাসিকমুবাহ মুখারবিন্দং ॥ ৪৩ ॥

অথ জ্বলিতাঃ ॥

তে দ্বৌ ত্রয়ো বা যুগপদ্যান্তঃ স্বপ্রকটাং দশাং।

শক্যাঃ কৃচ্ছ্রেণ নিহ্নোতুং জ্বলিতা ইতি কীর্ত্তিতাঃ ॥ ৪৪ ॥

যথা ॥

ন গুঞ্জামাদাতুং প্রভবতি করঃ কম্পতরলো

দৃশৌ সাস্রে পিঞ্ছং ন পরিচিনুতঃ সত্বরকৃতি।

স্রিয় ইত্যত্র ॥ ৪৩ ॥

তে সাত্ত্বিকা দ্বৌ ত্রয়ো বা ভূত্বা ॥ ৪৪ ॥

সত্বরকৃতি যথাস্যাত্তথা ন গুঞ্জামাদাতুং প্রভবতীত্যাদিনা বিলম্বেন প্রভবতি ইতি প্রাপ্তে কম্পাদেঃ কৃচ্ছ্রেণ নিহ্নোতুং শক্যত্ব মায়াতং প্রার্থিত মপীতি পাঠ স্ত্যক্তঃ ॥ ৪৫ ॥

করিয়াছিলেন ॥ ৪৩ ॥

অথ জ্বলিত ॥

দুই তিন সাত্ত্বিক ভাব যদি এক সময়ে উদিত হয় এবং তাহা যদি কষ্টেসৃষ্টে গোপন করিতে পারা যায়, তবেই তাহাকে জ্বলিত কহে ॥ ৪৪ ॥

যথা ॥

কোন বয়স্য গোপ, শ্রীকৃষ্ণকে কহিলেন সখে! বন হইতে তোমার বংশীধ্বনি কর্ণদ্বয়ের শেষসীমায় প্রবেশ করিলে আমার হস্ত কম্পিত হইয়া শীঘ্র গুঞ্জা গ্রহণ করিতে পারে নাই, চক্ষুদ্বয় অশ্রুপূর্ণ হইয়া ময়ূর পুচ্ছ চিনিতে পারিল না,

ক্ষমাবুরু স্তব্ধৌ পদমপি ন গন্তুং তব সখে
বনাদ্বংশীধ্বানে পরিসরমবাপ্তে শ্রবণয়োঃ॥
যথা বা॥
নিরুদ্ধং বাষ্পাম্ভঃ কথমপি ময়া গদ্গদগিরো
হ্রিয়া সদ্যো গূঢ়াঃ সখি বিঘটিতো বেপথুরপি।
গিরিদ্রোণ্যাং বেণৌ ধ্বনতি নিপুণৈরিঙ্গিতময়ে
তথাপ্যূহাঞ্চক্রে মম মনসি রাগঃ পরিজনৈঃ॥
অথ দীপ্তাঃ॥
প্রৌঢ়াং ত্রিচতুরা ব্যক্তিং পঞ্চ বা যুগপদ্গতাঃ।
সম্বরীতুমশক্যাস্তে দীপ্তা ধীরৈরুদাহৃতাঃ॥

এবং উরুদ্বয় স্তম্ভ যুক্ত হইয়া এক পদও গমন করিতেসক্ষম হইল না অতএব হে বন্ধো! তোমার বংশীর কি আশ্চর্য্য মহীয়সী শক্তি॥

যথাবা॥

হে সখি! গিরিগহ্বরে (সঙ্কেত দ্যোতক স্বরূপ) বেণুর শব্দ হইলে যদিচ আমি বাষ্পবারি রোধ এবং লজ্জা নিবন্ধন গদ্গদ বাক্য সকলকে গোপন করিলাম, তথাপি গাত্রকম্প নিবারণ করিতে পারি নাই, এ কারণ নিপুণ পরিজন সকল আমার মনস্থিত কৃষ্ণানুরাগ বিতর্ক করিয়াছিলেন॥

অথ দীপ্ত॥

বৃদ্ধি প্রাপ্ত তিন চারি অথবা পাঁচ সাত্ত্বিক ভাব যদি এক কালীন উদিত হয় এবং তাহা যদি সম্বরণ করিতে না পারা যায় তাহা হইলে তাহাকে দীপ্ত বলে॥

যথা ॥

ন শক্তিমুপবীণনে চিরমধত্তকম্পাকুলো
ন গদ্গদ নিরুদ্ধবাক্ প্রভুরভূদুপশ্লোকনে।
ক্ষমোঽজনি ন বীক্ষণে বিগলদশ্রুপূরঃ পুরো
মধুদ্বিষি পরিস্ফুরত্যবশমূর্ত্তিরাসীন্মুনিঃ ॥ ৪৫ ॥

যথা বা ॥

কিমুন্মীলত্যস্রে কুসুমজরজো গঞ্জসি মুধা
সরোমাঞ্চে কম্পে হিমমনিলমাক্রোশসি কুতঃ।
কিমূরুস্তম্ভে বা বনবিহরণং দ্বেক্ষি সখি তে

কিমিতি কথমিত্যর্থঃ। কিং বিশ্রাম্যসি কৃষ্ণভোগিভবনে ভাণ্ডীরভূমীত্যাদিষু দর্শনাৎ। রাধে ইতি সম্বোধ্য তয়ৈব তস্যাঃ কৃষ্ণভাবত্বব্যঞ্জনয়া তদ্ধেতুক-

---

যথা ॥

নারদ মুনি সম্মুখস্থ শ্রীকৃষ্ণকে সন্দর্শন করিয়া এরূপ বিবশাঙ্গ হইলেন যে কম্প নিবন্ধন বীণাবাদনে অশক্ত হইয়া পড়িলেন, বাক্য গদ্গদ হওয়াতে স্তুতিপাঠ করিতে পারিলেন না, চক্ষুঃ অশ্রুপূর্ণ হওয়াতে দর্শনে অক্ষম হইলেন ॥৪৫

অথবা ॥

হে সখি! চক্ষুতে অশ্রু উদয় হওয়ায় বৃথা পুষ্পরজকে গঞ্জনা দিতেছ, গাত্র রোমাঞ্চিত হওয়ায় শীতল বায়ুর প্রতি কেন আক্রোশ করিতেছ, উরুস্তম্ভ প্রযুক্ত বনবিহারের প্রতি কেন দ্বেষ করিতেছ, অতএব হে রাধে! স্বরভেদ তোমার

নিরাবাধা ঘাধে বদতি মদনাধিং স্বরভিদা ॥

অথোদ্দীপ্তাঃ ॥

একদা ব্যক্তিমাপন্নাঃ পঞ্চযাঃ সর্ব্ব এব বা।

আরূঢ়া পরমোৎকর্ষমুদ্দীপ্তা ইতি কীর্ত্তিতাঃ ॥ ৪৬ ॥

যথা ॥

অদ্য স্বিদ্যতি বেপতে পুলকিভির্নিস্পন্দতামঙ্গকৈ-
র্ঘর্ত্তে কাকুভিরাকুলং বিলপতি ম্লায়ত্যনল্পোষ্মভিঃ।
স্তিম্যত্যম্বুভিরম্বকস্তবকিতৈঃ পীতাম্বরোড্ডামরং
সদ্যস্ত্বদ্বিরহেণ মুহ্যতি মুহুর্গোষ্ঠাধিবাসী জনঃ ॥

মদনাধিত্বং স্ফুটীকৃতং। নিরাবাধা ছলেন নান্যথা কর্ত্তুং শক্যা ॥ ৪৬ ॥
অম্বকস্তবকিতৈ র্নেত্রেষু স্থিরত্বাৎ স্তবকবদাচরদ্ভিস্তিম্যতি তদংশেন পততা

মদন বেদনা প্রকাশ করিয়া দিতেছে ॥

অথ উদ্দীপ্ত

একসময়ে যদি পাঁচ ছয় অথবা সমুদায় ভাব উদিত হইয়া পরম উৎকর্ষ প্রাপ্ত হয়, তবেই তাহাদিগকে উদ্দীপ্ত বলিয়া কীর্ত্তন করা যায় ॥ ৪৬ ॥

যথা

হে পীতাম্বর! অদ্য তোমার বিরহে গোকুলবাসী জনসকল ঘর্ম্মযুক্ত, কম্পিত ও পুলকিত অঙ্গদ্বারা স্তম্ভ ধারণ, আকুল হইয়া চাটুবাক্য দ্বারা বিলাপ, অনল্প উষ্মতা দ্বারা ম্লান এবং নেত্রাম্বু দ্বারা আর্দ্রীভূত হইয়া সম্প্রতি অতিশয় মোহ প্রাপ্ত হইতেছে ॥

উদ্দীপ্তা এব সূদ্দীপ্তা মহাভাবে ভবন্ত্যমী।
সর্ব্বএব পরাং কোটিং সাত্ত্বিকা যত্র বিভ্রতি ॥ ৪৭ ॥
কিঞ্চ ॥
অথাত্র সাত্ত্বিকাভাসা বিলিখ্যন্তে চতুর্ব্বিধাঃ।
রত্যাভাসভবাস্তেতু সত্ত্বাভাসভবাস্তথা।
নিঃসত্ত্বাশ্চ প্রতীপাশ্চ যথাপূর্ব্বমমী বরাঃ।

আর্দ্রী ভবতি উড্ডামরং যথাস্যাত্তথা ॥ ৪৭ ॥

সাত্ত্বিকাভাসা ইতি সাত্ত্বিক বদাভাসন্তে প্রতীয়ন্তে নতু বস্তুত স্তথা ভবন্তীতি শব্দেনৈব লক্ষণমন্বয়াতমিতীথং তদ্ভেদানেব গণয়তি চতুর্বিধা ইতি। রতেঃ প্রতিবিম্বত্বে ছায়াত্বে চ সতি রত্যাভাসভবত্বং। মুদ্বিস্ময়াদ্যাভাসমাত্রাক্রান্তচিত্তত্বে সত্ত্বাভাসভবত্বং। মুদ্বিস্ময়াদ্যাভাসস্যাপি অন্তরাস্পর্শে বহিরপ্যস্পর্শে নিঃসত্ত্বত্বং। প্রতীপাস্তু বিরোধিভাবভবত্বাৎ দ্বেষ্যা এব ইতি ভাবঃ ॥ ৪৮ ॥

সাত্ত্বিক ভাব সকল মহাভাবে পরম উৎকর্ষতা ধারণ করে এ কারণ উদ্দীপ্তভাব সকলই মহাভাবে সূদ্দীপ্ত হয় ॥ ৪৭ ॥

আরও বলি।

এই স্থলে চারিটী সাত্ত্বিকাভাস লিখিত হইতেছে যথা—রত্যাভাসভব, সত্ত্বাভাসভব, তথা নিঃসত্ত্ব এবং প্রতীপ, কিন্তু এই সকল ভাব পূর্ব্ব পূর্ব্ব শ্রেষ্ঠ ॥

তাৎপর্য্য। রতির প্রতিবিম্ব হেতু রত্যাভাসভব, হর্ষ বিস্ময়াদি দ্বারা চিত্ত আক্রান্ত হইলে সত্ত্বাভাসভব, হর্ষ বিস্ময়াদির আভাসেরও অন্তর বাহ্য স্পর্শ না করণ হেতু নিঃসত্ত্ব, এবং বিরোধি ভাব জনিতত্ব প্রযুক্ত প্রতীপ দ্বেষের বিষয়ীভূত হইয়া থাকে ॥

তত্রাদ্যাঃ ॥

মুমুক্ষুপ্রমুখেষ্বাদ্যা রত্যাভাসাৎ পুরোদিতাৎ ॥ ৪৮ ॥

যথা ॥

বারাণসীনিবাসী কশ্চিদয়ং ব্যাহরন্ হরেশ্চরিতং।
যতিগোষ্ঠ্যামুৎপুলকঃ সিঞ্চতি গণ্ডদ্বয়ীমস্রৈঃ ॥ ৪৯ ॥

অথ সত্ত্বাভাসভবাঃ ॥

মুদ্বিস্ময়াদেরাভাসঃ প্রোদ্যন্ জাত্যাশ্লথে হৃদি।
সত্ত্বাভাস ইতি প্রোক্তঃ সত্ত্বাভাসভবাস্ততঃ ॥

বারাণসীতি। তত্র তন্নিবাসাদিনা মুমুক্ষুত্বং গম্যতে ॥ ৪৯ ॥

ভাবাক্রান্তচিত্তস্যৈব সত্ত্বতয়া সঙ্কেতিতত্বান্মুদ্বিস্ময়াদেরাভাসো যস্মিংস্তচ্চিত্ত-মিতি বক্তব্যে মুদাদ্যাভাস এব সত্ত্বাভাস ইত্যুক্তিস্তৎ কারণতাতিশয়বিবক্ষয়া আয়ুর্ঘৃতমিতি বৎ ॥ ৫০ ॥

তন্মধ্যে আদ্য অর্থাৎ রত্যাভাসভব যথা ॥

পূর্ব্বোক্ত রত্যাভাস হেতু মুমুক্ষু প্রভৃতিতে রত্যাভাস হইয়া থাকে ॥ ৪৮ ॥

যথা ॥

বারাণসীনিবাসী কোনব্যক্তি সন্ন্যাসিদিগের সভায় হরিচরিত্র গান করিতে করিতে পুলকাকুল কলেবর হইয়া অশ্রু জল দ্বারা গণ্ডদ্বয় সেচন করিতে লাগিলেন ॥ ৪৯ ॥

সত্ত্বাভাসভব যথা ॥

জাতিনিবন্ধন শ্লথ হৃদয়ে উদিত হর্ষ বিস্ময়াদির আভাসকে সত্ত্বাভাসভব প্রযুক্ত সত্ত্বাভাস কহে ॥

যথা ॥

জরন্মীমাংসকস্যাপি শৃণ্বতঃ কৃষ্ণবিভ্রমং।
হৃষ্টায়মানমনসো বভূবোৎপুলকং বপুঃ ॥ ৫০ ॥

যথা বা ॥

মুকুন্দচরিতামৃতপ্রসরবর্ষিণস্তে ময়া
কথং কথনচাতুরীমধুরিমা গুরুর্বর্ণ্যতাং।
মুহূর্ত্তমতদর্থিনো বিষয়িনোঽপি যস্যাননা
ন্নিশম্য বিজয়ং প্রভোর্দধতি বাষ্পধারাময়ী ॥ ৫১ ॥

অথ নিঃসত্ত্বাঃ॥

নিসর্গপিচ্ছিলস্বান্তে তদভ্যাসপরেঽপি চ।

মুকুন্দেতি। অয়ী ইতি সদ্য এবাগতত্বং ব্যঞ্জয়তি ॥ ৫১ ॥

উপরি শ্লথং অন্তঃ কঠিনং পিচ্ছিলং তদ্রূপত্বান্ন কুত্রাপি স্থিরং। শ্লথত্বং ত্বন্তর্ব্ব-

---

যথা ॥

কৃষ্ণলীলা শ্রবণ করিতে করিতে (অরসজ্ঞ) প্রাচীন মীমাংসকেরও চিত্ত আনন্দিত হয়, এ নিমিত্ত তাঁহার বপুঃ পুলকে পরিপূর্ণ হইয়াছিল ॥ ৫০ ॥

যথাবা ॥

হে মুকুন্দ! লীলামৃত বর্ষণকারি আপনার বাক্ চাতুর্য্য মাধুর্য্যের মহান্ গরিমা কি রূপে বর্ণন করিব; অনধিকারি বিষয়ী লোক সকলও আমার মুখ হইতে আপনার লীলা শ্রবণ করিয়া চক্ষু বাষ্পধারা ধারণ করিতেছে ॥ ৫১ ॥

অথ নিঃসত্ত্ব ॥

স্বভাব বশতঃ বা অভ্যাস বশতঃ পিচ্ছিল অর্থাৎ উপরি

সত্ত্বাভাসং বিনাপি স্যুঃ ক্বাপ্যশ্রুপুলকাদয়ঃ ॥ ৫২ ॥

যথা ॥

নিশময়তো হরিচরিতং
নহি সুখদুঃখাদয়োঽস্য হৃদিভাবাঃ।
অনভিনিবেশাজ্জাতাঃ
কথমস্রবদশ্রমশ্রান্তং ॥ ৫৩ ॥

হিরপ্যকঠিনং তদ্রূপত্বাদ্যত্র কুত্রাপি সংসজ্জমানমিতি ভেদঃ। তত্র সতি নিসর্গেতি ব্যাখ্যায়তে। যঃ কোপি নিসর্গ পিচ্ছিলস্বান্তো ভবতি সাত্ত্বিকোদয়ার্থং ধারণা বিশেষেণাভ্যাসপরোঽপি ভবতি তস্মিন্ সত্ত্বাভাসং বিনাপ্যশ্রুপুলকাদয়ো ভবন্তি। বহিরন্তঃ কঠিনেষু তদভ্যাসেনাপি ন ভবন্তীত্যেবার্থঃ। সত্ত্বাভাসং বিনাপি ইত্যস্য নিসর্গেত্যনেনান্বয়ে ধারণাবিশেষস্যাপেক্ষ্যস্য বিশেষণত্বাপাতান্ন পৃথক্ ঘটত ইতি অতএবাস্যোদাহরণং একমেবা করিষ্যতেতি নিঃসত্ত্বানামেষাং সাত্ত্বিকাভাস গণনাত্মজ্ঞেষু সাত্ত্বিকবদাভাসন্তে ইত্যপেক্ষয়া ॥ ৫২ ॥

নিশময়ত ইতি অনভিনিবেশাৎ পিচ্ছিলত্বান্নহি ভাবা জাতাঃ অনভিনিবেশস্ত ময়াস্য মুহুরেবানুভূতোস্তীতি ভাবঃ। তথা কথমস্রমশ্রান্তমস্রবদিতি যদুক্তং তৎ খল্বভ্যাসপরত্বাদেবেতি ব্যঞ্জিতং ॥ ৫৩ ॥

কোমল, অন্তরে কঠিন, এমত হৃদয়ে সত্ত্বাভাস ব্যতিরেকে কোথাও অশ্রু পুলকাদি দেখা যায় ॥ ৫২ ॥

যথা ॥

অনভিনিবেশ বশতঃ হরিচরিত্র শ্রবণকারি ব্যক্তির হৃদয়ে সুখ দুঃখাদি ভাবসকল উৎপন্ন হয় নাই, তবে কি প্রকারে ইহার নয়নে অবিরল জলধারা পাত হইতেছে, বোধ করি অভ্যাস বশতই ঘটিয়াছে ॥ ৫৩ ॥

প্রকৃত্যা শিথিলং যেষাং মনঃ পিচ্ছিলমেব বা।
তেষ্বেব সাত্ত্বিকাভাসঃ প্রায়ঃ সংসদি জায়তে ॥ ৫৪ ॥
অথ প্রতীপাঃ ॥
হিতাদন্যস্য কৃষ্ণস্য প্রতীপাঃ ক্রুদ্ধয়াদিভিঃ।
তত্র ক্রুধা যথা হরিবংশে ॥
তস্য প্রস্ফুরিতোষ্ঠস্য রক্তাধরতটস্য চ।
বক্ত্রং কংসস্য রোষেণ রক্তসূর্য্যায়তে তদা ॥

সংসদ্যেবেত্যন্বয়ঃ প্রায় ইতি শিথিলস্যান্যত্রাপি সম্ভবাৎ শিথিলং শ্লথং সংসদি মহোৎসবকীর্ত্তনসভায়াং ॥ ৫৪ ॥

কৃষ্ণস্য হিতাদন্যত্র বৈরিপ্রভৃতিষু ক্রুদ্ধয়াদিভি র্হেতুভিঃ সাত্ত্বিকাভাসাঃ প্রতীপাঃ স্যুরিত্যর্থঃ। ম্লানানন ইতি মুক্তিশ্রিয়ামিত্যাদিনা তস্মাদ্ভীতস্তামেব শরণমাশ্রিতবানিতি ধ্বনিতং। ম্লানস্য গোবিন্দমিত্যাদি পাঠান্তরপদ্যং ত্যক্তং ॥ ৫৫ ॥

স্বভাবতঃ যাহাদের মন শিথিল অথবা পিচ্ছিল, মহোৎসব কীর্ত্তন সভায় প্রায় সেই সকল ব্যক্তিতে সত্ত্বাভাস উৎপন্ন হয় ॥ ৫৪ ॥

অথ প্রতীপ ॥

শ্রীকৃষ্ণের শত্রু প্রভৃতিতে ক্রোধ ভয়াদি দ্বারা যে সাত্ত্বিকাভাস হইয়া থাকে তাহাকে প্রতীপ বলে ॥

তন্মধ্যে ক্রোধ হইতে প্রতীপ যথা ॥

হরিবংশে ॥

রক্তাধর এবং প্রস্ফুরিতোষ্ঠ কংসের মুখ তৎকালীয় ক্রোধে রক্তবর্ণ সূর্য্যের ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥

ভয়েন যথা॥

ম্লানাননঃ কৃষ্ণমবেক্ষ্য রঙ্গে
সিস্বেদমল্লস্ত্বধিভালশুক্তি।
মুক্তিশ্রিয়াং সুষ্ঠু পুরো মিলন্ত্যা-
মত্যাদরাৎ পাদ্যমিবাজহার॥

যথা বা॥

প্রবাচ্যমানে পুরতঃ পুরাণে
নিশম্য কংসস্য ভয়াতিরেকং।
পরিপ্লবান্তঃকরণঃ সমন্তাৎ
কশ্চিৎ পরিম্লানমুখস্তদাসীৎ॥

নাস্ত্যর্থঃ সাত্ত্বিকাভাসকথনে কোঽপি যদ্যপি।
সাত্ত্বিকানাং বিবেকায় দিক্ তথাপি প্রদর্শিতা॥ ৫৫॥

ভয়হেতু প্রতীপ যথা॥

রঙ্গস্থলে শ্রীকৃষ্ণকে সন্দর্শন করিয়া ম্লানবদন মল্লের ললাট রূপ শুক্তি অর্থাৎ ঝিনুক স্বেদ জল ধারণ করিয়া অগ্রবর্ত্তিনী মুক্তিসম্পত্তিকে যেন অত্যাদর পূর্ব্বক পাদ্য প্রদান করিল॥

যথাবা॥

সম্মুখে পুরাণ পাঠ হইতেছিল তাহাতে কংসের ভয়াতিশয্য শ্রবণ করিয়া কোন ব্যক্তির অন্তঃকরণ চঞ্চল হওয়ায় বদন মলিন হইয়া উঠিল॥

যদিচ সাত্ত্বিকাভাস কথনে কোন প্রয়োজন নাই তথাপি সাত্ত্বিক সকলের পরিজ্ঞানার্থ উদাহরণ প্রদর্শিত হইল॥৫৫॥

॥ ❋ ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ দক্ষিণবিভাগে ভক্তি-রসসামান্য নিরূপণে সাত্ত্বিকলহরী তৃতীয়া ॥ ❋ ॥

অথ ব্যভিচারিণঃ ॥

অথোচ্যন্তে ত্রয়স্ত্রিংশদ্ভাবা যে ব্যভিচারিণঃ।
বিশেষেণাভিমুখ্যেন চরন্তি স্থায়িনং প্রতি ॥ ১ ॥
বাগঙ্গ সত্ত্বসূচ্যা যে জ্ঞেয়াস্তে ব্যভিচারিণঃ।
সঞ্চারয়ন্তি ভাবস্য গতিং সঞ্চারিণোঽপি তে ॥ ২ ॥
উন্মজ্জন্তি নিমজ্জন্তি স্থায়িন্যমৃতবারিধৌ।

॥ ❋ ॥ ইতি পঞ্চলহর্য্যাত্মকে দক্ষিণবিভাগে সাত্ত্বিকলহরী তৃতীয়া ॥ ❋ ॥ ৩ ॥

বাচা অঙ্গেন ভ্রূনেত্রাদিনা সত্ত্বেনচ সত্ত্বোৎপন্নেনানুভাবেন সূচ্যা জ্ঞাপ্যাঃ ॥ ২ ॥

কুত্র কিংবৎ অমৃত বারিধাবূর্ম্মিবদিতি পশ্চাদেব যোজনীয়ং ॥ ৩ ॥

॥ ❋ ॥ ইতি শ্রীরামনারায়ণ বিদ্যারত্নকৃত ব্যাখ্যায় ভক্তি-রসামৃতসিন্ধুর দক্ষিণবিভাগে সাত্ত্বিকলহরী ॥ ❋ ॥ ৩ ॥ ❋ ॥

অথ ব্যভিচারী ॥

অনন্তর ত্রয়স্ত্রিংশদ্ব্যভিচারি ভাব, যাহা বিশেষতঃ প্রাধান্য রূপে স্থায়িভাবে বিচরণ করে, তৎসমুদায় উল্লিখিত হই-তেছে ॥ ১ ॥

বাক্য, ভ্রূনেত্রাদি অঙ্গ এবং সত্ত্বোৎপন্ন ভাব দ্বারা যে সকল ভাব প্রকাশিত হয়, তাহারাই ব্যভিচারী। এই ব্যভি-চারী সকল ভাবের গতি সঞ্চার করে বলিয়া ইহাদিগকে সঞ্চারি ভাবও বলা যায় ॥ ২ ॥

ব্যভিচারী ভাব সকল স্থায়িভাব রূপ অমৃতসাগরে মগ্ন

ঊর্ম্মিবদ্বর্দ্ধয়ন্ত্যেনং যান্তি তদ্রূপতাঞ্চ তে।
নির্ব্বেদোঽথ বিষাদো দৈন্যং গ্লানিশ্রমৌ চ মদগর্ব্বৌ।
শঙ্কাত্রাসাবেগা উন্মাদাপস্মৃতী তথা ব্যাধিঃ।
মোহো মৃতিরালস্যং জাড্যং ব্রীড়াবহিত্থা চ।
স্মৃতিরথ বিতর্কচিন্তামতিধৃতয়ো হর্ষ উৎসুকত্বঞ্চ।
ঔগ্র্যামর্ষাসূয়াশ্চাপল্যঞ্চৈব নিদ্রা চ।
সুপ্তির্ব্বোধ ইতীমে ভাবা ব্যভিচারিণঃ সমাখ্যাতাঃ ॥৩॥
তত্র নির্ব্বেদঃ ॥
মহার্ত্তিবিপ্রয়োগের্ষ্যাসদ্বিবেকাদিকল্পিতং।
স্বাবমাননমেবাত্র নির্ব্বেদ ইতি কথ্যতে।

সদ্বিবেকোঽত্রাকর্ত্তব্যস্য কৃতত্বে কর্ত্তব্যস্য চাকৃতত্বে শোচনমযোজ্ঞেয়ঃ ॥ ৪ ॥

হইয়া তরঙ্গের ন্যায় স্থায়িভাবকে বর্দ্ধিত করে, একারণ ইহারা স্থায়িভাবের স্বরূপ ভাবও প্রাপ্ত হইয়া থাকে ॥

নির্ব্বেদ, বিষাদ, দৈন্য, গ্লানি, শ্রম, মদ, গর্ব্ব, শঙ্কা, ত্রাস, আবেগ, উন্মাদ, অপস্মৃতি, ব্যাধি, মোহ, মৃত্যু, আলস্য, জাড্য, ব্রীড়া, অবহিত্থা, অর্থাৎ আকারগোপন, স্মৃতি, বিতর্ক, চিন্তা, মতি, ধৃতি, হর্ষ, উৎসুকতা উগ্রতা, অমর্ষ, অসূয়া, চপলতা, নিদ্রা; সুপ্তি ও বোধ এই ত্রয়স্ত্রিংশৎ ভাবকে ব্যভিচারি বলে ॥ ৩ ॥

তন্মধ্যে নির্ব্বেদ যথা ॥

মহাদুঃখ, বিপ্রয়োগ অর্থাৎ বিচ্ছেদ, ঈর্ষ্যা, সদ্বিবেকাদি কল্পিত অর্থাৎ অকর্ত্তব্যের করণ এবং কর্ত্তব্যের অকরণ নিমিত্ত শোচনা এবং নিজ অপমান, এই সকলেতে নির্ব্বেদ

অত্র চিন্তাশ্রুবৈবর্ণ্যদৈন্যনিশ্বসিতাদয়ঃ ॥ ৪ ॥

তত্র মহার্ত্ত্যা যথা ॥

হন্ত দেহহতকৈঃ কিমমীভিঃ

পালিতৈর্বিফলপুণ্যফলৈ র্নঃ।

এহি কালিয়হ্রদে বিষবহ্নৌ

স্বং কুটুম্বিনি হঠাজ্জুহবাম ॥

বিপ্রয়োগেন যথা ॥

অসঙ্গমান্মাধবমাধুরীণা-

মপুষ্পিতে নীরসতাং প্রয়াতে।

বৃন্দাবনে শীর্য্যতি হা কুতোঽসৌ

ন ইতি দ্বিত্বেঽপি বহুবচনং অস্মদোর্দ্বয়োশ্চেতি পাণিনিস্মরণাদ্দেহহতকৈরিত্যত্র তু বহুজন্মতাপেক্ষয়া ॥ ৫ ॥

হইয়া থাকে ॥

এই নির্ব্বেদে চিন্তা, অশ্রু, বৈবর্ণ্য, দৈন্য এবং দীর্ঘ নিশ্বাসাদি হইয়া থাকে ॥ ৪ ॥

তন্মধ্যে মহাদুঃখ নিমিত্ত নির্ব্বেদ যথা ॥

হে গৃহকুটুম্বিনি যশোদে! হায়! আমাদের পুণ্য রহিত এই হত দেহকে পালন করিলে কি হইবে? আইস আমরা বিষাগ্নি যুক্ত কালিয় হ্রদে শীঘ্র আত্মদেহকে আহুতি প্রদান করি ॥

বিরহে নির্ব্বেদ যথা ॥

মাধব মাধুর্য্যের অপ্রাপ্তি হেতু বৃন্দাবন পুষ্পহীন বিশীর্ণ হইয়া নীরসত্ব প্রাপ্ত হইলে, হায়! কৃষ্ণ কোথায় এই বলিয়া

প্রাণিত্যপুণ্যঃ সুবলো দ্বিরেফঃ ॥ ৫ ॥

যথা বা দানকেলিকৌমুদ্যাং ॥

ভবতু মাধবজল্পমশৃণ্বতোঃ

শ্রবণয়োরলমশ্রবণি র্মম।

তমবিলোকয়তোরবিলোকনিঃ

সখি বিলোকনয়োশ্চ কিলানয়োঃ ॥ ৬ ॥

ঈর্ষ্যয়া যথা হরিবংশে ॥

সত্যাদেবীবাক্যং ॥

স্তোতব্যা যদি তাবৎ সা নারদেন তবাগ্রতঃ।

দুর্ভগোঽয়ং জনস্তত্র কিমর্থমনু শব্দিতঃ ॥

অশ্রবণিরিত্যাক্রোশেন ॥ ৬ ॥

সা রুক্মিণী। অয়ং মল্লক্ষণঃ ॥ ৭ ॥

পুণ্যরহিত সুবল রূপ ভ্রমর তথা হইতে প্রস্থান করিল ॥৫॥

যথাবা দানকেলিকৌমুদীতে ॥

হে সখি! মাধবের গুণানুবাদ শ্রবণ না করায় আমার কর্ণদ্বয়ের বধিরতাই ভাল এবং তাঁহাকে দর্শন করিতে না পাওয়ায় আমার লোচনদ্বয়ের অন্ধত্বই ভাল ॥ ৬ ॥

ঈর্ষ্যাহেতু নির্ব্বেদ যথা ॥

হরিবংশে সত্যভামা দেবীর বাক্য যথা ॥

হে কৃষ্ণ! নারদ যদি তোমার অগ্রে রুক্মিণীর প্রশংসা করিতে লাগিলেন, তাহা হইলে মাদৃশ এই দুর্ভাগ্য জনের কথায় প্রয়োজন কি? ॥

সদ্বিবেকেন যথা শ্রীদশমে ॥

মমৈষ কালোঽজিত নিষ্ফলো গতো
রাজ্যশ্রিয়োন্মদ্ধমদস্য ভূপতেঃ।
মর্ত্যাত্মবুদ্ধেঃ সুতদারকোশভূ-
ষ্বাসজ্জমানস্য দুরন্তচিন্তয়া ॥ ৭ ॥

অমঙ্গলমপি প্রোচ্য নির্ব্বেদং প্রথমং মুনিঃ।
মেনেঽমুং স্থায়িনং শান্ত ইতি জল্পন্তি কেচন ॥

অথ বিষাদঃ ॥

কেচনেতি। স্বমতে তু শান্তরসে শান্তাখ্যায়ারতেরেব স্থায়িভাবত্বাৎ। অত্র নির্ব্বেদস্য প্রথমোক্তিস্তু মুনিবচনানুবাদরূপত্বাদিতি ভাবঃ ॥ ৮ ॥

সদ্বিবেক অর্থাৎ অকর্ত্তব্যের করণ এবং কর্ত্তব্যের অকরণ নিমিত্ত নির্ব্বেদ যথা ॥

শ্রীদশমে ৫১ অধ্যায়ে ২৯ শ্লোকে ॥

হে অজিত! কেবল অন্য লোক সংসারে পতিত হইতেছে এমত নহে, আমিও এইরূপ হইতেছি, দেহেতে আমার আত্মবুদ্ধি আছে, অতএব দুরন্ত-চিন্তা-দ্বারা পুত্র কলত্র, কোশ, ভূমি প্রভৃতিতে রাজ্য শ্রীদ্বারা উন্মদ্ধমদ হইয়াছি, আমারও কাল বিফলে গত হইল ॥ ৭ ॥

ভরত মুনি প্রথমে নির্ব্বেদকে অমঙ্গল বলিয়াই কীর্ত্তন করিয়াছেন, কিন্তু কোন কোন পণ্ডিত ইহাকে শান্তরসে শান্ত্যাখ্যা রতির স্থায়িভাব বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥

অথ বিষাদ ॥

ইষ্টানবাপ্তিপ্রারব্ধকার্য্যাসিদ্ধিবিপত্তিতঃ।
অপরাধিতোঽপি স্যাদনুতাপো বিষণ্ণতা ॥
অত্রোপায়সহায়ানুসন্ধিশ্চিন্তা চ রোদনং।
বিলাপশ্বাসবৈবর্ণ্যমুখশোষাদয়োঽপি চ ॥ ৮ ॥
তত্রেষ্টানবাপ্তিতো যথা ॥
জরাং যাতা মূর্ত্তির্মম বিবশতাং বাগপি গতা
মনোবৃত্তিশ্চেয়ং স্মৃতিবিধুরতাপদ্ধতিমগাৎ।
অঘধ্বংসিন্ দূরে বসতু ভবদালোকন শশী
ময়া হন্ত প্রাপ্তো ন ভজনরুচেরপ্যবসরঃ ॥
প্রারব্ধকার্য্যাসিদ্ধের্যথা ॥

বিধুরতা রহিতত্বং ॥ ৯ ॥

ইষ্ট বস্তুর অপ্রাপ্তি, প্রারব্ধকার্য্যের অসিদ্ধি, বিপত্তি এবং অপরাধাদি হইতে যে অনুতাপ জন্মে তাহার নাম বিষাদ ॥

এই বিষাদে উপায় ও সহায়ের অনুসন্ধান, চিন্তা, রোদন, বিলাপ, শ্বাস, বৈবর্ণ্য ও মুখশোষাদি হইয়া থাকে ॥ ৮ ॥

তন্মধ্যে ইষ্ট বস্তুর অপ্রাপ্তিনিমিত্ত বিষাদ যথা ॥

হে অঘনাশন শ্রীকৃষ্ণ! আমার শরীর জরাগ্রস্ত, বাক্যও অবশ এবং মনোবৃত্তিও স্মৃতিরহিত হইয়াছে, আপনার দর্শন রূপ শশীও দূরে বাস করিতেছেন, হায়! এ যাবৎ আমি আপনার ভজনরুচিরও অবসর প্রাপ্ত হইলাম না ॥

প্রারব্ধকার্য্যের অসিদ্ধিহেতু নির্ব্বেদ যথা ॥

স্বপ্নে ময়াদ্য কুসুমানি কিলাহৃতানি
যত্নেন তৈর্বিরচিতা নবমালিকা চ।
যাবন্মুকুন্দ হৃদি হন্ত নিধীয়তে সা
হা তাবদেব তরসা বিররাম নিদ্রা ॥ ৯ ॥
বিপত্তের্যথা ॥
কথমনায়ি পুরে ময়কা সুতঃ
কথমসৌ ন নিগৃহ্য গৃহে ধৃতঃ।
অমুমহো কত দন্তিবিধুন্তুদো
বিধুরিতং বিধুমত্র বিধিৎসতি ॥ ১০ ॥
অপরাধাদ্যথা শ্রীদশমে ॥

কথমনায়ীতি শ্রীব্রজেন্দ্রবচনং তচ্চ মঞ্চানামত্যুচ্চত্বেন দূরেঽপি দর্শন সম্ভবাৎ। বিধুরিতং দুঃখিতং বিধিৎসতি কর্ত্তুমিচ্ছতি। হরিরিত্যাদি পাঠান্তরং ত্যক্তং ॥ ১০ ॥

অদ্য আমি স্বপ্ন যোগে পুষ্পচয়ন করত যত্ন-সহকারে বনমালা রচনা করিয়া যেই মুকুন্দ হৃদয়ে সমর্পণ করিব, হা কষ্ট! হঠাৎ সেই সময়েই আমার নিদ্রাভঙ্গ হইল ॥ ৯ ॥

বিপত্তিহেতু বিষাদ যথা ॥

গোপরাজ নন্দ কহিলেন হায়!,কেন আমি পুত্রকে গৃহে অবরোধ করিয়া রাখিলাম না, কি কারণ সঙ্গে করিয়া মথুরায় লইয়া আসিলাম,এই কৃষ্ণচন্দ্রকে কুবলয়াপীড় হস্তিরূপ রাহু ক্লেশ দিতে ইচ্ছা করিতেছে ॥ ১০ ॥

অপরাধহেতু বিষাদ যথা ॥

শ্রীদশমে ১৪ অধ্যায়ে ৯ শ্লোকে ॥

পশ্যেশ মেঽনার্য্যমনন্ত আদ্যে
পরাত্মনি ত্বয্যপি মায়ি মায়িনি।
মায়াং বিতত্যেক্ষিতুমাত্মবৈভবং
হ্যহং কিয়ানৈচ্ছমিবার্চ্চিরগ্নৌ ॥ ১১ ॥
যথা বা ॥
স্যমন্তকমহং হৃত্বা গতো ঘোরাস্যমন্তকং।
করবৈ তরণীং কাম্বা ক্ষিপ্তো বৈতরণীমনু ॥ ১২ ॥

অর্য্যঃ সুজন স্তস্য ভাব আর্য্যং অতস্তদ্বিপরীতং দৌর্জন্যমনার্য্যং। কিন্তৎ আত্মনস্তব বৈভবং মাহাত্ম্যমীক্ষিতুং যৎ। দ্রষ্টুং মঞ্জুমহিত্বমিত্যুক্তেঃ। নন্বেবঞ্চেত্তর্হি কো দোষস্তত্রাহ ত্বন্মাহাত্ম্যং দ্রষ্টুং তত্রাপি মায়াং বিতত্য দ্রষ্টুং কিয়ান্ কো বরাকোঽহমিত্যর্থঃ। কিয়ত্বে দৃষ্টান্তঃ অগ্নৌ অর্চ্চিরিবেতি ॥ ১১ ॥
স্যমন্তকমহমিত্যক্রূরচিন্তা। কাম্বেত্যত্রতু কিম্বেতি পাঠঃ সভ্যঃ ॥ ১২ ॥

ব্রহ্মা কহিলেন হে ঈশ! আমার দৌর্জন্য দেখুন, আপনি অনন্ত, আদ্য, পরমাত্মা, মায়াবিদিগেরও মোহনকারী, আমি আপনার প্রতি স্বীয় মায়া বিস্তার করিয়া আত্মৈশ্বর্য্য নিরীক্ষণ করিতে ইচ্ছা করিয়াছিলাম। অহো! যদ্রূপ অগ্নিহইতে উত্থিত অগ্নিশিখা অগ্নির প্রতি কোন কার্য্যকর হয় না, তাঁহার ন্যায় আপনার প্রতি ঐরূপ করিতে গিয়া আমি কিঞ্চিৎকর হইয়াও উঠিতে পারি নাই ॥ ১১ ॥

যথাবা ॥

স্যমন্তক-মণিহরণ করিয়া ভয়ানক যমের মুখে পতিত হইলাম, এখন বৈতরণীতে অনুক্ষিপ্ত হইয়া উদ্ধারার্থ কাহাকেই তরণী করিব ॥ ১২ ॥

অথ দৈন্যং ॥

দুঃখত্রাসাপরাধাদ্যৈরনৌর্জিত্যন্তু দীনতা।

চাটুকৃন্মান্দ্য মালিন্য চিন্তাঙ্গ জড়িমাদিকৃৎ ॥

তত্র দুঃখেন যথা শ্রীদশমে ॥

চিরমিহ বৃজিনার্ত্তস্তপ্যমানোমুতাপৈ-

রবিতৃষষড়মিত্রো লব্ধশান্তিঃ কথঞ্চিৎ।

শরণদ সমুপেতস্ত্বৎপদাব্জং পরাত্ম-

ন্ন ভয়মৃতমশোকং পাহি মাপন্নমীশ ॥ ১৩ ॥

অনৌর্জিত্যমাত্মন্যতিনিকৃষ্টতা মননং। চাটুস্তন্ময়ী যাচ্ঞা। হৃদয়স্য মান্দ্যমপাটবং মালিন্যমস্বাচ্ছ্যং চিন্তা নানাভাবনা ॥ ১৩ ॥

অথ দৈন্য ॥

দুঃখ ত্রাস ও অপরাধাদি হইতে যে দৌর্ব্বল্য হয় তাহার নাম দৈন্য, এই দৈন্যে, চাটু, হৃদয়ের ক্ষুণ্ণতা, মলিনতা চিন্তা এবং অঙ্গের জড়তা হয় ॥

তন্মধ্যে দুঃখহেতু দৈন্য যথা ॥

শ্রীদশমে ৫১ অধ্যায়ে ৩৯ শ্লোকে ॥

মুচুকুন্দ কহিলেন প্রভো! আমি কর্ম্ম ফলে চিরকাল পীড়িত আছি, আবার তাহারই বাসনায় সন্তপ্ত হইয়াছি তথাপি ছয় রিপু (ছয় ইন্দ্রিয়) তৃষ্ণা শূন্য হয় নাই, কথঞ্চিৎ দৈববশতঃ শান্তি লাভ হওয়ায় আপনার পাদপদ্ম যাহা অশোক, অভয় ও অমৃত, তাহা প্রাপ্ত হইলাম। হে শরণদ! হে আত্মন্! হে ঈশ! আমি আপদে ব্যাপ্ত, আমাকে রক্ষা করুন ॥ ১৩ ॥

ত্রাসেন যথা প্রথমে ॥

অভিদ্রবতিমামীশ শরস্তপ্তায়সঃ প্রভো।

কামং দহতু মাং নাথ মা মে গর্ভো নিপাত্যতাং ॥ ১৪ ॥

অপরাধেন যথা শ্রীদশমে ॥

অতঃ ক্ষমস্বাচ্যুত মে রজো ভুবো

হ্যজানতস্ত্বৎ পৃথগীশ মানিনঃ।

শ্রীপরীক্ষিন্মাতা তং গর্ভস্থিতং শ্রীকৃষ্ণসেবায়ামহির্ষ্যন্তং মত্বা স্বস্য তত্রা-যোগ্যং মত্বা তদ্রক্ষার্থং নিবেদয়তি অভিদ্রবতীতি তপ্তমগ্নিমুদ্গিরং আয়সং লোহশল্যং যস্য সঃ ॥ ১৪ ॥

অজো জগৎকর্ত্তাহমিতি মদেন গাঢ়তমোরূপেণ অন্ধীভূত নেত্রস্য অতত্ত্বং পৃথগীশমানিনঃ অন্যত্র প্রভুমন্যত্বেন বর্ত্তমানোঽপি এবোঽমনুকম্প্যঃ কথং নাথ

ত্রাসহেতু দৈন্য যথা ॥

প্রথমস্কন্ধে ৮ অধ্যায়ে ৯ শ্লোকে ॥

উত্তরা কহিলেন হে প্রভো! জ্বলন্ত শল্যযুক্ত এই শর আমার অভিমুখে বেগে আসিতেছে, হে নাথ! এ আমাকে যদৃচ্ছাক্রমে দগ্ধ করুক তাহাতে খেদ নাই, আমার গর্ভটী যেন নিপাত না করে ॥ ১৪ ॥

অপরাধ হেতু দৈন্য যথা ॥

শ্রীদশমে ১৪ অধ্যায়ে ১০ শ্লোকে ॥

ব্রহ্মা কহিলেন হে অচ্যুত! আমি রজোগুণে উৎপন্ন হইয়াছি একারণ অজ্ঞ, সুতরাং "আমি জগৎ কর্ত্তা" এই যে মদ, যাহা প্রগাঢ় তিমির স্বরূপ, তাহাতে আমার নেত্রদ্বয়

অজাবলেপান্ধতমোঽন্ধচক্ষুষ
এষোঽনুকম্প্যো ময়ি নাথবানিতি ॥
আদ্যশব্দেন লজ্জয়াপি যথা তত্রৈব ॥
মানয়ং ভোঃ কৃথাস্ত্বাস্ত নন্দগোপসুতং প্রিয়ং।
জানীমোঽঙ্গ ব্রজশ্লাঘ্যং দেহিবাসাংসি বেপিতাঃ ॥ ১৫ ॥
অথ গ্লানিঃ ॥
ওজঃ সোমাত্মকং দেহে বলপুষ্টিকৃদস্য তু।

বান্ দাস ইত্যেবং। ননু পরমেষ্ঠিন্ন তব দাস্যং কিমর্থং তত্রাহ ময়ি ভগবতি নিমিত্তে মদেকপ্রাপ্ত্যর্থমিত্যর্থঃ ॥ ১৫ ॥

ওজঃ শুক্রাদপ্যুৎকৃষ্টো ধাতুবিশেষঃ ॥ ১৬ ॥

অন্ধীভূত হইয়াছে, অতএব তোমা হইতে পৃথক্ ঈশ্বর আছেন এইরূপ মানিতেছি। প্রভো! এ ব্যক্তি অন্যত্র প্রভুত্ব রূপে বর্ত্তমান হইলেও আমারই ভৃত্য অতএব এ আমার অনুকম্পনীয়" মনে করিয়া আমাকে ক্ষমা করুন ॥

আদিশব্দপ্রযুক্ত লজ্জা নিমিত্ত দৈন্য যথা ॥

শ্রীদশমে ২২ অধ্যায়ে ১০ শ্লোকে ॥

গোপীগণ কহিলেন অহে কৃষ্ণ! অন্যায় কর কেন, আমরা জানি তুমি নন্দগোপতনয়, ব্রজের শ্লাঘ্য এবং আমাদের প্রিয় আমাদের বস্ত্র সকল দাও, এই দেখ আমরা কাঁপিতেছি ॥১৫

অথ গ্লানি ॥

দেহে বল ও পুষ্টিকারি, যাহার অধিষ্ঠাতৃ দেবতা চন্দ্র, সেই ওজঃ অর্থাৎ শুক্র হইতে কোন উৎকৃষ্ট ধাতু বিশেষ,

ক্ষয়াচ্ছ্রমাধিরত্যাদ্যৈর্গ্লানির্নিষ্পাণতা মতা।
কম্পাঙ্গজাড্যবৈবর্ণ্য কার্শ্য দৃগ্‌ভ্রমণাদিকৃৎ ॥ ১৬ ॥
তত্র শ্রমেণ যথা ॥
আঘূর্ণন্মণি বলয়োজ্জ্বল প্রকোষ্ঠা
গোষ্ঠান্তর্মধুরিপুকীর্ত্তিনর্ত্তিতোষ্ঠী
লোলাক্ষী দধিকলসং বিলোড়য়ন্তী
কৃষ্ণায় ক্লমভর নিঃসহা বভূব ॥

লোলাক্ষীতি মধুরিপুকীর্ত্তিগানে শ্বশ্রূপ্রভৃতিত আশঙ্কয়া। নিঃসহা বিবশাঙ্গী ॥ ১৭ ॥

শ্রম, মনঃপীড়া ও রত্যাদি দ্বারা তাহার ক্ষয় হইলে যে দুর্ব্বলতা জন্মে তাহার নাম গ্লানি ॥

ইহাতে কম্প, অঙ্গের জড়তা, বৈবর্ণ্য, কৃশতা এবং নয়নের চাপল্যাদি হইয়া থাকে ॥ ১৬ ॥

তন্মধ্যে শ্রমহেতু গ্লানি যথা ॥

এক দিবস শ্রীরাধা গোকুল মধ্যে শ্রীকৃষ্ণের নিমিত্ত দধি মন্থন করিতেছিলেন, তৎকালীন তাঁহার হস্তস্থ মণিময় উজ্জ্বল বলয় সকল ঈষৎ ঘূর্ণিত ও মধুরিপুর নাম কীর্ত্তনে ওষ্ঠদ্বয় নর্ত্তন করিতেছিল, শ্রীরাধা মনে করিলেন আমি যে শ্রীকৃষ্ণের গুণ কীর্ত্তন করিতেছি; পাছে শ্বশ্রূগণ শুনিতে পান এই আশঙ্কায় দধি কলস বিলোড়ন করিতে করিতে শ্রমভরে বিবশাঙ্গী হইয়া পড়িলেন ॥

যথা বা ॥

গুম্ফিতুং নিরুপমাং বনস্রজং
চারু পুষ্পপটলং বিচিন্বতী।
দুর্গমে ক্লমভরাতিদুর্ব্বলা
কাননে ক্ষণমভূন্মৃগেক্ষণা ॥ ১৭ ॥

আধিনা যথা ॥

সারস ব্যতিকরেণ বিহীনা
ক্ষীণজীবনতয়োচ্চলহংসা।
মাধবাদ্য বিরহেণ তবাম্বা
শুষ্যতিস্ম সরসী শুচিনেব ॥ ১৮ ॥

সা তবাম্বেত্যন্বয়ঃ। রসঃ সুখং ব্যতিকর আসঙ্গঃ পক্ষে সারসানি পক্ষি বিশেষাঃ। পদ্মানি চেত্যেকশেষাৎ। শুচিস্ত্বয়মাষাঢ় ইত্যমরঃ ॥ ১৮ ॥

যথাবা ॥

একদিবস মৃগাক্ষী শ্রীরাধা শ্রীকৃষ্ণার্থ নিরুপম বনমাল গ্রন্থন করিবার অভিলাষে দুর্গম কাননের মধ্যে গমন করিয়াছিলেন, তথায় মনোহর পুষ্প সকল চয়ন করিতে করিতে অতিশয় ক্লান্তিপ্রযুক্ত তিনি ক্ষণকাল দুর্ব্বল হইয়াছিলেন॥১৭

মনঃপীড়া নিমিত্ত গ্লানি যথা ॥

হে মাধব! গ্রীষ্মকালে সারস এবং হংস বিরহিত সরোবর যেমন শুষ্ক হয়, তাহার ন্যায় তোমার বিরহে অদ্য তোমার মাতা যশোদা শুষ্ক হইতেছেন ॥ ১৮ ॥

রত্যা যথা রসসুধাকরে ॥

অতিপ্রযত্নেন রতান্ততান্তা

কৃষ্ণেন তল্পাদবরোপিতা সা।

আলম্ব্য তস্যৈব করং করেণ

জ্যোৎস্না কৃতানন্দমলিন্দমাপ ॥

অথ শ্রমঃ ॥

অধ্ব নৃত্য রতাদ্যুত্থঃ খেদঃ শ্রম ইতীর্য্যতে।

নিদ্রাস্বেদাঙ্গসম্মর্দ্দ জৃম্ভাশ্বাসাদিভাগসৌ ॥

অলিন্দং গৃহাগ্রকুট্টিমং ॥ ১৯ ॥

রতি নিমিত্ত গ্লানি যথা ॥

রসসুধাকরে ॥

রতি ক্রীড়ার অবসানে শ্রীরাধা শয্যা হইতে যে অবতরণ করিবেন এমত শক্তি ছিল না, যত্ন পূর্ব্বক শ্রীকৃষ্ণ শয্যা হইতে অবতারিত করিলে শ্রীরাধা স্বীয় হস্ত দ্বারা তদীয় হস্ত অবলম্বন পূর্ব্বক জ্যোৎস্নাশালি গৃহাগ্রবর্ত্তি কুট্টিম অর্থাৎ চাঁদনি প্রাপ্ত হইয়াছিলেন ॥

অথ শ্রম ॥

পথ, নৃত্য ও রমণাদি জনিত খেদকে শ্রম বলে। এই শ্রমে নিদ্রা, ঘর্ম্ম, অঙ্গগ্রহ, জৃম্ভা অর্থাৎ হাঁই এবং দীর্ঘশ্বাসাদি হইয়া থাকে ॥

তন্মধ্যে পথ ভ্রমণ নিমিত্ত শ্রম যথা ॥

তত্রাধ্বনো যথা ॥

কৃতাগসং পুত্রমনুব্রজন্তী
ব্রজাজিরান্তর্ব্রজরাজরাজ্ঞী
পরিস্খলৎ কুন্তলবন্ধনেয়ং
বভূব ঘর্ম্মাম্বুকরম্বিতাঙ্গী ॥

নৃত্যাদ্যথা ॥

বিস্তীর্য্যোত্তরলিতহারমঙ্গহারং
সঙ্গীতোন্মুখমুখরৈর্বৃতঃ সুহৃদ্ভিঃ।
অস্বিদ্যদ্বিরচিত নন্দসূনুপর্ব্বা
কুর্ব্বাণস্তটভুবি তাণ্ডবানি রামঃ ॥

রতাদ্যথা ॥

শ্রীকৃষ্ণ অপরাধ করিয়া পলাইতে লাগিলে ব্রজরাজ রাজ্ঞী যশোদা পুত্রের পশ্চাৎ পশ্চাৎ ব্রজাঙ্গণে ধাবমানা হইয়াছিলেন তন্নিবন্ধন তাঁহার কেশবন্ধন আলুলায়িত এবং অঙ্গ সকল ঘর্ম্মাম্বুসিক্ত হইয়াছিল ॥

নৃত্যহেতু শ্রম যথা ॥

শ্রীকৃষ্ণের পর্ব্বোপলক্ষে সঙ্গীতকারি সুহৃদ্গণে পরিবৃত হইয়া যমুনাতটে অঙ্গভঙ্গি সহকারে বলদেব তাণ্ডব রচনা করিলেন, তৎকালীন তাঁহার কণ্ঠস্থ হার আন্দোলিত এবং শরীর হইতে ঘর্ম্মবারি সকল স্রাব হইতে লাগিল ॥

রতিহেতু শ্রম যথা ॥

শ্রীদশমে ৩৩ অধ্যায়ে ২০ শ্লোকে ॥

শ্রীদশমে ॥

তাসাং রতিবিহারেণ শ্রান্তানাং বদনানি সঃ।
প্রামৃজৎ করুণঃ প্রেম্না শন্তমেনাঙ্গ পাণিনা ॥

অথ মদঃ ॥

বিবেকহর উল্লাসো মদঃ স দ্বিবিধো মতঃ।
মধুপানভবোঽনঙ্গ বিক্রিয়াভরজোপি চ।
গত্যঙ্গ বাণী স্খলন দৃগ্‌ঘূর্ণা রক্তিমাদিকৃৎ ॥

তত্র মধুপানভবো যথা ললিতমাধবে ॥

বিলে কন্নু বিলিল্যিরে নৃপপিপীলিকাঃ পীড়িতাঃ।
পিনস্মি জগদন্তকং ননু হরিঃ ক্রুধং ধাস্যতি।

হে রাজন্! গোপীসকল রতিক্রীড়ায় শ্রান্ত হইলে শ্রীকৃষ্ণ কৃপাতিশয়তা হেতু প্রেমপ্রকাশপূর্ব্বক স্বীয় শুভ করতল দিয়া তাঁহাদের বদন মার্জন করিয়াছিলেন ॥

অথ মদ ॥

জ্ঞাননাশক আহ্লাদের নাম মদ। এই মদ দুই প্রকার হয়, মধুপানজনিত ও কন্দর্পবিকারাতিশয়জনিত। ইহাতে গতি, অঙ্গ ও বাক্যের স্খলন, নেত্রঘূর্ণা এবং রক্তিমাদি হইয়া থাকে ॥

তন্মধ্যে মধুপানজনিত মদ যথা ॥

ললিতমাধবে ॥

মধুপান জনিত মদে মুক্তকেশ হলধর কহিলেন অরে নৃপপিপীলিকাসকল! তোরা পীড়িত হইয়া কোন্ গর্ত্তে লুকায়িত হইলি, অরে শচীর ক্রীড়ামৃগ ইন্দ্র! তুই কেন হাস্য

শচীগৃহকুরঙ্গ রে হসসি কিং ত্বমিত্যুন্মদ-
য়ুদেতি মদডম্বরস্খলিতচূড়মগ্রে হলী ॥ ১৯ ॥
যথা বা প্রাচাং ॥
ভভভ্রমতি মেদিনী ললললম্বতে চন্দ্রমাঃ
কৃকৃষ্ণ ববদ দ্রুতং হহহসন্তি কিং বৃষ্ণয়ঃ।
সিসীধু মুমুমুঞ্চ মে পপপপানপাত্রে স্থিতং
মদস্খলিতমালপন্ হলধরঃ শ্রিয়ং বঃ ক্রিয়াৎ।
উত্তমস্তু মদাচ্ছেতে মধ্যো হসতি গায়তি।
কনিষ্ঠঃ ক্রোশতি স্বৈরং পরুষং বক্তি রোদিতি।

ভভভ্রমতীতি পদ্যং তস্য গৃহএব স্থিতস্য তত্র কল্পনয়া বচনং জ্ঞেয়ং। বাস্তবত্বে শ্রীকৃষ্ণাদীনাং সঙ্কোচাপত্তেঃ। মদস্খলিতমিত্যতঃ প্রাগিতীত্যধ্যাহার্য্যং।

করিতেছিস্, আমি ব্রহ্মাণ্ড চূর্ণ করিতে উদ্যত হইয়াছি, হরি ইহাতে ক্রোধ করিবেন না ॥ ১৯ ॥

যথাবা প্রাচীনদিগের মত ॥

হে কৃষ্ণ! শীঘ্র বল পৃথিবী কি ঘূর্ণিত হইতেছে, চন্দ্র কি লম্বিতাঙ্গ হইয়া পড়িলেন, অরে যদুগণ তোরা হাস্য করিতেছিস্ কেন? আমার পানপাত্রস্থিত কদম্বপুষ্পজাত মদ্য পরিত্যাগ কর, এই রূপে মদস্খলিত আলাপকারী হলধর তোমাদের কল্যাণ বিধান করুন ॥

উত্তম ব্যক্তির মত্ততা জন্মিলে সে শয়ন করে, মধ্যম ব্যক্তি হাস্য ও গান করিয়া থাকে এবং কনিষ্ঠ ব্যক্তি স্বেচ্ছাক্রমে নিষ্ঠুর বাক্য প্রয়োগ ও রোদন করিয়া থাকে। তরুণাদি

মদোপি ত্রিবিধঃ প্রোক্তস্তরুণাদিপ্রভেদতঃ।
তত্র নাত্যুপযোগিত্বাদ্বিস্তার্য্য নহি বর্ণিতঃ॥
অনঙ্গবিক্রিয়াভরজো যথা॥
ব্রজপতিসুতমগ্রে বীক্ষ্য ভুগ্নীভবদ্ভ্রূ-
র্ভ্রমতি হসতি রোদিত্যাস্যমন্তর্দধাতি।
প্রলপতি মুহুরালীং বন্দতে পশ্য বৃন্দে
নবমদনমদান্ধা হন্ত গান্ধর্ব্বিকেয়ং॥
অথ গর্ব্বঃ॥
সৌভাগ্যরূপতারুণ্যগুণসর্ব্বোত্তমাশ্রয়ৈঃ।
ইষ্টলাভাদিনা চান্য হেলনং গর্ব্ব ঈর্য্যতে॥ ২০॥

প্রকরণঞ্চেদং নাত্যাদৃতং করিষ্যতে মদোঽপি ত্রিবিধ ইত্যাদিনা॥ ২০॥

অবস্থা ভেদে মদ তিন প্রকার হয়, এস্থলে অতিশয় উপযোগিতা না থাকায় তাহার বিস্তার করা হইল না॥

কন্দর্পবিক্রিয়াতিশয় জনিত মদ যথা॥

হে বৃন্দে! আশ্চর্য্য দর্শন কর, শ্রীরাধা নবমদন মদে অন্ধ হইয়া অগ্রে ব্রজপতিনন্দনকে অবলোকন করত কখন ভ্রূযুগ কুটিল, কখন ভ্রমণ, কখন হাস্য, কখন রোদন, কখন বদন আচ্ছাদন, কখন প্রলাপ এবং কখন মুহুর্মুহুঃ সখীদিগকে প্রণাম করিতেছেন॥

অথ গর্ব্ব॥

সৌভাগ্য, রূপতারুণ্য, গুণ, সর্ব্বোত্তম আশ্রয় এবং ইষ্ট বস্তু লাভাদি দ্বারা অন্যের অবজ্ঞাকে গর্ব্ব কহে॥ ২০॥

তত্র সোল্লুণ্ঠবচনং লীলাম্যুত্তরদায়িতা।
স্বাঙ্গেক্ষা নিহ্নবোঽন্যস্য বচনাশ্রবণাদয়ঃ॥ ২১ ॥
তত্র সৌভাগ্যেন যথা বিল্বমঙ্গলে ॥
হস্তমুৎক্ষিপ্য যাতোসি বলাৎ কৃষ্ণ কিমদ্ভুতং।
হৃদয়াদ্যদি নির্যাসি পৌরুষং গণয়ামি তে ॥
রূপতারুণ্যেন যথা॥
যস্যাঃ স্বভাব মধুরাং পরিসেব্য মূর্ত্তিং

নিহ্নবঃ স্বাভিপ্রায়াদে র্গোপনং ॥ ২১ ॥

হস্তমুৎক্ষিপ্যেতি ন স্বার্থঃ প্রধানং তাদৃক্ প্রেম্ন স্তস্যাত্র দুঃখস্যৈব যোগ্যত্বাৎ গর্ব্বস্যানুপপত্তেঃ। সুতরাং তু তন্মযেদৃশ পরিহাসস্যেতি কিন্তু ব্যঙ্গ্য প্রধানমেব। অর্থান্তর সংক্রমিতত্বাৎ তচ্চ যদি ময্যুদাসীনতাং গতোঽসি তথাপি ত্বাং ন ত্যজামীতি ॥ ২২ ॥

এই গর্ব্বে সোল্লুণ্ঠবচন, লীলাবশতঃ উত্তর না দেওয়া, নিজাঙ্গ দর্শন, স্বাভিপ্রায়গোপন এবং অন্যের বাক্য না শুনা ইত্যাদি হইয়া থাকে ॥ ২১ ॥

তন্মধ্যে সৌভাগ্য নিমিত্ত গর্ব্ব যথা ॥

বিল্বমঙ্গলে ॥

হে কৃষ্ণ! বলপূর্ব্বক আমার হস্ত ছাড়াইয়া গমন করিলে ইহা আশ্চর্য্য নহে, যদি আমার হৃদয় হইতে যাইতে পার তবেই তোমার পৌরুষ জানিতে পারি ॥

রূপতারুণ্যহেতু গর্ব্ব যথা ॥

হে কৃষ্ণ! যাঁহার স্বভাবমধুরা মূর্ত্তির সেবা করিয়া

ধন্যা বভূব নিতরামপি যৌবনশ্রীঃ ॥
সেয়ং ত্বয়ি ব্রজবধূশতভুক্তমুক্তে
দৃক্‌পাতমাচরতু কৃষ্ণ কথং সখী মে ॥
গুণেন যথা ॥
গুম্ফন্তু গোপাঃ কুসুমৈঃ সুগন্ধিভি-
র্দামানি কামং ধৃতরামণীয়কৈঃ।
নিধাস্যতে কিন্তু সতৃষ্ণমগ্রতঃ
কৃষ্ণো মদীয়াং হৃদি বিস্মিতঃ স্রজং ॥ ২২ ॥
সর্ব্বোত্তমাশ্রয়েণ যথা শ্রীদশমে ॥
তথা ন তে মাধব তাবকাঃ ক্বচিদ্

তথেতি পূর্ব্বার্থ বিরোধে যথা ত্বং মূর্খ স্তথাহং নেতিবৎ। যদ্বা। কিঞ্চেত্যর্থঃ

যৌবন শ্রী নিতান্ত ধন্য হইয়াছে, সেই আমার সখী শ্রীরাধা, শত শত গোপবধূর সঙ্গ করিয়া পরিত্যাগ করিয়াছ যে তুমি, তোমার প্রতি কি প্রকারে দৃক্‌পাত করিবেন ॥

গুণহেতু গর্ব্ব যথা ॥

গোপগণ যথেষ্ট রূপে রমণীয় সুগন্ধিকুসুমদ্বারা মালা গ্রন্থন করুক, কিন্তু শ্রীকৃষ্ণ সতৃষ্ণ হইয়া বিস্ময় প্রকাশপূর্ব্বক অগ্রে মন্নির্ম্মিত মালা হৃদয়ে ধারণ করিয়া থাকেন ॥ ২২ ॥

সর্ব্বোত্তমাশ্রয় হইতে গর্ব্ব যথা ॥

শ্রীদশমে ২ অধ্যায়ে ২৭ শ্লোকে ॥

ব্রহ্মা কহিলেন হে মাধব! যে সকল ব্যক্তি আপনকার ভক্ত, আপনাতেই সৌহৃদ্য বন্ধন করিয়া থাকেন, তাঁহাদের

ভ্রশ্যন্তি মার্গাত্ত্বয়ি বদ্ধসৌহৃদাঃ।
ত্বয়াভিগুপ্তা বিচরন্তি নির্ভয়া
বিনায়কানীকপমূর্দ্ধসু প্রভো ॥ ২৩ ॥
ইষ্টলাভেন যথা ॥
বৃন্দাবনেন্দ্র ভবতঃ পরমং প্রসাদ
মাসাদ্য নন্দিতমতির্মুহুরুদ্ধতোস্মি।
আশংসতে মুনিমনোরথবৃত্তিমৃগ্যাং
বৈকুণ্ঠনাথকরুণামপি নাদ্য চেতঃ ॥
অথ শঙ্কা ॥
স্বীয়চৌর্য্যাপরাধাদেঃ পরক্রৌর্য্যাদিতস্তথা।

ত্বদাশ্রয়েণ বিঘ্নান্ন গায়ন্তীতি তাৎপর্য্যার্থঃ মার্গাদপি কিং পুনর্মৃগ্যাৎ ॥ ২৩ ॥
বৃন্দাবনেন্দ্রেতি যথা মথুরাবায়কস্যৈবোক্তিঃ ॥ ২৪ ॥

অভক্তের ন্যায় ঐ রূপ দুর্গতি হয় না, তাঁহারা আপনা কর্ত্তৃক অভিরক্ষিত হইয়া নির্ভয়ে বিঘ্নকারি নিকরের অধিপতিদিগের মস্তকোপরি ভ্রমণ করিয়া বেড়ান অর্থাৎ সকল প্রকার বিঘ্ন-জয় করিয়া ফেলেন ॥ ২৩ ॥

ইষ্টলাভহেতু গর্ব্ব যথা ॥

মথুরাস্থ তন্তুবায় কহিল হে বৃন্দাবনেন্দ্র! আপনার পরম অনুগ্রহ প্রাপ্ত হওয়াতে আমি সানন্দচিত্তে অতিশয় উদ্ধত হইয়াছি, মুনিগণের মনোবৃত্তি দ্বারা অন্বেষণীয় বৈকুণ্ঠনাথের করুণার প্রতি অদ্য আমার চিত্ত প্রার্থনা করিতেছে না ॥

অথ শঙ্কা ॥

স্বীয় চৌর্য্যাপবাদ অপরাধ এবং পরের ক্রূরতাদি হইতে

স্বানিষ্টোৎপ্রেক্ষণং যত্তু সা শঙ্কেত্যভিধীয়তে ॥
অত্রাস্যশোষ বৈবর্ণ্য দিক্‌প্রেক্ষা লীনতাদয়ঃ ॥ ২৪ ॥
তত্র চৌর্য্যাদ্যথা ॥
সতর্নকং ডিম্ভকদম্বকং হরন্
সদম্ভমম্ভোরুহসম্ভব স্তদা।
তিরো ভবিষ্যন্ হরিতশ্চলেক্ষণৈ-
রষ্টাভিরষ্টৌ হরিতঃ সমীক্ষতে ॥
যথা বা ॥
স্যমন্তকং হন্ত বমন্তমর্থং
নিহ্নুত্য দূরে যদহং প্রযাতঃ।

হরিতঃ হরেঃ সকাশাৎ পুনর্হরিতোদিশঃ ॥ ২৫ ॥

যে আপনার অনিষ্ট দর্শন তাহাকে শঙ্কা বলে। এই শঙ্কায় মুখশোষ, বৈবর্ণ্য, দিক্ নিরীক্ষণ এবং লুক্কায়িত হওন প্রভৃতি হইয়া থাকে ॥ ২৪ ॥

তন্মধ্যে চৌর্য্যহেতু শঙ্কা যথা ॥

পদ্মযোনি ব্রহ্মা দম্ভ পূর্ব্বক বৎস বালক সকল হরণ করিয়া হরির নিকট হইতে তিরোহিত হইতে ইচ্ছা করিলেন এবং শঙ্কাবশতঃ তৎকালীন তাঁহার অষ্টনেত্র অষ্টদিকের প্রতি পতিত হইতে লাগিল ॥

যথাবা ॥

অক্রূর মনে মনে কহিলেন হায়! আমি যখন স্বর্ণ প্রসবকারি স্যমন্তক মণি হরণ করিয়া গোপনভাবে দূরদেশে আগ-

অবদ্যমদ্যাপি তদেব কর্ম্ম
শর্ম্মাণি চিত্তে মম নির্ভিনত্তি ॥
অপরাধাদ্যথা ॥
তদবধি মলিনোসি নন্দগোষ্ঠে
যদবধি বৃষ্টিমচীকরঃ শচীশ।
শৃণু হিতমভিতঃ প্রপদ্য কৃষ্ণং
শ্রিয়মবিশঙ্কমলং কুরু ত্বমৈন্দ্রীং ॥ ২৫ ॥
পরক্রৌর্য্যেণ যথা পদ্যাবল্যাং ॥
প্রথয়তি ন তথা মমার্ত্তিমুচ্চৈঃ
সহচরি বল্লবচন্দ্রবিপ্রয়োগঃ।

কটুভিরিতি তদানীমসম্ভবমপি স্নেহমাত্রেণাশঙ্কতে। অনিষ্টাশঙ্কীনি বন্ধুহৃদয়ানীতি ন্যায়েন ॥ ২৬ ॥

মন করিয়াছি, এই কারণে সেই নিন্দিত কর্ম্ম অদ্যাপি আমার চিত্তে সুখ সকল ভেদ করিয়া দিতেছে ॥

অপরাধহেতু শঙ্কা যথা ॥

অহে শচীপতি ইন্দ্র! যে অবধি তুমি নন্দগোষ্ঠে বৃষ্টি করিয়াছ, সেই অবধি তোমার মলিনতা জন্মিয়াছে, অতএব হিত বলি শ্রবণ কর, তুমি সর্ব্বতোভাবে শ্রীকৃষ্ণচরণারবিন্দে প্রপন্ন হইয়া নির্ব্বিশঙ্কচিত্তে ঐন্দ্রী সম্পৎ সম্ভোগ কর ॥২৫॥

পরক্রৌর্য্য অর্থাৎ পরের নিষ্ঠুরতা হেতু শঙ্কা যথা ॥

পদ্যাবলীতে ॥

হে সহচরি! তীব্র অসুরমণ্ডলে পরিবৃত অসুরপতি কংসের মথুরানগরে শ্রীকৃষ্ণের বাস যেমন আমার ব্যথা

কটুভিরসুরমণ্ডলৈঃ পরীতে
দনুজপতের্নগরে যথাস্য বাসঃ ॥
শঙ্কা তু প্রবরস্ত্রীণাং ভীরুত্বাদ্ভয়কৃদ্ভবেৎ ॥
অথ ত্রাসঃ ॥
ত্রাসঃ ক্ষোভো হৃদি তড়িদ্ঘোরসত্ত্বোগ্রনিস্বনৈঃ।
পার্শ্বস্থালম্বরোমাঞ্চকম্পস্তম্ভভ্রমাদিকৃৎ ॥
অথ তড়িতা যথা ॥
বাঢ়ং নিবিড়য়া সদ্যস্তড়িতা তাড়িতেক্ষণঃ।
রক্ষ কৃষ্ণেতি চুক্রোশ কোঽপি গোপ্রীস্তনন্ধয়ঃ ॥

বিস্তার করিতেছে, তাঁহার বিরহ আমার পীড়া বিস্তার করিতেছে না ॥

উত্তম স্ত্রীদিগের ভীরুস্বভাব প্রযুক্ত শঙ্কা ভয়কারিণী হইয়া থাকে ॥

অথ ত্রাস ॥

বিদ্যুৎ,ভয়ানক প্রাণি, এবং প্রখর শব্দ হইতে হৃদয়ে যে ক্ষোভ জন্মে তাহার নাম ত্রাস ॥

এই ত্রাসে পার্শ্বস্থ বস্তুর আলম্বন, রোমাঞ্চ, কম্প, স্তম্ভ এবং ভ্রমাদি হইয়া থাকে ॥

তন্মধ্যে বিদ্যুৎ হইতে ত্রাস যথা ॥

কোন গোপবালক অতিশয় নিবিড় তড়িৎ দ্বারা তাড়িত নেত্র হইয়া "হে কৃষ্ণ রক্ষা কর" এই বলিয়া উচ্চ শব্দ করিয়াছিল ॥

ঘোরসত্ত্বেন যথা ॥

অদূরমাসেদুষি বল্লবাঙ্গনা
স্বং পুঙ্গবীকৃত্য সুরারিপুঙ্গবে।
কৃষ্ণভ্রমেণাশু তরঙ্গদঙ্গিকা
তমালমালিঙ্গ্য বভূব নিশ্চলা ॥ ২৬ ॥

উগ্রনিস্বনেন যথা ॥

আকর্ণ্য কর্ণপদবীবিপদং যশোদা
বিস্ফূর্জ্জিতং দিশি দিশি প্রকটং বৃকাণাং।
যামাস্নিকাম চতুরা চতুরঃ স্বপুত্রং
সা নেত্রচত্বরচরং চিরমাচচার ॥ ২৭ ॥

আকর্ণ্যেতি শ্রীহরিবংশানুসারি বচনং ॥ ২৭ ॥

ভয়ানকজন্তু হইতে ত্রাস যথা ॥

দেবশত্রু বৃষাসুর বৃষজাতির ন্যায় শব্দ করিতে করিতে নিকটে আসিয়া উপস্থিত হইলে কম্পিতাঙ্গী গোপাঙ্গনা সকল, কৃষ্ণ ভ্রমে শীঘ্র তমালতরু আলিঙ্গন করিয়া নিশ্চলা হইয়া ছিলেন ॥ ২৬ ॥

উগ্রশব্দ হইতে ত্রাস যথা ॥

সকল দিকে বৃকগণের অর্থাৎ নেকড়িয়া বাঘ সকলের কর্ণশূল রূপ ভয়ানক গর্জন শ্রবণ করিয়া স্বকার্য্য চতুরা যশোদা সমস্ত দিবস শ্রীকৃষ্ণকে নয়নের অন্তরাল করেন নাই, চোখে চোখে রাখিয়াছিলেন ॥ ২৭ ॥

গাত্রোৎকম্পী মনঃকম্পঃ সহসা ত্রাস উচ্যতে।
পূর্ব্বাপরবিচারোত্থং ভয়ং ত্রাসাৎ পৃথগ্ ভবেৎ॥
অথাবেগঃ॥
চিত্তস্য সম্ভ্রমো যঃ স্যাদাবেগোঽয়ং সচাষ্টধা।
প্রিয়াপ্রিয়ানলমরুদ্বর্ষোৎপাত গজারিতঃ॥ ২৮॥
প্রিয়োত্থে পুলকঃ সান্ত্বং চাপল্যাভ্যুদ্গমাদয়ঃ।

পূর্ব্বোক্তং ত্রাসং ভয়াৎ পৃথক্ কর্ত্তুমাহ গাত্রেতি। মনঃ কম্পোঽত্র পূর্ব্বোক্তো হৃৎক্ষোভ এবোচ্যতে। সহসেতি পূর্ব্বাপরবিচার বিনাভূতমুচ্যতে অতর্কিতেতু সহসেত্যমরঃ। ততশ্চ স খলু মনঃকম্পঃ সহসা গাত্রোৎকম্পী চেৎ ত্রাস উচ্যতে ভয়ন্তু পূর্ব্বাপরবিচারোত্থং ভবতি। বিচারোত্থ ইতি বা পাঠঃ। মনঃকম্প এব বিচারোত্থশ্চেদ্ভয়মুচ্যতে অতএব ত্রাসাৎ পৃথগ্ভবেদিত্যর্থঃ॥ ২৮॥

সান্ত্বং প্রিয়ভাষণং অভ্যুদ্গমোঽভ্যুত্থানং জাতসম্ভ্রমা ইতি যুধিষ্ঠিরাদয়ঃ॥ ২৯॥

হঠাৎ মনঃকম্প ও গাত্রকম্পের নাম ত্রাস, ইহা ভয় হইতে পৃথক্, কারণ, ভয়ে পূর্ব্বাপর বিবেচনা থাকে, ত্রাসে তাহা সম্ভব হয় না॥

অথ আবেগ॥

যাহা চিত্তের সম্ভ্রম অর্থাৎ ভয়াদি জনিত ত্বরাকারী হয় তাহার নাম আবেগ। এই আবেগ প্রিয়, অপ্রিয়, অগ্নি, বায়ু, বর্ষা, উৎপাত, গজ এবং শত্রু হইতে উৎপন্ন হইয়া আট প্রকার হয়॥ ২৮॥

প্রিয়োত্থ আবেগ হইতে পুলক, প্রিয়ভাষণ, চাপল্য এবং

অপ্রিয়োত্থে তু ভূপাত বিক্রোশভ্রমণাদয়ঃ।
ব্যত্যস্তগতিকম্পাক্ষিমীলনাস্রাদয়োঽগ্নিজে।
বাতজেঽঙ্গাবৃতি ক্ষিপ্রগতি দৃঙ্মার্জ্জনাদয়ঃ।
বৃষ্টিজো ধাবন চ্ছত্র গাত্রসঙ্কোচনাদিকৃৎ।
ঔৎপাতে মুখবৈবর্ণ্য বিস্ময়োৎকম্পিতাদয়ঃ।
গাজে পলায়নোৎকম্প ত্রাস পৃষ্ঠেক্ষণাদয়ঃ।
অরিজো বর্ম্মশস্ত্রাদি গৃহাপসরণাদিকৃৎ॥
তত্র প্রিয়দর্শনজো যথা॥
প্রেক্ষ্য বৃন্দাবনাৎ পুত্রমায়ান্তং প্রস্নুতস্তনী।

অভ্যুত্থানাদি হয়। অপ্রিয়োত্থ আবেগ হইতে ভূমিপতন, চীৎকার শব্দ ও ভ্রমণাদি হয়, অগ্নিজনিত আবেগে ব্যতিব্যস্ত গতি, কম্প, নয়নমুদ্রন ও অশ্রু প্রভৃতি হইয়া থাকে। বায়ুজনিত আবেগে অঙ্গাবরণ, দ্রুতগমন ও চক্ষু মার্জনাদি হয়। বৃষ্টিজনিত আবেগে ধাবন, ছত্রগ্রহণ এবং অঙ্গসঙ্কোচনাদি হয়। উৎপাতজনিত আবেগ হইতে মুখবৈবর্ণ্য, বিস্ময় এবং উৎকম্পনাদি হয়। গজজনিত আবেগ হইতে পলায়ন, উৎকম্প, ত্রাস ও পশ্চাৎ নিরীক্ষণাদি হয়। শত্রুজনিত আবেগ হইতে বর্ম্ম, শস্ত্রাদি গ্রহণ এবং গৃহ হইতে অপসরণ অর্থাৎ স্থানান্তর গমন প্রভৃতি হইয়া থাকে॥

তন্মধ্যে প্রিয়দর্শন জনিত আবেগ যথা॥

বৃন্দাবন হইতে পুত্র শ্রীকৃষ্ণ আগমন করিলেন দেখিয়া

সঙ্কুলা পুলকৈরাসীদাকুলা গোকুলেশ্বরী ॥
প্রিয়শ্রবণজো যথা শ্রীদশমে ॥
শ্রুত্বাচ্যুতমুপায়ান্তং নিত্যং তদ্দর্শনোৎসুকাঃ।
তৎকথাক্ষিপ্তমনসো বভূবুর্জাতসম্ভ্রমাঃ ॥ ২৯ ॥
অপ্রিয়দর্শনজো যথা ॥
কিমিদং কিমিদং কিমেতদুচ্চৈ-
রিতি ঘোরধ্বনিঘূর্ণিতালপন্তী।
নিশি বক্ষসি বীক্ষ্য পূতনায়া

কিমিদমিত্যাদাবিতি লপন্তীত্যন্বয়ঃ ॥ ৩০ ॥

স্নুতস্তনী গোকুলেশ্বরী যশোদা পুলক সঙ্কুলে আকুল হইয়াছিলেন ॥

প্রিয়শ্রবণ হইতে আবেগ যথা।
শ্রীদশমে ২৩ অধ্যায়ে ১৩ শ্লোকে ॥

হে রাজন্! বিপ্রবনিতাদের চিত্ত কৃষ্ণকথাতেই আক্ষিপ্ত ছিল, তাঁহারা নিত্যই শ্রীকৃষ্ণ দর্শনার্থ উৎসুক থাকিতেন, তিনি সমীপে আগমন করিয়াছেন, শুনিবামাত্র অতিশয় ব্যস্ত হইয়াছিলেন ॥ ২৯ ॥

অপ্রিয়দর্শন জনিত আবেগ যথা ॥

রজনীযোগে ঘোরতর উচ্চধ্বনি শ্রবণ করিয়া একি একি বলিতে বলিতে যশোদা পূতনার বক্ষঃস্থলে স্বীয় পুত্র শ্রীকৃষ্ণকে দেখিতে পাইলেন কিন্তু কি করিবেন উপায়ান্তর

স্তনয়ং ভ্রাম্যতি সম্ভ্রমাদ্যশোদা ॥ ৩০ ॥

অপ্রিয়শ্রবণজো যথা ॥

নিশম্য পুত্রং ক্রুটতোস্তটান্তে
মহীজয়োর্মধ্যগমূর্দ্ধনেত্রা।
আভীররাজ্ঞী হৃদি সম্ভ্রমেণ
বিদ্ধা বিধেয়ং ন বিদাঞ্চকার ॥ ৩১ ॥

অগ্নিজো যথা ॥

ধীর্ব্যগ্রাজনি নঃ সমস্ত সুহৃদাং ত্বাং প্রাণরক্ষামণিং
গব্যা গৌরবতঃ সমীক্ষ্য নিবিড়ে তিষ্ঠন্তমন্তর্বনে।

নিশম্য ইত্যস্য নিরঙ্কপদ্যস্য ঘটনা রৌদ্ররসে উত্তিষ্ঠ মূঢ় ইত্যত্র কার্য্যা ॥৩১
গব্যা গোসমূহঃ ॥ ৩২ ॥

না দেখিয়া কেবল ব্যস্ত সমস্ত হইয়া ঘুরিয়া বেড়াইতে লাগিলেন ॥ ৩০ ॥

অপ্রিয়শ্রবণজনিত আবেগ যথা ॥

স্বীয় পুত্র শ্রীকৃষ্ণ ভগ্নযমলার্জ্জুনের মধ্যবর্ত্তী হইয়া রহিয়াছেন এই বাক্য শ্রবণমাত্র গোপরাজ্ঞী যশোদা ঊর্দ্ধ দিকে নেত্রপাত পূর্ব্বক সম্ভ্রমে ব্যগ্রচিত্ত হইয়া কি করিবেন কিছুই স্থির করিতে পারিলেন না ॥ ৩১ ॥

অগ্নিজনিত আবেগ যথা ॥

হে শিখিচূড়! অবলোকন কর, এই দাবানল অখণ্ড ধ্বনি করত উচ্চ শিখার দ্বারা সুরদীর্ঘিকা মন্দাকিনীর তরঙ্গচয়কে আচমন করিতেছে, অতএব হে কৃষ্ণ! গৌরববশতঃ গোসমূহ,

বহ্নিং পশ্য শিখণ্ডশেখর খরং মুঞ্চন্নখণ্ডধ্বনিং
দীর্ঘাভিঃ সুরদীর্ঘিকাম্বুলহরীমর্চ্চির্ভিরাচামতি ॥ ৩২ ॥
বাতজো যথা ॥
পাংশুপ্রারব্ধকেতৌ বৃহদটবিকুঠোন্মাথিশৌটীর্য্যপুঞ্জে
ভাণ্ডীরোদ্দণ্ডশাখাভুজততিষু গতে তাণ্ডবাচার্য্যচর্য্যাং।
বাতব্রাতে করীষঙ্কষতরশিখরে শার্করে ঝাৎ করীষ্ণৌ
ক্ষৌণ্যামপ্রেক্ষ্য পুত্রং ব্রজপতিগৃহিণী পশ্য সংবংভ্রমীতি॥
বর্ষজো যথা শ্রীদশমে ॥

পাংশ্বিত্যাদি খেচরাণামুক্তিঃ শার্কর ইতি সিকতা শর্করাভ্যাঞ্চেতি মত্বর্থীয় ণ প্রত্যয়াৎ শর্করাবতীত্যর্থঃ ॥ ৩৩ ॥

প্রাণরক্ষার মণি স্বরূপ তোমাকে অবগত হইয়া নিবিড় বন-মধ্যে অবস্থিতি করিতেছে এবং আমরা যে তোমার সুহৃদ্ আমাদেরও বুদ্ধি অতিশয় চঞ্চল হইয়াছে ॥ ৩২ ॥

বায়ুজনিত আবেগ যথা ॥

আকাশচারী দেবগণ কহিলেন দেখ গগণমণ্ডলে ধূলি-ধ্বজ উড্ডীন হইয়া বলের সহিত বৃহৎ ২ বৃক্ষ উৎপাটন পূর্ব্বক ভাণ্ডীরতরুর সুদীর্ঘ শাখা রূপ ভুজ সকলে নৃত্যাচার্য্যচর্য্যা আচরণ করিতে থাকিলে, প্রচণ্ড শব্দকারি চক্রবায়ুরূপ তৃণা-বর্ত্ত আসিয়া শ্রীকৃষ্ণকে হরণ করিয়া লইয়া গেলে, এ দিকে ব্রজপতিগৃহিণী যশোদা ক্ষিতিপৃষ্ঠে স্বীয়পুত্র শ্রীকৃষ্ণকে দেখিতে না পাইয়া সম্ভ্রম বশতঃ ইতস্ততঃ ভ্রমণ করিতে লাগিলেন ॥

বৃষ্টিনিমিত্ত আবেগ যথা ॥

শ্রীদশমে ২৫ অধ্যায়ে ১১ শ্লোকে ॥

অত্যাসারাতিবাতেন পশবো জাতবেপনাঃ।
গোপা গোপ্যশ্চ শীতার্ত্তা গোবিন্দং শরণং যযুঃ ॥ ৩৩ ॥
যথা বা ॥
সমমুরুকরকাভির্দন্তিশুণ্ডা সপিণ্ডাঃ
প্রতিদিশমিহ গোষ্ঠে বৃষ্টিধারাঃ পতন্তি।
অজনিষত যুবানোপ্যাকুলাস্ত্বন্তু বালঃ
স্ফুটমসি তদগারান্মাস্মভূ নির্যিযাসুঃ ॥ ৩৪ ॥
উৎপাতজো যথা ॥
ক্ষিতিরতি বিপুলা টলত্যকস্মা-

অগারাদিতি তত্রৈব বৃষ্টিপ্রাপ্তৌ গোবর্দ্ধনপর্য্যন্তগমনন্তু পুনর্ভাণ্ডীরমাপিতা ইতিবৎ॥ ৩৪ ॥

অটতি অধুনৈবাটিতবানিত্যর্থঃ। টলট্ল বৈক্লব্যে ইতি ধাতুগণঃ উল্কা-

---

অত্যর্থ বারিধারা পতন ও প্রবলতর পবন বহনে সমস্ত পশু কাতর কলেবর এবং গোপ ও গোপীগণ শীতে সাতিশয় আর্ত্ত হইয়া গোবিন্দের শরণাপন্ন হইল ॥ ৩৩ ॥

অথবা ॥

এই গোষ্ঠের চতুর্দ্দিকে বৃহৎশিলা বৃষ্টির সহিত হস্তির শুণ্ড তুল্য জলধারা পতিত হইতেছে, যুবা সকলও আকুল হইয়া যাইতে পারিতেছে না, তুমি ত বালক কি রূপে যাইবা কদাচ গৃহ হইতে গমন করিতে ইচ্ছা করিও না ॥ ৩৪ ॥

উৎপাত জনিত আবেগ যথা ॥

যশোদা সম্ভ্রম প্রকাশ পূর্ব্বক কহিলেন হায়! অকস্মাৎ

দুপরি ঘুরন্তি চ হন্ত ঘোরমুল্কাঃ।
মম শিশুরহিদূষিতার্কপুত্রী
তটমটতীত্যধুনা কিমত্র কুর্য্যাং॥

গাজো যথা॥

অপসরাপসর ত্বরয়া গুরু
র্মুদিরসুন্দর হে পুরতঃ করী।
ত্রদিমবীক্ষণতস্তব নশ্চলং
হৃদয়মাবিজতে পুরযোষিতাং॥ ৩৫॥
গজেন দুষ্টসত্ত্বোন্যো পশ্বাদিরুপলক্ষ্যতে॥ ৩৬॥

ইত্যনেনাকালেঽপি সূর্য্যগ্রহণং ধ্বনিতং যেনান্ধকারে দিনেঽপি তা দৃশ্যন্তে ঘুরভীগার্ত্তশব্দয়োরিতি ধাতুগণঃ॥ ৩৫॥
সত্ত্বমন্ত্রী তু জন্তুষু ইত্যমরনানার্থাৎ দুষ্টসত্ত্ব ইত্যুক্তঃ॥ ৩৬॥

এই বিশাল পৃথিবী কম্পিতা হইতেছে, গগণমণ্ডলে উল্কা সকল ইতস্ততঃ ঘুরিয়া বেড়াইতেছে, আমার শিশুপুত্র বিষ-দূষিত যমুনাহ্রদে গমন করিয়াছে, আমি এখন কি করি।

গজনিমিত্ত আবেগ যথা॥

মথুরাপুরীস্থ স্ত্রীগণ কহিল হে জলধরসুন্দর! শীঘ্র স্থানান্তরে গমন কর, স্থানান্তরে গমন কর, সম্মুখে গুরুতর গজ অবস্থিত রহিয়াছে, তোমার মৃদু নিরীক্ষণ দ্বারা আমরা যে পুরযোষিৎ আমাদের চঞ্চল হৃদয় উদ্বেজিত হইতেছে॥ ৩৫॥

গজশব্দ প্রয়োগ হেতু অন্য দুষ্টপ্রাণি ঘোটকাদিকেও জানিতে হইবে॥ ৩৬॥

যথা বা ॥

চণ্ডাংশোস্তুরগান্ শটাগ্রনটনৈরাহত্য বিদ্রাবয়ন্
দ্রাগন্ধঙ্করণঃ সুরেন্দ্রসুদৃশাং গোষ্ঠোদ্ধৃতৈঃ পাংশুভিঃ।
প্রত্যাসীদতু মৎপুরঃ সুররিপুর্গর্ব্বান্ধমর্ব্বাকৃতি-
র্দ্রাঘিষ্ঠে মুহুরত্র জাগ্রতি ভুজে ব্যগ্রাসি মাতঃ কথং ॥

অরিজো যথা ললিতমাধবে ॥

স্থূলস্তালভুজোন্নতি র্গিরিতটীবক্ষাঃ ক্ব যক্ষাধমঃ ॥

চণ্ডাংশোরিত্যাদ্যর্থঃ মাতৃবচনানুবাদঃ। গর্ব্বান্ধমিতি ক্রিয়ায়াঃ বিশেষণং কর্ত্তৃধর্ম্মস্যাপি তস্য তস্যামুপচারাৎ। সচ তৎ প্রত্যাসদনস্য মদেনাতি বৈক্লব্য বিবক্ষয়া। দ্রাঘিষ্ঠে ততোঽপি দীর্ঘতমে মুহুর্জাগ্রতি তদ্বিধাসুরদমনায় সাবধানে সতীত্যর্থঃ। সর্ব্বারিষ্টহরেঽত্রেতি বা পাঠঃ ॥ ৩৭ ॥

যথা বা

শ্রীকৃষ্ণ যশোদাকে কহিলেন, মাতঃ! শটাগ্র কম্পনদ্বারা সূর্য্যতুরঙ্গগণকে বিদারিত এবং গোষ্ঠোদ্ধৃত ধূলি দ্বারা দেবেন্দ্রসুলোচনাদিগকে অন্ধ করিয়া গর্ব্বান্ধ হয়াকৃতি কেশী দানব, আমার সম্মুখে প্রত্যাসন্ন হউক, আমার সুদীর্ঘ বাহু জাগ্রত রহিয়াছে, অতএব আপনি ব্যগ্র হইবেন না ॥

শত্রুজনিত আবেগ যথা ॥

ললিতমাধবে ॥

ব্রজেশ্বরীর সমবয়স্কা কোন গোপী কহিলেন হায়! যাহার স্থূল তালতরু সদৃশ সুদীর্ঘ বাহু এবং গিরিতট তুল্য বিশাল বক্ষঃ সেই এই যক্ষাধম শঙ্খচূড় কোথায়, আর বাল

কায়ং বালতমাল কন্দলমৃদুঃ কন্দর্পকান্তঃ শিশুঃ।
নাস্ত্যন্যঃ সহকারিতা পটুরিহ প্রাণী ন জানীমহে
হা গোষ্ঠেশ্বরি কীদৃগদ্য তপসাং পাকস্তবোন্মীলতি ॥৩৭॥
যথা বা তত্রৈব ॥
সপ্তিঃ সপ্তী রথ ইহ রথঃ কুঞ্জরঃ কুঞ্জরো মে
তূণস্তূণো ধনুরুতধনুর্ভোঃ কৃপাণী কৃপাণী।
কা ভীঃ কা ভীরয়ময়মহং হা তরধ্বং তরধ্বং
রাজ্ঞঃ পুত্রী বত হৃত হৃতা কামিনা বল্লবেন ॥ ৩৮ ॥
আবেগাভাস এবায়ং পরাশ্রয়তয়াপিচেৎ।

রথ ইহ রথ ইতি ধনুরুত ধনুরিতি চ দ্বিরুক্তিঃ কিন্ত্বনোন্যস্য বচনং ॥৩৮॥
আবেগেত্যুত্তরত্র বাক্যে নায়কোৎকর্ষবোধায়েতি তথাবিধাঃ কৃত্বা নায়ক

তমালাঙ্কুর তুল্য কোমল কন্দর্পসুন্দর শিশুই বা কোথায়, অপর এই ব্রজে অন্য কোন সুদক্ষ সাহায্যকারী প্রাণীও নাই, অতএব হে গোষ্ঠেশ্বরি! অদ্য তোমার যে কি তপস্যাসকলের ফল উন্মীলিত হইতেছে তাহা জানিতে পারিলাম না ॥ ৩৭ ॥

যথাবা ললিতমাধবে ॥

স্বয়ম্বরে শ্রীকৃষ্ণ রুক্মিণীকে হরণ করিলে রাজগণ পরস্পর বলিতে লাগিলেন আমার হস্তী, অশ্ব, রথ, তূণ, ধনু, খড়্গ ইত্যাদি সকল রহিয়াছে, ভয় কি, ভয় কি, এই আমি চলিলাম তোমরাও শীঘ্র আইস, হায়! কামুক গোপকর্ত্তৃক রাজপুত্রীর হরণ হইল? ॥ ৩৮ ॥

যদিচ এই আবেগাভাস পরাশ্রয়, তথাপি নায়কের উৎ-

নায়কোৎকর্ষবোধায় তথাপ্যত্র নিদর্শিতঃ ॥

অথোন্মাদঃ ॥

উন্মাদো হৃদ্ভ্রমঃ প্রৌঢ়ানন্দাপদ্বিরহাদিজঃ।

অত্রাট্টহাসো নটনং সঙ্গীতং ব্যর্থচেষ্টিতং।

প্রলাপ ধাবন ক্রোশ বিপরীত ক্রিয়াদয়ঃ ॥

তত্র প্রৌঢ়ানন্দাদ্যথা বিল্বমঙ্গলে ॥

রাধা পুনাতু জগদচ্যুতদত্তচিত্তা

মন্থানকং বিদধতী দধিরিক্তপাত্রে।

তস্যাঃ স্তনস্তবক চঞ্চল লোচনালি

পক্ষীয়ৈর্জিতা ইতি শ্রবণাৎ ভক্তানাং হর্ষেণ বতিকন্দীপ্তা স্যাদিত্যেতদর্থ মিত্যর্থঃ ॥ ৩৯ ॥

কর্ষ বোধের নিমিত্ত এস্থলে প্রদর্শিত হইল ॥

অথ উন্মাদ ॥

অতিশয় আনন্দ, আপদ এবং বিরহাদি জনিত হৃদ্ভ্রমকে উন্মাদ বলে। এই উন্মাদে অট্টহাস, নটন, সঙ্গীত, ব্যর্থচেষ্টা, প্রলাপ, ধাবন, চীৎকার, এবং বিপরীত ক্রিয়াদি হইয়া থাকে ॥

তন্মধ্যে অতিশয় আনন্দহেতু উন্মাদ যথা ॥

বিল্বমঙ্গলে ॥

সেই শ্রীরাধা জগৎ পবিত্র করুন, যিনি শ্রীকৃষ্ণের প্রতি চিত্ত সমর্পণ করিয়া দধিশূন্যপাত্রে মন্থান দণ্ড বিধান করিয়াছিলেন, এবং শ্রীকৃষ্ণও শ্রীরাধার স্তনকুসুমে লোচন ভ্রমর

র্দেবোঽপি রুদ্ধহৃদয়ো ধবলং দুদোহ ॥ ৩৯ ॥

আপদো যথা ॥

পশূনপি কৃতাঞ্জলির্নমতি মান্ত্রিকা ইত্যমী

তরূনপি চিকিৎসকা ইতি বিষৌষধং পৃচ্ছতি।

হ্রদং ভুজগভৈরবং হরিহরি প্রবিষ্টে হরৌ

ব্রজেন্দ্রগৃহিণী মুহুর্ভ্রমময়ীমবস্থাঙ্গতা ॥ ৪০ ॥

বিরহাদযথা শ্রীদশমে ॥

গায়ন্ত্য উচ্চৈরমুমেব সংহতা

পশূনপি কৃতাঞ্জলিরিত্যত্র পূর্ব্বেষু প্রশ্ন স্তদ্বলপরাভবায়। উত্তরেষু প্রশ্ন স্তদ্বিষনাশনায়েতি জ্ঞেয়ঃ ॥ ৪০ ॥

গায়ন্ত্য উচ্চৈরিত্যত্র তু এবমেবোন্মাদো যোজনীয়ঃ পুরুষং স্বনায়কং পপ্রচ্ছুঃ

নিক্ষেপ করিয়া বিস্মৃতি ক্রমে বৃষদোহন করিতে প্রবৃত্ত হয়েন, অতএব তিনিও জগৎ পবিত্র করুন ॥ ৩৯ ॥

আপদ হইতে উন্মাদ যথা

কি খেদের বিষয়? শ্রীকৃষ্ণ কালিয়হ্রদে প্রবিষ্ট হইলে ব্রজেন্দ্রগৃহিণী যশোদা ভ্রমময়ী অবস্থা লাভ করিয়া বৃক্ষ সকলকে মন্ত্রজ্ঞ-বিবেচনায় বারম্বার অঞ্জলি বন্ধন পূর্ব্বক প্রণাম এবং তরুনিকরকে চিকিৎসক জ্ঞানে ঔষধ জিজ্ঞাসা করিয়াছিলেন ॥ ৪০ ॥

বিরহনিমিত্ত উন্মাদ যথা ॥

শ্রীদশমে ৩০ অধ্যায়ে ৪ শ্লোকে ॥

গোপীগণ উচ্চৈঃস্বরে শ্রীকৃষ্ণেরই গান করিতে করিতে

বিচিক্যুরুন্মত্তকবদ্বনাদ্বনং।
পপ্রচ্ছুরাকাশবদন্তরং বহি-
র্ভূতেষু সন্তং পুরুষং বনস্পতীন্ ॥ ৪১ ॥
উন্মাদঃ পৃথগুক্তোঽয়ং ব্যাধিষ্বন্তর্ভবন্নপি।
যত্তত্র বিপ্রলম্ভাদৌ বৈচিত্রীং কুরুতে পরাং।
অধিরূঢ়ে মহাভাবে মোহনত্বমুপাগতে।
অবস্থান্তরমাপ্তোঽসৌ দিব্যোন্মাদ ইতীর্য্যতে ॥ ৪২ ॥
অথাপস্মারঃ ॥

তঞ্চ ভূতেষু স্থাবরজঙ্গমেষু আকাশবদন্তরং বাহিশ্চ সন্তং সাক্ষাদিব সত্তয়া স্ফুরন্তং পপ্রচ্ছুঃ তাদৃশ স্ফূর্ত্তিশ্চ তাসাং প্রেমবিলাস বিশেষাদেব। বনলতাস্তবব আত্মানং বিষ্ণুং ব্যঞ্জয়ন্ত্য ইতিবৎ তত্র বহিঃ স্ফুরণং দূরতঃ অন্তস্ত নিকটাৎ তত্র সত্যুন্মাদ বৃত্তাঽনিন্দ্রিয়েষ্বপি প্রশ্নো যোগ্য ইতি ॥ ৪১ ॥

তত্র তেষু ব্যাধিষু তেষাং মধ্য ইত্যর্থঃ ॥ ৪২ ॥

এক বন হইতে অন্য বনে গমন করত তাঁহারই অন্বেষণ করিতে লাগিলেন, আর যিনি আকাশবৎ সকল ভূতের অন্তরে অবস্থিত এবং বাহিরেও বর্ত্তমান, বৃক্ষগণের সন্নিধানে সেই মহাপুরুষের কথা জিজ্ঞাসা করিতে আরম্ভ করিলেন ॥ ৪১ ॥

ব্যাধি জনিত উন্মাদ পৃথক্ রূপে বর্ণিত হইয়াছে, অপর বিপ্রলম্ভে অর্থাৎ বিয়োগ অবস্থায় যে উন্মাদ, অতিশয় বিচিত্রতা বিধান করে, তাহাই অধিরূঢ় মহাভাবে মোহনত্ব প্রাপ্ত হইয়া অবস্থান্তর লাভ করত দিব্যোন্মাদ বলিয়া কথিত হয় ॥ ৪২ ॥

অথ অপস্মার ॥

দুঃখোত্থ ধাতু বৈষম্যাদ্ভুতশ্চিত্তবিপ্লবঃ।
অপস্মারোঽত্র পতনং ধাবনাস্ফোটনভ্রমাঃ।
কম্পঃ ফেণস্রুতি র্বাহুক্ষেপবিক্রোশনাদয়ঃ॥ ৪৩॥

যথা॥

ফেণায়তে প্রতিপদং ক্ষিপতে ভুজোর্ম্মি
মাঘূর্ণতে লুঠতি কূজতি লীয়তে চ।
অম্বা তবাদ্য বিরহে চিরমম্বুরাজ
বেলেব বৃষ্ণিতিলক ব্রজরাজরাজ্ঞী॥

আস্ফোটনং সম্যগঙ্গব্যথা॥ ৪৩॥

ফেণায়ত ইতি শ্রীরাধায়াঃ সন্দেশঃ বেলা তীরনীরয়োরিত্যমরঃ। ব্রজে রাজতে যা রাজ্ঞী সেত্যর্থঃ॥ ৪৪॥

দুঃখোৎপন্ন ধাতুবৈষম্যাদি জনিত চিত্তের যে বিপ্লব (বিনাশ) তাহার নাম অপস্মার॥

এই অপস্মারে ভূমিপতন, ধাবন, আস্ফোটন (অঙ্গ ব্যথা) ভ্রম, কম্প, ফেণস্রাব, বাহুক্ষেপণ এবং উচ্চ শব্দাদি হইয়া থাকে॥ ৪৩॥

যথা॥

মথুরাস্থ শ্রীকৃষ্ণের নিকটে শ্রীরাধা বলিয়া পাঠাইলেন, যে, হে যদুশ্রেষ্ঠ! তোমার মাতা ব্রজরাজরাজ্ঞী যশোদা তোমার চিরবিরহে কাতর হওয়াতে সমুদ্র তীরের ন্যায় সর্ব্বদা তাঁহার মুখে ফেণস্রাব হইতেছে এবং কখন কখন তিনি বাহুরূপ তরঙ্গ ক্ষেপণ, চক্রবৎ ভ্রমণ, ভূমিলুণ্ঠন ও উচ্চ শব্দ করিতেছেন এবং কখন কখন বা নিস্তব্ধ হইয়া অবস্থিতি করিতেছেন॥

যথা বা ॥

শ্রুত্বা হন্ত হতং ত্বয়া যদুকুলোত্তংসাত্র কংসাসুরং
দৈত্যস্তস্য সুহৃত্তমঃ পরিণতিং ঘোরাং গতঃ কামপি।
লালাফেণ কদম্ব চুম্বিতমুখপ্রান্তস্তরঙ্গভুজো
ঘূর্ণন্নর্ণব সীম্নি মণ্ডলতয়া ভ্রাম্যন্নবিশ্রাম্যতি।
উন্মাদবদিহ ব্যাধি বিশেষোপ্যেষ বর্ণিতঃ।
পরাং ভয়ানকাভাসে যৎ করোতি চমৎকৃতিং ॥

অথ ব্যাধিঃ ॥

দোষোদ্রেকবিয়োগাদ্যৈ র্ব্যাধয়ো যে জ্বরাদয়ঃ।
ইহ তৎপ্রভবোভাবো ব্যাধিরিত্যভিধীয়তে।

যথাবা ॥

হে যদুকুলভূষণ! তোমা কর্ত্তৃক কংসাসুর হত হইয়াছে শুনিয়া তাহার কোন সুহৃদ্ দৈত্য ভয়ানক বিকারাপন্ন হইয়া সাগরতীরে ভ্রমণপূর্ব্বক মুখে ফেণস্রাব এবং বাহুদ্বয় উৎক্ষেপণ করত ঘূর্ণিত হইতেছে, অদ্যাপি নিবৃত্ত হইল না ॥

এ স্থলে এই ব্যাধি বিশেষকে উন্মাদের ন্যায় বর্ণন করা হইল, যেহেতু ভয়ানক রসে ইহার চমৎকারিত্ব আছে ॥

অথ ব্যাধি ॥

অতিশয় দোষ এবং বিচ্ছেদাদি দ্বারা যে জ্বরাদি উৎপন্ন হয় তাহাকে ব্যাধি বলে কিন্তু এ স্থলে তদুৎপন্ন ভাবকেই ব্যাধি বলাযায় ॥

এই ব্যাধিতে স্তম্ভ, অঙ্গ শিথিলতা, শ্বাস, উত্তাপ এবং

অত্র স্তম্ভঃ শ্লথাঙ্গত্বং শ্বাসোত্তাপক্লমাদয়ঃ ॥ ৪৪ ॥

যথা ॥

তব চিরবিরহেণ প্রাপ্য পীড়ামিদানীং
দধতুরু-জড়িমানি ধ্মাপিতাস্তঙ্গকানি।
শ্বসিতপবনধাটীঘট্টিতভ্রাণবাটং
লুঠতি ধরণিপৃষ্ঠে গোষ্ঠবাটীকুটুম্বং ॥

অথ মোহঃ ॥

মোহো হৃন্মূঢ়তা হর্ষাদ্বিশ্লেষাদ্ভয়তস্তথা।
বিষাদাদেশ্চ তত্র স্যাদ্দেহস্য পতনং ভুবি।
শূন্যেন্দ্রিয়ত্বং ভ্রমণং তথা নিশ্চেষ্টতাদয়ঃ ॥

বলাদাক্রমণং ধাটীতি জীবস্বামী। অত্রতু লক্ষণস্যাক্রমণমেবোচ্যতে। ঘাটঃ

গ্লানি প্রভৃতি হইয়া থাকে ॥ ৪৪ ॥

যথা ॥

হে কৃষ্ণ! সম্প্রতি তোমার চিরবিরহে ব্রজবাসীগণ পীড়িত হইয়া শরীরে সন্তাপ এবং জড়তা ধারণ করিয়াছেন, এবং নাসারন্ধ্রে শ্বাসমাত্র বহন করত কেবল ধরণীপৃষ্ঠে লুণ্ঠিত হইতেছেন ॥

অথ মোহ ॥

হর্ষ, বিচ্ছেদ, ভয় এবং বিষাদাদি হইতে মনের যে মূঢ়তা অর্থাৎ বোধ শূন্যতা তাহার নাম মোহ। এই মোহে ভূমি-পতন, অবশেন্দ্রিয়ত্ব, ভ্রমণ এবং নিশ্চেষ্টতা প্রভৃতি হইয়া থাকে ॥

তত্র হর্ষাদযথা শ্রীদশমে ॥

ইতি স্ম পৃষ্টঃ সচ বাদরায়ণি-
স্তৎস্মারিতানন্তহৃতাখিলেন্দ্রিয়ঃ।
কৃচ্ছ্রাৎ পুনর্লব্ধবহির্দৃশিঃ শনৈঃ
প্রত্যাহ তং ভাগবতোত্তমোত্তমং ॥ ৪৫ ॥

যথা বা ॥

নিরুচ্ছ্বসিত রীতয়ো বিঘটিতাক্ষিপক্ষ্মক্রিয়া
নিরীহনিখিলেন্দ্রিয়াঃ প্রতিনিবৃত্তচিদ্বৃত্তয়ঃ ॥

পন্থাঃ অত্র তু ঘ্রাণবাটেন নাসিকোচ্যতে। গোষ্ঠবাটীতি বাটো বাস্তুভূমিঃ। বাটীতি স্বল্পত্ববিবক্ষয়া ॥ ৪৫ ॥

নিরুচ্ছ্বসিতেতি নির্গতাঃ উচ্ছ্বসিতানাং রীতয়ঃ প্রচারা যাভ্যঃ শালতঞ্জী

তন্মধ্যে হর্ষহেতু যোহ যথা ॥

শ্রীদশমে ১২ অধ্যায়ে ৪১ শ্লোকে ॥

হে ভাগবতোত্তম শৌনক! রাজা পরীক্ষিৎ যে ভগবান্ অনন্তের স্মরণ করাইয়াছিলেন, তাঁহা কর্ত্তৃক যদিও শুক-দেবের অখিল ইন্দ্রিয় অপহৃত হইল, তথাচ ঐ প্রকার জিজ্ঞাসিত হওয়াতে কথঞ্চিৎ বহির্দৃষ্টি লাভ করিয়া ধীরে ধীরে তাঁহার প্রতি বলিতে লাগিলেন ॥

যথাবা ॥

কুরুক্ষেত্রে নির্জন প্রদেশে শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া শ্বাস, নিমেষ, চেষ্টা ও জ্ঞানরহিত হইয়া ব্রজস্ত্রীসকল স্বর্ণ-

অবেক্ষ্য কুরুমণ্ডলে রহসি পুণ্ডরীকেক্ষণং
ব্রজাম্বুজদৃশো ঽভজন্ কনকশালভঞ্জীশ্রিয়ং ॥ ৪৬ ॥
বিশ্লেষাদ্যথা হংসদূতে ॥
কদাচিৎ খেদাগ্নিং বিঘটয়িতুমন্তর্গতমসৌ
সহালীভির্লেভে তরলিতমনা যামুনতটীং।
চিরাদস্যাশ্চিত্তং পরিচিতকুটীরাবকলনা-
দরস্থা তস্তার স্ফুটমথ সুষুপ্তেঃ প্রিয়সখী ॥
ভয়াদ্যথা ॥
মুকুন্দমাবিষ্কৃতবিশ্বরূপং
নিরূপয়ন্ বানরবর্য্যকেতুঃ।

প্রতিমা ॥ ৪৬ ॥
অত্র কুটীরো লতাগৃহং তদবকলনাৎ সুষুপ্তে স্তব্ধত্বাৎ প্রিয়সখীব যা

প্রতিমার ন্যায় অবস্থিত রহিলেন ॥ ৪৬ ॥

বিচ্ছেদহেতু মোহ যথা ॥

হংসদূতে ॥

কোন এক দিবস শ্রীরাধা সখীগণ সমভিব্যাহারে অন্তর্গত শ্রীকৃষ্ণবিরহাগ্নিকে উপশম করিবার নিমিত্ত চঞ্চল মনে যমুনাতটে গমন করিয়াছিলেন, কিন্তু তত্রস্থ পরিচিত-ক্রীড়া কুটীর দর্শন করায় গভীর নিদ্রার মোহরূপা প্রিয়সখী স্পষ্ট-রূপে তাঁহার চিত্ত আচ্ছাদন করিয়াছিল ॥

ভয়হেতু মোহ যথা ॥

শ্রীকৃষ্ণ বিশ্বরূপ প্রকটন করিলে তদবলোকনে কপিধ্বজ

করারবিন্দাৎ পুরতঃ স্খলন্তং
ন গাণ্ডিবং খণ্ডিতধীর্বিবেদ ॥
বিষাদাদ্যথা শ্রীদশমে ॥
কৃষ্ণং মহাবকগ্রস্তং দৃষ্ট্বা রামাদয়োঽর্ভকাঃ।
বভূবুরিন্দ্রিয়াণীব বিনা প্রাণং বিচেতসঃ ॥ ৪৭ ॥
অস্যান্যত্রাত্মপর্য্যন্তে
স্যাৎ সর্ব্বত্রৈব মূঢ়তা।
কৃষ্ণস্ফূর্ত্তিবিশেষস্তু

অবস্থা মোহরূপা সা চিত্তং তস্তার আচ্ছাদিতবতী ॥ ৪৭ ॥

অস্য প্রাপ্তমোহস্য ভগবদ্ভক্তস্য কৃষ্ণস্ফূর্ত্তিবিশেষস্ত্বিতি স্বাশ্রয়ং। তং বিনা ভাবনানামনবস্থিতেঃ। তথাচোক্তং। তৎস্মারিতানন্তহৃতাখিলেন্দ্রিয় ইতি। কিন্তু বহির্বৃত্তিলোপপ্রাধান্যেন প্রলয়ো মোহস্ত্বন্তর্বৃত্তিলোপপ্রাধান্যেন জ্ঞেয়ঃ। অতএব মোহো হ্যমূঢ়তেত্যত্র হ্যচ্ছব্দো দত্তঃ। মুহ বৈচিত্তে ইতি ধাতু-

---

অর্জ্জুন অতিশয় মোহ প্রাপ্ত হয়েন, এমন কি ভয়বশতঃ হস্ত হইতে গাণ্ডীব স্খলিত হইয়াছিল, তাহাও তিনি জানিতে পারেন নাই ॥

বিষাদহেতু মোহ যথা ॥

শ্রীদশমে ১১ অধ্যায়ে ২৭ শ্লোকে ॥

হে রাজন্! রামাদি বালকগণ শ্রীকৃষ্ণকে মহাবকের মুখ-গ্রস্ত হইতে দেখিয়া সেই রূপ অচেতন হইলেন যদ্রূপ প্রাণ-ব্যতিরেকে ইন্দ্রিয়গণ বিচেতন হয় ॥ ৪৭ ॥

কৃষ্ণভক্ত মোহ প্রাপ্ত হইলে দেহপর্য্যন্ত বিষয় সমুদায়

ন কদাপ্যত্র লীয়তে ॥

অথ মৃতিঃ ॥

বিষাদব্যাধিসংত্রাসসংপ্রহারক্লমাদিভিঃ।

প্রাণত্যাগো মৃতিস্তস্যামব্যক্তাক্ষরভাষণং।

বিবর্ণগাত্রতাশ্বাসমান্দ্যহিক্কাদয়ঃ ক্রিয়াঃ

যথা ॥

অনুল্লাসশ্বাসা মুহুরসরলোত্তানিতদৃশো-

বিবৃণ্বন্তঃ কায়ে কিমপি নববৈবর্ণ্যমভিতঃ।

হরের্নামাব্যক্তীকৃতমলঘুহিক্কালহরিভিঃ।

প্রজল্পন্তঃ প্রাণান্ জহতি মথুরায়াং সুকৃতিনঃ ॥ ৪৮ ॥

যথাবা ॥

বলাদেব তদর্থতাসিদ্ধেঃ ॥ ৪৮ ॥

বিস্মরণ হইয়া যায় কিন্তু কখন কৃষ্ণস্ফূর্ত্তি লয় হয় না ॥

অথ মৃতি ॥

বিষাদ, ব্যাধি, ত্রাস, প্রহার এবং গ্লানিপ্রভৃতি দ্বারা যে প্রাণত্যাগ, তাহার নাম মৃতি। এই মৃতিতে অস্পষ্ট বাক্য, দেহবৈবর্ণ্য, অল্পশ্বাস এবং হিক্কাদি হইয়া থাকে ॥

যথা ॥

সুকৃতিশালী মথুরাবাসীগণ অল্প শ্বাস, উত্তাননয়ন এবং বিবর্ণগাত্র হইয়া অস্পষ্ট রূপে শ্রীকৃষ্ণের নাম উচ্চারণ পূর্ব্বক প্রাণত্যাগ করিতেছেন ॥ ৪৮ ॥

যথাবা ॥

বিরমদলঘুকণ্ঠোদ্ঘোষঘূৎকারচক্রা
ক্ষণবিঘটিততাম্যদ্দৃষ্টিখদ্যোতদীপ্তিঃ।
হরিমিহিরনিপীতপ্রাণগাঢ়ান্ধকারা
ক্ষয়মগমদকস্মাৎ পূতনা কালরাত্রিঃ॥ ৪৯॥
প্রায়োঽত্র মরণাৎ পূর্ব্বা চিত্তবৃত্তির্মৃতির্মতা।
মৃতিরত্রানুভাবঃ স্যাদিতি কেনচিদুচ্যতে।
কিন্তু নায়কবীর্য্যার্থং শত্রৌ মরণমুচ্যতে॥ ৫০॥
অথালস্যং॥

ঘূৎকারো ঘূকশব্দঃ॥ ৪৯॥

প্রায় ইতি প্রথমমর্দ্ধং। মৃতিরত্রেতি দ্বিতীয়ং। কিন্ত্বিতি তৃতীয়মিতি ক্রমঃ। অত্র প্রাণত্যাগস্য ভাবত্বাভাবাদপরিতুষ্যন্নাহ প্রায় ইতি। মৃতিঃ প্রাণত্যাগস্তত্রানুভাবঃ স্যাৎ। কেনচিদিতি স্বয়মেবেত্যর্থঃ। তত্রচ পূতনাবর্ণনে বিশেষাদপরিতুষ্যন্নাহ কিন্ত্বিতি॥ ৫০॥

কালরাত্রি রূপা পূতনার প্রাণ স্বরূপ গাঢ়ান্ধকার কৃষ্ণসূর্য্য কর্ত্তৃক নিপীত হইলে, উহার ঘূকপক্ষীর শব্দতুল্য কণ্ঠধ্বনি ও খদ্যোত সদৃশ দীপ্তিশালি দৃষ্টি ক্ষণকাল মধ্যে তিরোহিত হইয়াছিল॥ ৪৯॥

মরণের পূর্ব্ব চিত্তবৃত্তিকেই প্রায় মৃতি কহা যায়, কোন কোন পণ্ডিত অনুভাবকেই মৃতি কহেন, কিন্তু নায়কের পরাক্রম নিমিত্ত শত্রুতে মরণ উক্ত হইয়াছে॥ ৫০॥

অথ আলস্য॥

সামর্থস্যাপি সদ্ভাবে ক্রিয়ানুন্মুখতা হি যা।
তৃপ্তিশ্রমাদিসম্ভূতা তদালস্যমুদীর্য্যতে।
অত্রাঙ্গভঙ্গো জৃম্ভাচ ক্রিয়াদ্বেষোঽক্ষিমর্দ্দনং।
শয্যাসনৈকপ্রিয়তা তন্দ্রী নিদ্রাদয়োঽপি চ॥
তত্র তৃপ্তের্যথা॥
বিপ্রাণাং নস্তথা তৃপ্তিরাসীদ্গোবর্দ্ধনোৎসবে।
নাশীর্বাদেঽপি গোপেন্দ্র যথা স্যাৎ প্রভবিষ্ণুতা॥ ৫১॥
শ্রমাদ্যথা॥
সুষ্ঠু নিঃসহতনুঃ সুবলোঽভূৎ
প্রীতয়ে মম বিধায় নিযুদ্ধং।

সদ্ভাবে আগ্রহেণ সম্ভাবয়িতুং শক্যত্বে॥ ৫১॥
সুষ্ঠ্বিত্যাদৌ নিঃসহত্বং কিঞ্চিদপি কর্ত্তুমক্ষমত্বং। সহসাহ্বয়তামুমিত্যেব পাঠঃ। নিযুদ্ধং বাহুযুদ্ধং॥ ৫২॥

তৃপ্তি ও শ্রমাদি নিবন্ধন সামার্থ্য সত্ত্বেও যে কার্য্য না করণ তাহার নাম আলস্য। এই আলস্যে অঙ্গমোটন, জৃম্ভা (হাঁই) কার্য্যের প্রতি দ্বেষ, চক্ষুমর্দ্দন, শয়ন, উপবেশন, তন্দ্রা ও নিদ্রা প্রভৃতি হইয়া থাকে॥

তন্মধ্যে তৃপ্তিহেতু আলস্য যথা॥

হে গোপেন্দ্র! আমরা ব্রাহ্মণজাতি, আমাদের আশীর্ব্বাদ করিতে যাদৃশী তৃপ্তি, গোবর্দ্ধনযাত্রায় তদ্রূপ নাই॥৫১

শ্রমহেতু আলস্য যথা॥

শ্রীকৃষ্ণ সখাগণকে কহিলেন, অহে বয়স্যগণ! আমার প্রীতির নিমিত্ত সুবল আমার সহিত বাহুযুদ্ধ করিয়া বিকল

মোটয়ন্তমভিতো নিজমঙ্গং
নাহবায় সহসাহ্বয়তামুং ॥ ৫২ ॥
অথ জাড্যং ॥
জাড্যমপ্রতিপত্তিঃ স্যাদিষ্টানিষ্টশ্রুতীক্ষণৈঃ।
বিরহাদ্যৈশ্চ তন্মোহাৎ পূর্ব্বাবস্থাপরাপি চ।
অত্রানিমিষতা তূষ্ণীম্ভাববিস্মরণাদয়ঃ।
অত্রেষ্টশ্রুত্যা যথা শ্রীদশমে ॥
গাবশ্চ কৃষ্ণমুখনির্গতবেণুগীত-
পীযূষমুত্তভিতকর্ণপুটৈঃ পিবন্ত্যঃ।

অপ্রতিপত্তির্বিচারশূন্যতা। তৎ জাড্যং মোহাৎ পূর্ব্বাবস্থাপ্যরাপ্যবস্থা

তনুতে অঙ্গমোটন করিতেছে, অতএব তোমরা উহাকে আর যুদ্ধার্থ আহ্বান করিও না ॥ ৫২ ॥

অথ জাড্য ॥

ইষ্ট ও অনিষ্টের শ্রবণ, দর্শন এবং বিরহাদি জনিত বিচার শূন্যের নাম জাড্য, ইহা মোহের পূর্ব্বাবস্থা ও পরাবস্থা। এই জাড্যে অনিমিষনয়ন, তূষ্ণীম্ভাব ও বিস্মরণ প্রভৃতি হয় ॥

তন্মধ্যে ইষ্টশ্রবণ জনিত জাড্য যথা ॥

শ্রীদশমে ২১ অধ্যায়ে ১৩ শ্লোকে ॥

গোপীগণ পরস্পর কহিলেন এই সকল গাভী উন্নমিত কর্ণপুট দ্বারা শ্রীকৃষ্ণের বদনারবিন্দ-বিনির্গত বেণুগীতামৃত পান করিতে করিতে এবং এই সমস্ত শাবক স্তনক্ষরিত ক্ষীর গ্রাস মুখে করিতে করিতে বিস্মৃতক্রিয় হইয়া পরিতেছে,

শাবাঃ স্নুতস্তনপয়ঃ কবলাঃ স্ম তস্থু-
র্গোবিন্দমাত্মনি দৃশাশ্রুকলাঃ স্পৃশন্ত্যঃ ॥ ৫৩ ॥
অনিষ্টশ্রুত্যা যথা ॥
আকলয্য পরিবর্ত্তিতগোত্রাং
কেশবস্য গিরমর্পিতশল্যাং।
বিদ্ধধীরধিকনির্নিমিষাক্ষী
লক্ষ্মণা ক্ষণমবর্ত্তত তূষ্ণীং ॥
ইষ্টেক্ষণেন যথা শ্রীদশমে ॥
গোবিন্দং গৃহমানীয় দেবদেবেশমাদৃতঃ।

যথা তাদৃশীত্যর্থঃ। তস্য স্বতন্ত্রত্বাৎ ॥ ৫৩ ॥
গোত্রং নাম ইতি ॥ ৫৪ ॥

ইহার কারণ এই বোধ হয়, ইহারা দৃষ্টি পথদ্বারা মনোমধ্যে যেন শ্রীকৃষ্ণকে আলিঙ্গন করিতেছে, তাহাতেই ইহাদের লোচনে অশ্রুলেশ দৃষ্ট হইতেছে ॥ ৫৩ ॥

অনিষ্টশ্রবণহেতু জাড্য যথা ॥

অন্যনামে আহ্বান করায়, শেলতুল্য ব্যথাপ্রদ শ্রীকৃষ্ণের বাক্য শ্রবণ করিয়া লক্ষ্মণা অস্থির চিত্তে নিমেষ শূন্য হইয়া ক্ষণকাল তূষ্ণীম্ভূত হইয়া রহিলেন ॥

ইষ্টদর্শননিমিত্ত জাড্য যথা ॥

শ্রীদশমে ৭১ অধ্যায়ে ৩৫ শ্লোকে ॥

রাজা যুধিষ্ঠির দেবদেব গোবিন্দকে সমাদর পূর্ব্বক গৃহে আনয়ন করতঃ আহ্লাদে হতবুদ্ধি হইয়া তাঁহার পূজা বিষয়ে

পূজায়াং নাবিদৎ কৃত্যং প্রমোদোপহতো নৃপঃ॥

অনিষ্টেক্ষণেন যথা তত্রৈব॥

যাবদালক্ষ্যতে কেতু র্যাবদ্রেণূ রথস্য চ।

অনুপ্রস্থাপিতাত্মানো লেখ্যানীবোপলক্ষিতাঃ॥ ৫৪॥

বিরহেণ যথা॥

মুকুন্দবিরহেণ তে বিধুরিতাঃ সখায়শ্চিরা-

দলঙ্কৃতিভিরুজ্ঝিতা ভুবি নিবিশ্য তত্র স্থিতাঃ।

স্খলন্মলিনবাসসঃ শবলরুক্ষগাত্রশ্রিয়ঃ

স্ফুরন্তি খলদেবলদ্বিজগৃহে সুরার্চ্চা ইব॥ ৫৫॥

শবলং মলদূষিতং। দেবাজীবী তু দেবলঃ॥ ৫৫॥

প্রকার বিশেষ বিস্মৃত হইয়া গেলেন॥

অনিষ্টদর্শন জন্য জাড্য যথা॥

শ্রীদশমে ৩৯ অধ্যায়ে ৩৪ শ্লোকে॥

যে পর্য্যন্ত রথের পতাকা ও রেণু লক্ষ্য হইল তাবৎকাল গোপীগণ চিত্রার্পিত পুত্তলিকার ন্যায় নিশ্চল হইয়া দাঁড়াইয়া রহিলেন॥ ৫৪॥

বিরহহেতু জাড্য যথা॥

হে মুকুন্দ! তোমার চিরবিরহে তোমার সখাসকল কাতর হইয়া যেমন দুষ্ট দেবল (দেব-পূজোপজীবী) ব্রাহ্মণ গৃহে দেবপ্রতিমা সকল অনলঙ্কৃত, মলিন বসন এবং ভস্মবর্ণ ও রুক্ষগাত্র শ্রীতে অবস্থান করেন, তদ্রূপ ভূমিতলে পড়িয়া রহিয়াছেন॥ ৫৫॥

অথ ব্রীড়া॥

নবীনসঙ্গমাকার্য্যস্তবাবজ্ঞাদিনা কৃতা।
অধৃষ্টতা ভবেদ্ব্রীড়া তত্র মৌনং বিচিন্তনং।
অবগুণ্ঠনভূলেখৌ তথাধোমুখতাদয়ঃ॥ ৫৬॥

তত্র নবীনসঙ্গমেন যথা পদ্যাবল্যাং॥

গোবিন্দে স্বয়মকরোঃ সরোজনেত্রে
প্রেমান্ধা বরবপুরর্পণং সখি ত্বং।
কার্পণ্যং ন কুরু দরাবলোকদানে
বিক্রীতে করিণি কিমঙ্কুশে বিবাদঃ॥ ৫৭॥

অধৃষ্টতাত্র ধৃষ্টতাবিরোধী ভাবঃ॥ ৫৬॥

বিক্রীত ইতি যথা তস্মিন্ বিক্রীতেঽপ্যঙ্কুশদানে বিবাদঃ ক্রিয়তে তথাত্র কিং ক্রিয়তে নৈবেত্যর্থঃ॥ ৫৭॥

অথ ব্রীড়া অর্থাৎ লজ্জা॥

নবসঙ্গম, অকার্য্য (নিন্দিত কর্ম্ম) স্তব ও অবজ্ঞাদি দ্বারা যে অধৃষ্টতা উৎপন্ন হয়, তাহাকে ব্রীড়া বলে। ইহাতে মৌন, চিন্তা, মুখাচ্ছাদন, ভূমিলিখন এবং অধোমুখতা প্রভৃতি হইয়া থাকে॥ ৫৬॥

তন্মধ্যে নবসঙ্গমহেতু ব্রীড়া যথা॥

পদ্যাবলীতে॥

হে পঙ্কজনেত্রে! হে সখি! তুমি প্রেমে অন্ধ হইয়া স্বীয় উত্তমাঙ্গ স্বয়ং গোবিন্দে সমর্পণ করিয়াছ, অতএব এখন শ্রীকৃষ্ণের প্রতি ঈষৎ অবলোকন দানে কৃপণতা করিও না, হস্তী বিক্রয় করিয়া অঙ্কুশ বিক্রয়ের নিমিত্ত বিবাদ করা কি উচিত?॥ ৫॥

অকার্য্যেণ যথা ॥

ত্বমবাগিহ মা শিরঃ কৃথা
বদনঞ্চ ত্রপয়া শচীপতে।
নয় কল্পতরুং নচেচ্ছচীং
কথমগ্রে মুখমীক্ষয়িষ্যসি ॥

চমরীভি র্মঞ্জরীভিশ্চারু র্যা চূড়া মস্তক মধ্য বদ্ধকেশততি স্তয়া নাত্যুন্নতয়া সূক্ষ্ম স্বচ্ছোষ্ণীষাঞ্চল বৃতয়া উজ্জ্বলা শ্রী র্যস্য। পট্টপাশেন বদ্ধঃ সশোভং কিঞ্চিদ্বেষ্টিত উষ্ণীষো যস্য সঃ ॥ ২৬ ॥

মাধুর্য্যেণ বর্ণপুষ্টতাদীনাং মনোবমত্বেনাদ্ভুতং লোকবিস্ময়কারকং রূপ মাকারো যস্য স তদ্রূপত্বাৎ কৈশোরাগ্রাংশভাগিব বিভাতি যথান্যঃ সর্ব্বলক্ষণ

উচ্চ শ্যামবর্ণ যষ্টি ধারণ ॥

মধ্য পৌগণ্ডের চেষ্টা যথা—ভাণ্ডীরবটে ক্রীড়া ও পর্ব্বত উত্তোলনাদি ॥ ২৫ ॥

যথা ॥

হে সখে! পার্শ্বদিকে অবলোকন কর, মুকুন্দ হস্তত্রয় পরিমিত ও প্রান্তদ্বয় স্বর্ণ মণ্ডিত, শ্যামস্বর্ণ যষ্টি তথা মনোহর মঞ্জরী নির্ম্মিত চারুচূড়ায় উজ্জ্বল শ্রী এবং স্বর্ণবর্ণ পট্ট রজ্জু বদ্ধ উষ্ণীষ ধারণ করিয়া মিত্রবৃন্দকে সুখ প্রদান করিতেছেন ॥ ২৬ ॥

অতিশয় মাধুর্য্য প্রযুক্ত মধ্য পৌগণ্ডেই শ্রীকৃষ্ণ প্রথম

মাধুর্য্যাদ্ভুতরূপত্বাৎ কৈশোরাগ্রাংশভাগিব ॥ ২৭ ॥

অথ শেষং ॥

বেণী নিতম্ব লম্বাগ্রা লীলালক লতাদ্যুতিঃ।

অংসয়োস্তুঙ্গতেত্যাদি পৌগণ্ডে চরমে সতি ॥

যথা ॥

অগ্রে লীলালকলতিকয়ালঙ্কৃতং বিভ্রদাস্যং

চঞ্চদ্বেণী শিখর শিখয়া চুম্বিত শ্রোণিবিম্বঃ।

উত্তুঙ্গাংসচ্ছবি রঘহরো রঙ্গমঙ্গশ্রিয়ৈব

সম্পন্নো রাজকুমারোঽপি তদগ্রাংশভাক্ সন্ বিরাজতে তথা তস্য কৈশোরাগ্রাংশভাগস্তু সর্ব্বতো বিলক্ষণ ইত্যর্থঃ ॥ ২৭ ॥

লীলয়া বিন্যস্তায়া অলকলতায়া দ্যুতিঃ শোভা ॥ ২৮ ॥

কৈশোরাংশের ন্যায় ক্রীড়াপর হইয়া বিরাজ করিতেছেন॥২৭

অথ শেষপৌগণ্ড ॥

শেষ পৌগণ্ডে নিতম্ব পর্য্যন্ত লম্বিত বেণী, লীলানিবন্ধন চূর্ণ কুন্তলের বিন্যাস এবং স্কন্ধদ্বয়ের উচ্চতা হয় ॥

যথা ॥

যিনি সম্মুখস্থ বিলাস শালিনী অলক লতিকায় অলঙ্কৃত বদন ধারণ করিয়াছেন, যাঁহার চঞ্চল বেণীর অগ্রভাগ নিতম্ব পর্য্যন্ত লম্বিত হইয়া পড়িয়াছে এবং যাঁহার উচ্চস্কন্ধে শোভাতিয় প্রকাশ পাইতেছে, সেই অঘনাশন শ্রীকৃষ্ণ অঙ্গলক্ষ্মীর দ্বারা প্রিয়বয়স্য সকলে রঙ্গ বিস্তার করিতে করিতে গোকুল হইতে গমন করিতেছেন ॥

ন্যস্যন্নেষ প্রিয়সবয়সাং গোকুলাম্নির্জিহীতে ॥
উষ্ণীষে বক্রিমা লীলা সরসীরুহপাণিতা।
কাশ্মীরেণোর্দ্ধ্বপুণ্ড্রাদ্য মিহমণ্ডনমীরিতং ॥ ২৮ ॥
যথা ॥
উষ্ণীষে দরবক্রিমা করতলে ব্যাজৃম্ভি লীলাম্বুজং
গৌরশ্রীরলিকে কিলোর্দ্ধ্বতিলকঃ কস্তূরিকাবিন্দুমান্।
বেশঃ কেশব পেশলঃ সুবলমপ্যাঘূর্ণয়ত্যদ্য তে
বিক্রান্তং কিমুত স্বভাবমৃদুলাং গোষ্ঠাবলানাং ততিঃ ॥

উষ্ণীষে দরেতি। গৌরেত্যাদৌ ভালে কুঙ্কুমদিব্যদূর্দ্ধতিলক ইতি বা পাঠঃ বিকাশমপি সুবলমিত্যন্বয়ঃ ॥ ২৯ ॥

অন্ত্যপৌগণ্ডের ভূষণ যথা ॥

উষ্ণীষের বক্রিমা অর্থাৎ বক্র করিয়া উষ্ণীষ বান্ধা, হস্তে লীলাপদ্ম ধারণ এবং কুঙ্কুম দ্বারা ঊর্দ্ধপুণ্ড্রাদি নির্ম্মাণ এই সকলকে অন্ত্যপৌগণ্ডের ভূষণ বলে ॥ ২৮ ॥

যথা ॥

সুবল কহিলেন হে কেশব! তুমি উষ্ণীষে বক্রিমা, হস্তে প্রফুল্ল লীলাকমল এবং ললাটে কস্তূরীবিন্দুশালী কঙ্কুম-রচিত ঊর্দ্ধপুণ্ড্র ধারণ করিয়া যে মনোহর বেশ বিস্তার করিয়াছ, তদ্দ্বারা প্রবল পরাক্রমশালী আমি যে সুবল অমা-কেও আজ ঘূর্ণিত করিতেছে, অতএব স্বভাব মৃদুলা ব্রজবা-লাদিগের কথা কি? অর্থাৎ তাহারা ত অবশ্যই মুগ্ধ হইবে ॥

এই অন্ত্যপৌগণ্ডে বাক্যের ভঙ্গী, নর্ম্মসখাদিগের সহিত কর্ণাকর্ণি কথারস এবং ঐ সকল নর্ম্ম সখাদিগের সমীপে

অত্র ভঙ্গীগিরাং নর্ম্মসখৈঃ কর্ণকথারসঃ।
এষু গোকুলবালানাং শ্রীশ্লাঘেত্যাদিচেষ্টিতং॥
যথা॥
ধূর্ত্তস্ত্বং যদবৈষি হৃদ্গতমতঃ কর্ণে তব ব্যাহরে
কেয়ং মোহনতা সমৃদ্ধিরধুনা গোধুকুমারীগণে।
অত্রাপি দ্যুতিরত্নরোহণভুবো বালাঃ সখে পঞ্চষাঃ
পঞ্চেষু র্জগতাং জয়ে নিজধুরাং যত্রার্পয়ন্মাদ্যতি॥
অথ কৈশোরং॥
কৈশোরং পূর্ব্বমেবোক্তং সংক্ষেপেণোচ্যতে ততঃ॥ ২৯॥

গোকুল বালিকাদিগের শোভার প্রশংসা করণ ইত্যাদিকে চেষ্টা বলে॥

যথা॥

কৃষ্ণ! তুমি অতিশয় ধূর্ত্ত, যে হেতু মনোগত ভাব সকল জানিতে পারিয়াছ, অতএব তোমার কর্ণে বলিতেছি, এক্ষণে গোপকুমারী সকলে এই কোন মোহনতা শক্তির সমৃদ্ধি প্রকাশ পাইতেছে, তন্মধ্যে আবার পাঁচ ছয়টী কুমারী অতিশয় রূপবতী, হে সখে! বোধ হয় পঞ্চবাণ কন্দর্প এই পাঁচ ছয় জনেই জগজ্জয়ের ভার সমর্পণ করিয়া স্বয়ং মত্ত হইয়াছেন॥

অথ কৈশোর॥

কৈশোর পূর্ব্বেই উক্ত হইয়াছে তথাপি এ স্থলে সংক্ষেপে বলিতেছি॥

যথা ॥

পশ্যোৎসিক্ত বলিত্রয়ী বরলতে বাসস্তড়িন্মণ্ডলে
প্রোন্মীলদ্বনমালিকা পরিমলস্তোমে তমালদ্যুবি।
উক্ষত্যম্বক চাতকান্ স্মিতরসৈ র্দামোদরাম্ভোধরে
শ্রীদামা রমণীয় রোম কলিকাকীর্ণাঙ্গশাখী বভৌ ॥৩০॥

প্রায়ঃ কিশোর এবায়ং সর্ব্বভক্তেষু ভাষতে।

উৎসিক্তেতি প্রোন্মীলদিতি চ শ্রীদামোদরস্য পক্ষে সপ্তম্যন্যপদার্থঃ। অম্ভোধর পক্ষে তৃতীয়ান্যপদার্থঃ শ্রীদাম-দামোদরয়ো র্ম্বাম্ভোধরয়ো রিবাত্যন্তাবেশেন পরস্পর মালিঙ্গিতয়ো র্বর্ণনমিদং। তস্মাদ্বিতা বনমালা শাখিনাং তত্র তত্র স্বাচ্ছন্দ্যেন বর্ণনং রসাবহমেব জ্ঞেয়ং। তথাহি অম্বকানি সর্ব্বেষামক্ষীণ্যেব চাতকাঃ তাঙ্ক্ষতি সিঞ্চতি দামোদরাম্ভোধরে শ্রীদামা বভৌ তৎ সংলগ্নতয়া বিরেজ ইত্যর্থঃ। তদেবং তদভেদমিব প্রাপ্তং দামোদরাম্ভোধরং বিশিনষ্টি। উৎসিক্তেত্যাদিনা বনস্থানীয়ত্বেন শ্রীদামানং বিশিনষ্টি রমণীয়েত্যনেন রমণীয় রোমকলিকাভিরাকীর্ণা ব্যাপ্তা অঙ্গরূপা বাহ্বাদি লক্ষণাঃ শাখিনো যত্র সঃ ॥ ৩০ ॥

অয়ং শ্রীকৃষ্ণঃ কিশোরঃ শৈশবমিশ্রযৌবন এব সন্ সর্ব্ব ভক্তেষু প্রায়ঃ

যথা ॥

আশ্চর্য্য দেখ, ত্রিবলী রূপ উৎকৃষ্ট লতা সেচনকারী, বস্ত্ররূপ মনোহর বিদ্যুৎ বিশিষ্ট, বিকসিত বনমালার সৌরভশালী, তমালবর্ণ ও নেত্র চাতক তৃপ্তি জনক, দামোদরস্বরূপ জলধরে রমণীয় পুলকাকুল কলেবর শ্রীদাম-বৃক্ষ শোভা পাইতেছেন ॥ ৩০ ॥

এই শ্রীকৃষ্ণ প্রায় কিশোরমূর্ত্তিতেই ভক্ত সকলে প্রকাশ-

তেন যৌবনশোভাস্য নেহ কাচিৎ প্রপঞ্চিতা ॥ ৩১ ॥

অথ রূপং যথা ॥

অলঙ্কারমলঙ্কৃত্বা তবাঙ্গং পঙ্কজেক্ষণ।

সখীন্ কেবলমেবেদং ধাম্না ধীমন্ বিনোতি নঃ ॥ ৩২ ॥

অথ শৃঙ্গং যথা ॥

ব্রজনিজবড়ভীবিতর্দ্দিকায়া-

মুষসি বিষাণবরে রুদত্যুদগ্রং।

প্রাচুর্য্যেণ ভাসতে তেভ্যো রোচতে কৌমার পৌগণ্ড রূপস্তু ন্যূনতরন্যূনত্বে-নেত্যর্থঃ। তেন তত ঊর্দ্ধ্ব বয়সঃ তেষ্বভাসমানত্বেন কেবলা যৌবনশোভাতু ইহ শ্রীকৃষ্ণে নোদয়ত ইতি কাচিৎ স্বল্পাপি ন প্রপঞ্চিতেত্যর্থঃ ॥ ৩১ ॥

অলঙ্কারমলঙ্কৃত্যেতি তৎকরণেনালমিত্যর্থঃ ॥ ৩২ ॥

ব্রজে যা নিজা স্বশয়নাবাস রূপা বড়ভী চন্দ্রশালিকা। যস্যামসেবন্ত নমদ্বলীকাঃ সমং বধূভির্বড়ভীর্যুবান ইতি মাঘকাব্যাৎ। তস্যা বিতর্দ্দিকা

পাইয়া থাকেন, এ কারণ ইহাঁর কোন যৌবন শোভা বিস্তার করা হইল না ॥ ৩১ ॥

অথ শ্রীকৃষ্ণের রূপ যথা ॥

হে পঙ্কজলোচন! তোমার অঙ্গ অলঙ্কৃত করায় প্রয়োজন নাই, হে ধীমন্! কেবল অঙ্গই স্বভাবসিদ্ধ শোভা দ্বারা সখাগণকে সুখ প্রদান করিতেছে ॥ ৩২ ॥

শৃঙ্গ যথা ॥

উষাকালে ব্রজমধ্যে স্বীয় আবাস রূপ চন্দ্রশালিকার দ্বার সমীপবর্ত্তি বেদিকায় উচ্চ শৃঙ্গরব আরম্ভ হইলে সহসা

অহহ সবয়সাং তদীয় রোম্না-
মপি নিবহা সমমেব জাগ্রতিস্ম ॥
বেণুর্যথা ॥
সুহৃদো নহি যাত কাতরা
হরিমন্বেষ্টুমিতঃ সুতাং রবেঃ ॥
কথয়ন্নমুমত্র বৈণব-
ধ্বনিদূতঃ শিখরে ধিনোতি নঃ ॥
শঙ্খো যথা ॥
পাঞ্চালীপতয়ঃ শ্রুত্বা পাঞ্চজন্যস্য নিস্বনং।
পঞ্চাস্য পশ্য মুদিতা পঞ্চাস্যপ্রতিমা যযুঃ ॥

দ্বারাগ্রবেদিকা তস্যাং ॥ ৩৩ ॥

রোমাঞ্চের সহিত সখা সকল জাগরিত হইয়াছিলেন ॥

বেণু যথা ॥

অহে সুহৃদ্ সকল! তোমরা কাতর হইয়া হরি অন্বেষণ করিতে যমুনাতীরে গমন করিও না, এস্থানে বেণুধ্বনি দূত শ্রীকৃষ্ণ গোবর্দ্ধন শিখরে এই কথা বলিয়া আমাদিগকে সুখ প্রদান করিতেছে ॥

শঙ্খ যথা ॥

পার্ব্বতী কহিলেন হে পঞ্চাস্য! (শিব) অবলোকন করুন, পাঞ্চালীপতি পাণ্ডবগণ পাঞ্চজন্য শঙ্খের ধ্বনি শ্রবণ করিয়া আনন্দ সহকারে পঞ্চাস্যপ্রতিমা অর্থাৎ সিংহতুল্য হইলেন ॥

বিনোদো যথা

স্ফুরদরুণদুকূলং জাগুড়ে গৌরগাত্রং
কৃতবরকবরীকং রত্নতাড়ঙ্কিকর্ণং।
মধুরিপুমিহ রাধাবেশমুদ্বীক্ষ্য সাক্ষাৎ
প্রিয়সখি সুবলোঽভূদ্বিস্মিতঃ সস্মিতশ্চ ॥

অথানুভাবঃ ॥

নিযুদ্ধ কন্দুকদ্যূত বাহুবাহাদি কেলিভিঃ।
লগুড়ালগুড়ি ক্রীড়া সঙ্গরৈশ্চাস্য তোষণং।
পল্যঙ্কাসনদোলাসু সহ স্বাপোপবেশনং।
চারুচিত্র পরীহাসো বিহারঃ সলিলাশয়ে ॥ ৩৩ ॥

বিনোদ যথা ॥

প্রিয়সখি! শ্রীকৃষ্ণ কৌতুক নিমিত্ত অরুণ বসন পরিধান ও কুঙ্কুম লেপনদ্বারা গাত্র গৌরবর্ণ এবং কর্ণে রত্ন তাড় ধারণ করিয়া সাক্ষাৎ রাধাবেশ প্রকাশ করিলে তদবলোকনে সুবল বিস্মিত ও হাস্য বদন হইয়াছিলেন ॥

সখ্যরসে অনুভাব যথা ॥

বাহুযুদ্ধ, কন্দুক, দ্যূত, বাহুবাহক অর্থাৎ স্কন্ধে আরোহণ ও স্কন্ধে করিয়া বহন, পরস্পর যষ্টিক্রীড়া যুদ্ধদ্বারা শ্রীকৃষ্ণের তোষণ, পর্য্যঙ্ক, আসন ও দোলা সকলে শ্রীকৃষ্ণের সহিত একত্র শয়ন ও উপবেশন, পরিহাস এবং জলাশয়ে বিহার এই সকলকে অনুভাব বলে ॥ ৩৩ ॥

যুগ্মত্বে লাস্যগানাদ্যাঃ সর্ব্বসাধারণাঃ ক্রিয়াঃ ॥ ৩৪ ॥

তত্র নির্যুদ্ধেন তোষণং যথা ॥

অঘহর জিতকাশী যুদ্ধকণ্ডূলবাহু-
স্ত্বমটসি সখি গোষ্ঠ্যামাত্মবীর্য্যং স্তুবানঃ।
কথয় কিমু মমোচ্চৈশ্চণ্ডদোর্দণ্ডচেষ্টা
বিরমিত রণরঙ্গো নিঃসহাঙ্গঃ স্থিতোঽসি ॥

যুক্তাযুক্তাদিকথনং হিতকৃত্যে প্রবর্ত্তনং।

যুগ্মত্বং যুগ্মধর্ম্মো মিলনমিত্যর্থঃ যুগ্মত্বে লাস্যেতি তেন সহেত্যর্থঃ সর্ব্বেষাং সখিমাত্রাণাং সাধারণাঃ প্রক্রিয়াঃ ॥ ৩৪ ॥

জিতকাশী জয়াবহ ইতি ক্ষীরস্বামী স্বজয়াভিমানীত্যর্থঃ। যুক্তেতি যুক্তমযুক্তঞ্চাদির্যস্য যুক্তমিদং কর্ত্তব্যমযুক্তমিদং ন কর্ত্তব্যমিত্যুপদেশ ইত্যর্থঃ ॥ ৩৫ ॥

শ্রীকৃষ্ণের সহিত মিলিত হইলে সখামাত্রেরই নৃত্য-গীতাদি ক্রিয়া সাধারণরূপে সম্পন্ন হয় ॥ ৩৪ ॥

তন্মধ্যে বাহু যুদ্ধদ্বারা শ্রীকৃষ্ণের তোষণ যথা ॥

হে অঘহর! তুমি যে আত্মজয়াভিমানী হইয়া যুদ্ধার্থ বাহু কণ্ডূয়ন প্রকাশ পূর্ব্বক আপনার পরাক্রমের প্রশংসা করিতে করিতে বয়স্যসভায় ভ্রমণ করিতেছ, বল দেখি আমার প্রচণ্ড বাহু দণ্ডের চেষ্টা দেখিয়াই কি তুমি রণরঙ্গ হইতে ক্ষান্ত হইয়া একাকী অবস্থিতি করিতেছ ॥

সুহৃদ্ সকলের ক্রিয়া যথা।

কর্ত্তব্যাকর্ত্তব্যের উপদেশ, হিতজনক কার্য্যে প্রবৃত্ত করান এবং প্রায় সকল কার্য্যেই অগ্রসর হওয়া, ইত্যাদি

প্রায়ঃ পুরঃসরত্বাদ্যাঃ সুহৃদামীরিতাঃ ক্রিয়াঃ ॥ ৩৫ ॥
তাম্বূলাদ্যর্পণং বক্ত্রে তিলকস্থাসকক্রিয়া।
পত্রাঙ্কুরবিলেখাদি সখীনাং কর্ম্ম কীর্ত্তিতং ॥ ৩৬ ॥
নির্জিতীকরণং যুদ্ধে বস্ত্রে ধৃত্বাস্য কর্ষণং।
পুষ্পাদ্যাচ্ছেদনং হস্তাৎ কৃষ্ণেন স্বপ্রসাধনং।
হস্তাহস্তিপ্রসঙ্গাদ্যাঃ প্রোক্তাঃ প্রিয়সখক্রিয়াঃ ॥ ৩৭ ॥
দূত্যং ব্রজকিশোরীষু তাসাং প্রণয়গামিতা।

---

* স্থাসক শ্চন্দনাদিভিশ্চর্চ্চা ॥ ৩৬ ॥
হস্তাহস্তীতি পরস্পরমাকর্ষণাদিনা হস্তেন হস্তেন যুদ্ধমিবেত্যুৎপ্রেক্ষ্যতে ॥৩৭
প্রণয়গামিতা প্রণয়স্যানুমোদনমিত্যর্থঃ। তাভিঃ সহ সখ্যুঃ শ্রীকৃষ্ণস্য

সকল সুহৃদ্‌দিগের কার্য্য ॥ ৩৫ ॥

সখাদিগের কর্ম্ম যথা।

মুখমধ্যে তাম্বূলার্পণ, তিলকনির্ম্মাণ, চন্দনলেপন ও বদন মণ্ডল চিত্রবিচিত্র করণ ইত্যাদি সকল সখাদিগের কর্ম্ম ॥ ৩৬ ॥

প্রিয়সখাদিগের কর্ম্ম যথা

শ্রীকৃষ্ণকে যুদ্ধে পরাজিত করণ, তদীয় বস্ত্র ধারণ পূর্ব্বক আকর্ষণ, হস্ত হইতে পুষ্প কাড়িয়া লওন, শ্রীকৃষ্ণ কর্ত্তৃক আপনাকে অলঙ্কৃত করণ, হস্তাহস্তি প্রসঙ্গ অর্থাৎ হস্ত যুদ্ধের প্রস্তাব করণ ইত্যাদি সকল প্রিয়সখাদিগের কার্য্য ॥ ৩৭ ॥

প্রিয়নর্ম্মসখাদিগের কার্য্য যথা ॥

ব্রজকিশোরী সকলে দূত্য করণ, তাঁহাদের প্রণয়ের প্রতি

তাভিঃ কেলিকলৌ সাক্ষাৎ সখ্যুঃ পক্ষপরিগ্রহঃ।
অসাক্ষাৎ স্বস্বযূথেশাপক্ষস্থাপনচাতুরী।
কর্ণাকর্ণি কথাদ্যাশ্চ প্রিয়নর্ম্মসখক্রিয়াঃ।
বন্যরত্নাদ্যলঙ্কারৈর্মাধবস্য প্রসাধনং।
পুরস্তৌর্য্যত্রিকং তস্য গবাং সংভালনক্রিয়াঃ।
অঙ্গসম্বাহনং মাল্যগুম্ফনং বীজনাদয়ঃ।
এতাঃ সাধারণা দাসৈর্বয়স্যানাং ক্রিয়া মতাঃ॥ ৩৮॥

কেলিকলৌ ক্রীড়াকলহে তাসাং কেবলানাং সাক্ষাত্তস্যৈব পক্ষ পরিগ্রহঃ তাসামসাক্ষাত্তস্য তু সাক্ষাত্তাসাং মধ্যে যা স্বস্বাশ্রয়যূথেশা তস্যা যঃ পক্ষস্তস্যৈব স্থাপনচাতুরীত্যর্থঃ। তাসাং তস্য চ যুগপৎ সাক্ষাচ্চেত্তথাপি তস্যা এব পক্ষস্থাপন চাতুরীত্যর্থঃ। তাসাং তস্য চ যুগপত্তথাপি তস্যা এব পক্ষস্থাপন চাতুরীতি জ্ঞেয়ং। কর্ণাকর্ণীতি পূর্ব্বং ব্যাখ্যাতমেব॥ ৩৮॥

অনুমোদন, ঐ সকল কিশোরিকাদিগের সহিত শ্রীকৃষ্ণের ক্রীড়া কলহ উপস্থিত হইলে সাক্ষাতে শ্রীকৃষ্ণের পক্ষ সমর্থন এবং অসাক্ষাতে অর্থাৎ কিশোরিকাগণ উপস্থিত না থাকিলে শ্রীকৃষ্ণের অগ্রে স্ব স্ব যূথেশ্বরীর পক্ষ সমর্থন বিষয়ে চাতুর্য্য প্রকটন এবং কর্ণাকর্ণি বাক্য কথন অর্থাৎ কানে কানে কথা কহা; প্রিয়নর্ম্ম সখাদিগের এই সকল কার্য্য।

দাসের সহিত বয়স্যদিগের সাধারণ ক্রিয়া যথা॥

বন্যপুষ্পাদি ও রত্নালঙ্কার সকল দ্বারা শ্রীকৃষ্ণের অলঙ্কৃতি করণ, তাঁহার অগ্রে নৃত্য, গীত, গোশুশ্রূষাদি ক্রিয়া, অঙ্গমর্দ্দন, মাল্যগ্রন্থন ও বীজন ইত্যাদি দাসদিগের সহিত বয়স্যগণের সাধারণ কর্ম্ম॥ ৩৮॥

পূর্ব্বোক্তেষ্বপরাশ্চাত্র জ্ঞেয়া ধীরৈর্যথোচিতং॥

অথ সাত্ত্বিকাঃ॥

তত্র স্তম্ভো যথা॥

নিষ্ক্রামন্তং নাগমুন্মথ্য কৃষ্ণং

শ্রীদামায়ং দ্রাক্ পরিষ্বক্তু কামঃ।

লব্ধস্তম্ভো সংভ্রমারম্ভশালী

বাহুস্তম্ভৌ পশ্য নোৎক্ষেপ্তু মীষ্টে॥

স্বেদো যথা॥

ক্রীড়োৎসবানন্দরসং মুকুন্দ

স্বাত্যম্বুদে বর্ষতি রম্যঘোষে।

পূর্ব্বোক্তেষ্বনুভাবেষ্বপরা অগণিতাঃ কেচনানুভাবা অত্র জ্ঞেয়াঃ ইতি যাবৎ॥৩৯

পূর্ব্বে যে যে অনুভাব বলিয়াছি এবং এক্ষণে যাহা যাহা বলিলাম, পণ্ডিতগণ এই সকলকে যথাযোগ্য বিবেচনা করিবেন॥

অথ সাত্ত্বিক॥

তন্মধ্যে স্তম্ভ যথা॥

শ্রীকৃষ্ণ কালিয়নাগকে দমন পূর্ব্বক নির্গত হইলে এই শ্রীদাম শীঘ্র আলিঙ্গন করিতে ইচ্ছা করিয়া সংভ্রমশালী স্তম্ভান্বিত বাহুদ্বয় আর উত্তোলন করিতে পারিতেছেন না অবলোকন কর॥

স্বেদ অর্থাৎ ঘর্ম্ম যথা॥

মুরলীর মনোহর গর্জন সাহকারে মুকুন্দ রূপ স্বাতি নক্ষ-

শ্রীদামমূর্ত্তি র্বরশুক্তিরেষা
স্বেদাম্বুমুক্তাপটলীং প্রসূতে ॥ ৩৯ ॥
রোমাঞ্চো যথা ॥
দানকেলিকৌমুদ্যাং ॥
অপি গুরুপুরস্ত্বং দোস্তম্ভৌ প্রসার্য্য নিরর্গলং
বিপুলপুলকৌ ধন্যঃ স্বৈরী পরিষ্বজসে হরিং।
প্রণয়তি তব স্কন্ধে চাসৌ ভুজং ভুজগোপমং
ক্ব সুবল পুরা সিদ্ধক্ষেত্রে চকর্থ কিয়ত্তপঃ ॥ ৪০ ॥
স্বরভেদাদিচতুষ্কং যথা ॥

অপি গুরুপুর ইতি শ্রীরাধায়ামানসমেবানুতাপবচনং গুরবোঽত্র শ্রীরামাদয় এব ॥ ৪০ ॥

ত্রীয় মেঘ, ক্রীড়োৎসব রূপ আনন্দবারি বর্ষণ করিলে উৎকৃষ্ট শুক্তি সদৃশ শ্রীদামমূর্ত্তি ঘর্ম্মবিন্দুময় মুক্তারাশি প্রসব করিয়াছিলেন ॥ ৩৯ ॥

রোমাঞ্চ যথা দানকেলিকৌমুদীতে।

শ্রীরাধা উত্তপ্ত মনে কহিলেন সুবল! তুমি ধন্য, যে হেতু অবাধে গুরুজনের সমক্ষেও বিপুল পুলকশালি বাহুদ্বয় প্রসারণ করিয়া স্বেচ্ছাচারে শ্রীকৃষ্ণকে আলিঙ্গন করিতেছ, শ্রীকৃষ্ণও তোমার স্কন্ধে ভুজগ সদৃশ ভুজদ্বয় নিক্ষেপ করিতেছেন অতএব বল দেখি তুমি পূর্ব্বে কোন্ সিদ্ধক্ষেত্রে কি রূপ তপস্যা করিয়াছিলে ॥ ৪০ ॥

স্বরভেদাদি চতুষ্টয় অর্থাৎ

প্রবিষ্টবতি মাধবে ভুজগরাজভাজং হ্রদং
তদীয় সুহৃদস্তদা পৃথুলবেপথুব্যাকুলাঃ।
বিবর্ণবপুষঃ ক্ষণাদ্বিকট ঘর্ঘরধ্বায়িনো
নিপত্য নিকটস্থলী ভুবি সুষুপ্তিমারেভিরে ॥ ৪১ ॥

অথ অশ্রু যথা ॥

দাবং সমীক্ষ্য বিচরন্তমিষীকতুলৈ-
স্তস্য ক্ষয়ার্থমিব বাষ্পঝরং কিরন্তী।

স্বরভেদাদি চতুষ্কমিতি অশ্রুত্যক্ত্। পূর্ব্বোদ্দিষ্টক্রমো নতু শ্লোকক্রমঃ। ক্ষণাদিতি ক্ষণমতিক্রম্য নিকটৈত্যাদি লক্ষণাঃ। এবমেবং ভূতা নিপত্যেতি নিপতনাদনন্তরমিত্যর্থঃ। সুষুপ্তিমিতি তামিব নিশ্চেষ্টাবস্থামিত্যর্থঃ ॥ ৪১ ॥

ইষীকাঃ শরপুষ্পদণ্ডা স্তাসাং তূলৈঃ। ইষ্টকেষিকা মালানাং চিত তূল ভাবিষ্বিতি হ্রস্বত্বং। প্রকরণ বলাদত্রাভীবাদি শব্দা সখিষ্বেব পর্য্যবস্যন্তি।

অশ্রু পরিত্যাগ করিয়া পূর্ব্বোক্ত ক্রম যথা ॥

শ্রীকৃষ্ণ কালিয়হ্রদে প্রবেশ করিলে তৎকালীন তদীয় সুহৃদ্গণ ব্যাকুল চিত্তে অতিশয় পুলক ও বিবর্ণ দেহ ধারণ পূর্ব্বক ক্ষণকাল বিকট ঘর্ঘর শব্দ করিতে করিতে নিকটস্থ ভূমিতে পতিত হইয়া সুষুপ্তি দশার ন্যায় নিশ্চেষ্ট অবস্থা প্রাপ্ত হইয়াছিলেন ॥ ৪১ ॥

অশ্রু যথা ॥

শরপুষ্প দণ্ড সকলের তূলা সমূহে দাবানল বিচরণ করিতেছে দেখিয়া তাহার বিনাশ নিমিত্তই যেন বাষ্পবারি বিমোচন করিতে করিতে পদ্মমালাধারী বয়স্যগণ আপনাকে

স্বামপ্যুপেক্ষ্য তনুমম্বুজমালভারি-
ণ্যাভীরবীথিরভিতো হরিমাবরিষ্ট ॥ ৪২ ॥
অথ ব্যভিচারিণঃ ॥
ঔগ্র্যং ত্রাসং তথালস্যং বর্জয়িত্বাখিলাঃ পরে ।
রসে প্রেয়সি ভাবজ্ঞৈঃ কথিতা ব্যভিচারিণঃ ।
তত্রাযোগে মদং হর্ষং গর্ব্বং নিদ্রাং ধৃতিং বিনা ।
যোগে মৃতিং ক্লমং ব্যাধিং বিনাপস্মৃতি দীনতে ॥ ৪৩ ॥
তত্র হর্ষো যথা ॥
নিস্ক্রময্য কিল কালিয়োরগং

ভয়েপ্যশ্রমিদমনিষ্টস্য নিশ্চয়াচ্ছোকমনুভূয়েতি জ্ঞেয়ং ॥ ৪২ ॥

ঔগ্র্যমত্র কেবল কৃষ্ণবিষয়ং ত্রাসং কেবল তদ্ধেতুকমালস্যং তদানুকূল্য বিষয়ং বর্জয়িত্বেতি তত্তদুপাধিসদ্ভাবে তত্র তত্রাবর্ণয়দেবেতি ॥ ৪৩ ॥

গীর্ষু স্খলৎপদত্বং পদাবসানস্তাশক্যনির্ণয়ত্ববিবশাঙ্গত্বমক্ষরাবসানমেতি ॥৪৪

উপেক্ষা করিয়া সর্ব্বতোভাবে শ্রীকৃষ্ণকে গিয়া আবরণ করিলেন ॥ ৪২ ॥

অথ ব্যভিচারী ॥

ভাবজ্ঞ পণ্ডিতেরা বলিয়াছেন, উগ্রতা, ত্রাস ও আলস্য পরিত্যাগ করিয়া অন্য সমুদায় ব্যভিচারী ভাব প্রেয়রসে হইয়া থাকে। তন্মধ্যে অমিলন অবস্থায় মদ, হর্ষ, গর্ব্ব, নিদ্রা ও ধৃতি তথা মিলন অবস্থায় মৃতি, ক্লম, ব্যাধি, অপস্মৃতি ও দীনতা ইত্যাদি ব্যভিচারী ভাব প্রকাশ পায় না ॥ ৪৩ ॥

তন্মধ্যে অর্থাৎ অযোগে হর্ষ যথা ॥

ব্রজরাজ নন্দন কালিয় নাগকে নির্ব্বাসন পূর্ব্বক আসিয়া

বল্লবেশ্বরসুতে সগীয়ুষি।
সম্মদেন সুহৃদঃ স্খলৎপদা
স্তদ্গিরশ্চ বিবশাঙ্গতাং গতাঃ ॥ ৪৪ ॥
অথ স্থায়ী ॥
বিমুক্তসংভ্রমা যা স্যাদ্বিশ্রম্ভাত্মা রতির্দ্বয়োঃ।
প্রায়ঃ সমানয়োরত্র সা সখ্যং স্থায়িশব্দভাক্ ॥ ৪৫ ॥
বিশ্রম্ভো গাঢ় বিশ্বাস বিশেষো যন্ত্রণোজ্ঝিতঃ।
এষা সখ্যরতির্বৃদ্ধিং গচ্ছন্তী প্রণয়ঃ ক্রমাৎ।
প্রেমা স্নেহস্তথা রাগ ইতি পঞ্চবিধোদিতা ॥

বিশ্রম্ভাত্মা যা রতিঃ সা বিমুক্তসংভ্রমা সতী সখ্যং স্যাৎ তচ্চ স্থায়ি শব্দ ভাগিত্যন্বয়ঃ। সংভ্রমোহত্র গৌরবকৃতবৈয়গ্র্যং ॥ ৪৫ ॥

গাঢ়বিশ্বাস বিশেষোহত্র পরস্পরং সর্ব্বথা স্বাভেদপ্রতীতিঃ অতএব যন্ত্রণোজ্ঝিতশ্চ ॥ ৪৬ ॥

মিলিত হইলে, হর্ষাতিশয় প্রযুক্ত সুহৃদ্গণ স্খলিত পদ ও স্খলিত বাক্য হইয়া অঙ্গে বিবশতা ধারণ করিয়াছিলেন ॥৪৩॥

অথ স্থায়ী ॥

প্রায় পরস্পর সমান সখা দ্বয়ের যে সম্ভ্রম শূন্য বিশ্বাস-ময়ী রতি তাহাকে সখ্য বলে এবং ঐ সখ্যেই স্থায়ী শব্দ প্রয়োগ হয় ॥ ৪৫ ॥

অতিশয় বিশ্বাস বিশেষের নাম বিশ্রম্ভ, কিন্তু এই বিশ্রম্ভে যন্ত্রণা মাত্র থাকেনা ॥

উল্লিখিত রতি বৃদ্ধি প্রাপ্ত হইয়া ক্রমে সখ্য রতি, প্রণয়, প্রেম, স্নেহ ও রাগ এই পঞ্চ প্রকারে কথিত হয় ॥

তত্র সখ্যরতির্যথা ॥

মুকুন্দো গান্ধিনীপুত্র ত্বয়া সন্দিশ্যতামিতি।
গরুড়াঙ্ক গুড়াকেশ স্ত্বাং কদা পরিরপ্স্যতে ॥ ৪৬ ॥

প্রণয়ঃ ॥

প্রাপ্তায়াং সংভ্রমাদীনাং যোগ্যতায়ামপি স্ফুটং।
তদ্গন্ধেনাপ্যসংস্পৃষ্টা রতিঃ প্রণয় উচ্যতে ॥ ৪৭ ॥

যথা ॥

সুরৈস্ত্রিপুরজিন্মুখৈরপি বিধীয়মানস্ত তে
রপি প্রথয়তঃ পরামধিক পারমেষ্ঠ্যশ্রিয়ং।

প্রেমাদীনাং লক্ষণং পূর্ব্ববৎ প্রণয়স্য তু বক্ষ্যতে ॥ ৪৭ ॥
সুরৈস্ত্রিপুরজিন্মুখৈরিতি অসুরাণাং বধান্তেষীদৃশী লীলা জ্ঞেয়া ॥ ৪৮ ॥

তন্মধ্যে সখ্যরতির্যথা ॥

অক্রূরের প্রতি অর্জ্জুন কহিলেন হে গান্ধিনীনন্দন! আপনি মুকুন্দকে বলিবেন, হে গরুড়ধ্বজ! অর্জ্জুন কবে তোমাকে আলিঙ্গন করিবে ॥ ৪৬ ॥

অথ প্রণয় ॥

যে রতিতে স্পষ্টরূপে সংভ্রমাদির প্রাপ্তি যোগ্যতা থাকিলে তাহাতে যদি সংভ্রম লেশ স্পর্শ না হয়, তাহা হইলে তাঁহাকে প্রণয় বলা যায় ॥ ৪৭ ॥

যথা

ত্রিপুরারি প্রভৃতি দেবগণ স্তুতি দ্বারা শ্রীকৃষ্ণের পরমেশ্বরত্ব সম্পদ্ বিস্তার করিতেছেন, অর্জ্জুন নামা ব্রজবয়স্য

দধৎপুলকিনং হরেরধিশিরোধি সব্যং ভুজং
সমস্কুরুত পাংশুলান্ শিরসি চন্দ্রকানর্জ্জুনঃ ॥ ৪৮ ॥

প্রেম যথা ॥

ভবত্যুদয়তীশ্বরে সুহৃদি হন্ত রাজ্যচ্যুতি-
র্মুকুন্দবসতির্বনে পরগৃহেচ দাস্যক্রিয়া।
ইয়ং স্ফুটমমঙ্গলা ভবতু পাণ্ডবানাং গতিঃ

ভবত্যুদয়তীতি পাণ্ডবানামজ্ঞাতবাসসময়ে শ্রীনারদবচনং। তত্রেয়মমঙ্গলা গতি র্ভবত্বিতি অতি সর্গনাম্নী যা কামচারাভ্যনুজ্ঞা তস্যাং লোট্। যতঃ সা গতি স্তেষাং ন সখ্যস্য হানিকরী প্রত্যুত তস্যাং তস্য বৃদ্ধিরেব দৃশ্যত ইত্যাহ পরস্থিতি তেষাং ভবতি প্রেমা ভবতা কৃতৈ রূপকারৈ র্জনিতঃ। কিন্ত্বসমোর্দ্ধ্বভবদ্গুণগণানামনুভাবেনৈব। তেচ ভবদুদাসীনতাময়ং তেষাং দুঃখানুভবং নির্ধূয় স্ফুরন্ত স্তং প্রেমাণমেধয়ন্ত এব বিরাজন্ত ইতি ভাবঃ। ববুধ ইতি সিদ্ধবন্নির্দ্দেশাদ্দার্ঢ্যং বোধয়তি। পরোক্ষনির্দ্দেশাস্তেষামেবানুভবগম্যং তদস্মাকং তু লক্ষণদৃষ্ট্যানুমানগম্যমেবেতি সূচ-

---

ঐ শ্রীকৃষ্ণের স্কন্ধোপরি বামভুজ সমর্পণ করিয়া তদীয় মস্তকস্থ ময়ূরপুচ্ছের ধূলি সকল সংস্কার করিতে লাগিলেন ॥৪৮

প্রেম যথা ॥

পাণ্ডব দিগের অজ্ঞাত বাস সময়ে নারদ কহিলেন, হে মুকুন্দ। তুমি পরমেশ্বর, পাণ্ডবদিগের সুহৃদ্ থাকায় তাঁহাদের রাজ্যচ্যুতি, বনে বাস এবং পরগৃহে দাস্যকর্ম্ম, ইত্যাদি স্পষ্ট অমঙ্গলময়ী দুর্গতি হইয়াছে, তথাপি তোমাতে ঐ পাণ্ডব

পরন্তু ববৃধে ত্বয়ি দ্বিগুণমেব সখ্যামৃতং ॥
স্নেহো যথা শ্রীদশমে ॥
অন্যে তদনুরূপাণি মনোজ্ঞানি মহাত্মনঃ।
গায়ন্তিস্ম মহারাজ স্নেহক্লিন্নধিয়ঃ শনৈঃ ॥ ৪৯ ॥
যথাবা ॥
আর্দ্রাঙ্গ স্খলদচ্ছ ধাতুষু সুহৃদ্গোত্রেষু লীলারসং
বর্ষত্যুচ্ছ্বসিতেষু কৃষ্ণমুদিরে ব্যক্তং বভূবাদ্ভুতং।

রতি ॥ ৪৯ ॥

কৃষ্ণমুদিরে লীলারসং বর্ষতি সতি আর্দ্রাদঙ্গাৎ স্খলন্তঃ অচ্ছাঃ স্বচ্ছা ধাতবো গৌরিকাদ্যঙ্গরাগা যেষাং তাদৃশেষু সুহৃদ্রূপেষু গোত্রেষু পর্ব্বতেষু উচ্ছ্বসিতেষু

দিগের দ্বিগুণ রূপে সখ্যামৃত বর্দ্ধিত হইয়াছিল ॥

অথ স্নেহ ॥

যথা শ্রীদশমে ১৫ অধ্যায়ে ১৫ শ্লোকে ॥

মহারাজ! মহাত্মা শ্রীকৃষ্ণ ক্রীড়া করিতে করিতে শয়ন করিলে অন্য কতিপয় গোপবালক স্নেহে আর্দ্রচিত্ত হইয়া ধীরে ধীরে তদীয় মনোজ্ঞ গীত সকল গান করিতে লাগিলেন ॥ ৪৯ ॥

যথাবা ॥

কৃষ্ণমেঘে অতিশয় লীলারস বর্ষণ করায় সুহৃদ রূপ গোত্র অর্থাৎ পর্ব্বত সকলে আর্দ্র শরীর প্রযুক্ত গৈরিকাদি ধাতু স্খলিত হইয়া আশ্চর্য্য বিষয় ব্যক্ত হইয়াছিল, যথা— পূর্ব্বে যে সরস্বতী অর্থাৎ বাণীরূপা নদী প্রবাহিত ছিল, ঐ

যা প্রাগাস্ত সরস্বতী স্রুতমসৌ লীনোপকণ্ঠস্থলে
যা নাসীদুদগাদ্দৃশোঃ পথি সদা নীরোরু ধারাত্র সা ॥৫০॥
রাগো যথা ॥
অস্ত্রেণ দুষ্পরিহরা হরয়ে ব্যকারি
যা পত্রিপঙ্‌ক্তিরকৃপেণ কৃপীসূতেন।
উৎপ্লুত্য গাণ্ডিবভৃতা হৃদি গৃহ্যমাণা
জাতাস্য সা কুসুমবৃষ্টিরিবোৎসবায় ॥
যথাবা ॥

উচ্চৈঃ শ্বাস যুক্তেষু। পক্ষে বৃক্ষাদি বৃদ্ধ্যা উচ্ছ্রূণেষু আস্ত আসীৎ। সরস্বতী বাণী। পক্ষে নদী। উপকণ্ঠস্থলে কণ্ঠস্য সমীপে। পক্ষে নিকটে যা নীরোরু ধারা দৃশোঃ পথি নাসীৎ সা সদা উদ্গাৎ। পক্ষে সদানীরা করতোয়াখ্যা নদী ॥ ৫০ ॥
ব্যকারি ক্ষিপ্তা ॥ ৫১ ॥

সুহৃৎ রূপ পর্ব্বতের কণ্ঠদেশে লীন হইল, আর যাহা কখন নির্গত হয় নাই এমত চক্ষুর্দ্বয়ের পথে অনবরত ধারা প্রবাহিত হইতে লাগিল ॥ ৫০ ॥

রাগ যথা ॥

নিষ্ঠুর অশ্বত্থামা অস্ত্র দ্বারা দুষ্পরিহার্য্য এমত বাণ পঙ্‌ক্তি শ্রীকৃষ্ণের উপরে নিক্ষেপ করিলে গাণ্ডীবধারী অর্জ্জুন লম্ফদিয়া ঐ বাণশ্রেণী আপনার হৃদয় মধ্যে ধারণ করিলেন, তাহাতে অর্জ্জুনের আনন্দোৎসব নিমিত্ত ঐ বাণবৃষ্টি পুষ্পবৃষ্টি সদৃশ হইয়াছিল ॥

যথাবা ॥

কুসুমান্যবচিন্বতঃ সমন্তা-
দ্বনমালারচনোচিতান্যরণ্যে।
বৃষভস্য বৃষার্কজামরীচী
দিবসার্দ্ধেঽপি বভূব কৌমুদীব॥
অথাযোগে উৎকণ্ঠিতং॥
ধনুর্বেদমধীয়ানো মধ্যমস্ত্বয়ি পাণ্ডবঃ।
বাষ্পসংকীর্ণয়া কৃষ্ণ গিরাশ্লেষং ব্যজিজ্ঞপৎ॥ ৫১॥
অথ বিয়োগঃ॥
যথা পত্রী॥
অঘস্য জঠরানলাৎ ফণিহ্রদস্যচ ক্ষ্বেড়তো

ধাটী ছলাদাক্রমণমিতি ক্ষীরস্বামী॥ ৫২॥

বৃষভ নামা সখা অরণ্যের সর্ব্ব প্রদেশে শ্রীকৃষ্ণের বনমালার উপযুক্ত কুসুমসকল চয়ন করিতেছিলেন, তাহাতে তাঁহার মধ্যাহ্নকাল হয়, যদিচ তৎকালীন বৃষরাশিস্থ ভাস্করের প্রচণ্ড কিরণ পতিত হইতেছিল তথাপি ঐ বৃষভের সম্বন্ধে তাহা চন্দ্রিকা তুল্য হইয়াছিল॥

অযোগে উৎকণ্ঠিত যথা॥

হে কৃষ্ণ! মধ্যমপাণ্ডব অর্জ্জুন ধনুর্ব্বেদ অধ্যয়ন করিতে করিতে বাষ্পপূরিত গদ্গদবাক্যে তোমাতে আলিঙ্গন নিবেদন করিয়াছিলেন॥ ৫১॥

অথ বিয়োগ যথা॥

পত্রীনামা ভৃত্য কহিল প্রভো! অঘাসুরের জঠরানল,

দবস্য কবলাদপি ত্বমবিতাত্র যেষামভূঃ।
ইতস্ত্রিতয়তোপ্যতিপ্রকটঘোরধাটীধরাৎ
কথং ন বিরহজ্বরাদবসিতান্ সখীন্নদ্য নঃ।
অত্রাপি পূর্ব্ববৎ প্রোক্তা স্তাপাদ্যাস্তা দশা দশ॥
তত্র তাপঃ॥
প্রপন্নো ভাণ্ডীরেহপ্যধিকশিশিরে চণ্ডিমভরং
তুষারেহপি প্রৌঢ়িং দিনকরসুতাস্রোতসি গতঃ।
অপূর্ব্বঃ কংসারে সুবলমুখমিত্রাবলিমসৌ
বলীয়ানুত্তাপস্তব বিরহজন্মা জ্বলয়তি॥ ৫২॥
কৃশতা॥

কালিয়হ্রদের বিষ এবং দাবানলের গ্রাস এই তিন হইতে আপনি যাহাদের রক্ষক হইয়াছেন, কিন্তু ইহা অপেক্ষাও বলবান্ আপনার বিরহজ্বর হইতে আমরা যে সেই সখাগণ আজ্ আমাদের রক্ষা না করিবেন কেন?॥

এস্থলেও পূর্ব্বোক্ত তাপাদি দশ দশা কথিত হইয়াছে॥

তন্মধ্যে তাপ যথা॥

হে কংসারে! তোমার বিরহজনিত উত্তাপ অতিশয়, আশ্চর্য্য, যে হেতু শীতল ভাণ্ডীরবটে অতিশয় প্রাখর্য্য এবং হিম তুল্য ভানুতনয়ার স্রোতে অধিকতর বৃদ্ধি লাভ করিয়া ঐ উত্তাপ সুবল প্রভৃতি মিত্রগণকে নিরন্তর দগ্ধ করিতেছে॥ ৫২॥

কৃশতা যথা॥

ত্বয়ি প্রাপ্তে কংসক্ষিতিপতিবিমোক্ষায় নগরীং
গভীরাদাভীরাবলিতনুষু খেদাদনুদিনং।
চতুর্ণাং ভূতানামজনি তনিমা দানবরিপো
সমীরস্য ঘ্রাণাধ্বনিপৃথুলতা কেবলমভূৎ॥

জাগর্য্যা॥

নেত্রাম্বুজদ্বন্দ্বমবেক্ষ্য পূর্ণং
বাষ্পাম্বুপূরেণ বরূথপস্য।
তত্রানুবৃত্তিং কিল যাদবেন্দ্র
নির্ব্বিদ্য নিদ্রা মধুপী মুমোচ॥

আলম্বশূন্যতা॥

চতুর্ণামিত্যাকাশস্যাপি তনিমা দেহকার্শ্যেন বিবরাণাং সূক্ষ্মত্বপ্রাপ্তেঃ॥ ৫৩॥

হে অসুরঘাতিন্! তুমি কংসরাজকে বিমোচন করিবার নিমিত্ত মধুপুরী গমন করিলে খেদ প্রযুক্ত গোপ সকলের দেহে চারিটী ভূতের অর্থাৎ পৃথিবী, জল, অগ্নি, আকাশ এই চতুষ্টয়ের ক্ষীণতা হইয়াছিল কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, কেবল নাসারন্ধ্রে বায়ুই প্রবলরূপে প্রবাহিত হইতেছিল॥

জাগরণ যথা॥

হে যাদবেন্দ্র! বরূথপ নামক তোমার সখার নেত্র কমল বাষ্পবারিতে পরিপূর্ণ দেখিয়া, নিদ্রারূপা ভ্রমরী খেদ প্রযুক্ত ঐ নেত্রপদ্মের পরিচর্য্যা পরিত্যাগ করিয়াছিল॥

আলম্ব শূন্যতা॥

গতে বৃন্দারণ্যাৎ প্রিয়সুহৃদি গোষ্ঠেশ্বরসুতে
লঘূভূতং সদ্যঃ পতদতিতরামুৎপতদপি।
নহি ভ্রাম্যং ভ্রাম্যং ভজতি চটুলং তূলমিব মে
নিরালম্বং চেতঃ ক্বচিদপি বিলম্বং লবমপি ॥

অধৃতিঃ ॥

রচয়তি নিজবৃত্তৌ পাশুপাল্যে নিবৃত্তিং
কলয়তি চ কলানাং বিস্মৃতৌ যত্নকোটিং।
কিমপরমিহ বাচ্যং জীবিতেঽপ্যদ্য ধত্তে
যদুবর বিরহাত্তে নার্থিতাং বন্ধুবর্গঃ ॥ ৫৩ ॥

জড়তা ॥

অনাশ্রিত পরিচ্ছদাঃ কৃশবিশীর্ণরুক্ষাত্মকাঃ

পরিচ্ছদা বেশাদয়ঃ পক্ষে পরিতঃ ছদাঃ পত্রাণি। ছায়া কান্তিঃ। পক্ষে

প্রিয়সুহৃদ্ ব্রজরাজনন্দন বৃন্দাবন হইতে গমন করিলে আমার চঞ্চল মন নিতান্ত লঘু হইয়াছিল, সুতরাং তূলের ন্যায় আলম্ব শূন্য হইয়া চতুর্দ্দিক্ ভ্রমণ করিতে করিতে কোথাও অণুমাত্র বিলম্ব করিতে পারে নাই ॥

অধৃতি ॥

হে যদুবর! তোমার বিরহে তদীয় বন্ধুবর্গ পশুপালন-রূপ নিজ বৃত্তিতে বৃত্তি কল্পনা করিতেছেন না, গানাদি কৌশল বিস্মরণ হইবার নিমিত্ত কোটি কোটি যত্ন করিতে-ছেন, অধিক কি বলিব আপনারা জীবিত থাকিতেও আর প্রার্থনা করিতেছেন না ॥ ৫৩ ॥

জড়তা যথা ॥

হে মুকুন্দ! তোমার সুহৃদ্বর্গ পর্ব্বতাগ্র জাত বৃক্ষের ন্যায়

সদা বিফলবৃত্তয়ো বিরহিতাঃ কিলচ্ছায়য়া।
বিরাবপরিবর্জিতা স্তব মুকুন্দ গোষ্ঠান্তরে
স্ফুরন্তি সুহৃদাং গণাঃ শিখরজাতবৃক্ষা ইব ॥ ৫৪ ॥
ব্যাধিঃ ॥
বিরহজ্বরসংজ্বরেণ তে
জ্বলিতা বিশ্লথগাত্রবন্ধনা।
যদুবীর তটে বিচেষ্টতে
চিরমাভীরকুমারমণ্ডলী ॥
উন্মাদঃ ॥
বিনা ভবদনুস্মৃতিং বিরহবিভ্রমেণাধুনা

অনাতপঃ। বিরাবো বিশেষেণ রাবঃ। পক্ষে বীনাং পক্ষিণাং রাবঃ। শিখরজাতবৃক্ষা ইবেত্যেব পাঠঃ বিশিষ্টস্যৈবাত্রোপমানত্বাৎ ॥ ৫৪ ॥

বিরহ এব জ্বরঃ তস্য সংজ্বরেণ সন্তাপেন ॥ ৫৫ ॥

পরিচ্ছদ শূন্য, কৃশ, বিশীর্ণ, রুক্ষাঙ্গ, সর্ব্বদা বিফল জীবিকা, শোভা বিরহিত ও নীরব হইয়া গোকুল মধ্যে অবস্থিতি করিতেছেন ॥ ৫৪ ॥

ব্যাধি যথা ॥

হে যদুবীর! তোমার বিরহ জ্বরের সন্তাপে গোপকুমার মণ্ডলী শিথিল গাত্রে বহু দিন যাবৎ যমুনাকূলে ভ্রমণ করিতেছেন ॥

উন্মাদ যথা ॥

হে মথুরাপতে! তোমার স্মরণ না থাকা প্রযুক্ত সম্প্রতি

জগদ্ব্যবহৃতিক্রমং নিখিলমেব বিস্মারিতাঃ।
লুণ্ঠন্তি ভুবি শেরতে বত হসন্তি ধাবন্ত্যমী
রুদন্তি মথুরাপতে কিমপি বল্লবানাং গণাঃ ॥ ৫৫ ॥

মূর্চ্ছিতং ॥

দীব্যতীহ মধুরে মথুরায়াং
প্রাপ্য রাজ্যমধুনা মধুনাথে।
বিশ্বমেব মুদিতং রুদিতান্ধে
গোকুলেতু মুহুরাকুলতাভূৎ ॥

দীব্যতীতি শ্রীকৃষ্ণং প্রতি সখি বিশেষসন্দেশঃ। অত্র রুদিতান্ধ ইত্যাদিনা মুহুর্মূর্চ্ছা ধ্বন্যতে। রুদিতান্ধত্বং খলু রোদনানন্তরং মুহুর্মূর্চ্ছিতত্বং। তচ্চ গোকুলং লক্ষীকৃত্য স্বয়মেব ব্যজ্যতে ইতি। আকুলতাচাত্র রোদন-মূর্চ্ছা পৌনঃপুন্যেন ব্যাকুলতা ॥ ৫৬ ॥

গোপগণ বিরহ বিভ্রমে বিহ্বল হইয়া নিখিল জগতের চেষ্টা সমুদায় বিস্মৃত হইয়াছেন, তাঁহারা কখন ভূমিতে লুণ্ঠিত, কখন শয়ন, কখন হাস্য, কখন ধাবন এবং কখন বা রোদন করিতেছেন ॥ ৫৫ ॥

মূর্চ্ছিত যথা ॥

হে মধুনাথ! সম্প্রতি তুমি মথুরায় রাজ্য প্রাপ্ত হইয়া ক্রীড়াবত থাকাতে সমুদায় জগৎ আনন্দময় হইয়াছে বটে, কিন্তু রুদিতান্ধ গোকুলে নিরন্তর ব্যাকুলতা বৃদ্ধি প্রাপ্ত হইতেছে ॥

মৃতিঃ ॥

কংসারে বিরহজ্বরোর্ম্মি জনিত জ্বালাবলীজর্জ্জরা
গোপাঃ শৈলতটে তথা শিথিলিতশ্বাসাঙ্কুরাঃ শেরতে।
বারং বারমথর্ব্বলোচন জলৈরাপ্লাব্য তান্নিশ্চলান্
শোচন্ত্যদ্য যথা চিরং পরিচয়স্নিগ্ধাঃ কুরঙ্গা অপি ॥ ৫৬
প্রোক্তেয়ং বিরহাবস্থা স্পষ্ট লীলানুসারতঃ।

প্রোক্তেয়মিতি স্পষ্ট লীলানুসারেণেত্যনেন উত্তরার্দ্ধেত্বস্পষ্ট লীলানুসারেণেতি গম্যতে। স্পষ্টলীলা প্রকটলীলা। লীলা হি দ্বিবিধা। প্রকটা অপ্রকটাচেতি। তত্র প্রকটা প্রাপঞ্চিকলোকগোচরীভূতা। সাচ কাদাচিৎকী। অপ্রকটা তদগোচরীভূতা। সা তু নিত্যৈব শ্রীবৃন্দাবনাদৌ বর্ত্ততে। যৈব খলু স্কান্দাদৌ আগমাদৌ তাপনীশ্রুত্যাদৌ জয়তি জননিবাস ইত্যাদৌ চ প্রগীয়তে তস্যাস্তু দেশান্তর গমনাদিকং নাস্তি নিত্যত্বাদেব কিন্তু প্রকটায়ামেব কদাচিদ্ভবন্তি প্রাপঞ্চিকলোকগোচরী ভাবশ্চ সপরিকরস্য ভগবত স্তত্তল্লীলানুসা-

---

মৃতি যথা ॥

হে কংসারে! তোমার বিরহজ্বর-তরঙ্গ জনিত জ্বালা সমূহে গোপগণ জর্জ্জর হইয়া অল্প অল্প শ্বাস পরিত্যাগ করত পর্ব্বততটে শয়ন করিয়া রহিয়াছেন, যেমন পরিচিত বন্ধুজনকে বিপদান্বিত দেখিয়া অশ্রুমোচন পূর্ব্বক শোক করিয়া থাকে, তাহার ন্যায়, মৃগগণও বারম্বার বিপুল নয়ন জল প্রবাহ দ্বারা ঐ সকল নিশ্চেষ্ট গোপগণকে সেচন করিতেছে ॥

প্রকট লীলার অনুসারে এই বিরহাবস্থা বর্ণিত হইল,

কৃষ্ণেন বিপ্রয়োগঃ স্যান্নজাতু ব্রজবাসিনাং ॥

তথা চ স্কান্দে মথুরাখণ্ডে ॥

বৎসৈর্বৎসতরীভিশ্চ সদা ক্রীড়তি মাধবঃ।

বৃন্দাবনান্তরগতঃ সরামো বালকৈর্বৃতঃ ॥ ৫৭ ॥

অথ যোগে সিদ্ধির্যথা ॥

পাণ্ডবঃ পুণ্ডরীকাক্ষঃ প্রেক্ষ্য চক্রিনিকেতনে।

রেণ কদাচিদ্ভবতি। তত্র ষোড়শসহস্র কন্যা বিবাহবল্লীলা শক্ত্যা প্রাদুর্ভাব ভেদাদভিমানভেদঃ। পরস্পরমননুসন্ধানঞ্চ তত্তল্লীলাবস রক্ষণায় স্যাৎ তদন্যথাতু বিয়োগ এব ন স্যাৎ। তস্মাৎ প্রকটলীলায়াং বিয়োগে জাতেঽপ্যপ্রকটলীলায়াং তদভাবান্নজাত্বিত্যুক্তং। কিন্তু প্রকটলীলামেবোদ্দিশ্য সর্ব্বেয়ং বচনেতি তস্যাঃ পর্য্যবসান রম্যত্বমবশ্যং স্থাপনীয়ং। তচ্চ ব্রজে পুনঃ সঙ্গত্য দ্বয়োর্লীলয়োঃ শ্রীভগবতা কৃতে পুনরেকীভাবে প্রকট লীলাগত বিরহশ্চ শাম্যতীতি বিবরণময়ে বৎসলরসপ্রান্তে জ্ঞেয়ং ॥ ৫৭ ॥

পাণ্ডবোঽর্জ্জুনঃ সখ্যে মুখ্যত্বাৎ চক্রী দ্রুপদনগরস্য কুম্ভকারঃ। তথৈব

কিন্তু নিত্যলীলায় শ্রীকৃষ্ণের সহিত ব্রজবাসিদিগের কখনই বিচ্ছেদ নাই ॥

যথা স্কন্দপুরাণান্তর্গত মথুরাখণ্ডে ॥

শ্রীকৃষ্ণ বলদেব ও ব্রজবালকগণে পরিবৃত হইয়া বৎস ও বৎসতরীর সহিত নিরন্তর ক্রীড়া করিতেছেন ॥ ৫৭ ॥

অথ যোগে সিদ্ধি যথা ॥

অর্জ্জুন দ্রুপদনগরের কুম্ভকার গৃহে শ্রীকৃষ্ণকে অবলো-

চিত্রাকারং ভজন্নেব মিত্রাকারমদর্শয়ৎ ॥

তুষ্টির্যথা শ্রীদশমে ॥

তং মাতুলেয়ং পরিরভ্য নির্বৃতো

ভীমঃ স্মযন্ প্রেমজলাকুলেন্দ্রিয়ঃ।

যমৌ কিরীটীচ সুহৃত্তমং মুদা

প্রবৃদ্ধবাষ্পাঃ পরিরেভিরেঽচ্যুতং ॥ ৫৮ ॥

যথাবা ॥

কুরুজাঙ্গলে হরিমবেক্ষ্য পুরঃ

প্রিয়সঙ্গমং ব্রজসুহৃন্নিকরাঃ।

ভারতাদ্যাখ্যানাং। চিত্রস্যাকার মাকৃতি তত্তুল্যতাং মিত্রযোগ্যাকার-মিঙ্গিতং ॥ ৫৮ ॥

প্রকটলীলায়ামপি শ্রীব্রজসুহৃন্নিকরাণাং তুষ্টিমাহ। কুরুজাঙ্গল ইতি

কন করিয়া তুল্যাকৃতি প্রযুক্ত তাঁহার সহিত মিত্রতা করি-করিয়াছিলেন ॥

তুষ্টির্যথা শ্রীদশমে ৭১ অধ্যায়ে ২৫ শ্লোকে ॥

শ্রীকৃষ্ণ ইন্দ্রপ্রস্থে গমন করিলে ভীম সেই মাতুলেয়কে আলিঙ্গন করিয়া হাস্যবদনে প্রেমাশ্রুধারায় আকুল হইলেন পরে নকুল সহদেবের সহিত অর্জ্জুন আসিয়া হৃষ্টচিত্তে প্রিয়-তম অচ্যুতকে আলিঙ্গন করিয়া প্রবৃদ্ধ বাষ্প কলায় পরিপূর্ণ হইলেন ॥ ৫৮ ॥

যথাবা॥

কুরুক্ষেত্রে অগ্রে প্রিয়তম শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া

ভুজমণ্ডলেন মণিকুণ্ডলিনঃ
পুলকাঞ্চিতেন পরিষস্বজিরে ॥ ৫৯ ॥
স্থিতির্যথা শ্রীদশমে ॥
যৎপাদপাংশু র্বহুজন্মকৃচ্ছ্রতো
ধৃতাত্মভির্যোগিভিরপ্যলভ্যঃ।
স এব যদ্দৃগ্বিষয়ঃ স্বয়ং স্থিতঃ
কিং বর্ণ্যতে দিষ্টমহো ব্রজৌকসাং ॥

কুরুক্ষেত্রইত্যর্থঃ। প্রিয়োঽভিলষিতঃ সঙ্গমো যস্য তং ॥ ৫৯ ॥

বহুজন্মভির্যৎ কৃচ্ছ্রং দুঃখাত্মকমষ্টাঙ্গযোগসাধনং তেন ধৃতঃ স্থিরীকৃতঃ আত্মা মনো যৈস্তৈ র্যোগিভির্যৎপাদপাংশু রপ্যলভ্য স্তাদৃশেনাত্মনাপি লব্ধু-মশক্যঃ সএব শ্রীকৃষ্ণো নতু তদংশঃ স্বয়মাত্মনৈব হেতুনা নতু হেত্বন্তরেণ। কিন্তু স্বভাবেনৈব যেষামহো আশ্চর্য্যং দৃগ্বিষয়স্থিত স্তেষাং ব্রজৌকো মাত্রাণাং দিষ্টং প্রাক্তনপুণ্যং কিং বর্ণ্যতে নহি নহি কিন্তু স্বাভাবিকী তাদৃশতয়া মহতী

মণিকুণ্ডলধারি ব্রজসুহৃদ্গণ পুলকশালী ভুজমণ্ডল দ্বারা তাঁহাকে আলিঙ্গন করিয়াছিলেন ॥ ৫১ ॥

স্থিতি যথা ॥

শ্রীদশমে ১২ অধ্যায়ে ১১ শ্লোকে ॥

যোগিগণ বহু জন্ম পর্য্যন্ত কৃচ্ছ্রাদি ব্রত দ্বারা ধৃতাত্মা হইয়াও যাঁহার চরণরেণু লাভ করিতে পারেন না, সেই ভগবান্ স্বয়ং যে সকল ব্রজবাসির দর্শন গোচরে অবস্থিত হন্ তাঁহাদের ভাগ্য যে অত্যাশ্চর্য্য ইহা বর্ণন করিয়া বলা বাহুল্যমাত্র ॥

দ্বয়োরপ্যেকজাতীয়ভাবমাধুর্য্যভাগসৌ।
প্রেয়ান্ কামপি পুষ্ণাতি রসশ্চিত্তচমৎকৃতিং।
প্রীতে চ বৎসলেচাপি কৃষ্ণতদ্ভক্তয়োঃ পুনঃ।
দ্বয়োরন্যোন্যভাবস্য ভিন্নজাতীয়তা ভবেৎ॥ ৬০॥
প্রেয়ানেব ভবেৎ প্রেয়ানতঃ সর্ব্বরসেষ্বয়ং।
সখ্যসংপৃক্তহৃদয়ৈঃ সদ্ভিরেবানুবুদ্ধ্যতে॥ ৬১॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ পশ্চিমবিভাগে মুখ্য ভক্তিরস পঞ্চকনিরূপণে প্রেয়োভক্তিরসলহরী॥ * ॥ ৩ ॥*॥

স্থিতিরেব বর্ণনীয়া ইত্যর্থঃ। তদেবং সহ বিহারকৃতাং পূর্ব্বোক্ত সখীনাং কমুতেতি ভাবঃ। স্থিত ইতি শীলিতাদিত্বাদ্বর্ত্তমানে ক্তঃ। যচ্চ কিঞ্চিজ্জগত্যস্মিন্ দৃশ্যতে শ্রূয়তেঽপি বা। অন্তর্বহিশ্চ তৎসর্ব্বং ব্যাপ্য নারায়ণঃ স্থিত ইতিবৎ॥ ৬০॥

অতঃ পূর্ব্ব পদ্যদ্বয়োক্তাদ্ধেতোঃ প্রেয়ানেবেত্যাদি যোজ্যং॥ ৬১॥

॥ * ॥ ইতি পঞ্চলহর্য্যাত্মকে পশ্চিমবিভাগে প্রেয়োভক্তিরস লহরী তৃতীয়া॥ * ॥

দুই অর্থাৎ কৃষ্ণ এবং কৃষ্ণসখা ইহাঁদের এক জাতীয় ভাব মাধুর্য্যশালী প্রিয়তর রস, কোন এক অনির্ব্বচনীয় চিত্ত চমৎকৃতি সম্পাদন করে॥

প্রীত ও বৎসল রসে কৃষ্ণ এবং কৃষ্ণভক্ত এই দুইয়ের পুনরায় পরস্পর ভাবের ভিন্ন জাতীয়তা হয়॥ ৬০॥

সকল রসের মধ্যে প্রেয়রসই প্রিয়তর হয়, সখ্য রস বিশিষ্ট সাধুগণই ইহা অনুভব করিতে পারেন॥ ৬১॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণ বিদ্যারত্নকৃত ব্যাখ্যায় ভক্তিরসামৃতসিন্ধুর পশ্চিমবিভাগে প্রেয়োভক্তি রস॥ * ॥ ৩ ॥*॥

অথ বৎসলভক্তিরসঃ ॥

বিভাবাদ্যৈস্তু বাৎসল্যং স্থায়ী পুষ্টিমুপাগতঃ।
এষ বৎসল নামাত্র প্রোক্তো ভক্তিরসো বুধৈঃ ॥

তত্রালম্বনাঃ ॥

কৃষ্ণং তস্য গুরূংশ্চাত্র প্রাহুরালম্বনান্ বুধাঃ ॥ ১ ॥

তত্র কৃষ্ণো যথা ॥

নবকুবলয়দাম শ্যামলং কোমলাঙ্গং
বিচলদলকভৃঙ্গক্রান্তনেত্রাম্বুজান্তং।
ব্রজভুবি বিহরন্তং পুত্রমালোকয়ন্তী

উৎপীড়ং স্বয়ং বলাদুদ্গমঃ। দিগ্ধা লিপ্তেতি সংকীর্ণ বর্গঃ ॥ ১ ॥ ২ ॥

অথ বৎসল রস ॥

বিভাবাদিদ্বারা বাৎসল্য পুষ্টি প্রাপ্ত হইয়া স্থায়ী হয়, পণ্ডিতগণ ইহাকেই বৎসল নামক ভক্তিরস বলিয়া থাকেন ॥

বৎসল রসে আলম্বন যথা ॥

পণ্ডিত সকল এই বৎসলরসে কৃষ্ণ এবং কৃষ্ণের গুরু-বর্গকে আলম্বন কহেন ॥ ১ ॥

তন্মধ্যে আলম্বনরূপ কৃষ্ণ যথা ॥

যিনি নবনীলোৎপল মালার ন্যায় শ্যামল বর্ণ, যাঁহার অঙ্গ অতিশয় সুকোমল এবং যাঁহার চঞ্চল চূর্ণকুন্তলরূপ ভ্রমরসমূহে নয়ন পদ্মের প্রান্তভাগ আক্রান্ত, এতাদৃশ পুত্রকে ব্রজভূমিতে বিহার করিতে দেখিয়া ব্রজপতিদয়িতা যশোদা সহসা ক্ষরিত স্তনদুগ্ধে লিপ্ত হইয়াছিলেন অর্থাৎ পুত্রাবলো-

ব্রজপতিদয়িতাসীৎ প্রস্নবোৎপীড়দিগ্ধা ॥ ২ ॥
শ্যামাঙ্গো রুচিরঃ সর্ব্বসল্লক্ষণযুতো মৃদুঃ।
প্রিয়বাক্ সরলো হ্রীমান্ বিনয়ী মান্যমানকৃৎ।
দাতেত্যাদিগুণঃ কৃষ্ণো বিভাব ইতি কথ্যতে।
এবং গুণস্য চাস্যানুগ্রাহ্যত্বাদেব কীর্ত্তিতা।

শ্যামাঙ্গ ইতি আস্তাং তাবত্তদ্গুণাপেক্ষা শ্যামাঙ্গতা মাত্রেণ জনস্যাদীনা মালম্বনত্বং ইত্যর্থঃ। রম্যাঙ্গ ইতি বা পাঠঃ। আলম্বনত্বমেব তস্য বিশদয়তি এবমিতি অস্য পুত্রত্বেনাভিব্যক্তস্য শ্রীকৃষ্ণস্য অতএব প্রভাবানাস্পদতয়া বেদ্যস্য অনভিব্যঞ্জিত প্রভাবস্য ক্বচিদভিব্যঞ্জিত প্রভাবত্বেপ্যন্যথা ভাবিতস্য যদনুগ্রাহ্যত্বং পুত্রোঽয়ং মমান্তর্বহিরপ্যতি কোমল ইতি ভাবনয়া মাত্রাদীনাং হিতেচ্ছা বিষয়ত্বং তস্মাদেব নেতরস্মাৎ প্রকারাদত্র রসে বিভাবতা মাত্রাদিষু। বাৎসল্যাভিধ বত্যাস্বাদ জনকতা কীর্ত্তিতেতি পুত্রতযাবির্ভাব মাত্রেণ সা সিদ্ধৈব। পূর্ব্ববীতাণুগ্রহোদয়ে নতু সর্ব্বতঃ প্রসরৎ কীর্ত্তির্ভবেত্যর্থঃ। গুণানাস্তূদ্দীপনতা মাত্রেণ জনকত্বমিত্যাহ এবং গুণস্য চেতি পূর্ব্বদর্শিত

কনে বলপূর্ব্বক তাঁহার স্তন হইতে দুগ্ধ ক্ষরিত হইয়া অঙ্গ সকল আর্দ্র করিয়াছিল ॥ ২ ॥

বৎসল রসের বিভাব যথা ॥

শ্যামাঙ্গ, রুচির, সর্ব্বসল্লক্ষণাক্রান্ত, মৃদু, প্রিয়বাক্য, সরল, লজ্জাশীল, বিনয়ী, মান্যগণে মানপ্রদ এবং দাতা ইত্যাদি গুণশালী শ্রীকৃষ্ণ বৎসলরসে বিভাব বলিয়া কীর্ত্তিত হয়েন ॥

উক্ত গুণশালী শ্রীকৃষ্ণ অনুগ্রহের পাত্রতা প্রযুক্ত যখন

প্রভাবানাস্পদতয়া বেদ্যস্যাত্র বিভাবতা ॥

তথা শ্রীদশমে ॥

ত্রয্যাচোপনিষদ্ভিশ্চ সাংখ্যযোগৈশ্চ সাত্বতৈঃ।

উপগীয়মানমাহাত্ম্যং হরিং সামন্যতাত্মজং ॥ ৩ ॥

যথাবা ॥

বিষ্ণুর্নিত্যমুপাস্যতে সখি ময়া তেনাত্র নীতাঃ ক্ষয়ং

গুণগণস্যাপীত্যর্থঃ। বাৎসল্যানুগ্রহয়োস্তু কারণকার্য্যতা ভেদেন ভেদো জ্ঞেয়ঃ মম পুত্রোঽয়ং ভ্রাতুষ্পুত্রোঽয়মিতি স্নিগ্ধতা বাৎসল্যং। তত্র হিতেচ্ছা-ত্বনুগ্রহ ইতি ॥ ৩ ॥

তদেবং শ্রীভাগবতমতেন নেমং বিরিঞ্চ ইত্যাদ্যনুসারাৎ ত্রয্যেত্যাদি

প্রভাব শূন্যরূপে অর্থাৎ পুত্র বলিয়া বিদিত হয়েন তখনই তাঁহার বিভাবতা হয় ॥

যথা শ্রীদশমে ৮ অধ্যায়ে ৩৫ শ্লোকে ॥

শুকদেব কহিলেন মহারাজ! বেদ সকল ইন্দ্রাদি বলিয়া, উপনিষৎ সকল ব্রহ্ম বলিয়া, সাংখ্য সকল পুরুষ বলিয়া, যোগ সকল পরমাত্মা বলিয়া, তথা সাত্বত (ভক্ত) গণ ভগবান্ বলিয়া যাঁহার মাহাত্ম্য গান করিতেছেন, যশোদা সেই হরিকে আপনার আত্মজ বলিয়া জ্ঞান করিতে লাগিলেন ॥ ৩ ॥

যথাবা ॥

যশোদা কহিলেন সখি! আমার সহিত গোষ্ঠপতি নন্দ যে শ্রীবিষ্ণুর উপাসনা করিয়াছেন, বোধ হয় তাঁহারই প্রসাদে

শঙ্কে পূতনিকাদয়ঃ ক্ষিতিরুহৌ তৌ বাত্যয়োন্মূলিতৌ।
প্রত্যক্ষং গিরিরেষ গোষ্ঠপতিনা রামেণ সার্দ্ধং ধৃত-
স্তত্তৎ কর্ম্ম দুরন্বয়ং মম শিশোঃ কেনাস্য সংভাব্যতে ॥৪

অথ গুরবঃ ॥

ব্যঞ্জিত তদ্বাৎসল্য মহিমানং দর্শয়িত্বা শুদ্ধং তদেব দর্শয়তি বিষ্ণুরিতি স্পষ্ট মেব। অনেন ব্রজেশ্বর্য্যাঃ পরমার্জ্জবং সূচিতং। যদ্বা। বিষ্ণুরিতি নর্ম্ম গোষ্ঠীয়ং তত্রায়মর্থঃ। ময়া সার্দ্ধং গোষ্ঠপতিনা যদ্বিষ্ণুরুপাস্যতে তত স্তেনৈব পূতনা-দয়ঃ ক্ষয়ং নীতাঃ ক্ষিতিরুহৌ বাত্যয়ৈবোন্মূলিতৌ ন তত্র তস্যাপি সম্বন্ধ ইতি ভাবেন মচ্ছিশোরস্য রক্ষা তু তেনৈব কৃতেতি ধ্বনিতং। গিরিস্তু তাদৃশ তদুপাসনবলেন তেন গোষ্ঠপতিনৈব ধৃতঃ। রামেণ সার্দ্ধমিতি মম শিশৌ যদি তৎ সম্ভাব্যতে তর্হি কথং রামেঽপি ন সম্ভাব্যত ইত্যর্থঃ তদেতৎ কচিৎ তৎ পুরাতন তাদৃশ গোবর্দ্ধনধরপ্রতিমা দৃষ্ট্যা শ্রীকবিচরণৈঃ স্পষ্টীকৃতং। তেন সহেতি তুল্যযোগ ইতি সমাসসূত্রে সহার্থস্য দ্বৈবিধ্যেঽপি দৃষ্টে অত্র ময়া সার্দ্ধং রামেণ সার্দ্ধমিতি স পুনঃ সহার্থো বিদ্যমানতা মাত্রেণ বিবক্ষতে ন তুল্যযোগে-নেতি। শ্রীব্রজপতিকৃত নিত্য বিষ্ণুসভাজনমেব কারণত্বেন ব্যঙ্গ্য তস্মিন্ পাল্যত্বমেব পর্য্যবসায়িতং ॥ ৪ ॥

পূতনাপ্রভৃতি রাক্ষস সকল বিনষ্ট হইয়াছে, যমলার্জ্জুন দুইটা বৃক্ষ প্রবল বায়ুদ্বারা উন্মূলিত হইয়া গিয়াছে এবং প্রত্যক্ষ দেখিয়াছি রামের সহিত গোষ্ঠপতিই পর্ব্বত ধারণ করিয়াছিলেন, নতুবা আমার এই শিশুপুত্রের কি ঐ সকল দুরূহ কর্ম্ম সম্পন্ন করা সম্ভব হয়! ॥ ৪ ॥

অথ গুরুবর্গ ॥

অধিকম্মন্যভাবেন শিক্ষাকারিতয়াপিচ।
লালকত্বাদিনাপ্যত্র বিভাবা গুরুবোমতাঃ॥ ৫॥
যথা॥
ভূর্য্যনুগ্রহচিত্তেন চেতসা
লালনোৎকমভিতঃ কৃপাকুলং।
গৌরবেণ গুরুণা জগদ্গুরো
গৌরবং গণমগণ্যমাশ্রয়ে॥ ৬॥
তে তু তস্যাত্র কথিতা ব্রজরাজ্ঞী ব্রজেশ্বরঃ।
রোহিণী তাশ্চ বল্লব্যো যাঃ পদ্মজহৃতাত্মজাঃ

অধিকম্মন্যভাবেনেত্যাদিষূপলক্ষণে তৃতীয়া॥ ৫॥
স্বন্যূনপালনেচ্ছানুগ্রহঃ। পরদুঃখহানেচ্ছা কৃপা॥ ৬॥
রোহিণীত্যনেনান্যাঃ পিতৃব্যপত্ন্যাদয়শ্চোপলক্ষ্যন্তে। দেবকী সপত্ন্যাদি

অধিকম্মন্য অর্থাৎ আমি বড় এই রূপ জ্ঞান, শিক্ষা প্রদান কারিত্ব এবং লালকত্বাদি গুণদ্বারা এই বৎসল রসে গুরুবর্গ বিভাব হইয়া থাকেন॥ ৫॥

যথা।

যাঁহারা ভূরি অনুগ্রহযুক্ত চিত্ত দ্বারা লালন বিষয়ে উৎসুক এবং সর্ব্বতোভাবে কৃপাকুল, সেই সকল জগৎগুরুর অগণ্য গুরুগণকে গুরুতর গৌরবসহকারে আশ্রয় করি॥ ৬॥

শ্রীকৃষ্ণের গুরুবর্গের নাম যথা॥

ব্রজরাজ্ঞী, ব্রজেশ্বর, রোহিণী এবং ব্রহ্মা যাঁহাদের পুত্রগণকে হরণ করিয়াছিলেন সেই সকল গোপী, দেবকী ও

দেবকী তৎ সপত্ন্যশ্চ কুন্তী চানকদুন্দুভিঃ।
সান্দীপনিমুখাশ্চান্যে যথা পূর্ব্বমমী বরাঃ।
ব্রজেশ্বরী ব্রজাধীশৌ শ্রেষ্ঠৌ গুরুজনেষ্বিমৌ ॥ ৭ ॥
তত্র ব্রজেশ্বর্য্যা রূপং যথা শ্রীদশমে ॥
ক্ষৌমং বাসঃ পৃথু কটিতটে বিভ্রতী সূত্রনদ্ধং
পুত্রস্নেহস্নুতকুচযুগং জাতকম্পঞ্চ সুভ্রুঃ।
রজ্জ্বাকর্ষশ্রমভুজচলৎ কঙ্কণৌ কুণ্ডলেচ

জ্যেষ্ঠানকদুন্দুভে র্ন্যূনত্বং জ্ঞানাংশাধিক্যেন পুরুষত্বেন চ স্নেহাংশস্যাবরণাৎ। ব্রজেশ্বর্য্যাঃ শ্রেষ্ঠত্বং স্নেহমাত্রপারম্যাৎ। তত্তৎকং পিতরৌ নাস্থবিন্দে তামিত্যাদিনা ॥ ৭ ।

ক্ষৌমং পরম সূক্ষ্মাতসীতন্তুসম্ভবং অতসী স্যাদুমা ক্ষমা ইত্যমরঃ ॥ ৮ ॥

দেবকীর সপত্নীগণ, তথা কুন্তী, বসুদেব এবং সান্দীপনি মুনি প্রভৃতি অন্যান্য ব্যক্তিগণ ইহাঁরাই শ্রীকৃষ্ণের গুরুবর্গ, কিন্তু ইহাঁদের মধ্যে পূর্ব্ব পূর্ব্ব শ্রেষ্ঠ। সমুদায় গুরুবর্গের মধ্যে ব্রজেশ্বরী এবং ব্রজরাজ সর্ব্ব প্রধান ॥ ৭ ॥

তন্মধ্যে ব্রজেশ্বরীর রূপ যথা ॥

শ্রীদশমে ৯ অধ্যায়ে ২ শ্লোকে ॥

শুকদেব কহিলেন হে রাজন্! যশোদার স্থূল কটিতটে ক্ষৌমবসন সূত্র দ্বারা বদ্ধ ছিল, পুত্রস্নেহে স্তন হইতে দুগ্ধ প্রস্নুত হইতে ছিল, আর বারম্বার রজ্জু আকর্ষণে বাহুদ্বয় শ্রান্ত হওয়াতে কঙ্কণ চলিত ও কর্ণের কুণ্ডলদ্বয় কম্পিত এবং কবরী হইতে পুষ্পদাম স্খলিত হইতে ছিল। অপর শ্রম

স্বিন্নং বক্ত্রং কবরবিগলন্মালতী নির্ম্মমন্থ ॥ ৮ ॥

যথাবা ॥

ডোরী-জুটিত-বক্রকেশপটলা সিন্দূরবিন্দূল্লসৎ

সীমন্তদ্যুতিরঙ্গভূষণবিধিং নাতিপ্রভূতং শ্রিতা।

গোবিন্দাস্য নিসৃষ্টসাশ্রুনয়নদ্বন্দ্বানবেন্দীবর

নবেন্দীবরেতি ক্রমদীপিকায়াং যথাসংখ্যপ্রাপ্তত্বাল্লভ্যতে। তথাহি তত্রাবরণপূজায়াং। ততোযজেদ্দলাগ্রেষু বসুদেবঞ্চ দেবকীং। নন্দগোপং যশোদাঞ্চ ইত্যুক্ত্বা প্রাহ। জ্ঞানমুদ্রাভয়করৌ পিতরৌ পীতপাণ্ডরৌ। দিব্যমাল্যাম্বরালেপ ভূষণৌ মাতরৌ পুনঃ। ধারয়ন্তৌ চ বরদং পয়সা পূর্ণপাত্রকং। অরুণশ্যামলে হার মণি কুণ্ডল মণ্ডিতে ইতি। যৎখলু গৌতমীয়তন্ত্রে। তদ্বহি বসু দেবঞ্চ যশোদাং দেবকীং পুনঃ। বসুদেবো হেমগৌরো বরাভয়করঃ স্থিতঃ। দেবকী শ্যামসুভগা সর্ব্বাভরণশোভনা। যশোদা হেমসঙ্কাশা সিতবস্ত্র যুগান্বিতা। সর্ব্বাভরণসন্দীপ্তা কুণ্ডলোদ্ভাসিতাননা। রোহিণীঞ্চ যজেত্তত্র নন্দং গৌরং সমর্চ্চয়েৎ। বরদাভয়সংযুক্তং সমস্ত পুরুষার্থদমিতি। তদেতত্তু বিচার্য্যং। ইন্দীবরশ্যাম শ্যামরুচিরিতি। ইন্দীবরমিব শ্যামা ন কেবলং

বশতঃ তাঁহার বদন স্বেদ বিন্দুতে অঙ্কিত হইয়া ছিল ॥ ৮ ॥

যথাবা ॥

যিনি রজ্জু দ্বারা বক্রকেশ সমূহ বন্ধন করিয়াছেন, যাঁহার সিন্দূরবিন্দুর দ্বারা সীমন্তের দ্যুতি জাজ্বল্যমান দেখাইতেছে, যাঁহার অঙ্গ সৌষ্ঠব দ্বারা অলঙ্কার সকলের কান্তি তিরস্কৃত হইতেছে, গোবিন্দের বদন নিরীক্ষণেই যাঁহার নয়নযুগল অশ্রুতে আকীর্ণ হইয়াছে এবং যাঁহার নীলপদ্মের ন্যায়

শ্যাম শ্যামরুচি র্বিচিত্রসিচয়া গোষ্ঠেশ্বরী পাতু বঃ ॥ ৯ ॥

বাৎসল্যং যথা ।

তনৌ মন্ত্রন্যাসং প্রণয়তি হরে গদ্গদময়ী

স বাষ্পাক্ষি রক্ষাতিলকমলিকে কল্পয়তিচ ।

স্নুষানা প্রত্যূষে দিশতিচ ভুজে কার্ম্মণমসৌ

যশোদা মূর্ত্তেব স্ফুরতি সুতবাৎসল্যপটলী ॥ ১০ ॥

ব্রজাধীশস্য রূপং যথা ॥

তিলতণ্ডুলিতৈঃ কচৈঃ স্ফুরন্তং

তাদৃশীঞ্চাপিতু শ্যামা রুচির্দীপ্তিশ্চ যস্যা তাদৃশীচ বিশেষণয়োঃ কর্ম্মধারয়ঃ ॥ ৯ ॥

. কার্ম্মণং মূলকর্ম্মরক্ষৌষধমিতি যাবৎ ॥ ১০ ॥

তিলমিশ্রিত তণ্ডুলবদাচরদ্ভিঃ শ্যামমিশ্র শ্বেতৈরিত্যর্থঃ । অতিতুন্দিল

শ্যামবর্ণ অঙ্গ ও চিত্রবিচিত্র বসন পরিধান, সেই গোষ্ঠেশ্বরী যশোদা আমাদিগকে রক্ষা করুন ॥ ৯ ॥

যশোদার বাৎসল্য যথা

যশোদা প্রভাতকালে শ্রীকৃষ্ণকে দর্শন করিয়া স্নেহ ভরে স্তন হইতে দুগ্ধ মোচন পূর্ব্বক বাষ্পাকুল লোচন ও গদ্গদ স্বরে পুত্রাঙ্গে মন্ত্রন্যাস, ললাটে রক্ষা তিলক এবং হস্তে রক্ষা বন্ধন করিতে লাগিলেন, কি আশ্চর্য্য ! এতদ্দ্বারা বোধ হইল বাৎসল্য সমূহই যেন যশোদা মূর্ত্তিতে স্ফূর্ত্তি পাইতেছে ॥ ১০ ॥

ব্রজরাজ নন্দের রূপ যথা ॥

যাঁহার মস্তকের কেশ সকল শ্যাম মিশ্রিতশুক্ল বর্ণ

নবভাণ্ডীরপলাশচারুচেলং।
অতিতুন্দিলমিন্দুকান্তিভাজং
ব্রজরাজং বরকূর্চ্চমর্চ্চয়ামি॥
বাৎসল্যং যথা॥
অবলম্ব্য করাঙ্গুলিং নিজাং
স্খলদঙ্ঘ্রি প্রসরন্তমঙ্গনে।
উরসি স্রবদশ্রুনির্ঝরো
মুমুদে প্রেক্ষ্য সুতং ব্রজাধিপঃ॥
অথোদ্দীপনাঃ॥
কৌমারাদি বয়োরূপবেশাঃ শৈশবচাপলং।

মিতি প্রশংসা বিষয়তয়া স্থূলমিত্যর্থঃ। অতিশব্দঃ প্রশংসায়ামিতি বিশ্বঃ। কূর্চো বিকত্থনে মধ্যে ভ্রুবোঃ শ্মশ্রুণি কৈতব ইতি বিশ্বঃ॥ ১১॥

পরিধেয় বসন নূতন বট পত্রের ন্যায় মনোহর, উদর অতি স্থূল এবং যিনি পূর্ণ চন্দ্রের ন্যায় রূপবান্ ও অনুপম শ্মশ্রু ধারী সেই ব্রজরাজ নন্দকে অর্চ্চনা করি॥

নন্দের বাৎসল্য যথা॥

শ্রীকৃষ্ণ পিতার করাঙ্গুলি ধারণ করিয়া প্রাঙ্গণে ভ্রমণ করিতেছিলেন, তাহাতে তাঁহার মৃদু চরণ দৃঢ় রূপে ভূমিতে সংলগ্ন না হইয়া স্খলিত হইতে লাগিল, ব্রজরাজ ঐরূপ গমন শীল পুত্রকে নিরীক্ষণ করিয়া হৃদয়স্রাবী অশ্রু বিমোচন পূর্ব্বক আনন্দে বিহ্বল হইয়া পড়িলেন॥

অথ বাৎসল্য রসে উদ্দীপন॥

কৌমারাদি বয়স, রূপ, বেশ, বাল্যচাঞ্চল্য, মধুর বাক্য

জল্পিত স্মিত লীলাদ্যা বুধৈরুদ্দীপনাঃ স্মৃতাঃ ॥

তত্র কৌমারং ॥

আদ্যং মধ্যং তথা শেষং কৌমারং ত্রিবিধং মতং ॥ ১১ ॥

তত্রাদ্যং ॥

স্থূলমধ্যোরুতাপাঙ্গ শ্বেতিমা স্বল্পদন্ততা।

প্রব্যক্ত মার্দ্দবত্বঞ্চ কৌমারে প্রথমে সতি ॥ ১২ ॥

যথা ॥

ত্রিচতুর দশন স্ফুরন্মুখেন্দুঃ

পৃথুতর মধ্য কটীরকোরু সীমা।

স্থূলং মধ্যং উরু চ যস্য তস্য ভাব স্তত্তা ॥ ১২ ॥

ত্রয়ো বা চত্বারো বা ত্রিচতুরা ইতি সন্দিগ্ধতায়ামেবায়ং বহুব্রীহিঃ। সন্দি-

---

মন্দ হাস্য ও ক্রীড়া প্রভৃতি, পণ্ডিতগণ বাৎসল্য রসে এই সকলকে উদ্দীপন বলিয়া থাকেন ॥

তন্মধ্যে কৌমার যথা ॥

আদ্য, মধ্য ও শেষ ভেদে কৌমার তিন প্রকার হয় ॥১১

তন্মধ্যে আদ্যকৌমার যথা ॥

প্রথম কৌমার অবস্থায় মধ্যভাগ ও উরুদেশের স্থূলতা, নেত্রের অন্তভাগ শুক্লবর্ণ, অল্প অল্প দন্তোদ্গম এবং মৃদুতা প্রভৃতি হইয়া থাকে ॥ ১২ ॥

যথা ॥

যাঁহার তিন চারিটী দন্তে মুখচন্দ্র শোভা পাইতেছে, যাঁহার মধ্য দেশ ও উরু অতিশয় স্থূল এবং যিনি নব কুবলয়

নবকুবলয়কোমলঃ কুমারো
মুদমধিকাং ব্রজনাথয়োর্ব্যতানীৎ ॥
অস্মিন্ মুহুঃ পদক্ষেপঃ ক্ষণিকে রুদিতস্মিতে।
স্বাঙ্গুষ্ঠপানমুত্তানশয়নাদ্যঞ্চ চেষ্টিতং ॥
যথা ॥
মুখপুট কৃত পাদাম্ভোরুহাঙ্গুষ্ঠমূর্দ্ধ্ব
প্রচল চরণ যুগ্মং পুত্রমুত্তান সুপ্তং।
ক্ষণমিহ বিরুদন্তং স্মেরবক্ত্রং ক্ষণং সা
তিলমপি বিরতাসীন্নেক্ষিতুং গোষ্ঠরাজ্ঞী ॥
অত্র ব্যাঘ্রনখঃ কণ্ঠে রক্ষাতিলকমঞ্জনং ॥

গুণ্ডকাতি সূক্ষ্মত্বব্যঞ্জনার্থ মিতি চত্বার এব দশনা বস্তুতো বোধ্যন্তে। সীমশব্দে

দল অপেক্ষাও সুকোমল সেই কুমার ব্রজরাজ ও ব্রজেশ্বরীর অতিশয় আনন্দ বিস্তার করিতে লাগিলেন ॥

এই প্রথম কৌমারে বারম্বার পাদনিক্ষেপ, ক্ষণ রোদন ও ক্ষণ হাস্য, স্বীয় অঙ্গুষ্ঠপান এবং উত্তান শয়ন অর্থাৎ চিৎ হইয়া শয়ন করিয়া থাকা, ইত্যাদি সকলকে চেষ্টা বলে ॥

যথা ॥

শ্রীকৃষ্ণ উত্তান ভাবে শয়ন করিয়া মুখপদ্মে পদাঙ্গুষ্ঠ, ঊর্দ্ধদিকে চরণ দ্বয় নিক্ষেপ, ক্ষণ কাল রোদন ও ক্ষণ কাল বা হাস্যবদনে আনন্দাতিশয় প্রকাশ করিতে লাগিলে, ব্রজেশ্বরী যশোদা ঐ প্রকার পুত্র দর্শন বিষয়ে ক্ষণ কালও বিরক্তি ভাব প্রকাশ করেন নাই অর্থাৎ সতৃষ্ণ নেত্রে নিরন্তর নিরীক্ষণ

পট্টডোরী কটৌ হস্তে সূত্রমিত্যাদিমণ্ডনং ॥ ১৩ ॥

যথা ॥

তরক্ষুনখমণ্ডনং নবতমালপত্রদ্যুতিং

শিশুং রুচিররোচনা কৃততমালপত্রশ্রিয়ং।

ধৃতপ্রতিসরং কটি স্ফুরিতপট্টসূত্রস্রজং

ব্রজেশগৃহিণী সুতং ন কিল বীক্ষ্য তৃপ্তিং যযৌ ॥ ১৪ ॥

অথ মধ্যং ॥

দৃক্‌তটীভাগলকতা নগ্নতা ছিদ্রিকর্ণতা ॥

নাত্রাস্পদং বাচ্যং তেষামাশ্রয় ইত্যর্থঃ ॥ ১৩ ॥

তরক্ষো ব্যাঘ্রপ্রায়তয়া তচ্ছব্দেনাত্র ব্যাঘ্র এব বাচনীয়ঃ। দ্বিতীয়ং তমাল পত্রং তিলকং ॥ ১৪ ॥

আনগ্নতা ঈষন্নগ্নতা। সাচাসম্যগাচ্ছাদ্যতা কাচিৎকনগ্নতা চেতি

করিতেছিলেন ॥

এই প্রথম কৌমারে কণ্ঠে ব্যাঘ্রনখ, রক্ষাতিলক, কজ্জল, কটিতে পট্টরজ্জু ও হস্তে সূত্র, এই সকল ভূষণ ॥ ১৩ ॥

যথা ॥

যাঁহার বক্ষে ব্যাঘ্র নখভূষণ, যাঁহার নবতমাল সদৃশ নীল বর্ণ কান্তি; যাঁহার মনোহর গোরোচনার তিলক এবং যিনি হস্তে সূত্র ও কোটিদেশে পট্টরজ্জু দাম ধারণ, করিয়া ছিলেন, সেই শিশু সন্তানকে নিরীক্ষণকরিয়া ব্রজরাজ কোন ক্রমেই তৃপ্তি লাভ করিতে পারিলেন না ॥ ১৪ ॥

অথ মধ্যকৌমার ॥

নেত্র প্রান্তে কেশের অগ্রভাগ পতন, ঈষৎ নগ্নতা অর্থাৎ

কলোক্তী রিঙ্গণাদ্যঞ্চ কৌমারে সতি মধ্যমে ॥ ১৫ ॥

যথা ॥

বিচলদলক রুদ্ধ ভ্রূতটী চঞ্চলাক্ষং

কলবচনমুদঞ্চন্নূতনশ্রোত্র রন্ধ্রং।

অলঘুরচিতরিঙ্গং গোকুলে দিগ্‌দুকূলং

দ্বিধা। ছিদ্রীতি নিত্যযোগেঽপি তত্রাভিব্যক্তত্বাদুক্তং। রিঙ্গণমেবাদ্যং যস্য তদ্রিঙ্গণাদ্যং কিঞ্চিচ্চরণবিহারাদ্যং চরিতমিত্যর্থঃ ॥ ১৫ ॥

বিচলদ্ভিরলকৈ রুদ্ধে যে ভ্রূতটে তত্তল ভাগৌ তত্র চঞ্চলে অক্ষিণী যস্য তং উদঞ্চন্নূতনয়োঃ শ্রোত্রয়ো রন্ধ্রে যস্য। রিঙ্গণাদ্যমিতি যদুক্তং। তত্রত্যং রিঙ্গণং চরণবিহারঞ্চ তন্ত্রেণোদাহরতি অলঘু রচিতরিঙ্গমিতি। তত্র প্রথমে অনল্প রচিতরিঙ্গমিত্যর্থঃ। অনেন প্রথম কৌমারান্তেঽপি স্বল্পং রিঙ্গণং বোধ্যতে। অথ দ্বিতীয়েন লঘ্বপি রচিতো রিঙ্গো যেন তং। কিঞ্চিচ্চরণচর্য্যয়া বিহরন্তমিত্যর্থঃ। দিগ্‌দুকূলামতি পূর্ব্ববদীষন্নগ্নতা কাদাচিৎকনগ্নতা চেতি জ্ঞেয়ং। তনয়

কখন বস্ত্র পরিধান এবং কখন বিবসন, ছিদ্র কর্ণ, (কান ফোড়া,) মধুর বাক্য ও রিঙ্গণ অর্থাৎ কিঞ্চিৎ কিঞ্চিৎ চরণ বিন্যাস পূর্ব্বক গমন, ইত্যাদি সকল মধ্যকৌমারে হইয়া থাকে ॥ ১৫ ॥

যথা ॥

যাঁহার চূর্ণকুন্তল গুলি ভ্রূতটে পতিত হইয়া লোচন দ্বয়কে চঞ্চল করিতেছে, যাঁহার বাক্য অব্যক্ত ও অতিশয় মধুর, যাঁহার কর্ণ দ্বয়ের ছিদ্র প্রকাশ পাইতেছে এবং যিনি দ্রুত-গমনে স্খলিতগতি ও উলঙ্গ, গোকুল মধ্যে এতাদৃশ পুত্রকে নিরীক্ষণ করিয়া মাতা যশোদা অমৃত সমুদ্রে নিমগ্ন হইয়া

তনয়মমৃতসিন্ধৌ প্রেক্ষ্য মাতা ন্যমাজ্জীৎ ॥ ১৬ ॥

ঘ্রাণস্য শিখরে মুক্তা নবনীতং করাম্বুজে।

কিঙ্কিণ্যাদিচ কট্যাদৌ প্রসাধনমিহোদিতং ॥

যথা ॥

ক্বণিতকনককিঙ্কিণীকলাপং

স্মিতমুখমুজ্জ্বলনাসিকাগ্রমুক্তং।

করধৃতনবনীতপিণ্ডমগ্রে

তনয়মবেক্ষ্য ননন্দ নন্দপত্নী ॥

অথ শেষং ॥

অত্র কিঞ্চিৎ কৃশং মধ্যমীষৎপ্রথিমভাগুরঃ।

মনু ভবন্তী সা সুধাব্ধৌ বিজর্হে ইতি বা পাঠঃ ॥ ১৭ ॥

নবনীতং কাদাচিৎকমেব তচ্চ শোভাকরত্বাৎ প্রসাধননির্ব্বিশেষঃ ॥ ১৭ ॥

ছিলেন ॥ ১৬ ॥

মধ্যকৌমারে অলঙ্কার যথা ॥

নাসাগ্রে মুক্তা, হস্ত পদ্মে নবনীত এবং কটি প্রভৃতিতে ক্ষুদ্রঘণ্টিকা ॥

যথা ॥

যাঁহার কটিতে শব্দায়মান স্বর্ণময় ক্ষুদ্র ঘণ্টিকা, বদন ঈষৎ হাস্য যুক্ত, নাসাগ্রে জাজ্বল্যমান মুক্তা এবং যিনি করে নবনীত পিণ্ড ধারণ করিয়াছেন, অগ্রে ঈদৃশ তনয়কে অবলোকন করিয়া নন্দপত্নী আনন্দাতিশয় লাভ করিলেন ॥

অথ শেষকৌমার ॥

শেষকৌমারে মধ্যদেশ ঈষৎ ক্ষীণ, বক্ষঃস্থলের কিঞ্চিৎ

শিরশ্চ কাকপক্ষাঢ্যং কৌমারে চরমে সতি ॥ ১৭ ॥

যথা ॥

স মমাগপচীয়মানমধ্যঃ
প্রথিমোপক্রমশিক্ষণার্থিবক্ষাঃ।
দধদাকুলকাকপক্ষলক্ষ্মীং
জননীং স্তম্ভয়তিস্ম দিব্যডিম্ভঃ ॥ ১৮ ॥

ধটীফণপটীচাত্র কিঞ্চিদ্বন্যবিভূষণং।
লঘুবেত্রকরত্বাদি মণ্ডনং পরিকীর্ত্তিতং ॥ ১৯ ॥

অপচীয়মানেতি কর্ম্মকর্ত্তরি প্রয়োগঃ স্বয়ং ক্ষীণী ভবন্মধ্য ইত্যর্থঃ। কাকপক্ষোঽত্র সব্যাপসব্য মধ্যস্থ বেণীত্রয়স্য পৃষ্ঠে যুতিঃ ॥ ১৮ ॥

ধটী স্বল্প বিস্তার বহ্বায়াসঃ পটবিশেষঃ। যঃ খলু বিচিত্র পরিবৃত্তি বাহুল্যেনাধরাঙ্গে বিচ্ছিত্তিং লভতে। ফণপটীপুরতঃ ফণাকারকচ্ছীকরণায় পশ্চাদল্প ধটী সংনিভঃ স্যাৎপটঃ ॥ ১৯ ॥

বিশালতা এবং মস্তক কাকপক্ষ যুক্ত অর্থাৎ জুল্পীশালী হইয়া থাকে ॥ ১৭ ॥

যথা ॥

যাঁহার মধ্যদেশ ঈষৎ ক্ষীণ, বক্ষঃস্থল কিঞ্চিৎ প্রশস্ত এবং যিনি মস্তকে আকুল কাকপক্ষের শোভা ধারণ করিয়াছেন, সেই আশ্চর্য্য বালক জননীকে স্তম্ভিত করিতে লাগিলেন ॥ ১৮ ॥

এই শেষ কৌমারে ধটী অর্থাৎ অল্প পরিসর অথচ বহু দীর্ঘ বস্ত্র বিশেষ, যাহার অগ্রভাগ সর্পফণার ন্যায় কুঞ্চিত, বন্যভূষণ এবং হস্তে ক্ষুদ্রবেত্র ইত্যাদি সকল ভূষণরূপে কীর্ত্তিত হয় ॥ ১৯ ॥

বৎসরক্ষা ব্রজাভ্যর্ণে বয়স্যৈঃ সহ খেলনং।
পাবশৃঙ্গদলাদীনাং বাদনাদ্যত্র চেষ্টিতং ॥ ২০ ॥
যথা ॥
শিখণ্ডকৃতশেখরঃ ফণপটীং কটীরে দধৎ
করে চ লগুড়ীং লঘুং সবয়সাং কুলৈরাবৃতঃ।
অবন্নিহ শকৃৎকরীন্ পরিসরে ব্রজস্য প্রিয়ে
সুতস্তব কৃতার্থয়ত্যহহ পশ্য নেত্রাণি নঃ ॥

পাবঃ সূক্ষ্মবেণুঃ ॥ ২০ ॥

শিখণ্ডেতি সুতস্য গৃহাগমনে বিলম্বমানতাং বীক্ষ্য চন্দ্রশালিকা শিখরমারূঢ়স্য শ্রীব্রজেশস্য স্বভার্য্যামপি ভয়াভিব্যগ্রাং প্রতিবচনং। শকৃৎকরীন্ বৎসান্ ॥ ২১ ॥

ব্রজের নিকট বৎসচারণ, সখাগণের সহিত ক্রীড়া, সূক্ষ্ম বেণু, শৃঙ্গ ও পত্রাদির বাদ্য এই সকল শেষ কৌমারের চেষ্টা ॥ ২০ ॥

যথা ॥

পুত্র বৎসচারণ করিতে গিয়া অপরাহ্ণে গৃহে আগমন করিতে বিলম্ব হওয়ায় ব্রজেশ্বর ব্যগ্রচিত্তে চন্দ্রশালিকার উপর আরোহণ পূর্ব্বক ব্যাকুল চিত্তা যশোদাকে কহিলেন প্রিয়ে! কি আশ্চর্য্য। ঐ দেখ তোমার পুত্র মস্তকে ময়ূর-পুচ্ছের চূড়া, কটিতটে ফণাকার পটী এবং হস্তে ক্ষুদ্র লগুড়ী ধারণ পূর্ব্বক প্রিয়বয়স্যবর্গে পরিবৃত হইয়া ব্রজের সমীপে বৎসবৃন্দ রক্ষা করত আমাদের নেত্র সকলের কৃতার্থতা সম্পাদন করিতেছে ॥

অথ পৌগণ্ডং ॥

পৌগণ্ডাদিপুরৈবোক্তং তেন সংক্ষিপ্য লিখ্যতে ॥

যথা ॥

পথিপথি সুরভীনামংশুকোত্তংসিমূর্দ্ধা

ধবলিমযুগপাঙ্গো মণ্ডিতঃ কঞ্চুকেন।

লঘু লঘু পরিগুঞ্জন্মঞ্জুমঞ্জীরযুগ্মং

ব্রজভুবি মম বৎসঃ কচ্ছদেশাদুপৈতি ॥

অথ কৈশোরং ॥

অরুণিমযুগপাঙ্গস্তুঙ্গবক্ষঃকপাটী

বিলুঠদমলহারো রম্যরোমাবলিশ্রীঃ।

পুরুষমণিরয়ং মে দেবকি শ্যামলাঙ্গ-

অথ পৌগণ্ড ॥

পৌগণ্ডাদি বয়স পূর্ব্বেই উক্ত হইয়াছে, একারণ এস্থানে সংক্ষেপে লিখিতেছি ॥

যথা ॥

যশোদা কহিলেন দেখ আমার ধবল অপাঙ্গশালী বৎস মস্তকে উষ্ণীষ, গাত্রে কঞ্চুক এবং পদদ্বয়ে মন্দ মন্দ রবকারি মনোহর নূপুর যুগল পরিধান করিয়া সুরভী সকলের সমীপ হইতে পথে পথে বৃন্দাবন ভূমিতে আগমন করিতেছে ॥

অথ কৈশোর ॥

হে যশোদে! যাঁহার অপাঙ্গযুগল অরুণবর্ণ, বক্ষঃস্থল উন্নত, গলদেশে বিলুণ্ঠিত উজ্জ্বল হার এবং রমণীয় রোমা-

স্বদুদর খনিজন্মা নেত্রমুচ্চৈ র্ধিনোতি ॥
নব্যেন যৌবনেনাপি দীব্যন্ গোষ্ঠেন্দ্রনন্দনঃ।
ভাতি কেবল বাৎসল্যভাজাং পৌগণ্ডভাগিব ॥ ২১ ॥
সুকুমারেণ পৌগণ্ডবয়সা সঙ্গতোঽপ্যসৌ।
কিশোরাভঃ সদা দাস বিশেষাণাং প্রভাসতে ॥ ২২ ॥
অথ শৈশবে চাপলং ॥
পারীর্ভিনত্তি বিকিরত্যজিরে দধীনি
সন্তানিকাং হরতি কৃন্ততি মন্থদণ্ডং।
বহ্নৌ ক্ষিপত্যবিরতং নবনীতমিত্থং

দাসবিশেষাণামিতি তৎ প্রৌঢ়তারূপ স্ফূর্ত্তিময় লোকপালানামিত্যর্থঃ ॥২২
পারী পানপাত্রমিতি ক্ষীরস্বামী। তচ্চ দুগ্ধাদেস্তৈয়ং। মৃণ্ময়াচ্ছাদন-

---

বলী শ্রী, সেই এই তোমার জঠরখনিজন্মা পুরুষরত্ন শ্যামলাঙ্গ আমার নেত্রকে অতিশয় রূপে আনন্দিত করিতেছে ॥

গোপেন্দ্রনন্দন নবযৌবনে শোভমান হইলেও বাৎসল্য রস নিষ্ঠ ব্যক্তিদিগের নিকট পৌগণ্ড বয়ো বিশিষ্টের ন্যায় শোভা পাইয়া থাকেন ॥ ২১ ॥

এই শ্রীকৃষ্ণ সুকুমার পৌগণ্ড বয়সে যুক্ত হইলেও দাস বিশেষ সকলের সম্বন্ধে সর্ব্বদা কৈশোর তুল্য প্রকাশিত হয়েন ॥ ২২ ॥

অথ শৈশবে চপলতা ॥

শ্রীকৃষ্ণ দুগ্ধ ভাণ্ডভঙ্গ, প্রাঙ্গণে দধি নিক্ষেপ, সর হরণ, মন্থানদণ্ড ভঙ্গ এবং নিরন্তর অগ্নিতে নবনীত নিক্ষেপ করিয়া

মাতুঃ প্রমোদ ভরমেব হরিস্তনোতি ॥ ২৩ ॥

যথাবা ॥

প্রেক্ষ্য প্রেক্ষ্য দিশঃ সশঙ্কমসকৃন্মন্দং পদং নিক্ষিপ-
ন্নায়াত্যেষ লতান্তরে স্ফুটমিতো গব্যং হরিষ্যন্ হরিঃ।
তিষ্ঠ স্বৈরমজানতীব মুখরে চৌর্য্যভ্রমদ্ভ্রূলতং
ত্রস্তল্লোচনমস্য শুষ্যদধরং রম্যং দিদৃক্ষে মুখং ॥ ২৪ ॥

অথানুভাবাঃ ॥

অনুভাবাঃ শিরোঘ্রাণং করেণাঙ্গাভিমার্জনং।

ভাণ্ডমিতি মাথুরাঃ সন্তানিকা দুগ্ধোপরি জাত তৎসারভাগময় জালিকা। অবিরতমিত্যত্রত্বপি মুহুরিতি পাঠান্তরং দৃশ্যং ॥ ২৩ ॥

স্বৈরং মন্দমচঞ্চলং তিষ্ঠ। মন্দস্বচ্ছন্দয়োঃ স্বৈরমেবমপহরিষ্যামীতি ভাবনয়া নানাগতিং দধত্যৌ ভ্রূলতে যস্য তৎ ॥ ২৪ ॥

এই প্রকারে মাতার আনন্দাতিশয় বিস্তার করেন ॥ ২৩ ॥

যথাবা ॥

